লেকচার সিরিজের
SURE SUCCESS

Short
মিলিবাসে

HSC সৃজনশীল

টেস্ট টু টেস্ট পেপারস

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

প্রথম পত্র

বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জাহিন কোম্পানি একটি ছাতা উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বিভিন্ন স্থান থেকে কাঁচামাল সংগ্রহ করে উন্নতমানের ছাতা প্রস্তুত করে। কারখানায় উৎপাদনকার্য সারা বছরব্যাপী চলে। ছাতার চাহিদা মৌসুমভিত্তিক হওয়ায় উক্ত প্রতিষ্ঠান ছাতা সংরক্ষণের জন্য আধুনিক পদ্ধতি অবলম্বন করে। পরবর্তীতে ক্রেতাদের চাহিদা অনুযায়ী সরবরাহ করে প্রতিষ্ঠানটি সফলতা লাভে সক্ষম হয়।

ক. উৎপাদনশীলতা কী? ১

খ. রূপগত উপযোগ কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. জাহিন কোম্পানির প্রাথমিক কার্যক্রমের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের সফলতার কারণ উপযোগের ধরন উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

২ ▸ 'সেতু ফ্যাশন' এর ২০২২ সালে উৎপাদিত পণ্যের মূল্য ছিল ৮০,০০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি উৎপাদনের জন্য কাঁচামাল বাবদ ২০,০০,০০০ টাকা; বেতন ও মজুরি বাবদ ৬,০০,০০০ টাকা এবং অন্যান্য বাবদ ৪,০০,০০০ টাকা ব্যয় করে। ২০২০ সালে উৎপাদনের পরিমাণ একই থাকলেও উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল বাবদ ২১,০০,০০০ টাকা বেতন ও মজুরি বাবদ ৬,০০,০০০ টাকা এবং অন্যান্য বাবদ ৫,০০,০০০ টাকা ব্যয় করে।

ক. সেবাগত উপযোগ কী? ১

খ. "উৎপাদন জীবনযাত্রার মান উন্নত করে" – ব্যাখ্যা কর। ২

গ. ২০২২ সালের জন্য 'সেতু ফ্যাশন' এর কাঁচামাল উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. মোট উৎপাদনশীলতা নির্ণয়পূর্বক সেতু ফ্যাশনের সর্বশেষ অবস্থা মূল্যায়ন কর। ৪

৩ ▸ জনাব হাসিব একজন প্রথম শ্রেণির কর্মকর্তা। তিনি তার উপার্জিত আয় দ্বারা সন্তানের লেখাপড়া, সংসারের খরচ চালিয়ে যাবার পর ভবিষ্যতের অনিশ্চয়তা চিন্তা করে অবশিষ্ট টাকা সঞ্চয় করেন। চাকরি শেষে তিনি সঞ্চিত অর্থ এবং স্থানান্তর যোগ্য নয় এমন একটি উৎপাদনের উপকরণ ব্যবহার করে বেকার যুবকদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন।

ক. শ্রমের দক্ষতা কী? ১

খ. "সংগঠন উদ্দেশ্যকেন্দ্রিক"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব হাসিবের কার্যক্রম মূলধন গঠনের কোন পর্যায়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উৎপাদনের উপকরণের ধরন উল্লেখপূর্বক জনাব হাসিবের সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪ ▸ গাজীপুরে মি. জিসানের গার্মেন্টস কারখানায় ১০০ জন দক্ষ শ্রমিক কর্মরত। শ্রমিকরা কাটিং, সুইং, প্যাকিং ও ফরমায়েশ অনুযায়ী পণ্য ডেলিভারি দেওয়াসহ সকল কাজ দক্ষতার সাথে সম্পন্ন করেন। পণ্যের মান ভালো হওয়ায় ক্রেতার সংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে তিনি নিবন্ধিত এবং চিরন্তন অস্তিত্ববিশিষ্ট ব্যবসায় সংগঠন প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. মানসিক শ্রম কী? ১

খ. "ভূমির যোগান সীমাবদ্ধ"– ব্যাখ্যা কর। ২

গ. মি. জিসান প্রাথমিক পর্যায়ে উৎপাদনের কোন উপকরণ ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সংগঠনের ধরন উল্লেখপূর্বক মি. জিসানের সিদ্ধান্তের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫ ▸ পাহাড়ের সৌন্দর্যমণ্ডিত বান্দরবানে জনাব নাহিনের একটি খাবার হোটেল আছে। হোটেলটিতে খাবার তৈরি ও পরিবেশনের জন্য ২০ জন কর্মচারী আছে। চাহিদা ও পছন্দ অনুযায়ী খাবার পেয়ে ভোক্তারা খুশি। খাবার হোটেল বলতে জনাব নাহিনের হোটেলের কথা এখন টুরিস্টদের মুখে মুখে।

ক. শিল্পবিপ্লবের যুগ কী? ১

খ. বর্তমানে উৎপাদন ব্যবস্থাপনা কেন ক্রেতাকেন্দ্রিক হচ্ছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব নাহিনের ব্যবসায়টি উৎপাদনের কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব নাহিনের ব্যবসায়ের কলেবর বৃদ্ধির পেছনে কী কারণ থাকতে পারে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৬ ▸ গগনপুর গ্রামটি আত্রাই নদীর তীরে অবস্থিত। এই নদীতে প্রচুর মাছ পাওয়া যায়। ফলে এই গ্রামের অধিকাংশ জনগণ পেশায় জেলে। মধ্যস্থ ব্যবসায়ীদের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য তারা একটি সংগঠন গড়ে তোলে। তারা নদী থেকে মাছ আহরণ করে সরাসরি ঢাকায় সরবরাহ করে। মাছের ন্যায্যমূল্য প্রাপ্তি এই সংগঠনের মূল উদ্দেশ্য।

ক. উৎপাদনের উপকরণ কী? ১

খ. "শ্রম বিভাগ যোগ্যতা অনুসারে কাজ বণ্টন করে।"– ব্যাখ্যা কর। ২

গ. গগনপুর গ্রামের অধিকাংশ জনগণ জেলে হওয়ার পেছনে উৎপাদনের কোন উপকরণের ভূমিকা রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ন্যায্যমূল্য প্রাপ্তিতে উদ্দীপকে উল্লিখিত সংগঠনের ধরন উল্লেখপূর্বক এর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৭ ▸ ডা. দিজেন একজন 'ডেঙ্গু রোগ' বিশেষজ্ঞ। ডেঙ্গু রোগ নির্ণয়ের আধুনিক যন্ত্রপাতি না থাকায় তিনি তা ক্রয়ের জন্য বিদেশে যান। এদিকে তাঁর এলাকায় ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় রোগীরা বেশ চিন্তিত। এ সময় অনেক রোগী তার চিকিৎসা থেকে বঞ্চিত হয়। তিনি দেশে ফিরে উন্নত প্রযুক্তির যন্ত্রপাতি দিয়ে অল্প সময়ের মধ্যে রোগ নির্ণয় করে চিকিৎসা দেন। এতে রোগীরা রোগমুক্ত হওয়ায় খুশি।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১

খ. 'কাস্টমাইজেশন ক্রেতার স্বতন্ত্র চাহিদা পূরণ করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রাথমিক পর্যায়ে কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উৎপাদন ব্যবস্থাপনার ঐতিহাসিক পটভূমি উল্লেখপূর্বক রোগীর সন্তুষ্টির কারণ বিশ্লেষণ কর। ৪

৮ ▸ 'মোহনা সিরামিকস লি.' জগ, প্লেট, কাপ, মগ, গামলা, টি-পট উৎপাদনকারী কোম্পানি। কোম্পানিটি পণ্য উৎপাদনের সময় প্রথমত তথ্য ও প্রতিযোগী প্রতিষ্ঠানসমূহের পণ্য বিশ্লেষণ করে। পরবর্তীতে প্রতিষ্ঠানটি পণ্য উৎপাদনে আধুনিক ও উন্নত কলাকৌশল ব্যবহার এবং উৎপাদন ব্যয় সর্বনিম্ন পর্যায়ে রাখার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. 'পরীক্ষামূলক উৎপাদনে পণ্য যাচাই করা হয়'– ব্যাখ্যা কর। ২

গ. 'মোহনা সিরামিকস লি.' প্রথমত পণ্য ডিজাইনের কোন পর্যায় অনুসরণ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মোহনা সিরামিকস লি.' কর্তৃক গৃহীত সিদ্ধান্তটি পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৯ ▸ ইলেকট্রনিস পণ্যের বাজারে 'স্মার্ট টেক' একটি নামকরা প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি প্রায়ই আধুনিক ডিজাইনের পণ্য বাজারে উপস্থাপন করে ক্রেতাদের মন জয় করে। সম্প্রতি 'স্মার্ট টেক' একটি আধুনিক ক্যামেরা বাজারে আনে। প্রতিষ্ঠানটি ক্যামেরাটির লেন্সে এক ধরনের দুষ্প্রাপ্য হিরা ব্যবহার করা হয়। কিন্তু ক্যামেরাটির জিডাইনের এমনভাবে ডিজাইন করেন যাতে পরবর্তীতে যেকোনো প্রয়োজনে ক্যামেরাটি পুনঃডিজাইন করা যায়। ক্যামেরাটির মূল্য বেশি হওয়ায় বাজারে এটির বিক্রয় আশানুরূপ নয়।

ক. ধারণা উন্নয়ন কী? ১

খ. পণ্য ডিজাইন কীভাবে পণ্যের উপযোগ বৃদ্ধি করে? ২

গ. উদ্দীপকে বর্ণিত ক্যামেরার ডিজাইনের সাথে পণ্যের উত্তম ডিজাইনের কোন বৈশিষ্ট্যের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ক্যামেরার ডিজাইনার ডিজাইন নির্ধারণে কোন বিষয়গুলো বিবেচনা করেননি বলে তুমি মনে কর? ৪

১০ ▸ ABC কোম্পানি লি. দীর্ঘদিন ধরে ব্লেন্ডার ও রাইস কুকার বিপণন করে আসছে। প্রতিষ্ঠানটি কর্মীদের বিশেষজ্ঞ প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। ফলে প্রতিষ্ঠানটি অর্থ ব্যয় করে দক্ষ কর্মীদের মাধ্যমে নতুন ডিজাইনের পণ্য উৎপাদন করে। প্রতিষ্ঠানটি ভোক্তাদের প্রত্যাশা অনুযায়ী সন্তুষ্টি বিধানের জন্য ব্লেন্ডার ও রাইস কুকারের মান ধারাবাহিকভাবে উন্নয়ন করে চলেছে। এর ফলে বাজারে তার উৎপাদিত পণ্যের চাহিদা উত্তরোত্তর বেড়ে চলেছে।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. 'মান ব্যবস্থাপনা অপচয় হ্রাস করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রতিষ্ঠানটির প্রশিক্ষণ ব্যয় কোন খরচের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মান নিয়ন্ত্রণের গুরুত্ব উল্লেখপূর্বক ABC কোম্পানি লি. এর পণ্যের চাহিদা বৃদ্ধির কারণ বিশ্লেষণ কর। ৪

১১ ▸ 'তামিম ফিসারিজ গ্রুপ' দেশের দক্ষিণাঞ্চলের ঘের থেকে বাগদা চিংড়ি সংগ্রহ করে বাজারে বিক্রয় করে। প্রতিষ্ঠানটি দেশীয় একটি সংস্থা থেকে মান সনদ লাভ করে। দেশের অভ্যন্তরীণ চাহিদা পূরণ করে বাগদা চিংড়ি বিদেশে রপ্তানির সিদ্ধান্ত গ্রহণ করে। প্রতিষ্ঠানটি ব্যবসায়িক সুবিধার জন্য আন্তর্জাতিক সংস্থা থেকে মানসনদ সংগ্রহ করে। ফলে পণ্য বিক্রয়ের ক্ষেত্রে প্রতিযোগীদের তুলনায় বেশি সুবিধা পায়। উৎপাদন বৃদ্ধি পাওয়ায় উৎপাদন ব্যয় হ্রাস পায় এবং পণ্যের মান ভালো হওয়ায় ভোক্তারা আস্থার সাথে ক্রয় করে।

ক. মূল্যায়ন ব্যয় কী? ১

খ. 'মান নিয়ন্ত্রণ কীভাবে ত্রুটি-বিচ্যুতি শনাক্ত করে? ব্যাখ্যা কর। ২

গ. 'তামিম ফিসারিজ গ্রুপ' দেশীয় কোন সংস্থা থেকে মান সনদ সংগ্রহ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে 'তামিম ফিসারিজের' সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জনাব রফিক চলতি বছরের ফেব্রুয়ারি মাসে কুমিল্লার স্থানীয় চাষিদের নিকট থেকে স্ট্রবেরি সংগ্রহ করে বিভিন্ন ফলের খুচরা বিক্রেতার নিকট বিক্রয় করেন। অতিরিক্ত ফলন হয়েছে বিধায় তিনি বর্তমান চাহিদার অতিরিক্ত স্ট্রবেরি সংগ্রহ করতে সক্ষম হন। কিন্তু বাজারে চাহিদার তুলনায় স্ট্রবেরির সরবরাহ বেড়ে গেলে স্ট্রবেরির দাম কমে যাবে। এমতাবস্থায় তিনি চাহিদার অতিরিক্ত স্ট্রবেরি কোল্ডস্টোরেজে সংরক্ষণের ব্যবস্থা নেন। ফলে তিনি আর্থিকভাবে ক্ষতির হাত থেকে রক্ষা পান।

ক. উৎপাদন পরিকল্পনা কী? ১

খ. ক্রমবর্ধমান চাহিদা পূরণে উৎপাদনশীলতার ভূমিকা বর্ণনা কর। ২

গ. উদ্দীপকের জনাব রফিক ফেব্রুয়ারি মাসে কোন ধরনের উপযোগ সৃষ্টি করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সময়গত উপযোগ সৃষ্টিই উদ্দীপকের জনাব রফিককে আর্থিকভাবে ক্ষতির হাত থেকে রক্ষা করে।"– তুমি কি একমত? সপক্ষে যুক্তি দেখাও। ৪

২ ▸ **দৃশ্যকল্প-১ :** জনাব ফাহিম প্রয়োজনীয় উপকরণ দিয়ে বিভিন্ন ডিজাইনের শো-পিস তৈরি করেন। শো-পিস তৈরিতে প্রথম থেকে শেষ পর্যন্ত তিনি একাই সব কাজ করেন।

দৃশ্যকল্প-২ : জনাব হাশেম নান্দনিক ডিজাইনের মহিলাদের ব্যাগ তৈরি করেন। ব্যাগ তৈরির জন্য তিনি চামড়া সংগ্রহ, চামড়া প্রক্রিয়াজাতকরণ, ডিজাইন অনুযায়ী চামড়া কাটা, ব্যাগ সেলাই, প্যাকিং ইত্যাদি কাজের দায়িত্ব একেকজন কর্মীর ওপর অর্পণ করেন।

ক. ভূমি কী? ১

খ. 'মূলধন উৎপাদনের উৎপাদিত উপাদান'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের দৃশ্যকল্প-১ এ কোন ধরনের শ্রম বিভাগ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের দৃশ্যকল্প-২ এ সম্পর্কিত শ্রম বিভাগ শ্রমিকের দক্ষতা বৃদ্ধিতে সহায়ক"– শ্রম বিভাগের ধরন উল্লেখপূর্বক মতামত বিশ্লেষণ কর। ৪

৩ ▸ ডা. জামাল চিকিৎসাশাস্ত্রে উচ্চতর ডিগ্রি অর্জন করে নিজের জেলায় একটি ক্লিনিক প্রতিষ্ঠা করেন। অন্যদিকে জনাব কামাল একটি গার্মেন্টসের মালিক। তিনি উন্নতমানের কাপড়, আধুনিক প্রযুক্তি ব্যবহার, কর্মীদের উচ্চ প্রেষণা প্রদান করে গুণগত মানসম্পন্ন টি-শার্ট তৈরি করতে সক্ষম হন এবং এসব টি-শার্ট দেশি-বিদেশি বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করে লাভবান হন। দেশি-বিদেশি ক্রেতারাও সন্তুষ্ট হওয়ায় তিনি একজন সফল ব্যবসায়ী।

ক. অযাচিত পণ্য কী? ১

খ. স্থায়ী ক্রেতা সৃষ্টিতে মানসম্পন্ন পণ্য উৎপাদনের ভূমিকা অপরিসীম– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ডা. জামালের কার্যক্রম সেবা খাতের প্রবৃদ্ধির কোন পর্যায়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উৎপাদনশীলতা চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারাই উদ্দীপকের জনাব কামালের সফলতার মূল কারণ"– তুমি কি একমত? যুক্তি দেখাও। ৪

৪ ▸ 'নজরুল পাঞ্জাবি হাউস' ক্রেতাদের রুচি ও পছন্দের কথা বিবেচনা করে গুণগত মান ঠিক রেখে বিভিন্ন রঙের এবং বিভিন্ন সাইজের পাঞ্জাবি তৈরি করে। ক্রেতাদের নিকট গ্রহণযোগ্য হওয়ায় ক্রেতারাও বেশ সন্তুষ্ট। অন্যদিকে 'জাহাঙ্গীর পাঞ্জাবি হাউস' এর ব্যবহৃত উৎপাদন প্রক্রিয়ায় কিছুটা ত্রুটি থাকায় সময়মতো পাঞ্জাবি সরবরাহ করতে পারে না। তাই প্রতিষ্ঠানটি আধুনিক প্রযুক্তি ব্যবহার করে পাঞ্জাবি তৈরির সিদ্ধান্ত নিয়েছে। ফলে যথাসময়ে পণ্য সরবরাহ নিশ্চিত হয়।

ক. মডিউলার ডিজাইন কী? ১

খ. 'পণ্য ডিজাইন উৎপাদন ব্যয় হ্রাস করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'নজরুল পাঞ্জাবি হাউস' কোন ধরনের পণ্য ডিজাইন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের 'জাহাঙ্গীর পাঞ্জাবি হাউসের' সিদ্ধান্ত উৎপাদনশীলতা বৃদ্ধি করে আবার অপচয়ও হ্রাস করে"– ব্যবহৃত পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫ ▸ 'সুরমা কসমেটিক্স' বিভিন্ন ধরনের কসমেটিক্স সামগ্রী উৎপাদন করে। প্রতিষ্ঠানটি দেশে প্রচলিত পণ্য মান নিশ্চিতকারী সরকারি সংস্থার সনদ গ্রহণ করে। ফলে দেশীয় বাজারে কসমেটিক্স সামগ্রীর বিক্রয় বৃদ্ধি পায়। কিন্তু প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক বাজারে সম্প্রসারণ করতে চাইলে বাধাগ্রস্ত হয়। তাই আন্তর্জাতিক বাজারে এর গ্রহণযোগ্যতার জন্য আর একটি সংস্থার নিকট মান সনদ লাভের আবেদন করে। উক্ত সংস্থাটি বিভিন্ন বিষয়ে যাচাই-বাছাইয়ের পর 'সুরমা কসমেটিক্সকে' একটি সনদ প্রদান করে। ফলে আন্তর্জাতিক বাজারের ক্রেতাদের নিকটও এই কসমেটিক্স সামগ্রীর চাহিদা বৃদ্ধি পায়।

ক. মান নিশ্চিতকরণ কী? ১

খ. পণ্যের মান নির্ধারণ কীভাবে পণ্যের গ্রহণযোগ্যতা বৃদ্ধি করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'সুরমা কসমেটিক্স' প্রাথমিক পর্যায়ে কোন সংস্থা থেকে 'সনদ গ্রহণ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে পরবর্তী পর্যায়ে সনদ প্রদানকারী সংস্থা বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়ক"– সংস্থাটির ধরন উল্লেখপূর্বক উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬ ▸ জনাব শফিক একটি মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। সম্প্রতি প্রতিষ্ঠানটি ফুল কভারেজযুক্ত নতুন ডিজাইনের মোটরসাইকেল বাজারে আনার সিদ্ধান্ত নেয়। এ লক্ষ্যে তিনি জানুয়ারি মাসে ভোক্তা জরিপ, ক্রেতার রুচি এবং প্রতিযোগী প্রতিষ্ঠানের তৎপরতা বিশ্লেষণ করেন। মে মাসের দিকে পরীক্ষা করে দেখলেন যে, ফুল কভারেজ মোটরসাইকেল তৈরির আর্থিক এবং কারিগরি সক্ষমতা প্রতিষ্ঠানটির রয়েছে। চূড়ান্তভাবে উৎপাদনের পূর্বে নতুন ডিজাইনের মোটরসাইকেল উৎপাদন আদৌ সম্ভব কিনা তা যাচাই করার জন্য জুলাই মাসে তিনি স্বল্প পরিমাণ ফুল কভারেজ মোটরসাইকেল তৈরি করেন। যার ফলে চূড়ান্তভাবে মোটরসাইকেল উৎপাদন করে লাভবান হন।

ক. উপযোগ সংযোগ কী? ১

খ. 'প্যাকেজিং ডিজাইন ক্রেতাকে পণ্য ক্রয়ে আকৃষ্ট করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের জনাব শফিকের জানুয়ারি মাসের কার্যক্রম পণ্য ডিজাইনের কোন পর্যায়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের জনাব শফিকের জুলাই মাসের কার্যক্রম চূড়ান্তভাবে মোটরসাইকেল উৎপাদন করতে সহায়ক হবে"– সম্পর্কিত পণ্য ডিজাইনের পর্যায় উল্লেখপূর্বক মতামত বিশ্লেষণ কর। ৪

৭ ▸ 'নিহা মিষ্টান্ন' বিভিন্ন ডিজাইনের কেক ও মিষ্টি তৈরি করে। শুরুতেই প্রতিষ্ঠানটি কয়েকজন মহিলাকে কেক ও মিষ্টি তৈরির প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করে। এতে প্রতিষ্ঠানটির কিছু খরচ হলেও মানসম্পন্ন কেক ও মিষ্টি তৈরিতে সক্ষম হয়। প্রতিষ্ঠানটি তাদের উৎপাদিত কেক ও মিষ্টি পূর্বনির্ধারিত মান অনুযায়ী হয়েছে কিনা তা যাচাই করে দেখে এবং কোনো ত্রুটি থাকলে তা সংশোধনের ব্যবস্থা করেন। যার ফলে মানসম্পন্ন পণ্য উৎপাদন নিশ্চিত হয় এবং বিক্রয় ও মুনাফা বৃদ্ধি পায়।

ক. বাহ্যিক ব্যর্থতার ব্যয় কী? ১

খ. 'মান ব্যবস্থাপনার মূল লক্ষ্য গ্রাহকসন্তুষ্টি বিধান'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'নিহা মিষ্টান্ন' নিম্নমানের পণ্য উৎপাদনজনিত কোন ধরনের খরচ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মান নিয়ন্ত্রণই উদ্দীপকের 'নিহা মিষ্টান্ন' এর বিক্রয় ও মুনাফা বৃদ্ধির মূল কারণ"– তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৮ ▸ **দৃশ্যকল্প-১ :** জনাব ইরফান 'রিমা ইলেক্ট্রনিক্স' এর মালিক। এখানে বিভিন্ন ধরনের ইলেক্ট্রনিক্স সামগ্রী যেমন– টিভি, ফ্রিজ, ওভেন, ওয়াশিং মেশিন ইত্যাদি বিক্রয় করা হয়।

দৃশ্যকল্প-২ : জনাব রায়হান বেতের তৈরি বিভিন্ন আসবাবপত্র যেমন– মোড়া, চেয়ার, দোলনা, ডিভান ইত্যাদি তৈরি করেন। এসব জিনিসপত্র তৈরিতে তিনি ক্রেতাদের পছন্দের রং ও ডিজাইন অনুযায়ী তৈরি করেন। ক্রেতারাও বেশ সন্তুষ্ট হওয়ায় বিক্রয় বৃদ্ধি পায়।

ক. সেবা কী? ১

খ. 'উৎপাদন ব্যবস্থাপনা সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের দৃশ্যকল্প-১ এ জনাব ইরফান দ্রব্য না সেবা বিক্রয় করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের দৃশ্যকল্প-২ এ কাস্টমাইজেশনই জনাব রায়হানের তৈরিকৃত পণ্যের বিক্রয় বৃদ্ধির মূল কারণ"– তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯ ▸ 'রাহাত গার্মেন্টস' একটি পোশাক উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি তাদের উৎপাদিত পণ্যের গুণগত মানের দিকে বিশেষভাবে গুরুত্ব দিয়ে থাকে। পণ্য উৎপাদনে পরিদর্শন, পরীক্ষণ ও মান নিয়ন্ত্রণ বাবদ অর্থ ব্যয় করার মাধ্যমে প্রতিষ্ঠানটি তাদের উৎপাদিত পোশাকেরও গুণগত মান বাড়ায়। অন্যদিকে প্রতিযোগী প্রতিষ্ঠান 'নাজাত গার্মেন্টস'ও গুণগত মানের পোশাক তৈরি করে। প্রতিষ্ঠানটি যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কর্মীদের মতামতের গুরুত্ব দেয় না। ফলে কর্মীরা কাজের প্রতি আগ্রহ হারিয়ে ফেলে এবং পণ্যের গুণগতমানও কমে যায়।

ক. বেঞ্চমার্কিং কী? ১

খ. "উৎপাদন ক্ষতি কোনো অবস্থাতেই উদ্ধারযোগ্য নয়"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'নাজাত গার্মেন্টস' সার্বিক মান ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করেনি? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাহাত গার্মেন্টসের নিম্নমানের পণ্য উৎপাদনজনিত খরচটি উল্লেখপূর্বক ধারাবাহিক মান উন্নয়নে এর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জাবেদ এবং জামসেদ দুইজন পারস্পরিক সমঝোতার ভিত্তিতে একটি পুকুরে মাছ চাষের বিষয়ে চুক্তিবদ্ধ হন। পুকুরে মাছ চাষ এবং যাবতীয় পরিচর্যার জন্য তিনি দৈনিক ৫০০ টাকায় জসিম নামক একজন কর্মচারী নিয়োজিত করেন। কিন্তু জসিমের দৈনিক পারিবারিক ব্যয় ৮০০ টাকা। তাই তাকে অন্যত্র কাজ করে আরও ৩০০ টাকা আয় করতে হয়। পরবর্তীতে জাবেদ ও জামসেদ কর্মচারী জসিমের বেতন ৮০০ টাকা করে দেয়, ফলে জসিমকেও অন্যত্র কাজ করে বাড়তি আয় করতে হয় না।

ক. শ্রম কী? ১

খ. "সংগঠন প্রাতিষ্ঠানিক উদ্দেশ্য অর্জনে সহায়ক"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের কর্মচারী জসিমের কার্যক্রম শ্রমের কোন বৈশিষ্ট্যের সঙ্গে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "দায় সীমাহীনের কারণে উদ্দীপকে গঠিত সংগঠন এর প্রতি অধিকাংশই আগ্রহ প্রকাশ করে না"– সংগঠনের ধরন উল্লেখপূর্ব মতামত বিশ্লেষণ কর। ৪

১১ ▸ 'যমুনা টেক্সটাইল' একটি শার্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান। ২০২৩ সালে প্রতিষ্ঠানটির উৎপাদিত শার্টের বাজারমূল্য ছিল ১০,০০,০০০ টাকা। শার্ট উৎপাদনের জন্য প্রতিষ্ঠানটি ১,০০,০০০ টাকার কাপড় ক্রয় করে; ২,৫০,০০০ টাকা শ্রমিকদের মজুরি দেয়; যন্ত্রপাতির অবচয় ধার্য করে ১,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা বিবিধ খাতে ব্যয় করে। ২০২১ সালে এবং ২০২২ সালে প্রতিষ্ঠানটির মোট উৎপাদনশীলতা ছিল যথাক্রমে ১.২৩ এবং ১.৮৮।

ক. সেবাগত উপযোগ কী? ১

খ. 'উৎপাদন জীবনযাত্রার মান বৃদ্ধিতে সহায়ক'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের যমুনা টেক্সটাইলের ২০২৩ সালের শ্রমের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. যমুনা টেক্সটাইলের আর্থিক অবস্থা কি তুলনামূলক উন্নত? ২০২৩ সালের মোট উৎপাদনশীলতা নির্ণয়পূর্বক মতামত বিশ্লেষণ কর। ৪

যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ রফিক ও রমিজ দুই বন্ধু প্রশিক্ষণ কেন্দ্র থেকে টেইলারিং কাজ শিখেছেন। তবে রফিক শুধু নিজ পরিবারের সদস্যদের ব্যবহারের জন্য পোশাক তৈরি করেন। অপরদিকে রমিজ নিউমার্কেটে একটি টেইলারিং দোকান প্রতিষ্ঠা করেন। সেখানে তিনি ৫ জন কর্মচারীর সহায়তায় গ্রাহকদের জন্য পোশাক তৈরি করেন।

ক. স্থানগত উপযোগ কী? ১

খ. 'উৎপাদনশীলতা নির্ভর করে দক্ষতার ওপর।'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রফিক ও রমিজের কাজ কোন ধরনের উপযোগের সাথে জড়িত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত দুই বন্ধুর কাজের মধ্যে কোন কাজটি উৎপাদন? বিশ্লেষণ কর। ৪

২ ▸ 'শান লি.' ২০২২ সালে ২,৭০,০০,০০০ টাকা মূল্যের পণ্য উৎপাদন করেছে। এ সময় প্রতিষ্ঠানটির কাঁচামাল বাবদ ৯০,০০,০০০ টাকা; বেতন ও মজুরি বাবদ ৩৫,০০,০০০ টাকা এবং যন্ত্রপাতি ও অন্যান্য বাবদ ১০,০০,০০০ টাকা ব্যয় হয়। ২০২১ সালে একই উপকরণ ব্যবহার করে প্রতিষ্ঠানটির মোট উৎপাদনশীলতা ছিল ১.২০। সার্বিক বিবেচনায় প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ব্যবসায় সম্প্রসারণের সিদ্ধান্ত নিয়েছেন।

ক. স্বতুগত উপযোগ কী? ১

খ. 'উৎপাদন সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করে'– ব্যাখ্যা কর। ২

গ. 'শান লি.' এর ২০২২ সালের কাঁচামালের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. ২০২২ সালের মোট উৎপাদনশীলতা নির্ণয়পূর্বক উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩ ▸ পৈতৃকসূত্রে প্রাপ্ত ৫ বিঘা সম্পত্তিতে মি. বাসিত আলী একটি পোল্ট্রি ফার্ম স্থাপন করেন। প্রথমাবস্থায় প্রয়োজনীয় অর্থ ও পর্যাপ্ত শ্রমিক নিয়োগ দিয়েও সমন্বয়ের অভাবে তিনি কাঙ্ক্ষিত সাফল্য অর্জনে ব্যর্থ হন। এমতাবস্থায় কৃষি কর্মকর্তার পরামর্শে সার্বিক নিয়ন্ত্রণ এবং প্রত্যক্ষ তত্ত্বাবধানের মাধ্যমে তিনি স্বল্প সময়ের মধ্যে ব্যবসায়িক সাফল্য অর্জনে সক্ষম হন।

ক. শ্রম বিভাগ কী? ১

খ. 'মূলধন উৎপাদন কার্যক্রম সচল রাখার গুরুত্বপূর্ণ উপাদান'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. বাসিত আলী পৈতৃকসূত্রে উৎপাদনের কোন উপকরণ পেয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "দক্ষ সংগঠন গড়ে তোলাই মি.বাসিত আলীর ব্যবসায়িক সফলতার মূল কারণ।"– তুমি কি একমত? উদ্দীপকের আলোকে তোমার মতামতের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪ ▸ মি. আবুল হাসান তার তিন বন্ধুর নিকট থেকে ৯০ লক্ষ টাকা ঋণ নিয়ে 'পল্লী শাড়ীঘর' নামে একটি শাড়ি তৈরির কারখানা স্থাপন করেন। ৫০ জন শ্রমিক এখানে কাজ করলেও তিনি নিজেই ব্যবসায়টি পরিচালনা করেন। প্রতিষ্ঠানটির উৎপাদিত শাড়ি মানসম্পন্ন হওয়ায় চাহিদা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এ বছর বাণিজ্য মেলায় প্রতিষ্ঠানটির শাড়ি বিদেশি ক্রেতাদের মাঝে ব্যাপক সাড়া ফেলেছে। এতে মি. আবুল হাসান বর্ধিত চাহিদা পূরণে চুক্তির ভিত্তিতে তিনি আরও দুই বন্ধুর নিকট থেকে মূলধন সংগ্রহের মাধ্যমে উৎপাদন বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন।

ক. রাষ্ট্রীয় সংগঠন কী? ১

খ. 'শ্রম বিভাগ কর্মীদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'পল্লী শাড়ীঘর' কোন ধরনের ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ১ম পর্যায় ও ২য় পর্যায়ের ব্যবসায় সংগঠনের মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে অধিক ভূমিকা রাখে? তোমার মতামত দাও। ৪

৫ ▸ মিস লিরা ব্যস্ততম রাস্তার মোড়ে একটি বিউটি পার্লার স্থাপন করেন। সেখানে ক্রেতাদের পছন্দ অনুযায়ী চুলকাটা, বউ সাজানো ও ফেসিয়ালসহ পার্লারের যাবতীয় কাজ সম্পন্ন করেন। দক্ষ ও অভিজ্ঞ বিউটিশিয়ানদের নিপুণ হাতের কাজে ক্রেতারা সন্তুষ্ট। ফলে পার্লারটিতে ক্রেতাদের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ক্রেতাদের আস্থা ও নির্ভরশীলতার কারণে প্রতিষ্ঠানটি অল্প সময়ের মধ্যে সফলতা লাভে সক্ষম হয়।

ক. পণ্য কী? ১

খ. সেবা প্রদানকারী ব্যক্তি থেকে সেবাকে পৃথক করা যায় না কেন? ব্যাখ্যা কর। ২

গ. মিস লিরার ব্যবসায় প্রতিষ্ঠানটি কোন ধরনের ব্যবসায় খাতের সাথে জড়িত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায় প্রতিষ্ঠানটির সফলতার মূল কারণ উৎপাদন ব্যবস্থাপনার প্রবণতা উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৬ ▸ ডা. তুলি একজন 'ডেঙ্গু রোগ' বিশেষজ্ঞ। ডেঙ্গু রোগ নির্ণয়ের আধুনিক যন্ত্রপাতি না থাকায় তিনি তা ক্রয়ের জন্য জাপানে যান। এদিকে তার এলাকায় ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় ডেঙ্গু রোগীরা বেশ চিন্তিত। এ সময় অনেক রোগী তার চিকিৎসা থেকে বঞ্চিত হয়। তিনি ফিরে উন্নত প্রযুক্তির যন্ত্রপাতি দিয়ে অল্প সময়ের মধ্যে রোগ নির্ণয় করে চিকিৎসা দেন। এতে করে রোগীরা তৃপ্ত।

ক. কাস্টমাইজেশন কী? ১

খ. 'উৎপাদন ব্যবস্থাপনা বিভিন্ন কার্যাবলির মধ্যে সমন্বয় করে'– ব্যাখ্যা কর। ২

গ. উল্লিখিত উদ্দীপকে প্রাথমিক পর্যায়ে সেবার কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রোগীর সন্তুষ্টির কারণ উৎপাদন ব্যবস্থাপনার ঐতিহাসিক পটভূমি উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৭ ▸ 'RR লি.' এর স্বত্বাধিকারী মি. রজত রায় পণ্যের ডিজাইন প্রণয়নের সময় বিবেচনার ওপর গুরুত্ব দেন। তাছাড়া প্রয়োজনে তিনি ডিজাইনের কিছু অংশের পরিবর্তন এনে আধুনিক ও যুগোপযোগী পণ্য ডিজাইন করেন। এতে প্রতিষ্ঠানটি সহজেই বাজার চাহিদা মোকাবিলা করতে সক্ষম হয়। সম্প্রতি প্রতিষ্ঠানটিতে আধুনিক যন্ত্রপাতি, উন্নত প্রযুক্তি ও কলাকৌশল ব্যবহার করে পণ্য উৎপাদন করা হচ্ছে। এতে যেমন প্রতিষ্ঠানটির উৎপাদনশীলতা বেড়েছে তেমনি অবচয়ও কমেছে। ফলশ্রুতিতে স্বল্পমূল্যে পণ্য বিক্রয় করেও প্রতিষ্ঠানটি ব্যবসায়িক সাফল্য অর্জনে সক্ষম হয়।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. ব্যবহারিক ডিজাইন কীভাবে পণ্যের উপযোগিতা পরিবর্তন করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. রজত রায়ের প্রতিষ্ঠানে পণ্য ডিজাইনের কোন বৈশিষ্ট্যটি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক উদ্দীপকে উল্লিখিত 'RR লি.' এর ব্যবসায়িক সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

৮ ▸ **দৃশ্যকল্প-১ :** নিচের চিত্রটি লক্ষ কর :



দৃশ্যকল্প-২ : 'চাঁপাই ম্যাঙ্গো' আমের আচার বাজারজাত করার চিন্তা-ভাবনা করছে। প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের বিভিন্ন পর্যায় পার করে পরীক্ষামূলক উৎপাদন করে সফলতা পায়। ফলে প্রতিষ্ঠানটি পরবর্তী পর্যায়ে অগ্রসর হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. পরীক্ষামূলক উৎপাদন কী? ১

খ. 'পণ্য ডিজাইন উৎপাদন ব্যয় হ্রাসে সহায়তা কর'– ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ উল্লিখিত [?] স্থানে পণ্য ডিজাইনের কোন পর্যায়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ চাঁপাই ম্যাঙ্গোর পরবর্তী কাজ কী? পণ্য ডিজাইনের পর্যায়ের দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ কর। ৪

৯ ▸ মি. মুন্না আজিজ চট্টগ্রামে একটি স্টিল মিল স্থাপন করে ১০০ জন শ্রমিক নিয়োগ দেন। তিনি উৎপাদন প্রক্রিয়ায় কর্মীদের সম্পৃক্ততা নিশ্চিত করেন এবং উৎপাদিত পণ্য সঠিক মানসম্পন্ন হচ্ছে কিনা তা তদারকি করেন। ফলে প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্য বাজারে ব্যাপক জনপ্রিয়তা অর্জনে সক্ষম হয়। বর্তমান অবস্থা ধরে রাখার জন্য তিনি বছরে দুইবার কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করেন। এতে তার বার্ষিক অতিরিক্ত ১০ লক্ষ টাকা খরচ হয়।

ক. ওয়ারেন্টি কী? ১

খ. কাঁচামালের ওপর পণ্যের মান অনেকাংশে নির্ভর করে– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. মুন্না আজিজের সম্পাদিত কার্যক্রম কোন ব্যবস্থাপনার অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যয়ের ধরন উল্লেখপূর্বক প্রতিষ্ঠানের সফলতায় মি. মুন্না আজিজের গৃহীত পদক্ষেপের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১০ ▸ 'তাজ ফুড লি.' দেশের শীর্ষস্থানীয় ভোগ্যপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান। মানসম্পন্ন পণ্য তৈরি করায় প্রতিষ্ঠানটি দেশীয় একটি সনদ লাভ করেছে। প্রতিষ্ঠানটি নির্দিষ্ট মান অনুযায়ী পণ্য উৎপাদিত হচ্ছে কিনা তা সার্বক্ষণিক তদারকি ও যাচাই করার জন্য কিছু বিশেষজ্ঞ নিয়োগ দিয়েছে। বিশেষজ্ঞ টিম উৎপাদন ক্ষেত্রে পণ্যের মান পরীক্ষা, ত্রুটি-বিচ্যুতির কারণ অনুসন্ধান ও গবেষণার কাজ করেন। এতে ব্যয় বৃদ্ধি পেলেও প্রতিষ্ঠানটির পণ্যের বাজার চাহিদা ক্রমাগত বৃদ্ধি পায়। পণ্যমানের কারণে সম্প্রতি প্রতিষ্ঠানটি একটি আন্তর্জাতিক মান সনদ লাভ করেছে।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. মান নিশ্চিতকরণের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'তাজ ফুড লি.' বিশেষজ্ঞদের জন্য কোন ধরনের ব্যয় নির্বাহ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কোন সনদটি পণ্য রপ্তানিতে অধিক ভূমিকা রাখে? প্রাপ্ত সনদের নাম উল্লেখপূর্বক তোমার মতামত দাও। ৪

১১ ▸ মি. রাহাত খান টঙ্গীতে একটি প্লাস্টিক কারখানা স্থাপন করেন। তিনি প্রতিষ্ঠানটির উৎপাদন প্রক্রিয়ায় পণ্যের কাঁচামাল ক্রয় থেকে শুরু করে ডিজাইন নির্ধারণ এবং চূড়ান্ত পণ্য তৈরি পর্যন্ত যাবতীয় কাজের পরিকল্পনা, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করে থাকেন। এতে প্রতিষ্ঠানটির উৎপাদন প্রক্রিয়া অত্যন্ত সুষ্ঠুভাবে সম্পাদিত হয়। আবার প্রত্যাশা অনুযায়ী পণ্য উৎপাদনের লক্ষ্যে তিনি কর্মীদের দক্ষতার ভিত্তিতে কাজের বিভাজন করেন। ফলে স্বল্প সময়ের মধ্যে তিনি প্রতিষ্ঠানের উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হন।

ক. উৎপাদন পরিকল্পনা কী? ১

খ. 'ভূমি উৎপাদনের চিরস্থায়ী উপাদান'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. রাহাত খানের সম্পাদিত সকল কাজকে কী বলা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "শ্রম বিভাগের কারণে মি. রাহাত খান সফলতা অর্জনে সক্ষম হয়েছে"– তুমি কি একমত? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জনাব রায়হান আমের জুস উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। তিনি চাঁপাইনবাবগঞ্জ থেকে আম ক্রয় করে সেগুলো প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে আমের জুস তৈরি করে সারা বছরব্যাপী বাজারে বিক্রয় করেন। উৎপাদন প্রক্রিয়ায় তিনি আধুনিক প্রযুক্তি ও যন্ত্রপাতি ব্যবহার করেন। বর্তমানে জনাব রায়হানের তৈরিকৃত আমের জুস বাজারে বেশ জনপ্রিয়।

ক. উপযোগ কী? ১

খ. 'উৎপাদন জীবনযাত্রার মান উন্নত করে'– ব্যাখ্যা কর। ২

গ. জনাব রায়হান প্রথমদিকে কী ধরনের উপযোগ সৃষ্টি করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উৎপাদনের খাত উল্লেখপূর্বক এর ভূমিকা মূল্যায়ন কর। ৪

২ ▸ 'ক' নামক প্রতিষ্ঠানে ২০২০ সালে উৎপাদিত পণ্যের মূল্য ছিল ১৫,০০,০০০ টাকা। এ সময় কোম্পানির ব্যবহৃত উপকরণের মূল্য ছিল যথাক্রমে কাঁচামাল ৪,০০,০০০ টাকা, বেতন ও মজুরি ২,০০,০০০ টাকা, যন্ত্রপাতি ২,৫০,০০০ টাকা, অন্যান্য ব্যয় ৫০,০০০ টাকা। অন্যদিকে 'খ' নামক প্রতিষ্ঠানের ২০২০ সালে ১৬,০০,০০০ টাকার পণ্য উৎপাদন করে যেখানে উপকরণের ব্যয় ছিল যথাক্রমে কাঁচামাল ৪,৫০,০০০ টাকা, বেতন ও মজুরি ২,০০,০০০ টাকা, যন্ত্রপাতি ২,০০,০০০ টাকা এবং অন্যান্য ব্যয় ৭০,০০০ টাকা।

ক. উৎপাদনের প্রাচীন খাত কোনটি? ১

খ. উৎপাদনশীলতার সাথে মুনাফার সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. 'ক' নামক প্রতিষ্ঠানের ২০২০ সালের শ্রমের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠান দু'টিকে উৎপাদনশীলতার আলোকে মূল্যায়ন কর। ৪

৩ ▸ রবিন সাহেব দীর্ঘদিন বিদেশে ছিলেন। ৭ বছর আগে তিনি দেশে ফিরে তার সঞ্চিত অর্থ দিয়ে পৈত্রিক ভূমিতে চাষাবাদ শুরু করেন। তার জমি কমলালেবু উৎপাদনে খুব উপযোগী। ২০১৭ সালে তিনি শ্রম ও মূলধন বাবদ ৫,০০,০০০ টাকা বিনিয়োগ করে ৭ মেঃ টন কমলালেবু উৎপাদন করেন। ২০১৮ সালে তিনি একই জমিতে ৫,৫০,০০০ টাকা বিনিয়োগ করে ৮ মেঃ টন, ২০১৯ সালে ৬,০০,০০০ টাকা বিনিয়োগ করে ৯.২ মেঃ টন, ২০২০ সালে ৬,৫০,০০০ টাকা বিনিয়োগ করে ১০ মেঃ টন এবং ২০২১ সালে ৭.০০,০০০ টাকা বিনিয়োগ করে ১০-৫০ মেঃ টন কমলালেবু উৎপাদন করেন।

ক. ভূমি কী? ১

খ. শ্রমিক ও শ্রম অবিচ্ছিন্ন– ব্যাখ্যা কর। ২

গ. রবিনের সঞ্চিত অর্থ বিনিয়োগ উৎপাদনের কোন উপকরণের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে একই জমিতে উপকরণ বাড়ালেও এর প্রান্তিক উৎপাদন কি ক্রমান্বয়ে বাড়ে? বিষয়টি ভূমির প্রান্তিক উৎপাদন বিধির আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ X তার বন্ধু Y কে নিয়ে চুক্তির ভিত্তিতে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তুলে। এখানে শ্রমিকদের দক্ষতা, যোগ্যতা ও সামর্থ্যের ভিত্তিতে তাদের মধ্যে কাজ বণ্টন করে দেওয়া হয়। ফলে শ্রমিকরা সন্তুষ্টচিত্তে তাদের দক্ষতার প্রয়োগ ঘটাতে পারে। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানের পণ্য বাজারে ব্যাপক চাহিদাসম্পন্ন হওয়ায় দুই বন্ধু চিন্তা করছেন যে, প্রতিষ্ঠানটিকে কৃত্রিম ব্যক্তিসত্তার অধিকারী ও নির্দিষ্ট আইনের দ্বারা গঠন করবেন। যেখানে আরও ব্যক্তিবর্গ ব্যবসায়ে সম্পৃক্ত হতে পারবে এবং ব্যবসায়ের পরিধি সম্প্রসারিত হবে।

ক. উৎপাদনশীল শ্রম কী? ১

খ. উৎপাদনের কোন উপকরণটি উৎপাদিত উপাদান? ব্যাখ্যা কর । ২

গ. উদ্দীপকে শ্রমিকদের দক্ষতার প্রয়োগ ঘটাতে শ্রমের কোন বিষয়কে প্রাধান্য দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. X ও Y এর সিদ্ধান্ত বাস্তবায়ন হলে তাদের ব্যবসায় যে সংগঠনে রূপ নেবে তার ভূমিকা মূল্যায়ন কর । ৪

৫ ▸ মি. আলম একজন ক্যান্সার রোগ বিশেষজ্ঞ। দেশ-বিদেশের বিভিন্ন অঞ্চল থেকে রোগীরা তার সেবা নেওয়ার জন্য আসে। তিনি মনে করেন, ধূমপান ক্যান্সার রোগের একটি অন্যতম কারণ। রোগীদের সেবা দেওয়ার পাশাপাশি তিনি 'প্রত্যয়' নামে একটি সংগঠন গড়ে তোলেন। এটি সারা দেশে ধূমপানবিরোধী বিভিন্ন ধরনের প্রচার কার্যক্রম পরিচালনা করছে।

ক. 'PERT' এর পূর্ণরূপ কী? ১

খ. মানসম্মত দ্রব্য উৎপাদন কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সেবার কোন বৈশিষ্ট্য লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে সেবা খাতের প্রবৃদ্ধির পর্যায় উল্লেখপূর্বক 'প্রত্যয়' নামে সংগঠনের ভূমিকা মূল্যায়ন কর। ৪

৬ ▸ আইকন কোম্পানি একটি গাড়ি প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দীর্ঘদিন থেকে সুনামের সাথে গাড়ি উৎপাদন করে আসছে। তারা উৎপাদন ব্যবস্থাপনায় পণ্যকে অধিক কার্যকর ও মানসম্পন্ন করার লক্ষ্যে উন্নত প্রযুক্তির ব্যবহার ঘটিয়ে বিশ্লেষণমূলক পদ্ধতি PERT এর মাধ্যমে পণ্য উৎপাদন করে। বর্তমানে প্রতিযোগিতামূলক বাজারে তারা পণ্যের উৎপাদন ব্যয় কমানোর কথা ভাবছে। যাতে ক্রেতারা কম মূল্যে মানসম্পন্ন পণ্য ক্রয় করতে পারে পাশাপাশি যাতে মুনাফার পরিমাণও বৃদ্ধি পায়। এই বিষয়গুলো চ্যালেঞ্জ হিসাবে গ্রহণ করে তারা উৎপাদন কার্যক্রম পরিচালনা করছে।

ক. দ্রব্য কী? ১

খ. সেবা কী পচনশীল? ব্যাখ্যা কর। ২

গ. 'আইকন কোম্পানি' উৎপাদনের ক্ষেত্রে উৎপাদন ব্যবস্থাপনার কোন যুগে অবস্থান করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি প্রতিযোগিতায় টিকে থাকতে উৎপাদন ব্যবস্থাপনার ভূমিকা মূল্যায়ন কর। ৪

৭ ▸ কুয়াকাটায় 'হোটেল সানসেট' একটি অত্যাধুনিক হোটেল। এই হোটেলে দেশি-বিদেশি ভ্রমণ পিপাসুদের সংখ্যা দিন দিন বাড়ছে। সম্প্রতি সুইডেনের এক দম্পতি তাদের হোটেলে আসেন। এই দম্পতি তাদের হোটেলে বিশেষ ধরনের খাবার অর্ডার করেন এবং হোটেল থেকে একজন গাইড নিয়ে দর্শনীয় স্থান পরিদর্শনের কথা জানান। হোটেল কর্তৃপক্ষ ঐ দম্পতির চাহিদা মোতাবেক সবকিছুর ব্যবস্থা করেন।

ক. পণ্য ডিজাইনের ধারণা উন্নয়ন কী? ১

খ. উৎপাদন ব্যবস্থাপনায় F. W. Taylor-এর অবদান ব্যাখ্যা কর। ২

গ. 'হোটেল সানসেট' উৎপাদন ব্যবস্থাপনার কোন খাতের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর কাস্টমাইজেশনের কারণে হোটেল সানসেটের সুনাম বৃদ্ধি পেয়েছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৮ ▸ 'বাসন্তী' বাংলাদেশের একটি স্বনামধন্য পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি নতুন প্রযুক্তি ও উন্নত কৌশল ব্যবহার করে নিত্যনতুন ডিজাইনের পোশাক তৈরি করে। এতে উৎপাদন যেমন বৃদ্ধি পায় তেমনি উৎপাদন ব্যয় ও অপচয় হ্রাস পায়। আসন্ন ধর্মীয় ও বৈশাখী উৎসবকে সামনে রেখে প্রতিষ্ঠানটি নিত্যনতুন ডিজাইনের পাঞ্জাবি, থ্রি-পিস, শাড়ি, শার্ট ইত্যাদি উৎপাদনের পরিকল্পনা হাতে নিয়েছে।

ক. ক্রিয়াগত ডিজাইন কী? ১

খ. সংস্কৃতি কি পণ্য ডিজাইনকে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২

গ. 'বাসন্তী' কোন ধরনের পণ্য ডিজাইন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি বাংলাদেশের প্রেক্ষাপটে যেসব পণ্য ডিজাইনের পরিকল্পনা হাতে নিয়েছে তা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ 'স্মার্ট-টেল' একটি মোবাইল ফোন প্রস্তুতকারী প্রতিষ্ঠান। বর্তমানে বাজারে তারা নতুন পেটার্নের স্মার্ট ফোন নিয়ে আসতে চাচ্ছে। এজন্য তারা ক্রেতাদের পছন্দ পর্যালোচনা, বাজার গবেষণা, প্রতিযোগী পণ্য বিশ্লেষণসহ নানা কার্যক্রম সম্পন্ন করেছে। প্রতিষ্ঠানটি তাদের নতুন আবিষ্কৃত স্মার্ট ফোনে প্রযুক্তিগত পরিবর্তন, ভোক্তার মধ্যে নতুন রুচির আগ্রহ সৃষ্টি ও প্রতিযোগিতা মোকাবিলা করার মতো নানামুখী কার্যক্রম হাতে নিয়েছে। 'স্মার্ট-টেল' কোম্পানি পণ্যের নতুন ডিজাইনের মাধ্যমে বাজার সম্প্রসারণের ব্যাপারে বেশ আশাবাদী।

ক. মডিউলার ডিজাইন কী? ১

খ. 'আকর্ষণ সৃষ্টি করা পণ্য ডিজাইনের মূল উদ্দেশ্য।'– ব্যাখ্যা কর। ২

গ. 'স্মার্ট-টেল' নতুন পণ্য বাজারে আনার ক্ষেত্রে পণ্য ডিজাইনের কোন স্তরের কাজ সম্পন্ন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি তাদের উৎপাদিত নতুন পণ্যের মাধ্যমে পণ্য ডিজাইনের গুরুত্ব কতটুকু বাস্তবায়ন করতে পারবে বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

১০ ▸ 'ভিশন-২০' একটি বিখ্যাত ইলেকট্রনিক্স কোম্পানি। তাদের উৎপাদিত এলইডি ও স্মার্ট টিভি বাজারে বেশ জনপ্রিয়। কোম্পানিটি ভোক্তাদের প্রত্যাশা অনুযায়ী পণ্যের মান সংরক্ষণ, মানের ধারাবাহিক উন্নয়ন ও বিচ্যুতি হলে সংশোধন করে। এজন্য তাদের উৎপাদিত পণ্যের চাহিদা বেশি। বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে তারা উন্নত প্রযুক্তির টিভি বাজারে ছাড়ার চিন্তা করছে। এজন্য উৎপাদন পূর্ববর্তী সময়ে তারা শ্রমিকদের প্রশিক্ষণ, উৎপাদন প্রক্রিয়া পুনঃডিজাইন করা এবং ত্রুটি চিহ্নিতকরণ ব্যবস্থা গ্রহণ করেন যাতে বাজারে তাদের পণ্যের সুনাম অক্ষুণ্ন থাকে।

ক. বিএসটিআই কী? ১

খ. অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয় ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. 'ভিশন-২০' এর পণ্যের চাহিদা বেশি হওয়ার পেছনে মানব্যবস্থাপনার ঐতিহাসিক প্রেক্ষাপটের কোন বিষয়টিকে গুরুত্ব দিয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিযোগিতায় টিকে থাকতে ও পণ্যের সুনাম অক্ষুণ্ন রাখতে প্রতিষ্ঠানটি যে ব্যয় নির্বাহ করে তা মান নিশ্চিতকরণে কার্যকর ভূমিকা রাখে– উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর ৪

১১ ▸ 'প্রগতি' একটি দেশীয় ওয়াটার পাম্প উৎপাদনকারী প্রতিষ্ঠান। কর্মীদের সম্পৃক্ততা, মানের ধারাবাহিক উন্নয়ন ও ক্রেতাদের সন্তুষ্টি এই তিনটি মূলনীতির আলোকে তারা উৎপাদন কার্যক্রম পরিচালনা করে। বর্তমানে তাদের পণ্যের চাহিদা বৃদ্ধি পাওয়ায় তারা ব্যবসায় সম্প্রসারণের চিন্তা করছে। দেশের বাইরে তারা পণ্য রপ্তানির জন্য আন্তর্জাতিক সনদ সংগ্রহের প্রকল্প হাতে নিয়েছে।

ক. মান কী? ১

খ. মামলাসংক্রান্ত ব্যয় কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ২

গ. 'প্রগতি' কোম্পানি মানব্যবস্থাপনার ঐতিহাসিক প্রেক্ষাপটের কোন ধারণাটি অনুসরণ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক যে সনদ সংগ্রহের কথা ভাবছে ব্যবসায় সম্প্রসারণ ও পণ্য রপ্তানিতে তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ সান লাইন একটি স্বনামধন্য নৌপরিবহন সংস্থা। প্রতিষ্ঠানটি দুই ধরনের সেবা দিয়ে থাকে। দেশের অভ্যন্তরে পণ্য পরিবহনের জন্য তাদের ১০টি সান লাইন কার্গো জাহাজ রয়েছে। অপরদিকে যাত্রী পরিবহনের জন্য 'রিভার কিং' নামে ৫টি বড় জাহাজ রয়েছে। প্রতিষ্ঠানটি সুনামের সাথে গ্রাহক ও যাত্রীদের সেবা দিয়ে যাচ্ছে।

ক. শ্রম বিভাগ কী? ১
খ. উৎপাদন কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সান লাইন কার্গো কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উপযোগ সৃষ্টির দিক থেকে সান লাইন কার্গো ও রিভার কিং এর কী পার্থক্য রয়েছে? তোমার মতামত দাও। ৪

২ ▸ শাপলা লি. ২০২১ সালে জাপান থেকে ৫ কোটি টাকা মূল্যের একটি খেলনা তৈরির মেশিন আমদানি করে। ২০২১ সালে তাদের তৈরিকৃত পণ্যের বিক্রয়মূল্য ২৫ কোটি টাকা। উক্ত পণ্য উৎপাদনে কাঁচামাল ক্রয়ে ব্যয় হয়েছে ১০ কোটি টাকা, শ্রমিকদের প্রদান করা হয়েছে ৫ কোটি টাকা এবং যন্ত্রপাতি ও অন্যান্য ব্যয় বাবদ খরচ হয়েছে ২৫ লক্ষ টাকা।

ক. পণ্যের অভাব মোচনের ক্ষমতাকে কী বলে? ১
খ. 'উৎপাদন একটি চলমান প্রক্রিয়া'– ব্যাখ্যা কর। ২
গ. শাপলা লি. এর শ্রম উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩
ঘ. শাপলা লি. উৎপাদনের কোন খাতের সাথে সম্পৃক্ত বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

৩ ▸ আজমল সাহেব চাকরি থেকে অবসর গ্রহণ করে গ্রামে ফিরে যান। তিনি গ্রামের কৃষকদের একত্রিত করে একটি সমিতি গঠন করেন। সমিতির মাধ্যমে কৃষকদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় সংগ্রহ করে একটি তহবিল গঠন করেন। উক্ত তহবিল হতে সদস্যদের ও অন্যান্য ব্যক্তিদের উৎপাদনমূলক খাতে ঋণ প্রদান করেন। এতে গ্রামের মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ডের তৎপরতা বৃদ্ধি পায়।

ক. ভূমি কী? ১
খ. 'শ্রম গতিশীল'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সমিতি মূলধন গঠনের কোন পর্যায়ে আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শিল্প ও বাণিজ্য সম্প্রসারণে সমিতির ঋণদান কর্মসূচি কতটা সহায়ক তা বিশ্লেষণ কর। ৪

৪ ▸ পঞ্চগড়ের চা চাষ দেশের অর্থনৈতিক উন্নয়নে নতুন দিগন্তের সূচনা করেছে। অনুকূল জলবায়ুর কারণে পঞ্চগড় ইতিমধ্যে দেশের তৃতীয় চা অঞ্চল হিসেবে পরিচিতি পেয়েছে। কর্মসংস্থান হয়েছে প্রায় পাঁচ হাজার লোকের। কৃষকরা ক্ষুদ্র ক্ষুদ্র চা বাগান গড়ে তুলছে। এতে চাষিদের ৯ মাসের আয়ের পথ তৈরি হয়েছে। এখানকার চা দেশের বাজারসহ আন্তর্জাতিক বাজারে প্রবেশ করেছে। এখানে উৎপাদিত অর্গানিক চা দেশে ও বিদেশে অনেক সুনাম অর্জন করেছে।

ক. সঞ্চয় কী? ১
খ. শ্রম বিভাগ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উৎপাদনের কোন উপকরণের কারণে পঞ্চগড়ে চা বাগান গড়ে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পঞ্চগড়ের চা চাষ অর্থনৈতিক উন্নয়নে যে ভূমিকা পালন করে তা উৎপাদনের উপকরণের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▸ আমাদের দেশে বর্ষাকালে (জুন-আগস্ট) ছাতার চাহিদা বেশি থাকে। বর্ষা মৌসুমকে সামনে রেখে তমাল সাহেব মে মাসে ৬০,০০০ ছাতা তৈরি করেন, যা জুন মাসে বিক্রি হয়ে যায়। অধিক লাভের প্রত্যাশায় তিনি জুলাই মাসে ১,০০,০০০ পিছ ছাতা তৈরি করেন। আগস্ট মাস পর্যন্ত তিনি ৫০,০০০ পিছ ছাতা বিক্রি করতে সক্ষম হন। ঋতু পরিবর্তনের কারণে অবশিষ্ট ছাতা অবিক্রীত থেকে যায়। এতে তার লোকসান হয়।

ক. মানসম্মত পণ্য কী? ১
খ. 'মান ব্যবস্থাপনা অপচয় হ্রাস করে।'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত পণ্যটি কোন ধরনের ভোগ্যপণ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. তমাল সাহেব উৎপাদন ব্যবস্থাপনার কোন কাজটি যথাযথভাবে অনুসরণ না করায় লোকসানের সম্মুখীন হয়েছেন? যুক্তিসহ মতামত দাও। ৪

৬ ▸ মি. জন 'ম্যাক্স' ব্র্যান্ডের অত্যাধুনিক ঘড়ি প্রস্তুতকারক। তিনি ক্রেতাদের আয়, পছন্দ, রুচি প্রভৃতি বিবেচনা করে স্বল্পসংখ্যক ক্রেতার নিকট থেকে অর্ডার গ্রহণ করেন এবং সে মোতাবেক ঘড়ি তৈরি করেন। তার উৎপাদিত ঘড়ির মূল্য অনেক বেশি হলেও গ্রাহকরা পণ্য পেয়ে খুবই সন্তুষ্ট।

ক. ISO এর পূর্ণরূপ লিখ। ১
খ. 'সংগঠন একটি সমন্বিত প্রচেষ্টা।'– ব্যাখ্যা কর। ২
গ. মি. জন কোন ধরনের পণ্য উৎপাদন করছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "কাস্টমাইজেশনের যথাযথ অনুসরণই মি. জনের সফলতার মূল কারণ।"– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▸ 'বিটা কোম্পানির' উৎপাদিত বিউটি সোপ দেখতে তেমন আকর্ষণীয় না হওয়ায় বিক্রি আশানুরূপ হয়নি। এমতাবস্থায় প্রতিষ্ঠানটি অভিজ্ঞ উৎপাদন ব্যবস্থাপক মি. গালিবকে নিয়োগ দেয়। মি. গালিব ভোক্তা জরিপ, ক্রেতার রুচি ও সামর্থ্য এবং অন্যান্য বিষয় পর্যালোচনা করে পূর্বের মান ঠিক রেখে শুধু রং ও বাহ্যিক পরিবর্তনের মাধ্যমে পণ্যটিকে আকর্ষণীয়ভাবে বাজারে উপস্থাপন করেন। এতে ক্রেতারা পণ্যের প্রতি বেশ আকৃষ্ট হয় এবং পণ্য বিক্রি বেড়ে যায়।

ক. উৎপাদন সামর্থ্য কী? ১
খ. কোন ডিজাইনে পণ্যের মান উন্নত হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মি. গালিব ভোক্তা জরিপ, ক্রেতার রুচি ও সামর্থ্য বিবেচনা প্রভৃতির মাধ্যমে পণ্য ডিজাইনের কোন স্তরের কাজ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিটা কোম্পানি যে ধরনের পণ্য ডিজাইন অনুসরণ করায় পণ্য বিক্রি বেড়েছে তার ধরন উল্লেখপূর্বক এর যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮ ▸ আরিয়ান লি. 'সুপার কিট' নামে মশা মারার এরোসল উৎপাদন করে। বর্তমানে প্রতিষ্ঠানটি এ পণ্যের ডিজাইন পরিবর্তনের মাধ্যমে আরও কার্যকারিতা বাড়িয়ে 'সুপার কিট গোল্ড' নামে বাজারে ছাড়ে। এতে বিক্রয় বৃদ্ধির পাশাপাশি সর্বোচ্চ মুনাফা অর্জিত হয়। অন্যদিকে গ্লোব লি. তার পণ্যের বহিরাবরণের পরিবর্তনের মাধ্যমে ক্রেতাদের আকৃষ্ট করার চেষ্টা করলেও তেমন সফলতা পায়নি।

ক. মডিউলার ডিজাইন কী? ১
খ. 'পণ্য জীবনযাত্রার মান উন্নয়ন করে।'– ব্যাখ্যা কর। ২
গ. গ্লোব লি. কোন ধরনের পণ্য ডিজাইন অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আরিয়ান লি. এর সফলতা লাভের পেছনে যে ধরনের ডিজাইন মুখ্য ভূমিকা পালন করেছে তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ মেঘনা টেকনোলজি 'চয়েস' নামে নতুন একটি ওয়াশিং মেশিন বাজারে ছাড়ে। প্রতিষ্ঠানটি তার উৎপাদিত পণ্যের ওপর ৫ বছরের ওয়ারেন্টি প্রদান করে। কাপড় ধোয়ার সময় মেশিনটি বিস্ফোরিত হলে একজন ক্রেতা আহত হন এবং ক্ষতিপূরণের জন্য মামলা করেন। এতে প্রতিষ্ঠানটি ক্ষতিপূরণ প্রদানে বাধ্য হয়। এমতাবস্থায় কর্তৃপক্ষ মান ব্যবস্থাপনার এমন একটি দর্শন অনুসরণ করার সিদ্ধান্ত নেন যাতে পণ্যের মান উত্তরোত্তর বৃদ্ধির পাশাপাশি এ ধরনের দুর্ঘটনা না ঘটে।

ক. মূল্যায়ন ব্যয় কী? ১
খ. 'উৎপাদন ক্ষতি কোনো অবস্থায়ই উদ্ধারযোগ্য নয়।'– ব্যাখ্যা কর। ২
গ. 'মেঘনা টেকনোলজি' কর্তৃক ক্ষতিপূরণ প্রদান কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'মেঘনা টেকনোলজি' সার্বিক মান ব্যবস্থাপনার কোন দর্শন অনুসরণ করে ভবিষ্যতে ক্ষতিপূরণ প্রদান তথা মামলা ব্যয় থেকে রেহাই পেতে পারে বলে তুমি মনে কর? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

১০ ▸ 'মাইক্রো ইলেকট্রনিক্স' ওভেন, রাইস কুকার ও ইনডাকসান চুলা উৎপাদন করে। প্রতিষ্ঠানটি পণ্যের মান উন্নয়নের জন্য উৎপাদন প্রক্রিয়ার পুনঃবিন্যাস, পুনঃনকশাকরণ এবং কর্মীদের প্রশিক্ষণের জন্য প্রচুর অর্থ ব্যয় করে থাকে। সম্প্রতি প্রতিষ্ঠানটি আফ্রিকার বিভিন্ন দেশে পণ্য রপ্তানির পরিকল্পনা গ্রহণ করে এবং সে লক্ষ্যে একটি আন্তর্জাতিক সংস্থা থেকে সনদ গ্রহণ করে। এতে ব্যবসায় সম্প্রসারণের পাশাপাশি রপ্তানির পরিমাণ বৃদ্ধি পায়।

ক. উৎপাদন ক্ষতি কী? ১
খ. 'মান নিয়ন্ত্রণের মাধ্যমে অপচয় হ্রাস পায়।'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি পণ্যের মান উন্নয়নের জন্য যে সকল ব্যয় করেছে তা কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. মাইক্রো ইলেকট্রনিক্সের রপ্তানি বৃদ্ধিতে কোন সনদটি ভূমিকা পালন করেছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

১১ ▸ গোমতি লি. এর কার্য ব্যবস্থাপক জনাব মামুন পণ্যের মান পরিমাপের জন্য পরিদর্শন, বিভিন্ন পরীক্ষা ও পরিসংখ্যানিক পদ্ধতি ব্যবহার করেন। উক্ত পদ্ধতি ব্যবহার করার পরও পণ্যের মান নিম্ন হওয়ায় তিনি একটি নতুন নিয়ন্ত্রণ কৌশল গ্রহণ করেন। তিনি প্রতিষ্ঠানের কোন কাজ কখন শুরু হবে এবং কখন শেষ হবে তা নির্দিষ্টপূর্বক গুরুত্বপূর্ণ যে কাজগুলো বিরামহীনভাবে সম্পাদিত হবে তা মোটা রেখা দ্বারা সংযুক্ত করেন এবং ঐ কার্য সম্পাদনে অধিক সতর্কতা অবলম্বন করেন। এতে পণ্যের মান নিশ্চিত হয় এবং বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পায়।

ক. দ্রব্য কী? ১
খ. 'ভোক্তার ক্রয় ক্ষমতা পণ্যের ডিজাইনকে প্রভাবিত করে'– ব্যাখ্যা কর। ২
গ. গোমতি লি. কর্তৃক পণ্যের মান যাচাইয়ের জন্য যে ব্যয় হয় তা কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব মামুন মানসম্মত পণ্য উৎপাদনের জন্য যে নিয়ন্ত্রণ কৌশলটি গ্রহণ করেছেন তা উল্লেখপূর্বক এর যথার্থতা মূল্যায়ন কর। ৪

সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জনাব রাজিব ভোলা ও পাথরঘাটা থেকে ইলিশ মাছ এনে যশোর পাইকারি বাজারে বিক্রয় করেন। এসব মাছ সুস্বাদু হওয়ায় ক্রেতাদের নিকট ব্যাপক চাহিদা সৃষ্টি হয়। তিনি নিজস্ব ব্যবস্থাপনায় বরফের সাহায্যে মাছের গুণগতমান অক্ষুণ্ন রাখার চেষ্টা করেন। চলতি মৌসুমে প্রচুর ইলিশ মাছ ধরা পড়ায় ক্রেতাদের দিক থেকে অনেক বেশি চাহিদা থাকা সত্ত্বেও দাম কমে যাওয়ায় তিনি কাঙ্ক্ষিত লাভ করতে পারছেন না। এ কারণে তিনি সমস্যা সমাধানের উপায় নিয়ে চিন্তিত হয়ে পড়েছেন।

ক. উপযোগ কী? ১

খ. উৎপাদন কীভাবে জীবনযাত্রার মান উন্নত করে? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রাজিবের প্রারম্ভিক কাজের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উপযোগের ধরন উল্লেখপূর্বক জনাব রাজিবের দুশ্চিন্তা হ্রাসে করণীয় সম্পর্কে তোমার মতামত দাও। ৪

২ ▸ ২০২০ সালে রুপা গার্মেন্টসের উৎপাদিত পোশাকের বিক্রয়মূল্য ছিল ১০,০০,০০,০০০ টাকা। উক্ত পোশাক উৎপাদনের জন্য প্রতিষ্ঠানটি কাপড় ও কাঁচামাল বাবদ ৪,০০,০০,০০০ টাকা; শ্রম বাবদ ১,০০,০০,০০০ টাকা; যন্ত্রপাতি বাবদ ২,০০,০০,০০০ টাকা এবং অন্যান্য বাবদ ১,০০,০০,০০০ টাকা ব্যয় করে। প্রতিষ্ঠানটির ২০১৮ ও ২০১৯ সালে সামগ্রিক উৎপাদনশীলতা ছিল যথাক্রমে ৫ ও ৭।

ক. মোট উৎপাদনশীলতা কী? ১

খ. উৎপাদনশীলতা নির্ভর করে প্রতিষ্ঠান ও কর্মীদের দক্ষতার ওপর– ব্যাখ্যা কর। ২

গ. ২০২০ সালে রুপা গার্মেন্টসের মালামালের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. ২০২০ সালে রুপা গার্মেন্টসের সার্বিক উৎপাদনশীলতার ওপর তোমার মতামত ব্যক্ত দাও। ৪

৩ ▸ জনাব আসাদ যশোরের গদখালীতে ২০ বিঘা জমিতে ফুল চাষ শুরু করেন। এখানে উৎপাদিত ফুল ঢাকার শাহবাগে বিভিন্ন ফুলের দোকানে নিয়মিত সরবরাহ করা হয়। চলতি বছর ফুলের উৎপাদন ভালো হওয়া সত্ত্বেও নিজস্ব পরিবহন ও পর্যাপ্ত সংরক্ষণ ব্যবস্থার অভাবে অনেক ফুল নষ্ট হয়ে যাওয়ায় তিনি আশানুরূপ মুনাফা অর্জনে ব্যর্থ হন। এ পরিস্থিতিতে প্রয়োজনীয় সংরক্ষণ ব্যবস্থা স্থাপনের উদ্দেশ্যে তিনি তার ৩ জন বন্ধুকে চুক্তি আইনের অধীনে ব্যবসায়ে নিযুক্তি করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তিনি ভাবছেন যে সকলের মধ্যে লাভ-লোকসান সমতার ভিত্তিতে বণ্টন করবেন।

ক. যৌথ উদ্যোগ কী? ১

খ. "শ্রমের মালিকানা হস্তান্তরযোগ্য নয়"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব আসাদের ব্যবসায়টি কোন ধরনের ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবসায় সংগঠনের প্রকৃতি উল্লেখপূর্বক জনাব আসাদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪ ▸ হাসান সাহেবের কুয়াকাটা মাছঘর নামে একটি শুঁটকি উৎপাদনের প্রতিষ্ঠান আছে। তিনি জেলেদের নিকট থেকে মাছ ক্রয় করেন এবং ৬ জন শ্রমিকের সহায়তায় সূর্যের তাপে শুকিয়ে শুঁটকি তৈরি করেন। সম্প্রতি বিদেশে তার প্রতিষ্ঠানের উৎপাদিত শুঁটকির চাহিদা সৃষ্টি হয়। এই বর্ধিত চাহিদা মেটানোর জন্য তিনি প্রতিষ্ঠানটি সম্প্রসারণের সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু তার সঞ্চিত অর্থ পর্যাপ্ত নয়। তাই তিনি একটি বাণিজ্যিক ব্যাংক থেকে ২০ লক্ষ টাকা ঋণ নেওয়ার চিন্তা করছেন।

ক. 'গতি নিরীক্ষা' কে প্রবর্তন করেন? ১

খ. ব্যবসায় জোট দুটি ব্যবসায়কে একই ব্যবস্থাপনার অধীন করে– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত হাসান সাহেব শুঁটকি উৎপাদনে কোন উপকরণ ব্যবহার করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মূলধন গঠনের পর্যায় বিবেচনাপূর্বক জনাব হাসান কর্তৃক গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫ ▸ কক্সবাজারে অবস্থিত হোটেল 'পৌষালী' দেশি-বিদেশি পর্যটকদের কাছে অতি পরিচিত নাম। সমুদ্রসৈকতের সন্নিকটে হওয়ায় এটির গুরুত্ব আরও বেশি বৃদ্ধি পেয়েছে। সম্প্রতি জার্মানি থেকে ৫ জন পর্যটক কক্সবাজার সমুদ্রসৈকতে বেড়াতে এসে এই হোটেলে উঠে। তারা হোটেল কর্তৃপক্ষকে তাদের পছন্দনীয় বিশেষ ধরনের খাবার অর্ডার দেয়। হোটেল কর্তৃপক্ষ তাদের চাহিদা ও পছন্দ মোতাবেক সেবা প্রদান করে। এর মাধ্যমে ভোক্তাসন্তুষ্টি অর্জিত হয় এবং উক্ত পর্যটকেরা দেশে ফিরে অন্যান্য ভ্রমণপিপাসু মানুষদেরকে উক্ত হোটেলে ওঠার সুপারিশ করবে বলে অঙ্গীকার করে।

ক. PERT এর পূর্ণরূপ কী? ১

খ. 'উৎপাদন ব্যবস্থাপনা চূড়ান্ত পণ্য উৎপাদনের জন্য বিভিন্ন কার্যসম্পাদন করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায় কোন খাতের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. কোন কারণে হোটেল পৌষালীর সুনাম বৃদ্ধি পেয়েছে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

৬ ▸ তোহা ফার্মাসিউটিক্যালস লি. একটি স্বনামধন্য ঔষধ উৎপাদন প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি দীর্ঘদিন ধরে সাধারণ কিছু রোগের ঔষধের পাশাপাশি বেশ কয়েকটি জীবন রক্ষাকারী ঔষধ উৎপাদন করে আসছে। ঔষধকে নিরাপদ ও অধিকতর কার্যকর করার জন্য প্রতিষ্ঠানটি উৎপাদনের ক্ষেত্রে কম্পিউটার নিয়ন্ত্রিত স্বয়ংক্রিয় পদ্ধতি ব্যবহার করে থাকে। গুণগত মানসম্পন্ন কার্যকর ঔষধ তৈরির কারণে এ প্রতিষ্ঠানটি ডাক্তার ও ফার্মাসিস্টদের কাছে আস্থা অর্জনে সক্ষম হয়েছে। এতে প্রতিষ্ঠানটি অল্প সময়ের মধ্যে সাফল্য অর্জনে সক্ষম হয়।

ক. উৎপাদন পরিকল্পনা কী? ১

খ. মানসম্মত দ্রব্য উৎপাদন কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কী উৎপাদন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উৎপাদন ব্যবস্থাপনার ক্রমবিবর্তনের পর্যায় উল্লেখপূর্বক 'তোহা ফার্মাসিউটিক্যালস লি.' এর সাফল্যের কারণ বিশ্লেষণ কর। ৪

৭ ▸ সানা, কনা, মনা তিনজন মিলে একটি ফ্যাশন হাউজ প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠানটিতে প্রচলিত ফ্যাশনের পাশাপাশি প্রতিবছর ঈদ, দুর্গাপূজা, পহেলা বৈশাখ উপলক্ষে ক্রেতাদের ক্রয়ক্ষমতা, রুচি ও পছন্দ বিবেচনা করে বাহ্যিক সৌন্দর্য বৃদ্ধি করে আকর্ষণীয় পোশাকের সমাহার ঘটান। অতি অল্পসময়ে ফ্যাশন হাউজের উৎপাদিত পোশাক সারাদেশে সুনাম অর্জনে সক্ষম হয়েছে। ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় তারা উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ক. বিক্রয়োত্তর সেবা কী? ১

খ. 'বিশেষ দিবস উপলক্ষে বাংলাদেশে পণ্য ডিজাইন করা হয়।'– ব্যাখ্যা কর। ২

গ. ফ্যাশন হাউস পণ্য উৎপাদনের ক্ষেত্রে কোন ধরনের পণ্য ডিজাইন অনুসরণ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটির মালিক কর্তৃক গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮ ▸ **দৃশ্যকল্প-১ :** জনাব রহিম একটি টিভি উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। তিনি পণ্য উৎপাদনের উদ্দেশ্যে ভোক্তাদের রুচি, পছন্দ ও অগ্রাধিকার সম্পর্কে গবেষণা এবং প্রতিযোগী প্রতিষ্ঠানের পণ্য সম্পর্কে বিশ্লেষণ করে নিজ প্রতিষ্ঠানের পণ্যের আকার-আকৃতি, স্টাইল ইত্যাদি নির্ধারণ করেন।

দৃশ্যকল্প-২ : জনাব রকিব একটি মোবাইল উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। প্রতিষ্ঠানটিতে মোবাইলকে বিভিন্ন অংশে ভাগ করা হয় এবং বিভিন্ন অংশকে বিভিন্ন স্তরে উৎপাদন করে সেগুলো একত্রিতকরণের সংযোজনপূর্বক মোবাইল উৎপাদন করা হয়। প্রতিষ্ঠানটি উৎপাদিত পণ্যের মান যথেষ্ট ভালো হওয়ায় ক্রেতারা সেগুলো ক্রয়ে আগ্রহী হয়। ফলে বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পায় এবং প্রতিষ্ঠানটি প্রত্যাশিত মুনাফা অর্জনে সমর্থ হয়।

ক. কে নমুনায়ন তত্ত্ব আবিষ্কার করেন? ১

খ. 'উৎপাদন ব্যবস্থাপনা পদ্ধতি বিশ্লেষণকে উৎসাহিত করে'– ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ জনাব রহিমের প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের কোন পর্যায়ে অবস্থান করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ বর্ণিত নির্দিষ্ট ডিজাইন বিবেচনাপূর্বক জনাব রকিবের প্রতিষ্ঠানের সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

৯ ▸ যমুনা ফ্যাশন আগুলিয়ায় একটি রপ্তানিমুখী তৈরি পোশাক কারখানা। কিছুদিন পূর্বে এটি বিদেশি ক্রেতার কাছ থেকে একটি বড় অর্ডার পায়। অর্ডার অনুযায়ী তৈরি করার পর ত্রুটি চিহ্নিত হওয়ায় অনেক পণ্য বাতিল করে নতুন করে পণ্য উৎপাদন করতে হয়। এতে প্রতিষ্ঠানকে বড় অঙ্কের লোকসান বহন করতে হয়। পাশাপাশি প্রতিষ্ঠানটি সময়মতো পণ্য সরবরাহ করতে না পারায় ক্রেতা তার আনুগত্য প্রত্যাহার করে। পরবর্তীতে অন্য কোম্পানির পণ্য ক্রয় করবে বলে জানিয়ে দেয়।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. 'মান নিয়ন্ত্রণের মাধ্যমে পণ্যের সঠিক মান বজায় থাকে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত যমুনা ফ্যাশন্সের ত্রুটিযুক্ত পণ্য বাতিল কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটির ব্যর্থতার কারণ বিশ্লেষণ কর। ৪

১০ ▸ 'মনা মটরস' একটি গাড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি পণ্য উৎপাদনের প্রতিটি পর্যায়ে ত্রুটি চিহ্নিতকরণ এবং সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করে। ভালো মানের গাড়ি উৎপাদনের জন্য প্রতিষ্ঠানটি তার কর্মীদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করে। প্রতিষ্ঠানটির পণ্যের মান সম্পর্কে ক্রেতাদেরকে নিশ্চয়তা প্রদানের উদ্দেশ্যে দেশীয় একটি সংস্থার নিকট থেকে সনদ গ্রহণ করে। ফলে প্রতিষ্ঠানটির পণ্য বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পায় এবং প্রতিষ্ঠানটি কাঙ্ক্ষিত মুনাফা অর্জনে সক্ষম হয়।

ক. প্রশিক্ষণ ব্যয় কী? ১

খ. 'ওয়ারেন্টি পণ্যের কোন ব্যয়ের সাথে জড়িত'– ব্যাখ্যা কর। ২

গ. গাড়ি উৎপাদনের ক্ষেত্রে 'মনা মটরস' কোন ধরনের ব্যয় বহন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মান নিয়ন্ত্রণকারী সংস্থা বিবেচনাপূর্বক উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটির সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জনাব আমিরুল সিলেটে কয়েকজন বন্ধুকে নিয়ে 'হোসেন টি কোম্পানি' নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। প্রতিষ্ঠানটিতে ৫০ জন শ্রমিক নিয়োগ দেওয়া হয়। কিছু শ্রমিক চা বাগান থেকে চায়ের পাতা সংগ্রহ করে। কিছু শ্রমিক চায়ের পাতা শুকানো কাজে নিয়োজিত থাকে। শুকনা পাতাগুলো অন্য ইউনিটে স্থানান্তর কাজে কিছু শ্রমিক জড়িত থাকে। এছাড়া কিছু শ্রমিক মেশিনের সাহায্যে পণ্য উৎপাদন করে। অন্য একটি ইউনিটে উৎপাদিত চা প্যাকেটজাত করা হয়। এভাবে উৎপাদিত চায়ের মান ভালো হওয়ায় ক্রেতারা সন্তুষ্ট থাকে। ফলে প্রতিষ্ঠানটি প্রত্যাশিত মুনাফা অর্জনে সমর্থ হন।

ক. ISO এর পূর্ণরূপ কী? ১

খ. কীভাবে আর্থিক উৎপাদনশীলতা নির্ণয় করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আমিরুল কর্তৃক সিলেটে চা কারখানা স্থাপন কোন ধরনের শ্রম বিভাজনের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. শ্রম বিভাগের ধরন উল্লেখপূর্বক 'হোসেন টি কোম্পানি' এর সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ মনিষা একজন গৃহিণী। প্রতিবছর শীতকালে তিনি হাতে বোনা সোয়েটার তৈরি করে স্থানীয় বাজারে বিক্রি করেন। এজন্য সোয়েটার তৈরির বিভিন্ন উপকরণ স্থানীয় বাজার থেকে ক্রয় করেন। তার তৈরি সোয়েটার মানসম্মত হওয়ায় চাহিদা ব্যাপকহারে বৃদ্ধি পায়। এ বর্ধিত চাহিদা পূরণের জন্য তিনি কয়েকজন কর্মী নিয়োগ দেন এবং শহরের বিভিন্ন পোশাকের দোকানে সোয়েটার সরবরাহের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. উৎপাদন কী? ১

খ. 'উন্নত পরিবেশের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি পায়'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মনিষা সোয়েটার তৈরির মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব মনিষার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২ ▸ তূর্য ইলেক্ট্রনিক্স লি. ২০২৩ সালে ১০,০০০ টাকা মূল্যের ১,০০০ পিচ কম্পিউটার মনিটর উৎপাদন করে, যার মূল্য ১,০০,০০,০০০ টাকা। মনিটর উৎপাদনে ৪০,০০,০০০ টাকার যন্ত্রপাতি এবং মজুরি বাবদ ব্যয় হয় ৪,০০,০০০ টাকা। উক্ত উৎপাদনে মোট যন্ত্র সময় বাবদ ব্যয় হয় ৩০০ ঘণ্টা প্রতিষ্ঠানটির ২০২২ সালে মোট উৎপাদনশীলতা ছিল ৩.৩।

ক. সময়গত উপযোগ কী? ১

খ. উৎপাদন কর্মসংস্থান সৃষ্টি করে– ব্যাখ্যা কর। ২

গ. তূর্য ইলেক্ট্রনিক্স লি. এর ২০২৩ সালের যন্ত্রের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিতে ২০২৩ সালের মোট উৎপাদনশীলতার সাথে ২০২২ সালের মোট উৎপাদনশীলতার তুলনামূলক মূল্যায়ন কর। ৪

৩ ▸ জনাব সাগর রংপুরে ৫ বিঘা জমিতে টিউলিপ ফুলের চাষ শুরু করেন। উক্ত ফুল দেখতে সুন্দর হওয়ায় দলে দলে মানুষ দেখতে আসে। পরবর্তীতে তিনি আরও ৫ বিঘা জমিতে টিউলিপ ফুল চাষ করার সিদ্ধান্ত নেন। উক্ত জমিতে চাষাবাদের জন্য তিনি ব্যাংক থেকে ৫ লাখ টাকা ঋণ গ্রহণ করেন। বর্তমানে তিনি টিউলিপ ফুল ও ফুলের চারা বিক্রয় করে আর্থিকভাবে লাভবান হচ্ছেন।

ক. মূলধন কী? ১

খ. অংশীদারি সংগঠন বলতে কী বোঝায়? ২

গ. প্রাথমিকভাবে জনাব সাগর উৎপাদনের কোন উপকরণটি ব্যবহার করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সাগরের সফলতার কারণ উল্লেখপূর্বক তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জনাব আফিব 'হামজা গার্মেন্টস' ফ্যাক্টরির উৎপাদন ব্যবস্থাপক। তিনি তার শ্রমিকদের দিয়ে প্রতিদিন ৮ ঘণ্টা কাজ করান। তবে মাঝে মধ্যে অতিরিক্ত অর্ডার পাওয়ার কারণে শ্রমিকদের দিয়ে ওভারটাইমও করান। তিনি সর্বদা শ্রমিকদের যোগ্যতা অনুযায়ী কাজ বণ্টন করেন। এতে প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধি পায় এবং সহজেই লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

ক. সরল শ্রম বিভাগ কী? ১

খ. শ্রমের দক্ষতা বৃদ্ধিতে মূলধনের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. উল্লিখিত উদ্দীপকে কোন ধরনের শ্রমের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটির লক্ষমাত্রা অর্জনের পেছনে কী ভূমিকা রয়েছে বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫ ▸ মাহিব, আফির, রাজিন তিন বন্ধু মিলে প্রত্যেকে ২ লক্ষ টাকা বিনিয়োগ করে 'রংধনু' নামে হস্তশিল্প সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠান গড়ে তোলেন। তারা ব্যবসায়ের অর্জিত মুনাফা সমানভাবে ভাগ করে নেন। সংগঠনটির উৎপাদিত পণ্যসামগ্রী জনপ্রিয়তা লাভ করায় তারা ব্যাপক পরিসরে পণ্য উৎপাদনের সিদ্ধান্ত নেন এবং 'রংধনু লি.' নামে সংগঠন স্থাপনের প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পাদন করেন।

ক. ভূমি কী? ১

খ. কোন সংগঠনে প্রত্যক্ষ তত্ত্বাবধানের সুযোগ বেশি? ২

গ. উদ্দীপকে প্রথম পর্যায়ে সংগঠনটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত তিন বন্ধুর ব্যবসায় পরিবর্তনের সিদ্ধান্তটি কী যৌক্তিক বলে তুমি মনে কর? সংগঠনের ধরন উল্লেখপূর্বক মতামত দাও। ৪

৬ ▸ 'মুন ইলেক্ট্রনিক্স' একটি টিভি নির্মাতা প্রতিষ্ঠান। সম্প্রতি তারা নতুন একটি টিভি সেট বাজারে এনেছে। যাতে এনড্রয়েট সিস্টেম যোগ করা হয়েছে। যার মাধ্যমে টিভি দেখা ও ইন্টারনেটের সকল কাজ করা যাবে। বর্তমানে উক্ত টিভি সেটটি তারা স্বল্প পরিসরে উৎপাদন শুরু করেছে। গ্রহণযোগ্যতার ভিত্তিতে পরবর্তীতে তারা বাণিজ্যিকভাবে উৎপাদন করবেন বলে আশা করছেন।

ক. ওয়ারেন্টি কী? ১

খ. মডিউলার ডিজাইন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটি পণ্যের কোন ধরনের ডিজাইন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের যে স্তরে রয়েছে তার কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

৭ ▸ জনাব 'A' একটি প্রতিষ্ঠিত কোম্পানির উৎপাদন ব্যবস্থাপক। তিনি একটি নতুন পণ্য ডিজাইনের কাজ করছেন। এরই অংশ হিসেবে সম্প্রতি তিনি ভোক্তা জরিপ ও গবেষণা, ভোক্তাদের রুচি ও আকাঙ্ক্ষা পর্যালোচনা করলেন। তিনি প্রত্যাশা করছেন নতুন ডিজাইনের পণ্যটি ক্রেতারা পছন্দ করবে। কিন্তু পণ্যটির উৎপাদন খরচ বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। তাই তিনি প্রতিযোগীদের কথা চিন্তা করে বেশি পরিমাণে পণ্য উৎপাদন না করে, স্বল্প পরিমাণে উৎপাদনের চিন্তা ভাবনা করছেন।

ক. অযাচিত পণ্য কী? ১

খ. কোন ডিজাইন উৎপাদন ব্যয় হ্রাস করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব 'A' পণ্য ডিজাইনের কোন পর্যায়ে অবস্থান করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব 'A' এর দ্বিতীয় পর্যায়ে গৃহীত সিদ্ধান্তটি পণ্য ডিজাইনের পর্যায় উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৮ ▸ 'সম্পৃতি টেইলার্স' বগুড়ার একটি স্বনামধন্য পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। এটি ক্রেতাদের পছন্দ ও অর্ডার অনুযায়ী পোশাক প্রস্তুত করে। এতে গ্রাহকরা খুবই সন্তুষ্ট হওয়ায় প্রতিষ্ঠানটি দ্রুত উন্নতি করছে। সম্প্রতি প্রতিষ্ঠানটি রাজশাহীতে একটি শাখা খোলার পরিকল্পনা করেছে।

ক. সেবা কী? ১

খ. উৎপাদন ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে 'সম্পৃতি টেইলার্স' দ্রব্য না সেবা কোনটি বিক্রয় করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সম্পৃতি টেইলার্স' এর উন্নতির কারণ উল্লেখপূর্বক তোমার মতামত ব্যক্ত কর। ৪

৯ ▸ জনাব X রাজশাহীর একজন দাঁতের চিকিৎসক। তিনি আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তি ব্যবহার করে চিকিৎসা সেবা প্রদান করেন। তিনি অনেক সময় ঢাকায় অবস্থানরত বিদেশি ডাক্তার দিয়ে চিকিৎসা সেবা প্রদান করেন। কিন্তু এর পরও কাঙ্ক্ষিত সেবা পাওয়ার ব্যাপারে রোগীদের মনে সংশয় থাকে। কর্তৃপক্ষ বিভিন্ন তথ্য উপস্থাপন করে সকলের আস্থা অর্জনের চেষ্টা করছে।

ক. ক্রেতা উপযোগীকরণ কী? ১

খ. উৎপাদন ব্যবস্থাপনা কী উৎপাদন নিয়ন্ত্রণ করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে চিকিৎসক উৎপাদন ব্যবস্থাপনার ক্রমবিবর্তনের কোন যুগে অবস্থান করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত চিকিৎসক, সেবার কোন বৈশিষ্ট্যের কারণে ক্রেতাদের আস্থা অর্জন করতে পারছে না বলে তুমি মনে কর? যুক্তিসহ মতামত দাও। ৪

১০ ▸ 'শাপলা ইলেক্ট্রনিক্স' একটি ফ্রিজ উৎপাদনকারী ও বিপণনকারী প্রতিষ্ঠান। তাদের উৎপাদিত সকল ফ্রিজ রাষ্ট্র কর্তৃক স্বীকৃত মান নির্ধারণকারী সংস্থার অনুমোদন থাকায় ক্রেতাদের আগ্রহ দিন দিন বাড়ছে। উপরন্ত দাম নাগালের মধ্যে থাকায় এবং ক্রয় পরবর্তী সেবা দেওয়ার প্রতিশ্রুতি দেওয়ায় ক্রেতারা খুশি হয়েই ফ্রিজ ক্রয় করেন। কিন্তু পরবর্তীতে কোম্পানিটির ফ্রিজে ত্রুটি ধরা পড়ায় এবং বিক্রয়ে প্রতিশ্রুতি রক্ষা করতে না পারায় বিক্রয় হ্রাস পায়। এতে প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয়।

ক. ISO এর পূর্ণরূপ কী? ১

খ. মান ব্যবস্থাপনা কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন সংস্থার অনুমোদন পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটির ক্ষতির কারণ উল্লেখপূর্বক তোমার মতামত ব্যক্ত কর। ৪

১১ ▸ 'শান্তা গার্মেন্টস' সাভারে অবস্থিত একটি রপ্তানিমুখী তৈরি পোশাক কারখানা। কিছুদিন আগে বিদেশি ক্রেতার কাছ থেকে একটি বড় অর্ডার পায়। অর্ডার অনুযায়ী পণ্য তৈরি করার পর ত্রুটি চিহ্নিত হওয়ায় অনেক পণ্য বাতিল করে নতুন পণ্য উৎপাদন করতে হয়। এতে প্রতিষ্ঠানটিকে বড় অঙ্কের লোকসান বহন করতে হয়।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. 'মান নিয়ন্ত্রণ পণ্যের আদর্শমান নিশ্চিত করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ত্রুটিযুক্ত পণ্যের অর্ডার বাতিল কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মানসম্মত পণ্য উৎপাদন করতে না পারা প্রতিষ্ঠানটির আর্থিক ক্ষতির কারণ"– তুমি কি এ বক্তব্যের সাথে একমত? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জনাব রাহুল চাঁদপুর থেকে ইলিশ মাছ সংগ্রহ করে ঢাকার যাত্রাবাড়ীতে অবস্থিত পাইকারি আড়তে সরবরাহ করেন। দীর্ঘদিন এ ব্যবসায়ে সম্পৃক্ত থাকার পর তিনি একটি অত্যাধুনিক হিমাগার স্থাপন করার প্রয়োজনীয়তা অনুভব করলেন। এ উদ্দেশ্যে স্থানীয় একটি ব্যাংক থেকে ঋণ নিয়ে চাঁদপুরে একটি হিমাগার স্থাপনের সিদ্ধান্ত নিলেন।

ক. উপযোগ কী? ১

খ. 'উৎপাদন জীবনযাত্রার মান বৃদ্ধিতে সহায়তা করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব রাহুল ঢাকার যাত্রাবাড়ীতে ইলিশ মাছ সরবরাহের ফলে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে হিমাগার স্থাপনের সিদ্ধান্তের যথার্থতা উপযোগের ধরন উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

২ ▸ 'দিগন্ত ইলেকট্রনিক্স' ২০২১ সালে ৮,০০,০০,০০০ টাকা মূল্যের পণ্য বিক্রয় করে। উক্ত প্রতিষ্ঠানটি কাঁচামাল বাবদ ২,৫০,০০,০০০ টাকা; শ্রম বাবদ ৭০,০০,০০০ টাকা; যন্ত্রপাতি বাবদ ১,০০,০০,০০০ টাকা এবং অন্যান্য খাতে ৫০,০০,০০০ টাকা ব্যয় করে। প্রতিষ্ঠান ২০২০ সালে মোট উৎপাদনশীলতা ছিল ২.৩।

ক. উৎপাদনশীলতা কী? ১

খ. সেবাগত উপযোগ কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'দিগন্ত ইলেকট্রনিক্স'-এর ২০২১ সালের শ্রমের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটির ২০২১ সালের মোট উৎপাদনশীলতার সাথে ২০২০ সালের মোট উৎপাদনশীলতার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩ ▸ সুমি, মিমি ও জেমি তিন বন্ধু নিজেদের মধ্যে চুক্তির ভিত্তিতে একটি বুটিক হাউজ স্থাপন করেন। কয়েক মাসের মধ্যেই তারা কাঙ্ক্ষিত মুনাফা অর্জনে সফলতা পান। ব্যবসায়কে আরও সম্প্রসারিত করার জন্য তারা ব্যাংক থেকে ঋণ নেওয়ার সিদ্ধান্ত নেন।

ক. উৎপাদনের উপকরণ কী? ১

খ. 'রাষ্ট্রীয় সংগঠন জনগণের কল্যাণের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বুটিক হাউজটি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবসায় সম্প্রসারণের জন্য তাদের ঋণ গ্রহণের সিদ্ধান্তের যৌক্তিকতা উৎপাদনের উপকরণের ধরন উল্লেখপূর্বক মূল্যায়ন কর। ৪

৪ ▸ কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার ৪৫ জন ব্যক্তি সমঅধিকারের ভিত্তিতে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। তারা তাদের উৎপাদিত পণ্য ন্যায্যমূল্যে বিক্রয় করে নিজেদের আর্থিক অবস্থার পরিবর্তন করেন। বর্তমানে প্রতিষ্ঠানটি তাদের সদস্যদের দক্ষতা অনুযায়ী কাজ বণ্টন করে দেয়। এতে প্রতিষ্ঠানটির সফলতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. শারীরিক শ্রম কী? ১

খ. 'ভূমি প্রকৃতির দান'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "শ্রম বিভাগের ফলেই প্রতিষ্ঠানটির সফলতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে"– তুমি কি এ ব্যাপারে একমত? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৫ ▸ 'গোমতী' ব্যাংকের সেবার মান অত্যন্ত উন্নত ও আধুনিক প্রযুক্তিসম্পন্ন। ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারিগণ গ্রাহকদের সাথে সহযোগিতাপূর্ণ আচরণ করে এবং গ্রাহকরা খুব দ্রুত লেনদেন সম্পন্ন করতে পারে। ফলে ব্যাংকটি গ্রাহকদের কাছে খুবই জনপ্রিয়। সম্প্রতি গ্রাহকসংখ্যা বেড়ে যাওয়ায় ব্যাংকটি গ্রাহকদের প্রত্যাশা অনুযায়ী সেবা দিতে পারছে না।

ক. সেবার অবিচ্ছেদ্যতা কী? ১

খ. 'সেবা অস্পর্শনীয়'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'গোমতী' ব্যাংক ব্যবসায়ের কোন খাতের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "গ্রাহকদের প্রত্যাশা অনুযায়ী সেবা দিতে না পারায় ব্যাংকটির সুনাম নষ্ট হচ্ছে"– সেবার বৈশিষ্ট্যের ধরন উল্লেখপূর্বক তোমার মতামত দাও। ৪

৬ ▸ 'কুইক এয়ারলাইন্স' নিয়মিতভাবে ঢাকা-চট্টগ্রাম রুটে ফ্লাইট পরিচালনা করে। গত কয়েক মাস যাবৎ তাদের মোট টিকিটের ১৫% টিকিট অবিক্রীত থাকে। এতে প্রতিষ্ঠানটি লোকসানের সম্মুখীন হয়। বর্তমানে প্রতিষ্ঠানটি যাত্রীদের চাহিদা ও সামর্থ্য বিবেচনা করে বিভিন্ন দামের টিকিটের ব্যবস্থা করেছে, যাতে সব ধরনের যাত্রীদের কাছে তাদের এয়ারলাইন্সের প্রতি আগ্রহ বৃদ্ধি পায়।

ক. পণ্য কী? ১

খ. 'উৎপাদন ব্যবস্থাপনা উৎপাদন ব্যয় হ্রাস করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটিতে সেবার কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. এয়ারলাইন্সটির প্রতি যাত্রীদের আগ্রহ বৃদ্ধি পাওয়ার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৭ ▸ জনাব অভ্রনীল নারায়ণগঞ্জের রূপগঞ্জে নিজস্ব কারখানায় জামদানি শাড়ি উৎপাদন করেন। উৎপাদিত শাড়ির গুণগতমান ও কার্যকারিতা অত্যন্ত উন্নত হওয়ায় শাড়ির চাহিদা ব্যাপক। এ বাড়তি চাহিদা ধরে রাখতে জনাব অভ্রনীল আকৃতি ও গঠন পরিবর্তন করে নতুন ও আকর্ষণীয় ডিজাইনের মাধ্যমে শাড়ির সৌন্দর্য বৃদ্ধির চেষ্টা করছেন।

ক. উদ্যোগ গ্রহণ কী? ১

খ. 'পণ্য ডিজাইন উৎপাদন ব্যয় হ্রাস করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব অভ্রনীল প্রথম পর্যায়ে কোন ধরনের ডিজাইন অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "নতুন ও আকর্ষণীয় ডিজাইনের মাধ্যমে শাড়ির সৌন্দর্য বৃদ্ধির চেষ্টা অত্যন্ত ফলপ্রসূ হবে"– উদ্দীপকের আলোকে পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

৮ ▸ 'অদিতি বেকারি' উন্নতমানের বিস্কুট ও পাউরুটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি আধুনিক ও উন্নত প্রযুক্তি ব্যবহার করে পণ্য উৎপাদন করে। ইদানীং প্রতিষ্ঠানটি তীব্র প্রতিযোগিতার সম্মুখীন হওয়ায় আকর্ষণীয় মোড়ক ব্যবহার করে পণ্য বাজারজাত করার চিন্তা করছেন।

ক. ধারণা উন্নয়ন কী? ১

খ. "পরীক্ষামূলক উৎপাদনে পণ্যের ভবিষ্যৎ সম্ভাবনা যাচাই করা হয়"– ব্যাখ্যা কর। ২

গ. 'অদিতি বেকারি' কোন ধরনের পণ্য ডিজাইন ব্যবহার করে পণ্য উৎপাদন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "আকর্ষণীয় মোড়কের ব্যবহার প্রতিযোগিতা মোকাবিলায় ভূমিকা রাখবে"– তুমি কি এ ব্যাপারে একমত? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

৯ ▸ 'বিলাস টেলিকম' দীর্ঘদিন ধরে মোবাইল ফোন বিপণন করে আসছে। প্রতিষ্ঠানটি পণ্যের ত্রুটি প্রতিহত করতে নিয়মিত কর্মীদের প্রশিক্ষণ প্রদান করে। পাশাপাশি নির্দিষ্ট সময় পর পর পরিদর্শনের ব্যবস্থা করে, যাতে পণ্যের মান অক্ষুন্ন থাকে।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. 'মান ব্যবস্থাপনা প্রতিযোগিতার সামর্থ্য বৃদ্ধি করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কর্মীদের প্রশিক্ষণ প্রদানে যে ব্যয় হয়, তা কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. " 'বিলাস টেলিকম' পণ্যের মান অক্ষুন্ন রাখতে যে ব্যবস্থা গ্রহণ করেছে তা খুবই বাস্তবসম্মত"– উদ্দীপকের আলোকে ব্যয়ের ধরন উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

১০ ▸ যুথিকা জুস কোম্পানি আনারস থেকে জুস উৎপাদন করে। প্রতিষ্ঠানটি দেশীয় মান নির্ধারণকারী সংস্থা থেকে মান সনদ গ্রহণ করায় জুসের চাহিদা বেড়েই চলেছে। বর্তমানে প্রতিষ্ঠানটি আরব দেশে জুস রপ্তানির চিন্তা করছে।

ক. মান নিশ্চিতকরণ কী? ১

খ. 'ISO-14000 একটি পরিবেশ বিষয়ক ব্যবস্থাপনা পদ্ধতি'– ব্যাখ্যা কর। ২

গ. যুথিকা জুস কোম্পানি কোন সংস্থা থেকে মান সনদ গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "আরব দেশে জুস রপ্তানির জন্য আন্তর্জাতিক মান নিয়ন্ত্রণকারী সংস্থা থেকে মান সনদ গ্রহণ করতে হবে"– তুমি কি একমত? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১ ▸ যমুনা ইলেকট্রনিক্স ওয়াশিং মেশিন বাজারজাতকারী প্রতিষ্ঠান। প্রথমদিকে এটি ভোক্তাদের মাঝে বেশ আগ্রহ সৃষ্টি করলেও বর্তমানে বিক্রয় আশানুরূপ নয়। পণ্যটির ত্রুটির কারণে কিছু ভোক্তা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত পদক্ষেপ নিয়েছে। বাধ্য হয়ে প্রতিষ্ঠানটি ক্রেতাসন্তুষ্টি, কর্মীদের সম্পৃক্ততা এবং গুণগত মানের ধারাবাহিক উন্নয়নের ওপর গুরুত্ব দিয়েছে।

ক. ওয়ারেন্টি কী? ১

খ. 'অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয় ত্রুটি সংশোধনের সাথে জড়িত'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনগত পদক্ষেপ নেওয়ায় কোন ধরনের ব্যয় বৃদ্ধি পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বর্তমান অবস্থা থেকে উত্তরণের জন্য যমুনা ইলেকট্রনিক্স যে বিষয়ের ওপর গুরুত্ব দিয়েছে, তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জনাব আতিক নাটোর অঞ্চলে একটি আধুনিক গুদামঘর স্থাপন করেন। উক্ত গুদামঘরে তিনি ঐ অঞ্চলের উৎপাদিত পেঁয়াজ, রসুন, হলুদ ও অন্যান্য মৌসুমি ফসল সংরক্ষণ করেন। এতে কৃষকরা তাদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য পাচ্ছে এবং ভোক্তারাও কাঙ্ক্ষিত মূল্যে পণ্য ক্রয় করতে পারছে। ফলে ঐসব পণ্যের বাজারমূল্য স্থিতিশীল রাখা সম্ভব হচ্ছে।

ক. মোট উৎপাদনশীলতা কী? ১

খ. 'উৎপাদন কর্মসংস্থান সৃষ্টি করে।'– ব্যাখ্যা কর। ২

গ. জনাব আতিক কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আতিকের কার্যক্রম দেশের অর্থনীতিতে কোন ধরনের ভূমিকা রাখছে? উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

২ ▸ আসলাম খান ২০২০ সালে 'মজুমদার লেদার' নামে নিজ এলাকায় চামড়াজাত পণ্য তৈরির কারখানা স্থাপন করেন। কারখানায় তার বিনিয়োগের পরিমাণ ছিল ৮০,০০,০০০ টাকা। তিনি গত ৩ বছরে আয় করেন যথাক্রমে ২০ লক্ষ, ১৫ লক্ষ ও ১৮ লক্ষ টাকা। কারখানাটিতে ১৫ জন বেকার লোকের কর্মসংস্থান হলেও তিনি এটি বন্ধ করার চিন্তা করছেন।

ক. সময়গত উপযোগ কী? ১

খ. 'উন্নত কার্যপরিবেশের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি পায়।'– ব্যাখ্যা কর। ২

গ. আসলাম খান কারখানা স্থাপনের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. কারখানা বন্ধ করার যৌক্তিকতা মূলধনের উৎপাদনশীলতার আলোকে মূল্যায়ন কর। ৪

৩ ▸ নিঝুম দ্বীপের বাসিন্দা হাতেম স্থানীয় মাছের ওপর নির্ভর করে শুঁটকি উৎপাদন শুরু করেন। সম্প্রতি স্থানীয় বাজারে শুঁটকির সরবরাহ বৃদ্ধি পাওয়ায় তিনি আগের মতো মুনাফা করতে পারছেন না। তিনি তার ব্যবসায় নিয়ে চিন্তিত। বিবিএ অধ্যয়নরত ছেলের পরামর্শে তিনি ব্যবসায়টি আরও সম্প্রসারণের সিদ্ধান্ত নেন।

ক. শ্রম গতিশীলতা কী? ১

খ. 'ভূমির যোগান মূল্য নেই।'– ব্যাখ্যা কর। ২

গ. জনাব হাতেম উৎপাদনের কোন উপকরণের ওপর ভিত্তি করে ব্যবসায় শুরু করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবসায়টি সম্প্রসারণে উৎপাদনের কোন উপকরণ কার্যকর রাখতে পারবে বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

৪ ▸ স্বল্পশিক্ষিত তমালিকা যুব উন্নয়ন হতে প্রশিক্ষণ গ্রহণ করে নিজ বাড়িতে মাশরুম চাষ শুরু করেন। উক্ত কাজে তিনি নিজ তহবিলের পাশাপাশি স্থানীয় কৃষি ব্যাংক হতে ঋণ গ্রহণ করেন। বর্তমানে তার প্রতিষ্ঠানে পাঁচজন দুস্থ মেয়ের কর্মসংস্থান হয়েছে। তার দক্ষ পরিচালনায় ব্যবসায়টি দিন দিন সম্প্রসারিত হচ্ছে।

ক. ব্যবসায় জোট কী? ১

খ. 'ভূমির উৎপাদন ব্যয় নেই।'– ব্যাখ্যা কর। ২

গ. তমালিকার কাজটি উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উভয়ে শ্রম দিলেও তমালিকা ও তার কর্মীদের কাজ এক নয়।"– শ্রমের ধরন উল্লেখপূর্বক মূল্যায়ন কর। ৪

৫ ▸ 'X' এবং 'Y' প্রতিষ্ঠানের ২০২২ সালের উৎপাদনসংশ্লিষ্ট তথ্যাবলি নিম্নরূপ :

উৎপাদনসংশ্লিষ্ট তথ্য	প্রতিষ্ঠান 'X'	প্রতিষ্ঠান 'Y'
উৎপাদিত পণ্যের মূল্য	৪৫,০০,০০০ টাকা	৫৫,০০,০০০ টাকা
কাঁচামালের মূল্য	১২,০০,০০০ টাকা	১১,০০,০০০ টাকা
বেতন ও মজুরি	৮,০০,০০০ টাকা	৯,০০,০০০ টাকা
বিবিধ মজুরি	২,৫০,০০০ টাকা	২,০০,০০০ টাকা

ক. বিশিষ্ট পণ্য কী? ১

খ. 'সেবার মালিকানা হস্তান্তর করা যায় না।'– ব্যাখ্যা কর। ২

গ. প্রতিষ্ঠান 'X' এর ২০২২ সালের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. প্রতিষ্ঠান দু'টির মধ্যে কোনটি দেশের অর্থনীতিতে বেশি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে? উৎপাদনশীলতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ মি. জন 'ম্যাক্স' ব্র্যান্ডের অত্যাধুনিক ঘড়ি প্রস্তুতকারক। তিনি ক্রেতাদের আয়, পছন্দ, রুচি প্রভৃতি বিবেচনা করে স্বল্পসংখ্যক ক্রেতার নিকট থেকে অর্ডার গ্রহণ করেন এবং সে মোতাবেক ঘড়ি তৈরি করেন। তার উৎপাদিত ঘড়ির মূল্য অনেক বেশি হলেও গ্রাহকরা পণ্য পেয়ে খুবই সন্তুষ্ট।

ক. ISO এর পূর্ণরূপ লেখ। ১

খ. 'সংগঠন একটি সমন্বিত প্রচেষ্টা।'– ব্যাখ্যা কর। ২

গ. মি. জন কোন ধরনের পণ্য উৎপাদন করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "কাস্টমাইজেশনের যথাযথ অনুসরণই মি. জনের সফলতার মূল কারণ।"– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▸ বিটা কোম্পানির উৎপাদিত বিউটি সোপ দেখতে তেমন আকর্ষণীয় না হওয়ায় বিক্রি আশানুরূপ হয়নি। এমতাবস্থায় প্রতিষ্ঠানটি অভিজ্ঞ উৎপাদন ব্যবস্থাপক মি. গালিবকে নিয়োগ দেয়। মি. গালিব ভোক্তা জরিপ, ক্রেতার রুচি ও সামর্থ্য এবং অন্যান্য বিষয় পর্যালোচনা করে পূর্বের মান ঠিক রেখে শুধু রং ও বাহ্যিক পরিবর্তনের মাধ্যমে পণ্যটিকে আকর্ষণীয়ভাবে বাজারে উপস্থাপন করেন। এতে ক্রেতারা পণ্যের প্রতি বেশ আকৃষ্ট হয় এবং পণ্য বিক্রি বেড়ে যায়।

ক. উৎপাদন সামর্থ্য কী? ১

খ. কোন ডিজাইনে পণ্যের মান উন্নত হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মি. গালিব ভোক্তা জরিপ, ক্রেতার রুচি ও সামর্থ্য বিবেচনা প্রভৃতির মাধ্যমে পণ্য ডিজাইনের কোন স্তরের কাজ করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিটা কোম্পানি যে ধরনের পণ্য ডিজাইন অনুসরণ করায় পণ্য বিক্রি বেড়েছে তার ধরন উল্লেখপূর্বক এর যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮ ▸ আরিয়ান লি. সুপারকিট নামে মশা মারার এরোসোল উৎপাদন করে। বর্তমানে প্রতিষ্ঠানটি এ পণ্যের ডিজাইন পরিবর্তনের মাধ্যমে আরও কার্যকারিতা বাড়িয়ে 'সুপারকিট গোল্ড' নামে বাজারে ছাড়ে। এতে বিক্রয় বৃদ্ধির পাশাপাশি সর্বোচ্চ মুনাফা অর্জিত হয়। অন্যদিকে গ্লোব লি. তার পণ্যের বহিরাবরণের পরিবর্তনের মাধ্যমে ক্রেতাদের আকৃষ্ট করার চেষ্টা করলেও তেমন সফলতা পায়নি।

ক. মডিউলার ডিজাইন কী? ১

খ. 'পণ্য জীবনযাত্রার মান উন্নয়ন করে।'– ব্যাখ্যা কর। ২

গ. গ্লোব লি. কোন ধরনের পণ্য ডিজাইন অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আরিয়ান লি. এর সফলতা লাভের পেছনে যে ধরনের ডিজাইন মুখ্য ভূমিকা পালন করেছে তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ মেঘনা টেকনোলজি 'চয়েস' নামে নতুন একটি ওয়াশিং মেশিন বাজারে ছাড়ে। প্রতিষ্ঠানটি তার উৎপাদিত পণ্যের ওপর ৫ বছরের ওয়ারেন্টি প্রদান করে। কাপড় ধোয়ার সময় মেশিনটি বিস্ফোরিত হলে একজন ক্রেতা আহত হন এবং ক্ষতিপূরণের জন্য মামলা করেন। এতে প্রতিষ্ঠানটি ক্ষতিপূরণ প্রদানে বাধ্য হয়। এমতাবস্থায় কর্তৃপক্ষ মান ব্যবস্থাপনায় এমন একটি দর্শন অনুসরণ করার সিদ্ধান্ত নেন যাতে পণ্যের মান উত্তরোত্তর বৃদ্ধির পাশাপাশি এ ধরনের দুর্ঘটনা না ঘটে।

ক. মূল্যায়ন ব্যয় কী? ১

খ. 'উৎপাদন ক্ষতি কোনো অবস্থায়ই উদ্ধারযোগ্য নয়।'– ব্যাখ্যা কর। ২

গ. 'মেঘনা টেকনোলজি' কর্তৃক ক্ষতিপূরণ প্রদান কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের 'মেঘনা টেকনোলজি' সার্বিক মান ব্যবস্থাপনার কোন দর্শন অনুসরণ করে ভবিষ্যতে ক্ষতিপূরণ প্রদান তথা মামলা ব্যয় থেকে রেহাই পেতে পারে বলে তুমি মনে কর? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

১০ ▸ 'মাইক্রো ইলেকট্রনিক্স' ওভেন, রাইস কুকার ও ইনডাকসান চুলা উৎপাদন করে। প্রতিষ্ঠানটি পণ্যের মান উন্নয়নের জন্য উৎপাদন প্রক্রিয়ার পুনঃবিন্যাস, পুনঃনকশাকরণ এবং কর্মীদের প্রশিক্ষণের জন্য প্রচুর অর্থ ব্যয় করে থাকে। সম্প্রতি প্রতিষ্ঠানটি আফ্রিকার বিভিন্ন দেশে পণ্য রপ্তানির পরিকল্পনা গ্রহণ করে এবং সে লক্ষ্যে একটি আন্তর্জাতিক সংস্থা থেকে সনদ গ্রহণ করে। এতে ব্যবসায় সম্প্রসারণের পাশাপাশি রপ্তানির পরিমাণ বৃদ্ধি পায়।

ক. উৎপাদন ক্ষতি কী? ১

খ. 'মান নিয়ন্ত্রণের মাধ্যমে অপচয় হ্রাস পায়'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি পণ্যের মান উন্নয়নের জন্য যে সকল ব্যয় করেছে তা কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. মাইক্রো ইলেকট্রনিক্সের রপ্তানি বৃদ্ধিতে কোন সনদটি ভূমিকা পালন করেছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▸ গোমতি লি. এর কার্য ব্যবস্থাপক জনাব মামুন পণ্যের মান পরিমাপের জন্য পরিদর্শন, বিভিন্ন পরীক্ষা ও পরিসংখ্যানিক পদ্ধতি ব্যবহার করেন। উক্ত পদ্ধতি ব্যবহার করার পরও পণ্যের মান নিম্ন হওয়া তিনি একটি নতুন নিয়ন্ত্রণ কৌশল গ্রহণ করেন। তিনি প্রতিষ্ঠানের কোন কাজ কখন শুরু হবে এবং কখন শেষ হবে তা নির্দিষ্টপূর্বক গুরুত্বপূর্ণ যে কাজগুলো বিরামহীনভাবে সম্পাদিত হবে তা মোটা রেখা দ্বারা সংযুক্ত করেন এবং ঐ কার্য সম্পাদনে অধিক সতর্কতা অবলম্বন করেন। এতে পণ্যের মান নিশ্চিত হয় এবং বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পায়।

ক. দ্রব্য কী? ১

খ. 'ভোক্তার ক্রয়ক্ষমতা পণ্যের ডিজাইনকে প্রভাবিত করে'– ব্যাখ্যা কর। ২

গ. গোমতি লি. কর্তৃক পণ্যের মান যাচাইয়ের জন্য যে ব্যয় হয় তা কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব মামুন মানসম্মত পণ্য উৎপাদনের জন্য যে নিয়ন্ত্রণ কৌশলটি গ্রহণ করেছেন তা উল্লেখপূর্বক এর যথার্থতা মূল্যায়ন কর। ৪

ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব করিম মৌসুমে শরিয়তপুর থেকে পিঁয়াজ সংগ্রহ করে দেশের বিভিন্ন অঞ্চলে সরবরাহ করেন। সরকারি ও বেসরকারিভাবে বিভিন্ন দেশ থেকে প্রচুর পরিমাণে পিঁয়াজ আমদানি করায় পিঁয়াজের দাম কমে যায়। তাই আর্থিক ক্ষতির হাত থেকে রক্ষা পেতে তিনি দ্রুত পিঁয়াজ বিক্রি করেন। ভবিষ্যতে এরূপ পরিস্থিতি মোকাবিলায় তিনি বিকল্প ব্যবস্থা নেওয়ার কথা ভাবছেন।

ক. উৎপাদন কী? ১

খ. "উৎপাদন কর্মসংস্থান সৃষ্টি করে"– ব্যাখ্যা কর। ২

গ. শরিয়তপুর থেকে পিঁয়াজ সংগ্রহের মাধ্যমে তিনি ব্যবসায়ের কোন কাজটি করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. কী ধরনের ব্যবস্থা নিলে তিনি ব্যবসায়ের ঝুঁকি কমাতে পারবেন বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

২ ▸ শাপলা কোম্পানি বিভিন্ন সাইজের প্যান্ট তৈরি করে। পণ্যের গুণগতমান ভালো হওয়ায় রাশিয়ার বাজার থেকে ৩ লক্ষ পিস প্যান্টের ফরমায়েশ পায়। প্রয়োজনীয় সব উপকরণ থাকা সত্ত্বেও শ্রমিক ধর্মঘটের কারণে নির্ধারিত সময়ের একমাস পরে পণ্য সরবরাহ করলে আমদানিকারক ফরমায়েশ বাতিল করে দেয়। ফলে প্রতিষ্ঠানটি ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়।

ক. সংগঠন কী? ১

খ. "উৎপাদনশীলতার উপর মুনাফা নির্ভর করে"– ব্যাখ্যা কর। ২

গ. "পণ্যের গুণগতমানই ব্যবসায়ের একমাত্র সফলতার কারণ নয়"– ব্যাখ্যা কর। ৩

ঘ. "উৎপাদনশীলতা সুবিধা না পাওয়াই প্রতিষ্ঠানটির ক্ষতির মূল কারণ" তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▸ ফরিদপুরের আবহাওয়া ও জলবায়ু পাট চাষের জন্য উপযুক্ত হওয়ায় মি. তানভীর ফরিদপুরে একটি পাটের বস্তা তৈরির কারখানা স্থাপন করলেন। তিনি উক্ত ব্যবসায়ে পর্যাপ্ত পরিমাণে মূলধন সরবরাহের উদ্দেশ্যে তার বন্ধু আহসানকে সমহারে মুনাফা বণ্টনের চুক্তিতে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নেন।

ক. মূলধন কী? ১

খ. "শ্রম ও শ্রমিক অবিচ্ছিন্ন"– ব্যাখ্যা কর। ২

গ. মি. তানভীর ফরিদপুরে কারখানা স্থাপনের পিছনে উৎপাদনের কোন উপকরণটির ভূমিকা আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মূলধন সরবরাহের উদ্দেশ্যে মি. তানভীর তার ব্যবসায়ে মি. আহসানকে অন্তর্ভুক্ত করার যৌক্তিকতা সংগঠনের ধরন উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৪ ▸ মি. সেলিম রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে পাস করা একজন উচ্চ শিক্ষিত যুবক। তিনি সবসময় নিজ গ্রামের স্বল্পশিক্ষিত বেকার যুবকদের কথা ভেবেছেন। এ ভাবনার আলোকেই স্বল্পশিক্ষিত যুবকদের নিয়ে নিজ গ্রামে ক্ষুদ্র ও কুটির শিল্প গড়ে তুলেছেন। এ শিল্পে গ্রামের যুবকরা কাজ করে যে বেতন পান তা দিয়ে একদিকে এনেছেন তাদের পারিবারিক সচ্ছলতা, অন্যদিকে মি. সেলিমও পেয়েছেন আর্থিক ও সামাজিক প্রতিষ্ঠা।

ক. শ্রম কী? ১

খ. সব অর্থই কি মূলধন? ব্যাখ্যা কর। ২

গ. মি. সেলিম উৎপাদনের কোন উপাদানকে গুরুত্ব দিয়ে গ্রামে ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মি. সেলিম একজন সার্থক সংগঠক" উৎপাদনের অন্যতম উপকরণ সংগঠনের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫ ▸ মুন্সীগঞ্জের ১০০ জন আলু চাষি একত্র হয়ে সম-অধিকারের ভিত্তিতে একটি প্রতিষ্ঠান গঠন করেন। তাদের প্রধান উদ্দেশ্য হলো মধ্যস্থ ব্যবসায়ীদের থেকে নিজেদের রক্ষা করে পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিত করা। সৎ, উদ্যমী ও যোগ্য নেতৃত্বের কারণে এ উদ্দেশ্য সফল হওয়ায় স্বল্প সময়ের মধ্যেই এর সদস্যরা আর্থিকভাবে লাভবান হন এবং পাশাপাশি সামাজিকভাবেও প্রতিষ্ঠা লাভ করেন।

ক. শ্রমের দক্ষতা কী? ১

খ. "ভূমির উৎপাদন ব্যয় নেই"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. দারিদ্র্য বিমোচনে উদ্দীপকে উল্লিখিত সংগঠনটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৬ ▸ মি. সফিক একজন স্বনামধন্য আইনজীবী। দীর্ঘদিন যাবৎ তিনি সুনামের সাথে সকল শ্রেণি-পেশার মানুষকে আইনি সহায়তা প্রদান করে আসছে। তার আইন পেশার মূলনীতি হলো গ্রাহকদের আত্মসন্তুষ্টি ও তাদের সর্বোচ্চ সহায়তা প্রদান।

ক. দ্রব্য কী? ১

খ. "সেবার মালিকানা হস্তান্তর করা যায় না"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মি. সফিক কী উৎপাদন করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "কাঙ্ক্ষিত সেবা বা পণ্যই গ্রাহক সন্তুষ্টির অন্যতম কারণ" তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸ কুয়াকাটায় রংধনু হোটেলে অতিথিদের থাকার জন্য ১০০টি সুসজ্জিত কক্ষ আছে। সাম্প্রতিক সময়ে সি-বিচের আশপাশে হোটেলের সংখ্যা বেড়ে যাওয়ায় গড়ে প্রতিদিন ৫০ টির মতো কক্ষই অতিথিশূন্য থাকায় হোটেল কর্তৃপক্ষ অতিথিদের খাবারের মেন্যু ও হোটেলে বেশকিছু আধুনিক সুযোগসুবিধা বৃদ্ধি করেন। ফলে হোটেলে পূর্বের তুলনায় অতিথিদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

ক. উৎপাদন ব্যবস্থাপক কে? ১

খ. বর্তমান উৎপাদন ব্যবস্থাপনা কেন ক্রেতাকেন্দ্রিক হচ্ছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত হোটেল কর্তৃপক্ষের চিন্তিত হয়ে পড়ার কারণের সাথে সেবার কোন বৈশিষ্ট্যের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. হোটেল 'রংধনু' এর সাফল্যের মূল কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ 'স্টার' নামের একটি কোম্পানি 'সূর্যমুখী' নামে একটি সাবান বিপণন করে আসছে। এরই মধ্যে বাজারে তারা বেশ সুনামও অর্জন করেছে। সম্প্রতি স্টার কোম্পানি নতুন ধরনের একটি সাবান স্বল্প পরিসরে বাজারজাত করছে। এটি সাবানের সাধারণ কার্যকারিতা ছাড়াও মাথার চুল পরিষ্কার ও উকুননাশক হিসাবে ব্যবহার করা যাবে। যদি ভোক্তাদের মাঝে এই ধরনের সাবানের গ্রহণযোগ্যতা পায় তাহলে চূড়ান্তভাবে বাণিজ্যিক ভিত্তিতে তা উৎপাদন করবে বলে প্রতিষ্ঠানটি আশা করছে।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. "সংস্কৃতি দ্বারা পণ্য ডিজাইন প্রভাবিত হয়"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি পণ্যের কোন ধরনের ডিজাইন করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের যে স্তরে রয়েছে তার কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

৯ ▸ মিসেস পারভীন একটি গার্মেন্টস দোকানের মালিক। তিনি ক্রেতাদের চাহিদা ও সময়ের সাথে তাল মিলিয়ে আকর্ষণীয় ডিজাইনের পোশাক তৈরি ও বিক্রি করে থাকেন। এতে করে তার প্রতিষ্ঠানে ক্রেতার সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তাই ক্রেতার বাড়তি চাহিদা পূরণের জন্য তিনি অত্যাধুনিক স্বয়ংক্রিয় মেশিন কেনার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. ক্রিয়াগত বা ব্যবহারিক ডিজাইন কী? ১

খ. "প্যাকেজিং ডিজাইন পণ্যকে আকর্ষণীয় করে তোলে"– ব্যাখ্যা কর। ২

গ. মিসেস পারভীন প্রথমে কোন ধরনের ডিজাইনের উপর গুরুত্ব দিয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্য ডিজাইন ধরন উল্লেখপূর্বক মিসেস পারভীনের সিদ্ধান্তটি কতটুকু সার্থক বলে তুমি মনে কর? মূল্যায়ন কর। ৪

১০ ▸ মি. জহির বাড়িতে ব্যবহারের জন্য একটি খ্যাতনামা ইলেকট্রনিক্স শো-রুম থেকে এয়ার কন্ডিশনার মেশিন ক্রয় করেন। মেশিনটির গায়ে ISO-14000 লেখা আছে। প্রথমে সে লেখাটির মর্মার্থ বুঝতে পারেনি। পরবর্তীতে সে জেনেছে এটি আন্তর্জাতিক মানসম্পন্ন। তাই সে অনেক খুশি।

ক. মূল্যায়ন ব্যয় কী? ১

খ. "মান নিয়ন্ত্রণ পণ্যের আদর্শমান নিশ্চিত করে"– ব্যাখ্যা কর। ২

গ. মি. জহির কোন ধরনের পণ্য কিনেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত এয়ার কন্ডিশনার ISO-14000 লেখার মর্মার্থ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

১১ ▸ বিথী গার্মেন্টস হলো চট্টগ্রামে প্রতিষ্ঠিত একটি রপ্তানিমুখী তৈরি পোশাক কারখানা। কিছুদিন আগে বিদেশি ক্রেতার কাছ থেকে একটি বড় অর্ডার পায়। অর্ডার অনুযায়ী পণ্য তৈরি করার পর ত্রুটি চিহ্নিত হওয়ায় অনেক পণ্য বাতিল করে নতুন পণ্য উৎপাদন করতে হয়। এতে প্রতিষ্ঠানটিকে বড় অঙ্কের লোকসান বহন করতে হয়।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. সার্বিক মান ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিথী গার্মেন্টস এর ত্রুটিযুক্ত পণ্য বাতিল করার বিষয়টি কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর মানসম্মত পণ্য উৎপাদন না করা প্রতিষ্ঠানের জন্য আর্থিক ক্ষতির কারণ? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট | পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব মুজাহিদ রাজশাহীর বিভিন্ন অঞ্চল থেকে আম সংগ্রহ করে স্থানীয় বাজারের বিভিন্ন পাইকারদের নিকট সরবরাহ করেন। চলতি মৌসুমে আমের ব্যাপক ফলন হয় এবং আমের দাম কমে যায়। এমতাবস্থায় তিনি অধিক মুনাফা লাভের আশায় কম দামে প্রচুর পরিমাণ আম ক্রয় করেন। কিন্তু নির্দিষ্ট সময়ের মধ্যে সেগুলো বিক্রয় করতে ব্যর্থ হন। ফলে প্রচুর আম নষ্ট হয়ে যায় এবং তিনি যথেষ্ট ক্ষতির সম্মুখীন হন। তাই তিনি রাজশাহীর মতিহার থানা এলাকায় একটি আম জুস ফ্যাক্টরি স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন এবং ভাবছেন আমের জুস, জেলী এবং আচার তৈরি করে বিক্রয় করতে পারলে বেশ লাভবান হবেন।

ক. উৎপাদন কী? ১
খ. উদাহরণসহ সেবাগত উপযোগের ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. জনাব মুজাহিদ কোন ধরনের উপযোগ সৃষ্টি করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব মুজাহিদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২ ▸ সুরমা কোম্পানি লিমিটেড ২০২০ সালের ৩য় কোয়ার্টারে ১০,০০০ পিস শার্ট তৈরি করেছে? যার বিক্রয়মূল্য এককপ্রতি ১,০০০ টাকা। উক্ত উৎপাদনে ৫০ লক্ষ টাকার কাঁচামাল ব্যবহৃত হয়। এতে তাদের মোট যন্ত্রসময় ব্যয় হয়েছে ৫০০ ঘণ্টা যার মূল্য ঘণ্টা প্রতি ৬০ টাকা এবং শ্রমঘণ্টা ব্যয় হয়েছে ৪০০ ঘণ্টা যার মূল্য ৪০,০০০ টাকা। এছাড়া অন্যান্য খাতে আরও এক লক্ষ টাকা ব্যয় হয়। প্রতিষ্ঠানটির ১ম ও ২য় কোয়ার্টারে শ্রম উৎপাদনশীলতার পরিমাণ ছিল যথাক্রমে ২৭ এবং ২৬ একক।

ক. উপযোগ কী? ১
খ. সময়গত উপযোগ কীভাবে সৃষ্টি হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানির মোট উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩
ঘ. প্রতিষ্ঠানটির ৩য় কোয়ার্টারে শ্রমের দক্ষতার মূল্যায়ন কর। ৪

৩ ▸ মি. পাপন দিনাজপুর জেলায় ২৫ বিঘা জমিতে গোলাপ ফুলের চাষ করেন এবং ঢাকার শাহবাগে ফুলের দোকানে বিক্রয় করেন। সম্প্রতি তিনি যানবাহন ও গুদামের জন্য ব্যাংক ঋণের আবেদন করেছেন। নিজস্ব পরিবহন ব্যবস্থা না থাকায় ফেব্রুয়ারি মাসে যথাসময়ে উত্তোলিত ফুল ঢাকায় সরবরাহ করা সম্ভব হয়নি। ফলে পাঁচ লক্ষ টাকার ফুল নষ্ট হয়ে যায়। সার্বিক বিষয় নিয়ে মি. পাপন চিন্তিত।

ক. সংগঠন কী? ১
খ. 'শ্রম পচনশীল'– ব্যাখ্যা কর। ২
গ. মি. পাপন উৎপাদনের কোন উপকরণ ব্যবহার করে ফুল উৎপাদন করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. পাপনের সমস্যা সমাধানে তোমার সুপারিশ তুলে ধর। ৪

৪ ▸ জনাব হাকিম জামালপুরের নান্দিনা নামক স্থানে নিজস্ব ৫ বিঘা জমিতে ড্রাগন চাষ করেন এবং এজন্য তিনি নিজেই বীজ সংগ্রহ থেকে শুরু করে যাবতীয় কার্যাবলি সম্পাদন করেন। উৎপাদনসংক্রান্ত কার্যাবলি সম্পাদনের জন্য ৫ জন শ্রমিক নিয়োগ দেন। তিনি উৎপাদিত ফল নিজস্ব প্রতিষ্ঠানের মাধ্যমে স্থানীয় বাজারসহ পার্শ্ববর্তী অঞ্চলের বাজারে বিক্রয় করেন। সম্প্রতি দেশের বিভিন্ন জেলায় তার উৎপাদিত ড্রাগনের চাহিদা সৃষ্টি হয়েছে। কিন্তু বর্ধিত চাহিদা মেটানোর জন্য প্রয়োজনীয় ভূমি ও অর্থ তার নেই। তাই তিনি তার বন্ধু হাসান ও কামালকে চুক্তিভিত্তিক সম্পর্কের ভিত্তিতে ব্যবসায়ে যুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেন। এক্ষেত্রে হাসান তার ৫ বিঘা জমি এবং কামাল ৫ লক্ষ টাকা উক্ত ব্যবসায়ে নিয়োগ করবেন বলে একমত হন।

ক. ব্যবসায় জোট কী? ১
খ. "মূলধন সঞ্চয়ের ফল"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব হাকিমের প্রতিষ্ঠানটি কোন ধরনের ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব হাকিম কর্তৃক গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা নিরূপণ কর। ৪

৫ ▸ **দৃশ্যকল্প-১ :** নিচের চিত্রটি লক্ষ কর :



দৃশ্যকল্প-২ : জনাব আজিম বনানীতে 'খাবার বাড়ি' নামে একটি হোটেল প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠানটিতে মানসম্মত খাবার সরবরাহ করা হয়। এছাড়া হোটেলটিতে বিশেষ শ্রেণির ভোক্তার জন্য বিশেষ বিশেষ সুবিধা প্রদান করা হয় এবং তাদের রুচি ও পছন্দ অনুযায়ী খাবার সরবরাহ করা হয়। প্রতিষ্ঠানটিতে দেশি ও বিদেশি কাস্টমারের উপস্থিতি বেড়ে যায়। ফলে প্রতিষ্ঠানটি দ্রুত সময়ের মধ্যে অধিকতর মুনাফা অর্জনে সক্ষম হয়।

ক. দ্রব্য কী? ১
খ. সরকারি খাত বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১ এ উল্লিখিত চিত্রে [?] চিহ্নিত স্থানে সেবার কোন বৈশিষ্ট্যের প্রতি ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ বর্ণিত প্রতিষ্ঠানটির সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

৬ ▸ **দৃশ্যকল্প-১ :** নিচের চিত্রটি লক্ষ কর :



দৃশ্যকল্প-২ : জনাব ইহ্সান বর্তমানে উৎপাদন ব্যবস্থাপনায় প্রযুক্তি ও ইন্টারনেট ব্যবহার করে অধিকতর কার্যকর ও মানসম্মত পণ্য উৎপাদনের সিদ্ধান্ত নেয়।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১
খ. শ্রমবিভাগ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১ এ উল্লিখিত চিত্রে [?] চিহ্নিত স্থানে উৎপাদন ব্যবস্থাপনার কোন ঐতিহাসিক পটভূমির প্রতি ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ জনাব ইহ্সানের পণ্য উৎপাদনের সিদ্ধান্তটি কোন যুগের সাথে সামঞ্জস্যপূর্ণ বলে তুমি মনে কর? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸ মিসেস মীম একটি ফ্যাশন হাউজ পরিচালনা করেন। তিনি প্রায়ই ভোক্তাদের রুচি ও পছন্দের সাথে তাল মিলিয়ে পোশাক তৈরি করেন। ফলে তার পোশাকের চাহিদা ব্যাপক হারে বৃদ্ধি পায়। সম্প্রতি জনাব হাকিম একই ধরনের একটি প্রতিষ্ঠান স্থাপন করেন যেখানে উৎপাদন প্রক্রিয়ায় নতুন নতুন প্রযুক্তি ব্যবহৃত হয়। এই প্রতিষ্ঠানের পণ্যের মান তুলনামূলকভাবে ভালো হওয়ায় ভোক্তারা এই প্রতিষ্ঠানের পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ হয়। তাই প্রতিযোগিতায় টিকে থাকার জন্য জনাব মীম অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে উৎপাদন প্রক্রিয়া পরিবর্তন করার কথা ভাবছেন।

ক. ব্যবহারিক ডিজাইন কী? ১
খ. বিশেষ দিবস উপলক্ষে পণ্য ডিজাইন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মিসেস মীম কোন ধরনের পণ্য ডিজাইন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "মিসেস মীম কর্তৃক গৃহীত সিদ্ধান্তটি যুক্তিসঙ্গত"– তুমি কি উক্তিটির সাথে একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৮ ▸ জনাব সুমন প্রসাধনী সামগ্রী উৎপাদন করেন। তিনি পণ্য সামগ্রীকে নজরকাড়া আবরণে আবদ্ধ করেন। এতে তিনি ব্যবসায়ে সফলতা অর্জন করেন। কিন্তু কয়েক বছর পর লক্ষ করলেন বিক্রির পরিমাণ কমে যাচ্ছে। সময়ের পরিবর্তনের সাথে সাথে ভোক্তাদের রুচি ও পছন্দ অনুযায়ী ডিজাইন পরিবর্তনের মাধ্যমে বিক্রয় বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছেন।

ক. বিক্রয়োত্তর সেবা কী? ১
খ. মডিউলার ডিজাইন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব সুমন কোন ধরনের পণ্য ডিজাইন করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. পণ্য ডিজাইনের পর্যায়ের আলোকে পণ্য বিক্রয় বৃদ্ধির সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৯ ▸ সাদ কিং একটি বৃহৎ এনার্জি বাল্ব প্রস্তুতকারক প্রতিষ্ঠান। গত তিন মাসে প্রতিষ্ঠানটির সরবরাহকৃত ৬০% বাল্ব নষ্ট হওয়াতে ফেরত আসে। ফলে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপক উৎপাদন বিভাগকে পুনরায় বাল্বগুলোর ত্রুটি দূর করে উৎপাদনের নির্দেশ দেন এবং প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয়। পরবর্তীতে কোম্পানিটি ক্রেতাদের সাথে বাল্বটি মেরামতের চুক্তিতে আবদ্ধ হন। এতে ব্যয় বৃদ্ধি পেলেও মুনাফা অর্জনে সক্ষম হয়।

ক. মান ব্যবস্থাপনা কী? ১
খ. মূল্যায়ন ব্যয় বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি প্রথম দিকে কোন ধরনের নিম্নমানজনিত ব্যয় নির্বাহ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত 'সাদ কিং' এর সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব রাহাত একটি সাইকেল তৈরির কারখানার মান ব্যবস্থাপক। মান ব্যবস্থাপনায় তিনি সবসময় ভোক্তার সন্তুষ্টির জন্য পরিদর্শন, পরীক্ষণসংক্রান্ত খরচ ইত্যাদির উপর বেশি জোর দেন। এছাড়া তিনি পণ্য উৎপাদনের ক্ষেত্রে পূর্ব-নির্ধারিত মান অনুযায়ী পণ্য উৎপাদিত হচ্ছে কি-না তা নিশ্চিত করেন এবং কোনো বিচ্যুতি হলে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করেন। ফলে প্রতিষ্ঠানটি প্রত্যাশিত মুনাফা অর্জনে সক্ষম হয়।

ক. মামলা পরিচালনা ব্যয় কী? ১
খ. বেঞ্চ মার্কিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রাহাত যে খরচের উপর বেশি জোর দেন সেগুলো কোন ধরনের ব্যয়ের মধ্যে পড়ে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব রাহাত ব্যবসায়ের সফলতা অর্জনে মান ব্যবস্থাপনার প্রেক্ষাপট মূল্যায়ন কর। ৪

১১ ▸ জনাব আজিম খুলনা থেকে মধু সংগ্রহ করে প্রক্রিয়াজাত ও বিক্রয় করেন। শুরুতে দেশের মধ্যে মধু বিপণনের জন্য দেশীয় একটি প্রতিষ্ঠান থেকে মান সনদ গ্রহণ করেন। দেশের চাহিদা মিটানোর পাশাপাশি বিদেশে রপ্তানি করার সিদ্ধান্ত গ্রহণ করেন। বিদেশি ভোক্তাদের মধুর গ্রহণযোগ্যতার জন্য তিনি আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি প্রতিষ্ঠান থেকে মান সনদ গ্রহণ করার চিন্তা করছেন।

ক. প্রশিক্ষণ ব্যয় কী? ১
খ. "সার্বিক মান ব্যবস্থাপনা দক্ষ কর্মী নিয়োগ নিশ্চিত করে।"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব আজিম প্রাথমিক পর্যায়ে কোন প্রতিষ্ঠান থেকে মান সনদ গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আজিম কর্তৃক গৃহীত সিদ্ধান্তের যথার্থতা মূল্যায়ন কর। ৪

যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ 'মাসুম এন্ড কোং' এর ২০২০ অর্থবছরে উৎপাদিত পণ্যের মূল্য ছিল ১০,০০,০০০ টাকা। এ সময়ে তাদের ব্যবহার্য উপকরণের মূল্য ছিল কাঁচামাল ৪,০০,০০০ টাকা, বেতন ও মজুরি ২,০০,০০০ টাকা ও অন্যান্য উপকরণ বাবদ ১,০০,০০০ টাকা। ২০১৯ সালে তাদের মোট উৎপাদনশীলতা ছিল ১.২০।

ক. উপযোগ কী? ১

খ. "উৎপাদন কর্মসংস্থান সৃষ্টি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে 'মাসুম এন্ড কোং' এর মোট উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. 'মাসুম এন্ড কোং' এর ২০২০ সালের আর্থিক অবস্থা মূল্যায়ন কর। ৪

২ ▸ মি. সবুজ বরিশালের বানারিপাড়ায় একটি ফার্নিচার কারখানা স্থাপন করেন। তিনি দেশে ও বিদেশে রপ্তানিযোগ্য মানসম্মত ফার্নিচার উৎপাদন করে থাকেন। মি. সবুজ তার কারখানায় উচ্চ বেতনের বেশকিছু দক্ষ কর্মী নিয়োগদান করেন। ফলে ব্যবসায়ে তিনি সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখতে সক্ষম হন।

ক. উৎপাদন কী? ১

খ. "ভূমি আদিম ও অক্ষয়"– ব্যাখ্যা কর। ২

গ. মি. সবুজের ব্যবসায়ে উৎপাদনের কোন উপকরণটির ভূমিকা অধিক গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "দক্ষ জনশক্তি ব্যবসায়ের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।"– তুমি কি একমত? তোমার উত্তরে সপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▸ মি. সুশান্ত ও মি. প্রশান্ত দুই ভাই বিবিএ শেষ করে চুক্তির আওতায় আজিজ সুপার মার্কেটে একটি টি-শার্টের ব্যবসায় স্থাপন করেছেন। কেরানিগঞ্জে তাদের নিজস্ব কারখানার মাধ্যমে তৈরিকৃত টি-শার্ট আজিজ মার্কেটে বিক্রয় করেন। গতমাসে তারা আরও ৫ লক্ষ টাকা বিনিয়োগ করে কারখানার যন্ত্রপাতি পুনঃস্থাপন করলেন। বর্তমানে তাদের কারখানার উৎপাদন পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

ক. ভূমি কী? ১

খ. "শ্রম একটি জীবন্ত উপাদান"– ব্যাখ্যা কর। ২

গ. সংগঠন বিচারে সুশান্ত ও প্রশান্তর ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের দুই ভাইয়ের কারখানার উৎপাদন বৃদ্ধির কারণ উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৪ ▸ আমজাদ সাহেব একটি গ্রুপ অব কোম্পানির মালিক। তার সুগার মিলে কর্মরত কিছু শ্রমিককে জুট মিলে নিয়োগ দেওয়া হয়। কারণ উক্ত শ্রমিকরা নতুন বিধায় দক্ষতা ছিল না বললেই চলে। জুট মিলে গিয়েও তারা কাঙ্ক্ষিত ফলাফল দেখাতে পারল না। আমজাদ সাহেব তার একজন বন্ধুর সাথে বিষয়টি আলোচনা করলে বন্ধুটি এভাবে প্রতিষ্ঠান পরিবর্তন না করে শ্রমিকদের দক্ষতা বাড়ানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন।

ক. সংগঠন কী? ১

খ. সকল অর্থই কী মূলধন? ব্যাখ্যা কর। ২

গ. আমজাদ সাহেবের কোম্পানিতে কোন ধরনের শ্রম গতিশীলতা সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. দক্ষতা বৃদ্ধির জন্য আমজাদ সাহেবের কৌশলটি কি সঠিক? মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৫ ▸ রাসেল মিঞা একজন শিক্ষিত যুবক। তিনি নিজ এলাকায় একটি দুগ্ধ খামার প্রতিষ্ঠা করেন। তার খামারের ৪০টি গরু দেখাশুনা করার জন্য ২০ জন বেকার যুবক নিয়োগ দেন। তার খামারের দুধের চাহিদা বৃদ্ধি পাওয়ায় ব্যাংক থেকে ২০ লক্ষ টাকা ঋণ নিয়ে আরও ২০টি গরু ক্রয় করেন ও ১০ জন বেকার যুবককে নিয়োগ দেন।

ক. সমবায় সমিতি কী? ১

খ. "ভূমি আদি ও মৌলিক উপাদান"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রাসেলের কাজটি উৎপাদনের কোন উপকরণকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সংগঠনটি কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে– সংগঠনের ধরন উল্লেখপূর্বক তোমার মতামত তুলে ধর। ৪

৬ ▸ মি. জুয়েল 'মোল্লা বেকারী' এর একজন উৎপাদন ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ঘোষণা দেন যে, যে সকল কর্মী সর্বোচ্চ পরিমাণ কেক ও বিস্কুট উৎপাদন করতে পারবে, তাদেরকে প্রতিমাসে অতিরিক্ত ৩,০০০ টাকা বোনাস দেওয়া হবে। ফলে প্রথম মাসে টার্গেট পরিমাণ পণ্য উৎপাদন করতে অনেকেই সমর্থ হলো।

ক. ক্রেতা কেন্দ্রিকতা কী? ১

খ. "ভোগ্যপণ্য ক্রয়ের উদ্দেশ্য অব্যবসায়িক"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. জুয়েল এর ঘোষণাটি উৎপাদনশীলতার কোন গুরুত্বটি নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "বোনাস প্রদান ঘোষণা পণ্য উৎপাদন বৃদ্ধিতে সহায়ক"– উদ্দীপকের আলোকে উক্তিটির তাৎপর্য মূল্যায়ন কর। ৪

৭ ▸ জনাব হালিম তার বাড়ির নিচতলায় একটি রেস্টুরেন্ট চালু করেন। রেস্টুরেন্টটিতে খাবারের মান ভালো হওয়ায় ক্রেতাদের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়। এছাড়া খাবারের দাম ক্রেতাদের ক্রয়ক্ষমতা অনুযায়ী নির্ধারণ করা হয়। ক্রেতাদের পছন্দ বা চাহিদা অনুযায়ী খাবার সরবরাহ করে বলে রেস্টুরেন্টটির সুনাম দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. সেবা কী? ১

খ. 'পণ্য স্পর্শনীয়'– ব্যাখ্যা কর। ২

গ. জনাব হালিম কী উৎপাদন করে পণ্য নাকি সেবা? ব্যাখ্যা কর। ৩

ঘ. "কাস্টমাইজেশন এর ফলেই জনাব হালিমের রেস্টুরেন্টটির সুনাম বৃদ্ধি পায়।"–তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▸ ইশান, সোহান ও রবিন তিন বন্ধু ফ্যাশন ডিজাইনের উপর পড়াশুনা শেষ করে 'সাত রং' নামে ফ্যাশন হাউজ প্রতিষ্ঠা করেন। তারা দেশীয় সংস্কৃতির কথা বিবেচনা করে প্রচলিত ফ্যাশনের পাশাপাশি আকর্ষণীয় বৈশিষ্ট্যসম্পন্ন পোশাকের সমাহার ঘটান। এজন্য সারা দেশব্যাপী তাদের পোশাকের সুনাম ছড়িয়ে পড়েছে।

ক. ব্যবহারিক ডিজাইন কী? ১

খ. "পণ্য ডিজাইন পণ্যের আকর্ষণ বৃদ্ধি করে।"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন ধরনের পণ্য ডিজাইনের কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "পণ্য ডিজাইন দেশীয় সংস্কৃতিকে তুলে ধরে"– উদ্দীপকের আলোকে বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৯ ▸ 'সান ইলেকট্রনিক্স' একটি ফ্রিজ নির্মাতা প্রতিষ্ঠান। সম্প্রতি তারা নতুন একটি ফ্রিজ বাজারে এনেছে। যাতে টুইন কুলিং সিস্টেম যোগ করা হয়েছে। এতে ফ্রিজের দুই অংশই ডিপ ফ্রিজার হিসেবে ব্যবহার করা যাবে। বর্তমানে ফ্রিজটি তারা স্বল্প পরিসরে উৎপাদন করেছে। গ্রহণযোগ্যতার ভিত্তিতে পরবর্তীতে তারা বাণিজ্যিকভাবে উৎপাদন করবেন বলে আশা করছেন।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. "পণ্য ডিজাইন নতুন পণ্য প্রবর্তনে সহায়তা করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটি পণ্যের কোন ধরনের ডিজাইন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের যে স্তরে রয়েছে তার কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

১০ ▸ মি. সাদিক একটি ওয়াটার পাম্প উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। ত্রুটিযুক্ত পাম্প উৎপাদনের ফলে একজন ক্রেতা ক্ষতিগ্রস্ত হওয়ায় গতবছর মি. সফিককে মামলার পিছনে বেশ অর্থ ব্যয় করতে হয়। তার প্রতিষ্ঠানে কোয়ালিটি কন্ট্রোলার না থাকায় দিন দিন তার ব্যয় বেড়ে যাচ্ছে। সম্প্রতি মি. সাদিক ব্যয় হ্রাসের জন্য মান নিয়ন্ত্রণের সিদ্ধান্ত নিয়েছেন।

ক. ISO কী? ১

খ. "মান ব্যবস্থাপনা মুনাফা বৃদ্ধি করে"– ব্যাখ্যা কর। ২

গ. মামলার জন্য ব্যয়িত অর্থ কোন ধরনের ব্যয়? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যয় হ্রাসের জন্য মি. সাদিকের মান নিয়ন্ত্রণের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জুয়েল সাহেব একটি প্রতিষ্ঠানের মান ব্যবস্থাপক। তিনি পণ্যের মান নির্ধারণে ভোক্তাদের প্রত্যাশার বিষয়টি বিবেচনা করেন এবং তা পূরণের চেষ্টা চালান। কিন্তু উৎপাদনকার্যে কর্মীদের মতামতকে কোনো গুরুত্ব না দেওয়ায় প্রতিষ্ঠানটির সার্বিক মান ব্যবস্থাপনার কাজটি অসম্পূর্ণ থাকে।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. "মান নিয়ন্ত্রণ পণ্যের আদর্শমান নিশ্চিত করে"– ব্যাখ্যা কর। ২

গ. জুয়েল সাহেব কোন নীতিটি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সার্বিক মান ব্যবস্থাপনায় কর্মীদের সংশ্লিষ্টতা প্রয়োজন"– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব সুজন ও তার স্ত্রী স্নাতক ডিগ্রি সম্পন্ন করে সাভারে একটি বুটিক সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠান স্থাপন করেন এবং নিজস্ব বুটিক হাউজের মাধ্যমে উৎপাদিত পণ্য বিক্রয় করেন। এ জন্য তারা বাজার থেকে বিভিন্ন ধরনের থান কাপড় কিনে বুটিক হাউজের জন্য নানা ধরনের পোশাক তৈরি করেন। তাদের পোশাকগুলো মানসম্মত হওয়ায় স্থানীয় বাজারে পণ্যসামগ্রী যথেষ্ট পরিমাণে বিক্রি হয়। পরবর্তীতে স্থানীয় বাজারের পাশাপাশি দেশের বিভিন্ন জেলা শহরে তার উৎপাদিত পণ্যের চাহিদা ব্যাপকহারে বৃদ্ধি পায়। যার ফলে তিনি বিভিন্ন পরিবহন ব্যবস্থায় ঐ সকল পণ্য সরবরাহ করতে থাকেন। ফলে তিনি কাঙ্ক্ষিত সফলতা অর্জনে সক্ষম হন।

ক. উৎপাদন কী? ১

খ. উৎপাদনশীলতা নির্ণয়ের সূত্রটি বিবৃত কর। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি প্রথমদিকে কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটির সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

২ ▸ ২০২০ সালে 'তিলোত্তমা কোম্পানি' আকর্ষণীয় ডিজাইনের ফার্নিচার তথা সোফাসেট প্রস্তুত করে। প্রতি সোফাসেটের বিক্রয়মূল্য ছিল ৮০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি ২০২০ সালে ১,০০০টি সোফাসেট প্রস্তুত করে। বিভিন্ন ধরনের সোফাসেট প্রস্তুত করতে উক্ত কোম্পানির মোট কাঁচামালের প্রয়োজন হয়েছিল ৪,৮০,০০০ টাকার। এছাড়া শ্রম বাবদ ১,৬০,০০০ টাকা; যন্ত্রপাতি বাবদ ৮,০০,০০০ টাকা এবং অন্যান্য বাবদ মোট ১,০০,০০০ টাকা খরচ হয়েছিল। ২০১৯ সালে উক্ত কোম্পানির শ্রমের উৎপাদনশীলতা ছিল ১২।

ক. উপযোগ কী? ১

খ. কীভাবে স্বতঃগত উপযোগ সৃষ্টি হয়? ২

গ. ২০২০ সালে তিলোত্তমা কোম্পানির মোট উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপক অনুযায়ী কোম্পানির ২০২০ সালের শ্রমিকদের দক্ষতা মূল্যায়ন কর। ৪

৩ ▸ জনাব জসিম একটি গার্মেন্টস ফ্যাক্টরি গড়ে তোলার লক্ষ্যে তিনি তার নিজ এলাকার একটি স্থান বেছে নেন যার কোনো উৎপাদন ব্যয় নেই। পোশাক তৈরিতে জনাব জসিম তার গার্মেন্টস ফ্যাক্টরিতে কয়েকটি বিভাগ প্রতিষ্ঠা করেন। এর ফলে তার প্রতিষ্ঠানটির কার্যক্রমে গতিশীলতা অর্জন করেছে। শ্রমিকদের যোগ্যতা অনুযায়ী কাজ বন্টনের ফলে উক্ত গার্মেন্টস ফ্যাক্টরির পোশাক উৎপাদনের পরিমাণও বেড়েছে।

ক. শ্রম কী? ১

খ. মূলধন গঠনে সঞ্চয়ের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক অনুযায়ী জনাব জসিম গার্মেন্টস ফ্যাক্টরি তৈরিতে উৎপাদনের কোন উপকরণকে ব্যবহার করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "গার্মেন্টস ফ্যাক্টরির সফলতার অন্যতম কারণ হলো শ্রমিকদের যোগ্যতা অনুযায়ী শ্রমিকদের মধ্যে কাজ বন্টন।"– উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪ ▸ মি. রেজা ও তার বন্ধু মি. রাজু ফ্যাশন ডিজাইনের ওপর পড়াশুনা শেষ করে ঢাকার উত্তরায় একটি ফ্যাশন হাউজ প্রতিষ্ঠা করেন। তারা সমভাবে তাদের অর্জিত জ্ঞান, মূলধন ও শ্রম দিয়ে ব্যবসা পরিচালনা করেন। খুব অল্প সময়ের মধ্যে তারা ব্যবসায়ের ব্যাপক সাফল্য অর্জন করেন। অর্জিত মুনাফা সমানভাবে ভাগ করে নেন। অন্যদিকে একই এলাকায় সমতার ভিত্তিতে একই শ্রেণিভুক্ত মানুষ আরেকটি ব্যবসায় সংগঠন গড়ে তোলে। এর ফলে উক্ত এলাকার মানুষের জীবনযাত্রার মানোন্নয়নসহ উক্ত ব্যবসায় সংগঠনের সদস্যদের মর্যাদা বৃদ্ধি পায়।

ক. সংগঠন কী? ১

খ. 'মূলধন উৎপাদনের উৎপাদিত উপাদান'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের উল্লিখিত মি. রেজা ও রাজুর প্রতিষ্ঠানটি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমতার ভিত্তিতে একই শ্রেণিভুক্ত মানুষের গড়ে তোলা সংগঠনটির ধরন উল্লেখপূর্বক তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৫ ▸ কক্সবাজার পৃথিবীর বৃহত্তম সমুদ্রসৈকত। এই কক্সবাজারকে কেন্দ্র করে জনাব ইমন সমুদ্রের নিকটবর্তী একটি 'ফাইভ স্টার' হোটেল তৈরি করেন। গ্রাহকদের সর্বোচ্চ সন্তুষ্টি বিধানে তিনি তার হোটেলের মধ্যেই বিভিন্ন ধরনের সেবা চালু করেন। গ্রাহকদের মনোযোগ আকর্ষণ ও তাদের ধরে রাখার জন্য তাদের পছন্দ, রুচি অনুযায়ী বিভিন্ন ধরনের খাবার সরবরাহ করেন। এছাড়া গ্রাহকদের আরও সন্তুষ্টি প্রদানে হোটেলের ছাদে বসে সমুদ্রসৈকত দেখার অসাধারণ আয়োজন করেছেন। বর্তমানে জনাব ইমন সকলের কাছে একজন সফল ব্যবসায়ী ও পরিচিত মুখ।

ক. জরুরি পণ্য কী? ১

খ. 'পণ্য স্পর্শনীয়'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত জনাব ইমনের 'ফাইভ স্টার' হোটেলটি কোন ধরনের সেবা খাতের প্রবৃদ্ধির পর্যায়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ইমনের সফলতার মূল কারণ বিশ্লেষণসহ তোমার মতামত দাও। ৪

৬ ▸ মি. রাতুল একজন ডাক্তার। চিকিৎসাক্ষেত্রে তার ব্যাপক সুনাম রয়েছে। তিনি রোগীদের সাথে অত্যন্ত অমায়িক ও আন্তরিকতার সাথে কথা বলেন এবং ধৈর্য সহকারে তাদের সব কথা শুনেন। এ কারণে চারিদিকে তার সুনাম ছড়িয়ে পড়েছে। সম্প্রতি মি. রাতুল তার নিজ এলাকার জনগণকে আরও বেশি চিকিৎসা সেবা প্রদান করার জন্য একটি ক্লিনিক প্রতিষ্ঠা করেন।

ক. সেবা কী? ১

খ. মানসম্পন্ন দ্রব্য উৎপাদন কেন গুরুত্বপূর্ণ? ২

গ. উদ্দীপকের মি. রাতুলের প্রাথমিক দিকের কার্যক্রম সেবার কোন বৈশিষ্ট্যের সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সেবা খাতের প্রবৃদ্ধির পর্যায় উল্লেখপূর্বক ক্লিনিক প্রতিষ্ঠা করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জনাব কণা একটি ফ্যাশন হাউজ পরিচালনা করেন। তিনি প্রথমত তার উৎপাদিত কাপড়ের ডিজাইনের ক্ষেত্রে এর কার্যকারিতা ও উপযোগিতার কথা মাথায় রেখে পোশাকের ডিজাইন করে থাকেন। এবারের ঈদ ও ১লা বৈশাখের কাপড়ে বাঙালি সংস্কৃতির কথা মাথায় রেখে নতুন নতুন ডিজাইনের বিভিন্ন ফ্যাশনের পোশাক তৈরি করে বিক্রির ক্ষেত্রে সাফল্য অর্জন করেন।

ক. উৎপাদন ডিজাইন কী? ১

খ. 'পরীক্ষামূলক উৎপাদনের ফলাফল ইতিবাচক'– ব্যাখ্যা কর। ২

গ. জনাব কণা প্রথমত তার কাপড়ের ডিজাইনের ক্ষেত্রে কোন ধরনের ডিজাইনের কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব কণা ঈদ ও ১লা বৈশাখের পোশাক বিক্রির ক্ষেত্রে সাফল্যের কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ 'হেনা কসমেটিকস' দীর্ঘদিন যাবত অত্যন্ত সুনামের সাথে তার উৎপাদিত শ্যাম্পু তৈরি ও বাজারজাত করে আসছে। এ ক্ষেত্রে তাকে ভোক্তা জরিপসহ বাজার গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হয়েছে। শুরুতে প্রতিষ্ঠানটি ৪০০ গ্রাম ওজনের শ্যাম্পু উৎপাদন করলেও সমাজের উচ্চবিত্ত, মধ্যবিত্ত ও নিম্নবিত্তের কথা মাথায় রেখে সম্প্রতি পণ্যের মান ঠিক রেখে ৪০০ গ্রাম, ২০০ গ্রাম ও মিনিপ্যাক শ্যাম্পু তৈরির উদ্যোগ গ্রহণ করেন। এতে সকল স্তরের ক্রেতারা পণ্যটি ক্রয়ে সক্ষম হন। ফলে প্রতিষ্ঠানের বিক্রয় বৃদ্ধির সাথে সাথে মুনাফাও বহুগুণ বেড়ে যায়।

ক. ওয়ারেন্টি কী? ১

খ. পণ্য ডিজাইন কী নমনীয় হওয়া আবশ্যক? ব্যাখ্যা কর। ২

গ. ভোক্তা জরিপ, বাজার গবেষণা কার্যক্রম পণ্য ডিজাইনের কোন পর্যায়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক প্রতিষ্ঠানের বিক্রয় ও মুনাফা বৃদ্ধির জন্য গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ 'চয়েজ ফ্যাশন' গাজীপুরে একটি প্রতিষ্ঠিত রপ্তানিমুখী তৈরি পোশাক কারখানা। সম্প্রতি একটি বিদেশি প্রতিষ্ঠানের কাছ থেকে বড় ধরনের অর্ডার পায়। শুরুতে কিছু যোগ্য ও দক্ষ শ্রমিক-কর্মী থাকলেও বর্তমানে বেশি বেতনে কিছু কর্মী অন্যত্র চলে যায়। ফলে অর্ডার অনুযায়ী পণ্য তৈরি করতে না পাড়া এবং কিছু পণ্যের ত্রুটি চিহ্নিত হওয়ায় নতুন করে আবার পণ্য উৎপাদন করতে হয়। পরবর্তীতে প্রতিষ্ঠানটি মান অনুযায়ী পণ্য উৎপাদিত হচ্ছে কিনা এবং মানের বিচ্যুতি ঘটলে তা সংশোধনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. 'মান নিশ্চিতকরণ ছাড়া ক্রেতাসন্তুষ্টি অসম্ভব'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের ত্রুটিযুক্ত পণ্য উৎপাদন কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক অনুযায়ী উৎপাদিত পণ্যের মান নিশ্চিত করার ওপর চয়েজ ফ্যাশনের সফলতা নির্ভর করছে– তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব জামিল 'আনন্দ' বেকারির মালিক। ক্রেতারা তার বেকারি থেকে বিভিন্ন ধরনের আইটেম যেমন কেক, বিস্কুট ইত্যাদি ক্রয় করে থাকেন। কিন্তু একদিন একজন ক্রেতা কেক ক্রয়ের পর সেই কেক নিম্নমানের হওয়ায় তা বেকারিতে ফেরত দিলো। এর ফলে আনন্দ বেকারির সুনাম নষ্ট হয়। পরবর্তীতে ক্রেতাদের সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে তিনি তার প্রস্তুতকৃত পণ্যের ধারাবাহিক মান উন্নয়ন নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করেন। এর ফলে তার হারানো সুনাম ফিরে পাওয়া সম্ভব হয়েছে।

ক. মান কী? ১

খ. বেঞ্চমার্কিং কীভাবে পণ্যমানের উন্নয়ন ঘটায়? ২

গ. কেক ক্রয়ের পর সেই কেক নিম্নমানের হওয়ায় তা বেকারিতে ফেরত দেওয়ার বিষয়টি নিম্নমানের পণ্য উৎপাদনজনিত কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "ব্যবসায়ের সফলতা নির্ভর করে ধারাবাহিক মান উন্নয়ন নিশ্চিতকরণের দ্বারা"– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

১১ ▸ রোজ বিডি লি. একটি ইলেকট্রনিক্স সামগ্রী প্রস্তুতকারী প্রতিষ্ঠান। জনাব রহমান এ প্রতিষ্ঠানের পরিচালক। নিজ দেশের সকল জেলায় শো-রুম প্রতিষ্ঠা করে ব্যবসায় কার্যক্রম পরিচালনা করছেন। তিনি তার প্রতিষ্ঠানের ইলেকট্রনিক সামগ্রী সহজে বিক্রয়ের লক্ষ্যে একটি সংস্থা থেকে মান যাচাই ও মানের সনদ গ্রহণ করেন। পরবর্তীতে উক্ত প্রতিষ্ঠানটি জাপানে ইলেকট্রনিক্স সামগ্রী রপ্তানির উদ্যোগ গ্রহণ করে। এজন্য তাকে একটি আন্তর্জাতিক সংস্থা থেকে পণ্যের মান সনদ গ্রহণ করতে হয়। পরিবেশগত ব্যবস্থাপনা সিস্টেম মেনে চলায় দেশের বাহিরেও তিনি এখন একজন সফল ব্যবসায়ী।

ক. প্রশিক্ষণ ব্যয় কী? ১

খ. মান সনদ কেন প্রয়োজন? ২

গ. প্রাথমিক পর্যায়ে রোজ বিডি লি. তার ব্যবসায় পরিচালনা করার জন্য কোন ধরনের মান সনদ গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "পণ্য রপ্তানির ক্ষেত্রে আন্তর্জাতিক সংস্থা থেকে পণ্যের মান সনদ গ্রহণ করা আবশ্যক।"– উদ্দীপকের আলোকে উক্ত মান সনদের নাম উল্লেখপূর্বক তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব শফি আহমেদ সিলেটের একজন ব্যবসায়ী। তিনি সিলেটে উৎপাদিত উৎকৃষ্টমানের বেত ও বাঁশ সংগ্রহ করে বিভিন্ন ধরনের ফার্নিচার তৈরি করে থাকেন। তার প্রতিষ্ঠানে উৎপাদিত বেত ও বাঁশের ফার্নিচার প্রথম দিকে কেবলমাত্র সিলেটে বাজারজাত করা হতো। তার ফার্নিচারের গুণগত মান ও ডিজাইন আকর্ষণীয় হওয়ার কারণে বাজারে তার সুনাম সৃষ্টি হয়। বর্তমানে তার প্রতিষ্ঠানে উৎপাদিত বেত ও বাঁশের ফার্নিচার ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে সরবরাহ করা হচ্ছে। এর ফলে বিক্রয় ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় তিনি প্রচুর লাভবান হচ্ছেন।

ক. উপযোগ কী? ১

খ. "উৎপাদন কর্মসংস্থান সৃষ্টি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব শফি আহমেদের প্রাথমিক পর্যায়ের কাজের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "স্থানগত উপযোগ সৃষ্টিই উদ্দীপকের প্রতিষ্ঠানের সফলতার মূল কারণ"– উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

২ ▸ হবিগঞ্জ উড লিমিটেড ২০১৯ সালে ৯,০০০ টাকা মূল্যের ২,০০০ কাঠের দরজা উৎপাদন করে যার বিক্রয়মূল্য ১,৮০,০০,০০০ টাকা। উক্ত দরজা উৎপাদনে ৯০,০০,০০০ টাকার কাঁচামাল, ১০,০০,০০০ টাকার যন্ত্রপাতি ও ১৫,০০,০০০ টাকা শ্রমিক মজুরি বাবদ ব্যয় করে। ২০১৮ সালে প্রতিষ্ঠানটির উৎপাদনশীলতা ছিল ২.১০।

ক. রূপান্তর মূল্য কী? ১

খ. উৎপাদনশীলতার উপর মুনাফার পরিমাণ কীভাবে নির্ভর করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে হবিগঞ্জ উড লিমিটেড এর ২০১৯ সালের কাঁচামালের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. হবিগঞ্জ উড লিমিটেড এর ২০১৯ সালের উৎপাদনশীলতার সাথে ২০১৮ সালের উৎপাদনশীলতার তুলনামূলক মূল্যায়ন কর। ৪

৩ ▸ জনাব কামাল চাঁপাইনবাবগঞ্জে একটি 'ম্যাংগো জুস' কারখানা স্থাপন করেছেন। এজন্য তিনি চীন হতে ২ কোটি টাকা ব্যয় করে অত্যাধুনিক মেশিন আমদানি করেছেন। তার কারখানায় উৎপাদিত জুসের মান ও স্বাদ ভালো হওয়ায় বাজারে এর প্রচুর চাহিদা সৃষ্টি হয়। বর্তমান উৎপাদন মাত্রায় তার পক্ষে বাজারের চাহিদা মোতাবেক পণ্য সরবরাহ করা সম্ভব হচ্ছিল না। তাই তিনি কারখানাটি সম্প্রসারণ করার লক্ষ্যে আরেকটি মেশিন আমদানি করার পরিকল্পনা করেছেন। এজন্য তিনি ব্যাংক থেকে ২ কোটি টাকা ঋণ নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

ক. শ্রম কী? ১

খ. "সংগঠন উদ্দেশ্যকেন্দ্রিক"–ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব কামাল কর্তৃক আমদানিকৃত অত্যাধুনিক জুস মেশিনটি উৎপাদনের কোন উপকরণের আওতাভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব কামাল ব্যাংক থেকে ঋণ গ্রহণের যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন উদ্দীপকের আলোকে তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪ ▸ জনাব ইনামুল হক গাজীপুরে একটি ভবন ভাড়া নিয়ে একটি প্যাকেজিং কারখানা গড়ে তুলেন। তার কারখানায় উৎপাদিত প্যাকেজিং পণ্যের মান ভালো হওয়ায় অল্প সময়েই বাজারে প্রচুর চাহিদার সৃষ্টি হয়। তাছাড়া তিনি বড় বড় প্রতিষ্ঠান হতে অর্ডার লাভ করেন। কিন্তু কারখানার সীমিত উৎপাদন দিয়ে তার পক্ষে বড় অর্ডার সময়মতো ডেলিভারি দেওয়া সম্ভব হচ্ছে না এবং পর্যাপ্ত স্থানের অভাবে তার কারখানাটিও সম্প্রসারণ করা সম্ভব হচ্ছে না। এর ফলে বড় প্রতিষ্ঠানগুলো তার দিক থেকে মুখ ফিরিয়ে নেয়। এমতাবস্থায় তিনি বন্ধু ফরহাদকে সমহারে মুনাফা বণ্টনের চুক্তিতে ব্যবসায়ে অন্তর্ভুক্ত করে ব্যবসায়টি পূর্বের অবস্থায় ফিরিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. শ্রম বিভাগ কী? ১

খ. "মূলধন উৎপাদনের উৎপাদিত উপাদান"– ব্যাখ্যা কর। ২

গ. উৎপাদনের কোন উপকরণের অভাবে জনাব এনামুল হকের কারখানাটি সম্প্রসারণ করা সম্ভব হচ্ছে না? ব্যাখ্যা কর। ৩

ঘ. সংগঠনের ধরন উল্লেখপূর্বক জনাব এনামুল হকের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫ ▸ জনাব শামীম একটি কোল্ড স্টোরেজ এর মালিক। তার কোল্ড স্টোরেজ এর ধারণ ক্ষমতা ১,০০০ টন। তিনি কম দামে মৌসুমি পণ্য ক্রয় করে তার কোল্ড স্টোরেজে সংরক্ষণ করেন এবং পরবর্তী সময়ে বেশি দামে বিক্রয় করেন। এ ব্যবসায়ে সহযোগিতা করার জন্য তার বন্ধু হাছান সাহেবকে সমঝোতার ভিত্তিতে নিযুক্ত করেন। এ বছর আলু মৌসুমে অধিক আলুর ফলন হওয়ায় বাজারে আলুর দাম কমে যায়। জনাব শামীম অধিক মুনাফা লাভের আশায় ১,৩০০ টন আলু মজুদ করেন। কয়েক মাস পড়ে দেখা যায় প্রায় অর্ধেক আলু নষ্ট হয়ে গেছে। এর ফলে ব্যবসায়ে প্রচুর ক্ষতি হয়।

ক. রাষ্ট্রীয় সংগঠন কী? ১

খ. "শ্রমবিভাগ শ্রমিকের দক্ষতা বৃদ্ধি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব শামীমের ব্যবসাটি প্রথম দিকে কোন ধরনের সংগঠন ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. ভবিষ্যতে ক্ষতির হাত থেকে রক্ষা পাওয়ার জন্য উদ্দীপকের ব্যবসায়ীর করণীয় বিশ্লেষণ কর। ৪

৬ ▸ নিক্কন কোম্পানি বাংলাদেশে টি.ভি., ফ্রিজ, এ.সি ইত্যাদি ইলেকট্রনিক পণ্য উৎপাদন ও বাজারজাত করে। কোম্পানি তাদের পণ্য উৎপাদনের ক্ষেত্রে ক্রেতার সন্তুষ্টি, কর্মচারীদের সম্পৃক্ততা ও গুণগত মানের ধারাবাহিকতা বজায় রাখতে সচেষ্ট থাকে। ক্রেতাদের সন্তুষ্টি অর্জনের জন্য বিক্রীত পণ্যের উপর ১ বছরের ওয়ারেন্টি সেবা প্রদান করে থাকে। এর ফলে প্রতিষ্ঠানটির সুনাম সৃষ্টি হওয়ায় বিক্রয় ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. বেঞ্চ মার্কিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে নিক্কন কোম্পানি পণ্য উৎপাদনের ক্ষেত্রে কোন ধরনের ব্যবস্থাপনা অনুসরণ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. নিক্কন কোম্পানির পণ্যের বিক্রয় ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৭ ▸ সজীব ফুড প্রোডাক্টস বাংলাদেশের একটি বিখ্যাত খাদ্য সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠান। গুণগত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের মাধ্যমে প্রতিষ্ঠানটি গ্রাহকের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। তাছাড়া তাদের উৎপাদিত পণ্য রাষ্ট্রীয় মান নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের অনুমোদন থাকায় পণ্যের চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে প্রতিষ্ঠানটি তাদের উৎপাদিত পণ্য বিদেশে বাজারজাত করতে চায়। কিন্তু প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন না করে আন্তর্জাতিক বাজারে প্রবেশ করা সম্ভব নয়।

ক. প্রশিক্ষণ ব্যয় কী? ১

খ. মান ব্যবস্থাপনা কীভাবে উৎপাদনশীলতা বৃদ্ধি করে? ব্যাখ্যা কর। ২

গ. সজীব ফুড প্রোডাকটস্ রাষ্ট্রীয় কোন সংস্থার অনুমোদন লাভ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সজীব ফুড প্রোডাক্টস্ এর আন্তর্জাতিক বাজারে প্রবেশের জন্য করণীয় বিশ্লেষণ কর। ৪

৮ ▸ ডাঃ রুহুল আমীন একজন বিখ্যাত চক্ষু বিশেষজ্ঞ। তিনি ফার্মগেটে তাঁর চেম্বারে বসে অত্যাধুনিক কম্পিউটার প্রযুক্তি ও যন্ত্রপাতি ব্যবহার করে চোখের ফ্যাকো সার্জারিসহ রেটিনার বিভিন্ন নির্ভুল চিকিৎসা সেবা প্রদান করে থাকেন। বর্তমানে তিনি একজন সফল চিকিৎসক হিসেবে সারাদেশে পরিচিত। সম্প্রতি তিনি একটি সেমিনারে যোগ দেওয়ার উদ্দেশ্যে এক সপ্তাহের জন্য জাপান গমন করেন। এজন্য তার চেম্বার এক সপ্তাহের জন্য বন্ধ রাখা হয়। ফলে অনেক জরুরি রোগীও এ সময় চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হয়।

ক. PERT এর পূর্ণরূপ কী? ১

খ. দ্রব্যকে কীভাবে সেবা থেকে আলাদা করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. ডাঃ রুহুল আমীনের চেম্বারে চিকিৎসা সেবা বন্ধ রাখার মাধ্যমে সেবার কোন বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সেবা খাতের প্রবৃদ্ধির পর্যায়ে ডাঃ রুহুল আমীনের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ মিসেস ফারজানা গুলশানে একটি বিউটি পার্লার স্থাপন করেছেন। সেখানে প্রত্যেক ক্রেতার পছন্দ অনুযায়ী বিভিন্ন স্টাইলে চুল কাটা হয়। তাছাড়া দক্ষ ও অভিজ্ঞ বিউটিশিয়ানের মাধ্যমে প্রত্যেক গ্রাহকের রুচি ও পছন্দ অনুযায়ী রূপসজ্জার কাজ সম্পাদন করা হয় বলে গ্রাহকরা সন্তুষ্ট। এ কারণে বিউটি পার্লারটি অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছে। গ্রাহকের আস্থা ও নির্ভরশীলতার কারণে প্রতিষ্ঠানটি অল্প সময়ে সফলতা অর্জন করেছে।

ক. দ্রব্য কী? ১

খ. "উৎপাদন ব্যবস্থাপনা অপচয় ও ব্যয় কমায়"– ব্যাখ্যা কর। ২

গ. মিসেস ফারজানার প্রতিষ্ঠানটি কী উৎপাদন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিসেস ফারজানার প্রতিষ্ঠানটির সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

১০ ▸ স্টার ইলেকট্রনিক্স কোম্পানি বাংলাদেশের একটি উদীয়মান ইলেকট্রনিক সামগ্রী উৎপাদনকারী ও বিক্রয়কারী প্রতিষ্ঠান। কোম্পানি কর্তৃপক্ষ লক্ষ করেছে যে বর্তমানে বাংলাদেশে গ্রামেও ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ব্যাপকভাবে বেড়ে গেছে। তাই কোম্পানি কর্তৃপক্ষ ইন্টারনেট ব্যবহারের সুবিধা সংযুক্ত করে নতুন LED টি.ভি উৎপাদন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। কোম্পানি কর্তৃপক্ষ আশা করছে এর ফলে বিক্রয় যথেষ্ট বৃদ্ধি পাবে।

ক. পরীক্ষণ ব্যয় কী? ১

খ. "পণ্য ডিজাইন পণ্যের উপযোগিতা বৃদ্ধিতে সহায়ক"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে স্টার কোম্পানির নতুন টি.ভি সেট উৎপাদন কোন ধরনের পণ্য ডিজাইনের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিক্রয় বৃদ্ধির জন্য স্টার কোম্পানি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১ ▸ তিব্বত কস্‌মেটিকস্ কোম্পানি দীর্ঘদিন ধরে 'তিব্বত বিউটি সোপ' নামে তিব্বত সাবান উৎপাদন ও বিক্রি করে আসছে। প্রতিষ্ঠানটি সাবানের গুণগত মানের কোনো পরিবর্তন না করে কয়েক বছর পর পর কেবল মাত্র মোড়ক পরিবর্তন করে সাবানটি বাজারজাত করে আসছে। কিন্তু তা ক্রেতাদের তেমন আকৃষ্ট করতে পারেনি। ব্যাপক গবেষণার পর তিব্বত কস্‌মেটিকস্ কর্তৃপক্ষ ২০২০ সাল থেকে 'তিব্বত বিউটি সপ' লাল, হলুদ ও সবুজ তিনটি ভিন্ন মোড়কে, তিনটি ভিন্ন রং ও সুগন্ধি ব্যবহার করে তিনটি ভিন্ন আকারে বাজারজাত করা শুরু করে। এর ফলে তিব্বত সাবান বর্তমানে বাজারে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে।

ক. ওয়ারেন্টি কী? ১

খ. "পণ্য ডিজাইন ক্রেতাকে পণ্য ক্রয়ে আকৃষ্ট করে"– ব্যাখ্যা কর। ২

গ. ২০২০ সালের পূর্ব পর্যন্ত কোন ডিজাইন অনুসরণ করে তিব্বত সাবান বাজারজাত করা হতো? ব্যাখ্যা কর। ৩

ঘ. "তিব্বত সাবানের জনপ্রিয়তার কারণ হলো নান্দনিক ডিজাইন"– যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট | পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ মি. সফিকুল নাটরে পাঁচ বিঘা জমি লিজ নিয়ে দশজন বেকার যুবককে কাজে লাগিয়ে লিচু চাষ করেন। তিনি উৎপাদিত লিচু চট্টগ্রামের লিচু ব্যবসায়ীদের নিকট সরবরাহ করেন। এতে তিনি আর্থিকভাবে লাভবান হন। বর্তমান বছরে লিচুর বাম্পার ফলন হওয়ায় ও নিজস্ব পরিবহন ব্যবস্থা না থাকায় সঠিক সময়ে চট্টগ্রামের পাইকারদের কাছে লিচু পৌঁছানো সম্ভব হয়নি। এতে একদিকে কিছু লিচু নষ্ট হয়ে যায়। অন্যদিকে লিচুর দামও কম পায়। ফলে মি. সফিকুল মোটা অঙ্কের লোকসানের সম্মুখীন হন।

ক. উপযোগ কী? ১

খ. "উৎপাদনশীলতা নির্ভর করে উৎপাদনের দক্ষতার উপর"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. সফিকুলের ব্যবসায়িক কার্যক্রম কোন খাতের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. বর্তমান পরিস্থিতি থেকে উত্তরণের জন্য মি. সফিকুলের করণীয় সম্পর্কে তোমার মতামত ব্যক্ত কর। ৪

২ ▸ জনাব অর্ণব রাজশাহীর একজন সফল আম চাষি। তিনি নিজের বাগান থেকে হিমসাগর ও গোপালভোগ আম সিলেটে সরবরাহ করেন। পণ্যের গুণগত মান ভালো হওয়ায় লাভের পরিমাণ বাড়তে থাকে। কিন্তু অন্যান্য প্রতিযোগী ব্যবসায়ীরাও সিলেটে উক্ত আম সরবরাহ করায় বিক্রয়ের পরিমাণ কমতে শুরু করে। এতে তিনি বেশ চিন্তিত হয়ে পড়েন। তাই বর্তমানে তিনি সিদ্ধান্ত নেন যে, মৌসুমে বিক্রয় না করে হিমাগারে রেখে পরবর্তীতে বেশি মূল্যে সরবরাহের কথা চিন্তাভাবনা করছেন।

ক. উৎপাদনশীলতা কী? ১

খ. "উৎপাদন কর্মসংস্থান সৃষ্টি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রাথমিক পর্যায়ে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পরবর্তী পর্যায়ে জনাব অর্ণব আম সরবরাহের জন্য কী ব্যবস্থা গ্রহণের চিন্তাভাবনা করছেন? উপযোগের ধরন উল্লেখপূর্বক মতামত দাও। ৪

৩ ▸ মি. ফারুক ও তার বন্ধু শান্তি পাবনা শহরে 'সপ্তবর্ণা' নামে শিশুদের জন্য একটি তৈরি পোশাকের দোকান প্রতিষ্ঠা করেন এবং অর্জিত মুনাফা তারা সমভাগে ভাগ করে নিবেন এই মর্মে একটি চুক্তিতে আবদ্ধ হন। দক্ষ ব্যবস্থাপনা ও পরিচালনার দ্বারা অল্প সময়ের মধ্যে তারা ব্যবসায়ে ব্যাপক সফলতা লাভে সক্ষম হন। বর্তমানে প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্যের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই তারা 'কিডস গার্মেন্টস লি.' নামে একটি গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপনের উদ্যোগ গ্রহণ করেন।

ক. মূলধন কী? ১

খ. "ভূমি আদিম ও অক্ষয়"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কোন ধরনের সংগঠনের আওতায় পড়ে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "পণ্যের চাহিদা বৃদ্ধিই দ্বিতীয় পর্যায়ের প্রতিষ্ঠান স্থাপনের মূল ভিত্তি"– উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৪ ▸ মি. রবিন নাটোরে একটি চিনিকল স্থাপন করেন। উক্ত চিনিকলে উৎপাদিত চিনি হইতে উন্নতমানের চিনিজাত পণ্য উৎপাদিত হয়। ফলে অল্পদিনের মধ্যেই প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্যের চাহিদা ও বিক্রয় বেড়ে যায়। তাই উৎপাদন বাড়ানোর প্রয়োজন দেখা দেয়। কিন্তু তার ব্যবস্থাপকীয় দক্ষতা ও কমমূল্যে শ্রমিক পাওয়া সত্ত্বেও আর্থিক অসঙ্গতির কারণে তিনি প্রতিষ্ঠানটির উৎপাদন বাড়াতে পারছেন না। এতে তিনি খুবই উদ্বিগ্ন।

ক. সংগঠন কী? ১

খ. "শ্রম একটি জীবন্ত উপাদান"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উৎপাদনের কোন উপকরণের অভাবে মি. রবিন তার চিনিকলে উৎপাদন বাড়াতে পারছেন না? ব্যাখ্যা কর। ৩

ঘ. শুধুমাত্র ব্যবস্থাপকীয় দক্ষতাই কী ব্যবসায়ের সফলতা অর্জনের জন্য যথেষ্ট? উদ্দীপকের আলোকে তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫ ▸ "হোটেল হাইওয়ে" দেশি-বিদেশি পর্যটকদের কাছে একটি পরিচিত নাম। অত্যাধুনিক বিল্ডিং, নান্দনিক সাজসজ্জা এবং সমুদ্রসৈকতের নিকটবর্তী অবস্থিত হওয়ায় হোটেলটির গুরুত্ব ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। সম্প্রতি আমেরিকা থেকে একদল পর্যটক সাগরকন্যা কুয়াকাটা সমুদ্রসৈকতে বেড়াতে এসে হোটেলে উঠে। হোটেল কর্তৃপক্ষ পর্যটকদের পছন্দ ও চাহিদামাফিক সেবা প্রদান করায় তারা বেশ খুশি হন। এতে হোটেলটির সুনাম দেশের বাহিরেও ছড়িয়ে পড়ে।

ক. পণ্য কী? ১

খ. "উৎপাদন ব্যবস্থাপনা ব্যবস্থাপনার একটি বিশেষায়িত শাখা"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের ব্যবসায়টি কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "ক্রেতা-কেন্দ্রিকতাই হোটেল ব্যবসায় সফলতার মূল কারণ"– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ নিম্নের চিত্রে কিছু বৈশিষ্ট্য দেওয়া হলো। চিত্রটি ভালো করে দেখো এবং প্রশ্নগুলোর উত্তর দাও।



ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১

খ. 'পণ্য স্পর্শনীয়'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত চিত্রে (?) চিহ্নিত স্থানে কী নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "বাংলাদেশের কর্মসংস্থান সৃষ্টিতে চিত্রে নির্দেশিত বিষয়টি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ব্যাখ্যা কর। ৪

৭ ▸ 'তানিয়া ইলেক্ট্রনিক্স' ও 'সোনিয়া ইলেক্ট্রনিক্স' দুটি প্রতিষ্ঠানই ওয়ার্ল্ডফেয়ার ল্যাপটপ উৎপাদন ও বিপণন করে। 'তানিয়া ইলেক্ট্রনিক্স' তাদের উৎপাদিত ল্যাপটপ ভোক্তাদের কাছে আকর্ষণীয় করার জন্য বাহ্যিক সৌন্দর্যের প্রতি বেশি গুরুত্ব প্রদান করে। এ প্রতিষ্ঠানটি ভোক্তাদের কোনো প্রকার বিক্রয়োত্তর সেবা প্রদান করে না। অন্যদিকে 'সোনিয়া ইলেক্ট্রনিক্স' পণ্যের স্থায়িত্ব ও মানের প্রতি বেশি গুরুত্ব দেয় এবং ভোক্তাদের গ্যারান্টি ও ওয়ারেন্টিসহ বিভিন্ন ধরনের বিক্রয়োত্তর সেবা প্রদান করে। একটি নির্দিষ্ট সময় পর দেখা গেল যে, 'সোনিয়া ইলেক্ট্রনিক্স'-এর বিক্রয় ও মুনাফার পরিমাণ 'তানিয়া ইলেক্ট্রনিক্স'-এর চেয়ে বেশি।

ক. প্যাকেজিং ডিজাইন কী? ১

খ. "পণ্য ডিজাইন জীবনযাত্রার মানকে উন্নত করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'তানিয়া ইলেক্ট্রনিক্স' কোন ধরনের পণ্য ডিজাইন অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক 'সোনিয়া ইলেক্ট্রনিক্স' এর ব্যবসায়িক সফলতার কারণ উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৮ ▸ মি. আকাশ একটি প্রতিষ্ঠিত কোম্পানির উৎপাদন ব্যবস্থাপক। তিনি একটি নতুন পণ্য ডিজাইনের কাজ করছেন। এরই অংশ হিসাবে সম্প্রতি তিনি ভোক্তা-জরিপ ও গবেষণা, ভোক্তাদের রুচি ও আকাঙ্ক্ষা পর্যালোচনা করলেন। তিনি প্রত্যাশা করছেন নতুন ডিজাইনের পণ্যটি ক্রেতারা পছন্দ করবে। কিন্তু পণ্যটির উৎপাদন খরচ বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। তাই তিনি প্রতিযোগীদের কথা চিন্তা করে বেশি পরিমাণে পণ্য উৎপাদন না করে স্বল্প পরিমাণে উৎপাদনের চিন্তা-ভাবনা করছেন।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. "প্যাকেজিং ডিজাইন পণ্যকে আকর্ষণীয় করে তোলে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মি. আকাশ পণ্য ডিজাইনের কোন পর্যায়ে অবস্থান করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. আকাশের দ্বিতীয় পর্যায়ে গৃহীত সিদ্ধান্তটির যথার্থতা পণ্য ডিজাইনের পর্যায় উল্লেখপূর্বক উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▸ 'অনন্যা পারফিউম লি.' বাংলাদেশের একটি বহুল পরিচিত পারফিউম উৎপাদনকারী কোম্পানি। প্রায় ১০ বছর ধরে সুনামের সাথে কোম্পানিটি পারফিউম উৎপাদন ও বিপণন করছে। সম্প্রতি কর্মীদের ধারাবাহিক মান উন্নয়ন ও প্রেষণার অভাবে কোম্পানিটির উৎপাদন অনেকটা কমে গেছে। ফলে বিক্রয়ের পরিমাণও আগের চেয়ে অনেকটা কম। তাই কোম্পানিটি পণ্যের মান উন্নয়ন ও মান নিয়ন্ত্রণের প্রতি লক্ষ্য রেখে কর্মীদের অতিরিক্ত সুযোগ-সুবিধা এবং বোনাসের ব্যবস্থা করেন। এতে কোম্পানিটির উৎপাদন ক্রমান্বয়ে বাড়তে থাকে।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. "মান ব্যবস্থাপনা মুনাফা বৃদ্ধি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'অনন্যা পারফিউম লি.' এর উৎপাদন কমে যাওয়া কোন মান ব্যবস্থাপনার ঐতিহাসিক প্রেক্ষাপটের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'অনন্যা পারফিউম লি.' কর্তৃক কর্মীদের অতিরিক্ত সুযোগ-সুবিধা ও বোনাসের ব্যবস্থা গ্রহণ কতটা যৌক্তিক বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

১০ ▸ জনাব বাশার সিলেটে একটি চা বাগানের স্বত্বাধিকারী। তিনি নিজের বাগানের চা নিজেই প্রক্রিয়াকরণ করে সারাদেশে সরবরাহ ও বিপণন করেন। কিন্তু সম্প্রতি ক্রেতাদের নিকট থেকে অভিযোগ আসায় তিনি তার বাগানে উৎপাদিত চায়ের মান পরীক্ষার জন্য মান সনদ প্রদানকারী প্রতিষ্ঠান BSTI-এর পরীক্ষাগারে পাঠায় এবং BSTI-এর রিপোর্টে চা নিম্নমানের বলে বিবেচিত হয়। পরবর্তীতে তিনি প্রতিনিয়ত চায়ের মান তদারকি করছেন এবং ত্রুটি-বিচ্যুতি হলে তা তাৎক্ষণিকভাবে সংশোধনের ব্যবস্থা গ্রহণ করছেন। তিনি প্রতিটি প্যাকেটের গায়ে BSTI-এর সীলমোহর যুক্ত করেন। 'ভালো চা মানে মি. বাশারের বাগানের চা' এ কথা এখন সবার মুখে মুখে।

ক. বেঞ্চমার্কিং কী? ১

খ. "ISO-14000 একটি পরিবেশ বিষয়ক ব্যবস্থাপনা পদ্ধতি"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানে কোন ধরনের ব্যয়ের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, মি. বাশারের চায়ের জনপ্রিয়তার কারণ BSTI-এর সীলমোহর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▸ 'রাত্রী এন্টারপ্রাইজ' একটি মোবাইল ফোন উৎপাদনকারী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠান ২০২০ সালে ৩,০০০ টি মোবাইল ফোন উৎপাদন করে। প্রতিটি মোবাইল ফোনের বিক্রয়মূল্য ১৫,০০০ টাকা। এছাড়াও প্রতিষ্ঠানটি কাঁচামাল বাবদ ব্যয় ১,৫০,০০,০০০ টাকা; শ্রম বাবদ ব্যয় ৪০,০০,০০০ টাকা; যন্ত্রপাতি বাবদ ব্যয় ৫৮,০০,০০০ টাকা এবং অন্যান্য বাবদ ১৭,০০,০০০ টাকা ব্যয় করে। উক্ত প্রতিষ্ঠানটির ২০১৯ সালে মোট উৎপাদনশীলতা ছিল প্রতি এককের জন্য ১.৫।

ক. উৎপাদন কী? ১

খ. "উৎপাদন সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'রাত্রী এন্টারপ্রাইজের' শ্রমের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. ২০১৯ ও ২০২০ সালের মোট উৎপাদনশীলতার ভিত্তিতে 'রাত্রী এন্টারপ্রাইজ'-এর অবস্থা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ ২০২০ সালে শাপলা গার্মেন্টসের উৎপাদিত পোশাকের মূল্য ছিল ৮,০০,০০০ টাকা। উক্ত পোশাক উৎপাদনের জন্য প্রতিষ্ঠানটি কাপড় ও কাঁচামাল বাবদ ৩,৫০,০০,০০০ টাকা; শ্রমবাবদ ৮০,০০,০০০ টাকা; যন্ত্রপাতি বাবদ ১,৫০,০০,০০০ টাকা এবং অন্যান্য বাবদ ৮০,০০,০০০ টাকা ব্যয় করে। প্রতিষ্ঠানটির ২০১৮ ও ২০১৯ সালের যন্ত্রপাতির উৎপাদনশীলতা ছিল যথাক্রমে ৬ ও ৫।

ক. স্বত্বগত উপযোগ কী? ১

খ. "অর্থনৈতিক উন্নয়নে উৎপাদনের ভূমিকা গুরুত্বপূর্ণ"– ব্যাখ্যা কর। ২

গ. ২০২০ সালের শাপলা গার্মেন্টসের মোট উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. ২০২০ সালের শাপলা গার্মেন্টসের যন্ত্রপাতির উৎপাদনশীলতার উপর তোমার মতামত ব্যক্ত কর। ৪

২ ▸ আমেনা বেগম একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি শীতকালে বিক্রয়ের উদ্দেশ্যে পিঠা তৈরি করেন। এ জন্য পিঠা তৈরির বিভিন্ন উপকরণ যেমন– চালের গুঁড়া, নারকেল, গুড়, পাতিল ইত্যাদি স্থানীয় বাজার থেকে ক্রয় করেন। তার তৈরি পিঠা মানসম্মত হওয়ায় চাহিদা ব্যাপক হারে বৃদ্ধি পায়। এ বর্ধিত চাহিদা পূরণের জন্য তিনি শহরের বিভিন্ন ফাস্টফুডের দোকানে পিঠা সরবরাহের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. উপযোগ কী? ১

খ. মূলধন গঠনে সঞ্চয়ের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. আমেনা বেগম তার কর্মকাণ্ড দ্বারা কোন ধরনের উপযোগ সৃষ্টি করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আমেনা বেগমের বিভিন্ন ফাস্টফুডের দোকানে পিঠা সরবরাহের সিদ্ধান্তের যৌক্তিকতা উপযোগের ধরন উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মিস ফারহানা যুব উন্নয়ন অধিদপ্তর থেকে সেলাই প্রশিক্ষণ নিয়ে তার বাড়িতেই বিভিন্ন ধরনের পোশাক তৈরি শুরু করেন। দুই বছরের মধ্যে তিনি তার ব্যবসায়ে সফলতা পান। তবে মিস ফারহানার একার পক্ষে সবকিছু একত্রিত করে উৎপাদন কাজ পরিচালনা করা সম্ভব হচ্ছে না। ফলে উৎপাদন ব্যাহত হচ্ছে। এমতাবস্থায় ১৫ জন শ্রমিককে তাদের যোগ্যতা ও দক্ষতা অনুযায়ী নিয়োগ দিয়ে সফলতার সাথে কাজ আদায় করেন।

ক. রাষ্ট্রীয় ব্যবসায় কী? ১

খ. "শ্রমিক ও শ্রম অবিচ্ছিন্ন"– ব্যাখ্যা কর। ২

গ. মিস ফারহানার ব্যবসায়ে উৎপাদনের কোন উপকরণের অভাবে সমস্যা সৃষ্টি হচ্ছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "শ্রম বিভাগের ফলেই প্রতিষ্ঠানে সঠিক মানের কাজ আদায় করা সম্ভব হয়েছে"– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ হোটেল প্যালেস দেশি ও বিদেশি পর্যটকদের কাছে অতি পরিচিত নাম। সমুদ্র সৈকতের পাশে অবস্থিত হওয়ায় এটির গুরুত্ব আরও বেশি বৃদ্ধি পেয়েছে। সম্প্রতি ব্রাজিল থেকে একদল বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী কক্সবাজার সমুদ্রসৈকতে বেড়াতে এসে এই হোটেলে উঠে। হোটেল কর্তৃপক্ষ তাদের চাহিদা ও পছন্দ মোতাবেক সেবা প্রদান করায় শিক্ষার্থিগণ উপকৃত হয়। ফলে এই হোটেলের সুনাম দেশের বাইরেও ছড়িয়ে পড়ে।

ক. দ্রব্য কী? ১

খ. "উৎপাদন ব্যবস্থাপনা উৎপাদন নিয়ন্ত্রণ করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়টি কোন খাতের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "কাস্টমাইজেশন-ই হোটেল ব্যবসায় সফলতার মূল কারণ"– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▸ 'X' কোম্পানি লিমিটেড পণ্যের মান না বাড়িয়ে ক্রেতার রুচি, পছন্দ মোতাবেক আকৃতি ও গঠন পরিবর্তন করে সাবান তৈরি করে বাজারজাতকরণের মাধ্যমে বেশ জনপ্রিয়তা অর্জন করে। অপরদিকে 'Y' কোম্পানি লিমিটেড মূল পণ্যের কোনো পরিবর্তন না করে শুধু পণ্যের বাহিরের আবরণ আকর্ষণীয় করে সাবান তৈরি করে বাজারজাতকরণ করে। এতে বিক্রি কিছুটা বাড়লেও ক্রেতাদের আকৃষ্ট করতে ব্যর্থ হয়।

ক. মজুদ নিয়ন্ত্রণ কী? ১

খ. "পণ্য ডিজাইন ক্রেতার চাহিদার ওপর নির্ভর করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'X' কোম্পানি লিমিটেড কোন ধরনের পণ্য ডিজাইন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'Y' কোম্পানি লিমিটেডের পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক ক্রেতাদের আকৃষ্ট করতে ব্যর্থ হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৬ ▸ 'রাজা সু' নিজস্ব কারখানায় জুতা উৎপাদন করে দেশব্যাপী বিক্রয় করে। প্রথম পর্যায়ে তাদের উৎপাদিত জুতা নিম্নমানের হওয়ায় তারা পরিসংখ্যানিক পদ্ধতি অনুসরণ করে পণ্যের মান পরিমাপ করে। এরপর থেকে 'রাজা সু' উন্নতমানের জুতা উৎপাদনের জন্য প্রথমেই মান স্থির করে এবং পূর্বনির্ধারিত মান অনুযায়ী পণ্য উৎপাদন হচ্ছে কিনা তা নিশ্চিত করে ও প্রয়োজনে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করে। ফলে তারা ক্রেতাদের আস্থা অর্জনে সক্ষম হয়।

ক. মান কী? ১

খ. ISO-9000 বলতে কী বোঝায়? ২

গ. 'রাজা সু' প্রাথমিক অবস্থায় কোন ধরনের ব্যয় করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের 'রাজা সু' কর্তৃক গৃহীত পদক্ষেপের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জনাব সৌরভ একটি বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চপদে চাকরি করেন। তাঁর প্রতিমাসে আয়ের পরিমাণ এক লক্ষ টাকা। তিনি চাকরির পাশাপাশি ব্যবসায় করার জন্য বেতনের সব টাকা খরচ না করে প্রতিমাসে কিছু টাকা জমা করেন।

ক. উৎপাদনশীলতা কী? ১

খ. 'যৌথ উদ্যোগ বিশ্বব্যাপী পণ্য উৎপাদন করে'– ব্যাখ্যা কর। ২

গ. জনাব সৌরভ মূলধন গঠনের কোন পর্যায়ে অবস্থান করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "জনাব সৌরভকে মূলধন গঠন করতে আরও কিছু ধাপ অতিক্রম করতে হবে"– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৮ ▸ মিসেস আলিশা একজন বিখ্যাত ফ্যাশন ডিজাইনার। তিনি ভোক্তাদের রুচি, পছন্দ এবং চাহিদাকে গুরুত্ব দিয়ে নতুন নতুন ডিজাইনের পণ্য তৈরি করেন। তাঁর ডিজাইনকৃত পোশাক বর্তমানে ক্রেতাদের কাছে অত্যন্ত জনপ্রিয়। ফলে মিসেস আলিশার ফ্যাশন হাউজের গ্রহণযোগ্যতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. সেবা কী? ১

খ. পণ্যের মান নির্ধারণে দায়িত্বপ্রাপ্ত আন্তর্জাতিক সংস্থাটির ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. মিসেস আলিশা পণ্য ডিজাইনের কোন বৈশিষ্ট্যকে গুরুত্ব দিয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মিসেস আলিশার ফ্যাশন হাউজের গ্রহণযোগ্যতা বাড়াতে পণ্য ডিজাইনের ভূমিকা গুরুত্বপূর্ণ"– উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯ ▸ জনাব আহনাফ একটি চাইনিজ রেস্টুরেন্টের স্বত্বাধিকারী। তিনি তার প্রতিষ্ঠানে তৈরিকৃত সকল খাবারের অনুমোদন মান নির্ধারণের দায়িত্বপ্রাপ্ত দেশীয় একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান থেকে গ্রহণ করেন। তার প্রতিষ্ঠানের কর্মীরা স্বতঃস্ফূর্তভাবে গুণগত মানের খাবার দীর্ঘদিন যাবৎ ধারাবাহিকভাবে তৈরি করছে। ফলে প্রতিষ্ঠানটি ক্রেতা সন্তুষ্টি ও সফলতা অর্জনে সক্ষম হয়েছে।

ক. বেঞ্চমার্কিং কী? ১

খ. "মান ব্যবস্থাপনা পণ্যের উচ্চ গুণগতমানের নিশ্চয়তা প্রদান করে"– ব্যাখ্যা কর। ২

গ. প্রতিষ্ঠানটি তাদের খাবারের অনুমোদন পেতে কোন প্রতিষ্ঠানের সাহায্য গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটির সফলতার কারণ মান ব্যবস্থাপনার ঐতিহাসিক প্রেক্ষাপটের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▸ 'শ্রীমঙ্গল জুস ইন্ডাস্ট্রি' একটি আনারসের জুস উৎপাদনকারী কোম্পানি। সম্প্রতি কোম্পানিটি উন্নতমানের জুস তৈরির জন্য পুরাতন যন্ত্রপাতির পরিবর্তে উন্নত প্রযুক্তি ব্যবহার করে। উক্ত পদ্ধতিতে সঠিকভাবে জুস তৈরিকরণ সম্ভব কিনা তা যাচাইয়ের জন্য প্রথমে অল্প পরিমাণে জুস তৈরির সিদ্ধান্ত নেয়।

ক. ধারণা উন্নয়ন কী? ১

খ. "পণ্য ডিজাইন পুনঃক্রয়ে সহায়তা করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটি প্রাথমিক পর্যায়ে কোন ধরনের পণ্য ডিজাইন অনুসরণ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটির গৃহীত পদক্ষেপের যৌক্তিকতা পণ্য ডিজাইনের পর্যায় উল্লেখপূর্বক তুলে ধর। ৪

১১ ▸ মৌলভীবাজারের আবহাওয়া ও জলবায়ু আঙুর চাষের উপযোগী হওয়ায় মি. ফয়েজ মৌলভীবাজারে কালো আঙুরের জুস কারখানা স্থাপন করেন। তিনি উক্ত কারখানা সম্প্রসারণের জন্য পর্যাপ্ত পরিমাণে মূলধন সংগ্রহের উদ্দেশ্যে তার বন্ধু জনাব ফাহিমকে সমহারে মুনাফা বণ্টনের চুক্তিতে ব্যবসায়ে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নেন।

ক. শ্রমের গতিশীলতা কী? ১

খ. "সংগঠন হলো সমন্বিত প্রচেষ্টা"– ব্যাখ্যা কর। ২

গ. মি. ফয়েজের কারখানা স্থাপনের পেছনে উৎপাদনের কোন উপকরণটির ভূমিকা রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সংগঠনের ধরন উল্লেখপূর্বক মি. ফয়েজের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব আমিন প্রচুর পরিমাণ আম সংগ্রহ করে 'তরী ইন্ডাস্ট্রিজ'-এ সরবরাহ করেন। প্রতিষ্ঠানটি চীনের তৈরি উন্নতমানের মেশিনের মাধ্যমে আমকে প্রক্রিয়াজাতকরণ করে 'তীর জুস' উৎপাদন করে। তৈরিকৃত জুসের গুণাগুণ ও স্বাদ ক্রেতাদের নিকট গ্রহণযোগ্য হওয়ায় প্রতিষ্ঠানটি প্রচুর মুনাফা অর্জন করে।

ক. সময়গত উপযোগ কী? ১

খ. 'উৎপাদন কর্মসংস্থান সৃষ্টি করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব আমিনের কাজের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'তরী ইন্ডাস্ট্রিজ' কর্তৃক সৃষ্ট উপযোগটির মাধ্যমে অধিক মুনাফা অর্জন সম্ভব হয়– বিশ্লেষণ কর। ৪

২ ▸ পদ্মা লিমিটেড এর ২০২০ সালের উৎপাদিত পণ্যের মূল্য ছিল ১২,০০,০০০ টাকা। উক্ত সময়ে প্রতিষ্ঠানটির ব্যবহৃত উপকরণ মূল্য ছিল যথাক্রমে কাঁচামাল ৪,০০,০০০ টাকা, বেতন ও মজুরি ২,০০,০০০ টাকা এবং বিবিধি খাতে ব্যয় ১,০০,০০০ টাকা।

২০২১ সালের উৎপাদিত পণ্যের মূল্য পূর্ববর্তী বছরের ন্যায় হলেও ব্যবহৃত উপকরণের মূল্য ছিল যথাক্রমে কাঁচামাল ৪,৫০,০০০ টাকা, বেতন ও মজুরি ২,০০,০০০ টাকা এবং বিবিধ খাতে ব্যয় ১,৫০,০০০ টাকা।

ক. যন্ত্রের উৎপাদনশীলতা কী? ১

খ. উৎপাদন নতুন পণ্য উদ্ভাবনে সহায়তা করে – ব্যাখ্যা কর। ২

গ. পদ্মা লিমিটেড এর ২০২০ সালের মোট উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. ২০২১ সালের মোট উৎপাদনশীলতা নির্ণয়পূর্বক প্রতিষ্ঠানটির সার্বিক অগ্রগতির উপর মন্তব্য কর। ৪

৩ ▸ জনৈক শিক্ষক একদিন শ্রেণিকক্ষে এমন দুটি উৎপাদন উপকরণের কথা বললেন, যার প্রথমটির যোগান সীমিত ও অবিনশ্বর এবং দ্বিতীয়টি ধ্বংসশীল ও মজুদ করা যায় না। তিনি আরও বললেন, দ্বিতীয় উপকরণটি বাংলাদেশে পর্যাপ্ত পরিমাণে পাওয়া গেলেও উন্নত বিশ্বের অনেক দেশে এর অভাব পরিলক্ষিত হয়। বাংলাদেশ উক্ত উপকরণ বিদেশে রপ্তানি করলেও সরকারের উচিত এটি রপ্তানিতে আরও বেশি উদ্যোগী হওয়া।

ক. পেশাগত শ্রম বিভাগ কী? ১

খ. শ্রম বিভাগের মাধ্যমে সময়ের সদ্ব্যবহার হয়– ব্যাখ্যা কর। ২

গ. জনৈক শিক্ষক শ্রেণিকক্ষে প্রথমে উৎপাদনের কোন উপকরণের কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. দ্বিতীয় উপকরণটি পর্যাপ্ত পরিমাণে বিদেশে রপ্তানি করা গেলে দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হবে– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জনাব নিলয় একটি আনারসের জুস তৈরির কারখানা স্থাপন করেন। কারখানার জন্য ৫০ লক্ষ টাকা ব্যয়ে তিনি জাপান থেকে জুস তৈরির অত্যাধুনিক মেশিন আমদানি করেন। মেশিনের উৎপাদন ক্ষমতা অনুযায়ী তিনি ৪০০ জন কর্মচারী নিয়োগ করেন। ফলে তাঁর প্রতিষ্ঠানের সফলতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. মানসিক শ্রম কী? ১

খ. নিজেদের অস্তিত্ব রক্ষায় সমবায় সমিতি গঠিত হয়– ব্যাখ্যা কর। ২

গ. জনাব নিলয় কারখানা স্থাপনে প্রাথমিক পর্যায়ে উৎপাদনের কোন উপকরণের উপর গুরুত্ব দিয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে জনাব নিলয় ও তার কর্মচারী কর্তৃক প্রদত্ত শ্রম এক নয়"– কর্মচারী কর্তৃক প্রদত্ত শ্রমের ধরন উল্লেখপূর্বক মতামত বিশ্লেষণ কর। ৪

৫ ▸ জনাব রাজিব নিজস্ব পুঁজি, শ্রম ও দক্ষতা দিয়ে একটি ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপন করেন। বছর দুয়েক পর ব্যবসায়ের কর্মপরিধি বৃদ্ধি পেলে তিনি তাঁর অপর এক বন্ধুর সাথে সমান লাভ লোকসান বণ্টনের মাধ্যমে চুক্তিতে আবদ্ধ হন। বর্তমানে দু'বন্ধু মিলে ব্যবসায়টিকে আরও সমৃদ্ধির পথে নিয়ে যাচ্ছেন।

ক. সঞ্চয় কী? ১

খ. সংগঠন পারস্পরিক সম্পর্ক নির্ধারণ করে– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব রাজিব প্রাথমিক পর্যায়ে কোন ধরনের সংগঠন পরিচালনা করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত পরবর্তী পর্যায়ের সংগঠনটির গোপনীয়তা প্রথম পর্যায়ের সংগঠনের তুলনায় কম।" – পরবর্তী পর্যায়ের সংগঠনটির ধরন উল্লেখপূর্বক মতামত বিশ্লেষণ কর। ৪

৬ ▸ 'ক্লাসিক হসপিটাল' আধুনিক প্রযুক্তিনির্ভর চিকিৎসা সামগ্রীসমৃদ্ধ একটি প্রতিষ্ঠান। এখানে আধুনিক যন্ত্রপাতির সাহায্যে চিকিৎসা প্রদান করা হলেও অভিজ্ঞ, দক্ষ কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মীর অভাবে কাঙ্ক্ষিত সেবা থেকে গ্রাহকরা বঞ্চিত হচ্ছে। এ জন্য 'ক্লাসিক হসপিটাল' যথেষ্ট ক্ষতির সম্মুখীন হচ্ছে।

ক. পণ্য কী? ১

খ. 'শিল্পবিপ্লব যুগে ভারী শিল্প গড়ে উঠে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রতিষ্ঠানটি সেবাখাতের প্রবৃদ্ধির কোন পর্যায়ের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উৎপাদনশীলতার চ্যালেঞ্জ মোকাবিলা করতে না পারাই উদ্দীপকের প্রতিষ্ঠানের বর্তমান পরিস্থিতির মূল কারণ।"– তুমি কি একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৭ ▸ 'হট বেকারি' একটি বিখ্যাত মানসম্মত খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান। তারা হরেক ডিজাইনের কেক ও মিষ্টিজাতীয় পণ্য উৎপাদন ও বিপণন করে। এছাড়া ক্রেতারা তাদের পছন্দের ডিজাইন ও ফ্লেভারের কেক প্রতিষ্ঠানটি থেকে অর্ডার দিয়ে তৈরি করে নিতে পারে। তাদের পণ্যের মারেন ক্রেতারা খুবই সন্তুষ্ট। বর্তমানে প্রতিষ্ঠানটির বিক্রির পরিমাণ অনেকগুণ বৃদ্ধি পেয়েছে এবং ব্যবসায় সফলতা অর্জন করেছে।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১

খ. 'সেবার নির্দিষ্ট মান নেই'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'হট বেকারি' দ্রব্য না সেবা উৎপাদন করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কাস্টমাইজেশনই 'হট বেকারি'র পণ্যের ক্রেতা সন্তুষ্টির কারণ– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ 'প্রগতি ফার্নিচার মার্ট' আধুনিক ডিজাইনের আসবাবপত্র তৈরি করে থাকে। প্রতিষ্ঠানটি উৎপাদনের পূর্বে বাজার চাহিদা পূর্বানুমান করে সে অনুযায়ী আসবাবপত্র উৎপাদনের জন্য কারিগরি দিক বিবেচনা করে। পরবর্তীতে প্রতিষ্ঠানটির উৎপাদিত আসবাবপত্রের সম্ভাব্য বাজার পর্যবেক্ষণের জন্য সীমিত আকারে উৎপাদন করে। ভোক্তাদের নিকট উক্ত ডিজাইনের আসবাবপত্র বেশ গ্রহণযোগ্য হওয়ায় প্রতিষ্ঠানটি ব্যাপকহারে উৎপাদনের চিন্তাভাবনা করছে।

ক. বিক্রয়োত্তর সেবা কী? ১

খ. উপযোগ সংযোগ কীভাবে পণ্যের উপযোগিতা বৃদ্ধি করে? ব্যাখ্যা কর। ২

গ. 'প্রগতি ফার্নিচার মার্ট' প্রাথমিক পর্যায়ে পণ্য ডিজাইনের কোন স্তরে অবস্থান করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'প্রগতি ফার্নিচার মার্ট' পরবর্তী পর্যায়ে পণ্য ডিজাইনের যে স্তরে অবস্থান করছে তা ভবিষ্যৎ উৎপাদনের সিদ্ধান্ত গ্রহণে সহায়ক। – বিশ্লেষণ কর। ৪

৯ ▸ দৃশ্যকল্প- ০১ : 'বাংলা ফ্যাশন হাউজ' বাংলাদেশে নানান ধর্মের লোকজন বসবাস করে বিধায় ঈদ, পূজা, বৌদ্ধ পূর্ণিমা ও বড়দিন উপলক্ষে উৎসবের ভিন্নতা অনুযায়ী পোশাকের ডিজাইন করে বাজারজাতকরণ করে।

দৃশ্যকল্প- ০২ : 'রূপসী বাংলা ফ্যাশন হাউজ' বাংলাদেশের অনেক গৌরবময় দিবস যেমন : ২১ ফেব্রুয়ারি, ২৬ মার্চ, ১৬ ডিসেম্বর, পহেলা বৈশাখ, পহেলা ফাল্গুন ইত্যাদি দিবসের প্রেক্ষাপট অনুযায়ী দিবসগুলোর সাথে সামঞ্জস্য রেখে পোশাকের ডিজাইন করে।

ক. মডিউলার ডিজাইন কী? ১

খ. পণ্য ডিজাইন নতুন পণ্য প্রবর্তনে সহায়তা করে। – ব্যাখ্যা কর। ২

গ. 'রূপসী বাংলা ফ্যাশন হাউজ' বাংলাদেশের পরিপ্রেক্ষিতে কোন ধরনের পণ্য ডিজাইন করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বাংলা ফ্যাশন হাউজ' দেশীয় ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষায় ভূমিকা রাখে– বাংলাদেশের পরিপ্রেক্ষিতে পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক মতামত বিশ্লেষণ কর। ৪

১০ ▸ 'নেপচুন ইলেকট্রনিক্স; বৃহদায়তন ওয়াশিং মেশিন উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি এ পণ্যের পাঁচ বছরের ওয়ারেন্টি দিয়ে থাকেন। কিন্তু কারিগরি ত্রুটির কারণে গত এক বছরে বিক্রয়কৃত পণ্যের ২৫% ফেরত আসায় প্রতিষ্ঠানটি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। ফলে প্রতিষ্ঠানটি কারিগরি ত্রুটি চিহ্নিতকরণ এবং পুনঃডিজাইন বাবদ প্রচুর অর্থ ব্যয় করে এ অবস্থা থেকে মুক্তি পেতে চায়।

ক. মান কী? ১

খ. মান ব্যবস্থাপনা পণ্যের অপচয় কমায়– ব্যাখ্যা কর। ২

গ. 'নেপচুন ইলেকট্রনিক্স' নিম্নমানের পণ্য উৎপাদনজনিত কোন ব্যয়ের ফলে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. আর্থিক ক্ষতি হতে মুক্তি পেতে প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত পদক্ষেপের সাথে কোন ধরনের নিম্নমানের পণ্য উৎপাদনজনিত ব্যয়ের সাদৃশ্য রয়েছে? তোমার মতামত দাও। ৪

১১ ▸ মি. বাদল একটি নুডুলস তৈরির কারখানার মালিক। তিনি নুডুলস উৎপাদনের ক্ষেত্রে মান বৃদ্ধির কার্যক্রম চালু রেখে কর্মী সংশ্লিষ্টতা ও গ্রাহক সন্তুষ্টির বিষয়ে গুরুত্ব দিয়ে থাকেন। এতে তাঁকে কার্যকর তদারকি করতে হয়। তিনি বাংলাদেশ সরকারের একটি প্রতিষ্ঠান হতে মান সনদ গ্রহণ করেন। উৎপাদিত পণ্য ভোক্তাদের নিকট বেশ গ্রহণযোগ্য হওয়ার ফলে প্রতিষ্ঠানটির বিক্রয় ও সুনাম বৃদ্ধি পায়।

ক. মান নিশ্চিতকরণ কী? ১

খ. নিম্নমানের পণ্য মূল্যায়ন খরচ বৃদ্ধি করে। – ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন সংস্থা থেকে সনদ গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সার্বিক মান ব্যবস্থাপনাই উদ্দীপকের প্রতিষ্ঠানটির বিক্রয় ও সুনাম বৃদ্ধিতে ভূমিকা রাখে– বিশ্লেষণ কর। ৪

ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব সামাদ একজন মরিচ ব্যবসায়ী। বগুড়া থেকে উন্নতজাতের কাঁচা মরিচ ক্রয় করে চট্টগ্রামের রিয়াজুদ্দিন বাজারে বিক্রয় করে লাভবান হন। কিন্তু জুন মাসে অতিবৃষ্টির কারণে একটি বড় চালান চট্টগ্রামের রিয়াজুদ্দিন বাজারে আসতে বিলম্ব হয়। ফলে স্থানীয় পাইকাররা কাঁচা মরিচ সংগ্রহ করতে পারেনি। কিন্তু বাজারে এলাকায় কাঁচা মরিচ সংরক্ষণের কোনো ব্যবস্থা ছিল না। এ পরিস্থিতিতে জনাব সামাদ খুবই চিন্তিত হয়ে পড়েছেন।

ক. শ্রমের গতিশীলতা কী? ১

খ. "মূলধন উৎপাদনশীল"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রিয়াজুদ্দিন বাজারে কাঁচা মরিচ সরবরাহের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "কৃষিপণ্য সহনীয় মূল্যে সারাবছর ভোগ করার জন্য সংরক্ষণ ব্যবস্থা পর্যাপ্ত থাকা প্রয়োজন"– তুমি কি একমত? উপযোগের ধরন বিবেচনায় তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

২ ▸ ২০২১ সালে রহমান গার্মেন্টসের উৎপাদিত পণ্যের মূল্য ছিল ১৫,০০,০০০ টাকা। এ সময় প্রতিষ্ঠানটির যন্ত্রপাতির বাবদ ৩,০০,০০০ টাকা। বেতন ও মজুরি বাবদ ১,৫০,০০০ টাকা, সংযোজিত ব্যয় বাবদ ১০,০০,০০০ টাকা এবং অন্যান্য বাবদ ১,০০,০০০ টাকা ব্যয় করেন। ২০২০ সালে উৎপাদনের পরিমাণ একই থাকলেও যন্ত্রপাতি বাবদ ৪,০০,০০০ টাকা, বেতন ও মজুরি বাবদ ২,০০,০০০ টাকা, সংযোজিত ব্যয় বাবদ ৯,৯০,০০০ টাকা এবং অন্যান্য বাবদ ১,০৫,০০০ টাকা ব্যয় হয়েছিল।

ক. ব্যবসায় জোট কী? ১

খ. 'শ্রম দক্ষতা বৃদ্ধিতে শ্রম বিভাগ সহায়তা করে'– ব্যাখ্যা কর। ২

গ. ২০২১ সালের জন্য রহমান গার্মেন্টসের মোট উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ২০২০ সালের জন্য প্রতিষ্ঠানের উৎপাদনের সামগ্রিক অবস্থা মূল্যায়ন কর। ৪

৩ ▸ বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন কর্তৃপক্ষ সোনারগাঁয়ে প্রতিবছর জানুয়ারিতে লোক-কারুশিল্প মেলার আয়োজন করে। এ মেলা উপলক্ষ্যে বাঁশ ও বেতের তৈরি আসবাবপত্র, হাতপাখা, শো-পিস ও খেলনার চাহিদা বাড়ায় নারায়ণ বসাক নিজ বাড়িতে উক্ত দ্রব্যাদি তৈরি ও বিক্রয় করেন। অন্যদিকে আবেদ টেক্সটাইল মিলস্ লি. বিভিন্ন উৎস থেকে তুলা সংগ্রহ করে বিভিন্ন ধরনের কাপড় তৈরি ও বিক্রয় করেন।

ক. রূপগত উপযোগ কী? ১

খ. উৎপাদনশীলতা কী কারণে বৃদ্ধি পায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে নারায়ণ বসাকের কাজটি কোন শ্রম বিভাগের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে দুটি শ্রম বিভাগ থাকলেও একটি অন্যটি থেকে ভিন্ন" তোমার মতামত দাও। ৪

৪ ▸ "কাসেম লি." খেলনা উৎপাদনকারী একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বর্তমানে রোবটিক্স প্রযুক্তি ব্যবহার করে দামি খেলনা তৈরি করার চিন্তা-ভাবনা করছে। তাই প্রতিষ্ঠানটি অত্যন্ত গুরুত্বের সাথে এই ধরনের খেলনার সম্ভাব্য চাহিদা নির্ধারণ ও বর্তমান সক্ষমতার সাথে সম্ভাব্য চাহিদার তুলনা করছে। বর্তমানে তারা স্বল্প পরিসরে রোবটিক্স প্রযুক্তির খেলনা উৎপাদন করছে এবং বিক্রয় বৃদ্ধি পাচ্ছে। তাই ভবিষ্যতে প্রতিষ্ঠানটি বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদনের চিন্তা-ভাবনা করছে।

ক. PERT এর পূর্ণরূপ কী? ১

খ. কাস্টমাইজেশনের ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. পণ্য ডিজাইনে কাসেম লি. কোন পদ্ধতিকে গুরুত্ব দিয়েছে?– ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'কাসেম লি." এর বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদনের সিদ্ধান্ত কতটুকু যৌক্তিক? মতামত বিশ্লেষণ কর। ৪

৫ ▸ জনাব রহিম একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। সে মাসে বেতন পায় ৩০,০০০ টাকা। চাকরির শুরু থেকেই সে প্রতিমাসে একটি সরকারি আর্থিক প্রতিষ্ঠানে ২,০০০ টাকা করে ১০ বছর মেয়াদি ডি, পি, এস হিসাব খুলেন। ১০ বছর পর প্রাপ্ত টাকা দিয়ে জনাব রহিম একটি পোলট্রি ফার্ম গড়ে তোলেন। ব্যবসায়টি লাভজনক হওয়ায় তিনি সম্প্রসারণের কথা ভাবছেন। এতে প্রচুর অর্থের প্রয়োজন। তাই সে সমঝোতার ভিত্তিতে তার বন্ধু করিমকে ব্যবসায়ে অন্তর্ভুক্ত করেন।

ক. উপযোগ কী? ১

খ. উৎপাদন ও উৎপাদনশীলতা কি একই? – ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে সংগঠন বিবেচনায় জনাব রহিমের বর্তমান ব্যবসায়টির ধরন বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে মি. রহিমের মূলধন সংগ্রহের কাজটি মূলধন গঠনের কোন পর্যায়ের অন্তর্ভুক্ত– বিশ্লেষণ কর। ৪

৬ ▸ জনাব সেলিম একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। তিনি তার প্রতিষ্ঠানে বিস্কুট উৎপাদন ও বিক্রয় করেন। এছাড়াও তিনি তার প্রতিষ্ঠানের সার্বিক মান ব্যবস্থাপনায় সবসময় ভোক্তা সন্তুষ্টির জন্য পণ্য পরিদর্শন ও পণ্য পরীক্ষণ ইত্যাদি সংক্রান্ত খরচের ওপর বেশি গুরুত্ব দেন। তিনি মান নিয়ন্ত্রণের প্রতিটি ক্ষেত্র গুরুত্বসহকারে পর্যবেক্ষণ করেন। ফলে তার বিস্কুটের চাহিদা বাড়তে থাকে।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. "দ্রব্য সেবা থেকে আলাদা"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব সেলিম যে ধরনের খরচের প্রতি বেশি জোর দেন তা কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর মান নিয়ন্ত্রণ উৎপাদনকারী প্রতিষ্ঠানের সফলতার মূল কারণ? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▸ কাদের গাজীপুর 'ভেলভেট ফ্যাশন' কারখানায় কর্মরত একজন শ্রমিক। মালিক তার কাজে সন্তুষ্ট হয়ে সুপারভাইজার পদে পদোন্নতি দেন। প্রতিষ্ঠানটিতে উন্নত মানের পণ্যসামগ্রী উৎপাদিত হওয়ায় বিদেশে পণ্যের চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পায়। এই কারণে তিনি ব্যবসায় সম্প্রসারণে আগ্রহী। কিন্তু বর্তমানে প্রতিষ্ঠানটিতে মজুরি বৃদ্ধির দাবিতে শ্রমিক অসন্তোষ দেখা দিয়েছে।

ক. শিল্পবিপ্লবের যুগ কাকে বলে? ১

খ. উৎপাদন ব্যবস্থাপনা ক্রেতাকেন্দ্রিক কেন? – ব্যাখ্যা কর। ২

গ. কাদের কোন ধরনের শ্রমের গতিশীলতা সৃষ্টি করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যা সমাধানে করণীয় কী? মতামত দাও। ৪

৮ ▸ আলফা কসমেটিক লি. একটি প্রসাধনী উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ক্রেতাদের চাহিদা, রুচি ও সামর্থ্যের প্রতি গুরুত্ব দিয়ে পণ্য উৎপাদন ও বিপণন করে। এছাড়াও প্রতিষ্ঠানটি উৎপাদন ব্যবস্থায় উন্নত প্রযুক্তি ব্যবহার করে স্বাস্থ্যসম্মত পণ্য উৎপাদন ও বিপণন করে ব্যাপক সুনাম অর্জন করেছে।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. পণ্যের মান নিশ্চিতকরণে কী কী বিষয় জড়িত থাকে? – ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'আলফা কসমেটিক লি.' উৎপাদন ব্যবস্থাপনার ক্রমবিকাশ পর্যায়ের কোন যুগের অন্তর্ভুক্ত? – ব্যাখ্যা কর। ৩

ঘ. "আলফা কসমেটিক লি." এর সফলতার মূল কারণ কী? তোমার মতামত দাও। ৪

৯ ▸ জনাব শামসুলের একটি পরিবার তৈল মিল আছে। তিনি দেশের বিভিন্ন অঞ্চল থেকে সরিষা সংগ্রহ করে উন্নতমানের তৈরি উৎপাদন ও বিক্রয় করেন। কয়েক বছরের মধ্যে প্রতিষ্ঠানটির বিক্রয় বৃদ্ধি পায়। ফলে তিনি উৎপাদন বাড়ানোর সিদ্ধান্ত নেন। তিনি ব্যাংক ঋণ নিয়ে উচ্চ ক্ষমতাসম্পন্ন মেশিন ক্রয় করেন এবং আরও কয়েকজন শ্রমিক নিয়োগ দেন।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১

খ. 'সেবা পচনশীল'– ব্যাখ্যা কর। ২

গ. জনাব শামসুলের কাজটি উৎপাদনের কোন উৎপাদনের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব শামসুলের ব্যাংক ঋণ গ্রহণ কতটুকু যৌক্তিক? মতামত বিশ্লেষণ কর। ৪

১০ ▸ 'ডন ফুডস লি.' একটি খাদ্যদ্রব্য উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি উৎপাদন ও বিপণনের আগে বাংলাদেশের একটি সংস্থা থেকে মান সনদ গ্রহণ করেন। সম্প্রতি প্রতিষ্ঠানটি কানাডায় খেজুর গুড় রপ্তানির পরিকল্পনা করেন। কিন্তু কানাডার বিপণনকারীরা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন একটি মান নিয়ন্ত্রণকারী সংস্থা সনদ থাকার শর্ত জুড়ে দেয়। এ জন্য প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক মান নিয়ন্ত্রণকারী সংস্থা থেকে সনদ সংগ্রহ করে রপ্তানি শুরু করেন। ফলে প্রতিষ্ঠানটির কার্যক্রম সম্প্রসারিত হয় এবং বৈদেশিক মুদ্রা অর্জনে সক্ষম হন।

ক. পরীক্ষণ ব্যয় কী? ১

খ. 'ত্রুটি থেকেই মূল্যায়ন ব্যয়ের উৎপত্তি;– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'ডন ফুডস লি.' বাংলাদেশের কোন সংস্থা থেকে মান সনদ গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে ডন ফুডস লি. এর ভূমিকা মূল্যায়ন কর। ৪

১১ ▸ জনাব কামাল একজন গাড়ি প্রস্তুতকারক ও বিক্রেতা। তিনি নূতন ব্র্যান্ডের গাড়ি উৎপাদন করতে চান। এই জন্য বাজার জরিপ করে পণ্যের ডিজাইন ও পরিকল্পনা স্থির করেন। কম্পিউটার নিয়ন্ত্রিত এই গাড়ি দুর্ঘটনা এড়িয়ে চলতে পারে। যখন গাড়িটি উৎপাদিত হলো তখন ক্রেতাদের নিকট খুবই জনপ্রিয়তা অর্জন করল।

ক. নিবারণ ব্যয় কী? ১

খ. 'মান নিয়ন্ত্রণের মাধ্যমে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা যায়' – ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উৎপাদিত গাড়ি পণ্য ডিজাইনের কোন স্তরে আছে? বর্ণনা কর। ৩

ঘ. 'ডিজাইন ক্রেতাসন্তুষ্টির সহায়ক'– তুমি কী এ বক্তব্যের সাথে একমত? মতামত দাও। ৪

ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 8 6

সময়–৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. উৎপাদন প্রক্রিয়ার জটিলতা নিরসনে কোন ব্যবস্থাপনার গুরুত্ব বেশি?
ক পণ্য খ মান গ উৎপাদন ঘ সাধারণ

২. পণ্য ডিজাইনের পর্যায়ে ধারণা উন্নয়নে যে সকল কার্য সম্পাদন করা হয় তা হলো–
i. ভোক্তার রুচি, পছন্দ, চাহিদা পর্যালোচনা করা
ii. প্রতিযোগী প্রতিষ্ঠানের তৎপরতা বিশ্লেষণ
iii. প্রতিষ্ঠানের গবেষণা বিভাগের সাথে পরামর্শ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রাকিব উন্নতমানের কাঠ দিয়ে ফার্নিচার তৈরি করে বিক্রয় করেন। তার ফার্নিচার মানসম্পন্ন ও টেকসই হওয়ায় অল্প সময়ের মধ্যে তিনি ব্যবসায় সফলতা পান। বর্তমানে মেলামাইন বোর্ডের অত্যাধুনিক ডিজাইনের ফার্নিচার বাজারে আসায় তার বিক্রয়ের পরিমাণ হ্রাস পায়। এ নিয়ে তিনি বেশ চিন্তিত।

৩. মি. রাকিব তার ফার্নিচার তৈরির ক্ষেত্রে কোন ধরনের ডিজাইন অনুসরণ করেছেন?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকিং

৪. বর্তমান সমস্যা সমাধানে রাকিবের করণীয় হলো–
i. উন্নত প্রযুক্তি ব্যবহার ii. মূলধন বিনিয়োগ
iii. বাহ্যিক সৌন্দর্যের ওপর গুরুত্বারোপ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫. 'মুন চিপস লি.' বাচ্চাদের ক্রয়ে আকৃষ্ট করার জন্য কার্টুনসংবলিত প্যাকেটজাত চিপস বাজারজাত করে।
'মুন চিপস লি.' চিপস বিক্রয়ের ক্ষেত্রে কোন ধরনের ডিজাইন অনুসরণ করেছে?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকিং

৬. উদ্দীপকে উল্লিখিত পণ্য ডিজাইনের গুরুত্ব হলো–
i. পণ্য মান অক্ষুণ্ন রাখা ii. অর্থায়নের ব্যবস্থা করা
iii. ভোক্তা আকর্ষণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭. পণ্য ডিজাইন ক্রেতাদের নিকট গুরুত্বপূর্ণ কেন?
ক বিক্রয় বৃদ্ধির জন্য খ বাজার সম্প্রসারণের জন্য
গ কার্যকারিতা বৃদ্ধির জন্য ঘ নতুন পণ্য প্রবর্তনের জন্য

৮. দ্রব্য ও সেবা তৈরির প্রক্রিয়াকে কী বলা হয়?
ক উৎপাদন খ উপকরণ
গ উৎপাদনশীলতা ঘ ব্যবস্থাপনা

৯. অভাব পূরণের ক্ষমতাকে কী বলে?
ক পণ্য খ সেবা গ উৎপাদন ঘ উপযোগ

১০. কাঠ কেটে আসবাবপত্র তৈরির মাধ্যমে যে উপযোগ সৃষ্টি হয় তা হলো–
ক স্থানগত খ স্বত্বগত
গ রূপগত ঘ সময়গত

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
তপন পাল বিভিন্ন ঐতিহাসিক দিবস উপলক্ষে মাটির তৈজসপত্র তৈরি করে বাজারে সরবরাহ করেন। তাঁর উৎপাদিত তৈজসপত্র নান্দনিক ডিজাইনের হওয়ায় বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পায়। তার প্রতিষ্ঠানে ২০ জন কর্মী নিরলসভাবে কাজ করে। ফলে তপন পাল ও তাঁর কর্মীদের আর্থিক ও সামাজিক কল্যাণ সাধিত হয়।

১১. উদ্দীপকে তপন পালের সামগ্রিক কার্যক্রমকে কী বলে?
ক অর্থায়ন খ উৎপাদন
গ বিপণন ঘ ব্যবস্থাপনা

১২. তপন পালের কার্যক্রমের মাধ্যমে যে সুবিধা অর্জিত হয় তা হলো–
i. উপযোগ সৃষ্টি ii. সামগ্রিক কল্যাণ সাধন
iii. জীবনযাত্রার মান উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. মি. আশিফ বিভিন্ন বাজার থেকে পাট সংগ্রহ করে নিজস্ব পরিবহনের মাধ্যমে খুলনার করিম জুট মিলে সরবরাহ করে।
মি. আশিকের কার্যক্রমের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?
ক রূপগত খ স্থানগত
গ স্বত্বগত ঘ সময়গত

১৪. অংশীদারি সংগঠনের সর্বনিম্ন সদস্যসংখ্যা কতজন?
ক ২ খ ৪ গ ৬ ঘ ৮

১৫. কৃত্রিম ব্যক্তিসত্তার অধিকারী কোন সংগঠন?
ক একমালিকানা খ অংশীদারি
গ যৌথমূলধনী ঘ সমবায়

১৬. ISO-এর পূর্ণরূপ কোনটি?
ক International Standard Organization
খ International Social Organization
গ International Secured Organization
ঘ International Statistical Organization

১৭. বাহ্যিক ব্যর্থতার ব্যয় হলো–
i. প্রশিক্ষণ ব্যয় ii. পণ্যের ওয়ারেন্টি
iii. মামলা পরিচালনা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
ম্যাক্সি লি. মাল্টা জুস উৎপাদন ও বাজারজাতকারী একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দীর্ঘদিন যাবৎ দেশীয় বাজারে সুনামের সাথে জুস বাজারজাত করে আসছে। সাম্প্রতিককালে প্রতিষ্ঠানটি বৈদেশিক বাজারে জুস বাজারজাত করার চিন্তাভাবনা করছে। উক্ত কারণে প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক মানসনদ প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট থেকে মানসনদ সংগ্রহের জন্য আবেদন করে। আন্তর্জাতিক প্রতিষ্ঠানটি জুসের মান ও অন্যান্য উৎপাদন পরীক্ষা করে মানসনদ প্রদান করে। ফলে 'ম্যাক্সি লি.' অল্প সময়ের মধ্যে বৈদেশিক বাজারে সফলতা লাভে সক্ষম হয়।

১৮. 'ম্যাক্সি লি.' বৈদেশিক বাজারে জুস বাজারজাতকরণে কোন সংস্থার নিকট থেকে মানসনদ সংগ্রহ করে?
ক BSTI খ ISO গ OPEC ঘ ADB

১৯. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির ব্যবসায় সফলতা লাভের কারণ হলো–
i. পণ্যের বিক্রয় বৃদ্ধি
ii. উৎপাদন ব্যয় হ্রাস
iii. প্রতিযোগী মোকাবিলা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২০. 'বেগম বেকারি' তার উৎপাদিত খাদ্যসামগ্রী দেশীয় বাজারে বাজারজাত করার জন্য দেশীয় একটি মানসনদ প্রদানকারী সংস্থার নিকট থেকে মান সনদ সংগ্রহ করে।
বেগম বেকারি দেশীয় কোন প্রতিষ্ঠান থেকে মানসনদ সংগ্রহ করেছে?
ক BSTI খ BRTC গ BRDB ঘ BJMC

২১. নিম্নমানের পণ্য উৎপাদনের জন্য পরীক্ষা-নিরীক্ষার যে ব্যয় হয় তা কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত?
ক প্রিভেনশন খ অ্যাপ্রাইজাল
গ ইন্টারনাল ফেইলিউর ঘ এক্সটারনাল ফেইলিউর

২২. BSTI কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৮১ খ ১৯৮৩ গ ১৯৮৫ ঘ ১৯৮৭

২৩. পারস্পরিক কল্যাণের লক্ষ্যে সম-অধিকারের ভিত্তিতে যে সংগঠন গড়ে তোলা হয় তার নাম কী?
ক সমবায় সমিতি খ ব্যবসায় জোট
গ যৌথ উদ্যোগ ঘ রাষ্ট্রীয় সংগঠন

২৪. মূলধন গঠনের প্রধান পর্যায় কয়টি?
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

২৫. কাজের উদ্দেশ্যে শ্রমিকের একস্থান থেকে অন্যস্থানে স্থানান্তর কোন ধরনের শ্রমের গতিশীলতা?
ক পেশাগত খ স্তরগত গ শিল্পগত ঘ ভৌগোলিক

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
'পদ্মা কনভেনশন হল' রাজশাহী শহরের পদ্মা নদীর তীরে অবস্থিত। যোগাযোগ ব্যবস্থা সুন্দর হওয়ায় অনেক প্রতিষ্ঠান তাদের সভা-সমাবেশ, বাৎসরিক নৈশ ভোজ এবং বিভিন্ন সামাজিক অনুষ্ঠান এখানে সম্পাদন করে। চাহিদামাফিক বয়, বাবুর্চি ও কর্মী পাওয়ায় সহজেই এই সকল অনুষ্ঠান সম্পাদন করা যায়। এছাড়াও মনোরম পরিবেশ সকলকে আকৃষ্ট করে।

২৬. উল্লিখিত উদ্দীপকে উৎপাদনের কোন উপকরণের প্রত্যক্ষ প্রভাব রয়েছে?
ক ভূমি খ শ্রম গ মূলধন ঘ সংগঠন

২৭. উল্লিখিত উদ্দীপকে ক্রেতা আকর্ষণের কারণ হলো–
i. মনোরম পরিবেশ
ii. অবকাঠামোগত সুযোগ-সুবিধা
iii. শ্রমের পর্যাপ্ততা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. মি. মাহবুব রাজশাহীতে একটি সিল্ক ফ্যাক্টরি স্থাপন করেন। ক্রেতাদের পছন্দ অনুযায়ী ঈদ উপলক্ষে বাজারে নতুন ডিজাইনের শাড়ি বাজারজাত করার জন্য তিনি দীর্ঘদিন যাবৎ পরিকল্পনা করেন। পরবর্তীতে তিনি দক্ষ শ্রমিক নিয়োগ করেন। উৎপাদন কার্যসম্পাদনে তিনি সঠিক দিক-নির্দেশনা দেন। তার এ সকল কার্যক্রমের মাধ্যমে ব্যবসায়ে সফলতা পান। মি. মাহবুবের কার্যক্রম কোন ধরনের ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত?
ক কর্মী খ মান গ উৎপাদন ঘ বিপণন

২৯. উৎপাদন ব্যবস্থায় কম্পিউটার প্রযুক্তি ও ইন্টারনেট ব্যবহার উৎপাদন কার্যক্রম পরিচালনা কোন যুগের অন্তর্ভুক্ত?
ক শিল্পবিপ্লব পূর্ববর্তী যুগ খ শিল্পবিপ্লব যুগ
গ শিল্পবিপ্লব পরবর্তী যুগ ঘ আধুনিক যুগ

৩০. দ্রব্যের বৈশিষ্ট্য কোনটি?
ক দৃশ্যমান খ অস্পর্শনীয়তা
গ নশ্বরতা ঘ অবিচ্ছিন্নতা

রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 8 6

সময়–৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. উৎপাদনের জীবনীশক্তি কোনটি?
ক ভূমি খ সংগঠন
গ শ্রম ঘ মূলধন

২. স্বল্প আয়ের একজন কৃষক তার উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য পাওয়ার আশায় একটি সংগঠনভুক্ত হতে চায়। তার জন্য উপযুক্ত সংগঠন কোনটি?
ক সমবায় সমিতি খ ব্যবসায় জোট
গ রাষ্ট্রীয় ব্যবসায় ঘ যৌথমূলধনী ব্যবসায়

৩. নিচের কোনটি মূলধনের উৎস?
ক ভোগ খ বিনিয়োগ
গ সঞ্চয় ঘ ব্যয়

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রফিক তার নিজ এলাকায় ১০ বিঘা জমি লীজ নিয়ে একটি পোল্ট্রি খামার গড়ে তোলেন। ইদানীং পরিচালনা ও আর্থিক ঝামেলার কারণে লাভ-লোকসান বণ্টনের এক চুক্তির মাধ্যমে তার বন্ধু শফিককে ব্যবসায় যুক্ত করেন। ফলে সংগঠনের কাঠামো পরিবর্তন হয়।

৪. পরিবর্তিত কাঠামোতে সংগঠনটি হলো–
ক সমবায় খ যৌথমূলধনী
গ অংশীদারি ঘ যৌথ উদ্যোগ

৫. পরিবর্তিত সংগঠনটির সুবিধা হলো–
i. অধিক মূলধন
ii. ঝুঁকি বণ্টন
iii. সীমাহীন দায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. নিচের কোনটি সেবার বৈশিষ্ট্য?
ক স্পর্শনীয়তা খ বৈসাদৃশ্যতা
গ দৃশ্যমানতা ঘ হস্তান্তরযোগ্যতা

৭. উৎপাদনের উপকরণ কয়টি?
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

৮. পণ্যের কঠামোগত বিষয়কে কী বলে?
ক পণ্য ডিজাইন খ পণ্য বিন্যাস
গ মান ব্যবস্থাপনা ঘ মজুদ নিয়ন্ত্রণ

৯. সেবার অন্তর্ভুক্ত খাতগুলো হলো–
i. শিক্ষা
ii. পর্যটন
iii. চা শিল্প
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. নিচের কোনটি প্রতিরোধ ব্যয়?
ক প্রশিক্ষণ খ পরীক্ষণ
গ পরিদর্শন ঘ ওয়ারেন্টি

১১. কোন ডিজাইনে পণ্যের আবরণকে আকর্ষণীয় করা হয়?
ক উৎপাদন খ ক্রিয়াগত
গ প্যাকিং ঘ নান্দনিক

১২. 'সোহেলী ফ্যাশন' ভোক্তার রুচি ও চাহিদামতো পণ্যের বাহ্যিক পরিবর্তন করে পণ্য ডিজাইন করে। এটি কোন ডিজাইনের অন্তর্ভুক্ত?
ক কার্যকর খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকিং

১৩. কম্পিউটার ও উন্নত প্রযুক্তি ব্যবহার করা হয় কোন ডিজাইনে?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকিং

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
হাবিব হোটেলের মালিক। ঐ হোটেলে আগত ক্রেতাদের রুচি, প্রয়োজন ও নিজস্ব চাহিদা মোতাবেক খাবার ও অন্যান্য উপকরণ সরবরাহ করেন। ক্রেতারাও এ হোটেলে বার বার আসেন। ফলে অল্পদিনেই প্রতিষ্ঠানটি ব্যাপক সাফল্য অর্জন করে।

১৪. উদ্দীপকের কার্যক্রম ব্যবসায়ের কোন খাতের অন্তর্ভুক্ত?
ক পণ্য খ সেবা
গ বিপণন ঘ উৎপাদন

১৫. উদ্দীপকের প্রতিষ্ঠানটির সাফল্যের মূল কারণ হলো–
i. ক্রেতাকেন্দ্রিকতা
ii. একক পরিচালনা
iii. সেবার মানসিকতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. ভোক্তার প্রত্যাশা অনুযায়ী পণ্যের মান সংরক্ষণ, উন্নয়ন ও নিয়ন্ত্রণকে বলে–
ক পণ্য ব্যবস্থাপনা খ মান ব্যবস্থাপনা
গ মান কাঠামো ঘ মান নির্ধারণ

১৭. নিচের কোনটি বাহ্যিক ব্যর্থতার ব্যয়?
ক প্রশিক্ষণ খ ওয়ারেন্টি
গ উৎপাদন ঘ পরিদর্শন

১৮. মান সনদ প্রদানকারী দেশীয় প্রতিষ্ঠান কোনটি?
ক BSTI খ ISO
গ ILO ঘ WTO

১৯. নিচের কোনটি দ্রব্য?
ক গাড়ি খ শিক্ষাসেবা
গ স্বাস্থ্যসেবা ঘ বিদ্যুৎ সরবরাহ

২০. দক্ষতা অনুযায়ী শ্রমিকদের মধ্যে কাজ ভাগ করে দেওয়াকে কী বলে?
ক শ্রম বিভাগ
খ শ্রমের গতিশীলতা
গ শ্রম বণ্টন
ঘ শ্রমের পরিবর্তনশীলতা

২১. উৎপাদনের মাধ্যমে কী সৃষ্টি হয়?
ক উপযোগ খ মালিকানা
গ চাহিদা ঘ প্রয়োজন

২২. হিমাগার কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক রূপগত খ স্থানগত
গ সময়গত ঘ স্বত্বগত

২৩. উৎপাদন ও উৎপাদনের উপকরণের অনুপাতকে বলা হয়–
ক উৎপাদন ব্যবস্থাপনা খ উৎপাদনশীলতা
গ উৎপাদন ক্ষমতা ঘ উৎপাদন মাত্রা

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মাসুদ আনারস উৎপাদন এলাকা টাঙ্গাইলের মধুপুরে একটি কারখানা স্থাপন করেন। সেখানে কম দামে আনারস কিনে নিজস্ব মেশিনে মানসম্পন্ন জুস তৈরি করে দেশের বিভিন্ন এলাকায় সরবরাহ করেন। ফলে ক্রেতারা উপকৃত হয়।

২৪. মাসুদের জুস তৈরি কোন ধরনের উপযোগ?
ক রূপগত খ স্থানগত
গ সময়গত ঘ স্বত্বগত

২৫. উদ্দীপকের কারখানার মাধ্যমে যে সুবিধা পাওয়া যাচ্ছে, তা হলো–
i. উন্নত পণ্যপ্রাপ্তি
ii. সম্পদের সদ্ব্যবহার
iii. ক্রেতার সন্তুষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. পণ্য ক্রয়-বিক্রয় কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক স্থানগত খ সময়গত
গ স্বত্বগত ঘ রূপগত

ক ISO-9000 খ ISO-9002
গ ISO-9003 ঘ ISO-14000

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জামান একজন ইলেকট্রনিক্স সামগ্রী বিক্রেতা। ওয়ারেন্টি প্রদানে তাঁর বেশ সুনাম আছে। বিভিন্ন সময়ে অতিরিক্ত ওয়ারেন্টি প্রদানের ফলে মাঝে মাঝে তাকে ক্ষতির সম্মুখীন হতে হয়।

১৪. জনাব জামান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি কোন ধরনের ব্যয়?
ক পরীক্ষণ খ নিবারণ
গ বাহ্যিক ঘ মূল্যায়ন

১৫. জনাব জামানের ক্ষতির পরিমাণ হ্রাস করতে করণীয় হলো–
i. উৎপাদিত পণ্য যথাসম্ভব ত্রুটিমুক্ত রাখা
ii. পণ্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখা
iii. উৎপাদন প্রক্রিয়া পুনঃডিজাইন করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. কখন মান নির্ধারণ করতে হয়?
ক উৎপাদনের পূর্বে
খ উৎপাদনকালীন সময়ে
গ উৎপাদনের শেষে
ঘ বাজারজাত করার পূর্বে

১৭. উৎপাদন ও উপকরণের অনুপাতকে কী বলে?
ক উৎপাদন খ উৎপাদনশীলতা
গ উৎপাদনের মাত্রা ঘ উৎপাদন ব্যবস্থাপনা

১৮. উকিলের পরামর্শ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক স্বত্বগত খ রূপগত
গ স্থানগত ঘ সেবাগত

১৯. "উৎপাদন হচ্ছে একটি প্রক্রিয়া, যার দ্বারা পণ্য ও সেবা তৈরি হয়।"– উক্তিটি কার?
ক ই. এস. বাফা খ রেমন্ড আরমেয়ার
গ ফ্রেসার ঘ ফিলিপ কটলার

২০. উৎপাদনের রূপ কোনটি?
ক চাহিদা পূরণ খ লক্ষ্য অর্জন
গ রূপগত উপযোগ ঘ উৎপাদনশীলতা

২১. উৎপাদন বৃদ্ধি পেলে কোনটি বৃদ্ধি পাবে?
ক ভোগ ব্যয় খ চাহিদা
গ কর্মসংস্থান ঘ বাজারমূল্য

২২. উৎপাদনশীলতা কীভাবে পরিমাপ করা হয়?
ক শতকরা হারে খ আনুপাতিক হারে
গ পরিমাণ সূচকে ঘ মূল্য সূচকে

২৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোন শিল্প খাতের অন্তর্ভুক্ত?
ক সেবা খ কৃষি
গ পর্যটন ঘ শিল্প

২৪. সেবার বৈশিষ্ট্য কোনটি?
ক অবিচ্ছেদ্যতা খ দৃষ্টিগোচরতা
গ অপরিবর্তনশীলতা ঘ সংরক্ষণ ক্ষমতা

২৫. উৎপাদন ব্যবস্থাপনার কাজ কোনটি?
ক পণ্যের বাজারজাতকরণ
খ শ্রমিক নিয়োগ
গ পণ্যের নকশাকরণ
ঘ পণ্যের বণ্টন

২৬. ভূমির উপাদান হলো–
i. খনিজ সম্পদ
ii. সূর্যের আলো
iii. বাতাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. কাস্টমাইজেশন বলতে বুঝায়–
i. ক্রেতার চাহিদা অনুযায়ী পণ্য তৈরি
ii. ক্রেতার চাহিদা অনুযায়ী মানের পরিবর্তন আনা
iii. উৎপাদকের ইচ্ছা অনুযায়ী পণ্য তৈরি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
'অর্পণ লিমিটেড' একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি মানসম্মত পণ্য উৎপাদনের লক্ষে পরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী উপকরণাদি ও কার্যাবলির সমন্বয় এবং এগুলোর সদ্ব্যবহার নিশ্চিত করে। এতে করে প্রতিষ্ঠানটি স্বল্পমূল্যে ভোক্তাদেরকে মানসম্মত পণ্য সরবরাহ করতে পারে।

২৮. অর্পণ লি.-এর উৎপাদনসংক্রান্ত কার্যের সমষ্টির নাম কী?
ক উৎপাদন পদ্ধতি খ উৎপাদন ব্যবস্থাপনা
গ উৎপাদন প্রক্রিয়া ঘ উৎপাদন নিয়ন্ত্রণ

২৯. অর্পণ লি.-এর কার্যক্রমের দ্বারা–
i. কর্মসংস্থান সৃষ্টি হয়
ii. প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার হয়
iii. উৎপাদনশীলতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. ক্রেতার দৃষ্টিতে আকর্ষণীয়ভাবে পণ্যের উপস্থাপনই হলো–
ক রুচিসম্মত ডিজাইন খ প্যাকিং ডিজাইন
গ উৎপাদন ডিজাইন ঘ ব্যবহারিক ডিজাইন

যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–২০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. যখন কোনো পণ্য চাওয়া হয়, সাথে সাথে সেটি পাওয়া গেলে তাকে কী বলে?
ক রূপগত উপযোগ খ স্থানগত উপযোগ
গ সময়গত উপযোগ ঘ স্বত্বগত উপযোগ

২. শিল্পীর গানের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?
ক তথ্যগত খ সেবাগত
গ সময়গত ঘ রূপগত

৩. উৎপাদকের দৃষ্টিকোণ থেকে উৎপাদনের গুরুত্ব কোনটি?
ক জীবনযাত্রার মান উন্নয়ন
খ রপ্তানি উন্নয়ন
গ ক্রেতাদের সন্তুষ্টি অর্জন
ঘ ব্যবসায়ের সম্প্রসারণ

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
'আজিম সু' কোম্পানি ২০২০ সালে ৫ লক্ষ জোড়া জুতা তৈরি করে এবং প্রতি জোড়া ৫০০ টাকা দরে বিক্রয় করে। উক্ত পণ্য উৎপাদনে প্রতিষ্ঠানটি কাঁচামাল বাবদ ১০ কোটি টাকা, শ্রম বাবদ ১ কোটি টাকা এবং অন্যান্য খাতে ৫০ লক্ষ টাকা ব্যয় করে। এছাড়া ১০,০০০ ঘণ্টা যন্ত্রপাতি ব্যবহৃত হয়েছে যার মূল্য ঘণ্টাপ্রতি ১০ টাকা। ২০১৯ সালে প্রতিষ্ঠানটির মোট উৎপাদনশীলতা ছিল ১.২৭।

৪. 'আজিম সু' কোম্পানির ২০২০ সালের মোট উৎপাদনশীলতা কত?
ক ২.১৭২ খ ২.১৭৪
গ ২.২৭৩ ঘ ২.৫০

৫. ২০২০ সালে 'আজিম সু' কোম্পানির অবস্থা ভালো হওয়ার কারণ–
i. প্রতিষ্ঠানটির দক্ষতা বৃদ্ধি পেয়েছে
ii. উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পেয়েছে
iii. সম্পদের কাম্য ব্যবহার হয়েছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. উৎপাদনশীলতার ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
ক এটি উপযোগ সৃষ্টি করে
খ এটি নতুন পণ্য তৈরির সাথে জড়িত
গ এটি বৃদ্ধি পেলে উৎপাদন বৃদ্ধি পায়
ঘ এর সাথে উৎপাদিত পণ্যমূল্যের সম্পর্ক নেই

৭. সমগ্র উৎপাদন প্রক্রিয়াকে কয়েকটি স্বতন্ত্র ভাগে ভাগ করে শ্রমবিভাগ করাকে কী বলে?
ক সরল শ্রমবিভাগ
খ সম্পূর্ণ প্রক্রিয়াগত শ্রমবিভাগ
গ অসম্পূর্ণ প্রক্রিয়াগত শ্রমবিভাগ
ঘ আঞ্চলিক শ্রমবিভাগ

৮. কাজকে ভাগ করে প্রতিটি কাজে বিশেষজ্ঞতার ভিত্তিতে কর্মী দলের মধ্যে কাজ বণ্টন করা হলে তাকে কী বলে?
ক কার্যবিভাগ খ শ্রমবিভাগ
গ উৎপাদন ব্যবস্থাপনা ঘ শ্রমের গতিশীলতা

৯. নিচের কোনটি উৎপাদনের মূলভিত্তি?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

১০. মানুষ ব্যবসায়সংক্রান্ত কাজে নিজেকে নিযুক্ত করলে তাকে কোন ধরনের শ্রম বলে?
ক শারীরিক খ মানসিক
গ উৎপাদনশীল ঘ অনুৎপাদনশীল

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আনোয়ার তার তিন বন্ধুকে নিয়ে চুক্তির ভিত্তিতে সমহারে মূলধন সরবরাহের মাধ্যমে 'পদ্মা বুটিক হাউজ' নামে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। প্রতিষ্ঠানটি হতে সরবরাহকৃত পণ্যের মান ভালো হওয়ায় দেশের বিভিন্ন অঞ্চলে চাহিদা বৃদ্ধি পায়। বর্ধিত চাহিদা মেটাতে তারা প্রয়োজনীয় অর্থের সংস্থান করতে নিবন্ধনপূর্বক শেয়ারবাজার থেকে মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নিয়েছেন।

১১. 'পদ্মা বুটিক হাউজ' কোন ধরনের ব্যবসায় সংগঠন?
ক একমালিকানা খ অংশীদারি
গ যৌথমূলধনী ঘ সমবায় সমিতি

১২. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির মালিক কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত হলে প্রতিষ্ঠানটি যে সংগঠনে রূপান্তরিত হবে তা হলো–
ক যৌথ উদ্যোগ খ ব্যবসায় জোট
গ সমবায় সমিতি ঘ যৌথমূলধনী

১৩. 'সুদের হার' মূলধন গঠনের কোন পর্যায়কে প্রভাবিত করে?
ক আর্থিক সঞ্চয় সংগ্রহ
খ বিনিয়োগের সুযোগ-সুবিধা
গ সঞ্চয়ের ইচ্ছা
ঘ সঞ্চয়ের সামর্থ্য

১৪. উৎপাদনের উৎপাদিত উপাদান কোনটি?
ক সংগঠন খ শ্রম
গ ভূমি ঘ মূলধন

১৫. পণ্য অথবা সৃষ্টিশীল সেবা তৈরির সাথে জড়িত প্রয়োজনীয় কাজসমূহকে কী বলে?
ক উৎপাদন নিয়ন্ত্রণ খ উৎপাদন ব্যবস্থাপনা
গ মজুদ ব্যবস্থাপনা ঘ মান ব্যবস্থাপনা

১৬. কোনটি সেবার বৈশিষ্ট্য?
ক স্পর্শনীয়তা খ পরিবর্তনশীলতা
গ অবিনশ্বরতা ঘ বিচ্ছিন্নতা

১৭. 'মিতব্যয়ী লট-আকার' মডেল প্রবর্তন করে কে?
ক L.H.C Tippet খ Walter Shihart
গ F.W. Harris ঘ Charles Babage

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মাহমুদ 'আলো' নামে একটি মোবাইল উৎপাদনকারী প্রতিষ্ঠান স্থাপন করেন। প্রতিষ্ঠানটিতে উৎপাদন প্রক্রিয়ায় নতুন প্রযুক্তি ও কলাকৌশল ব্যবহার করা হয়। ফলে উৎপাদিত ফোনের মান ভালো হয়। কিন্তু প্রতিষ্ঠানটির বিক্রয়ের পরিমাণ প্রত্যাশিত নয়। অন্যদিকে জনাব হাকিম 'লাইট' নামে অন্য একটি মোবাইল উৎপাদনকারী প্রতিষ্ঠান স্থাপন করেন যেখানে সমজাতীয় পণ্য উৎপাদন করা হয়। প্রতিষ্ঠানটি পণ্যের মান ঠিক রেখে নিয়মিতভাবে রং, স্টাইল ও বাহ্যিক আকৃতি পরিবর্তনের মাধ্যমে পণ্যগুলিকে আকর্ষণীয় করে। ফলে প্রতিষ্ঠানটির বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পায় এবং মুনাফার পরিমাণও বেড়ে যায়।

১৮. উদ্দীপকে বর্ণিত 'আলো' নামের প্রতিষ্ঠানটিতে কোন ধরনের ডিজাইন অনুসরণ করা হয়?
ক উৎপাদন খ ব্যবহারিক
গ নান্দনিক ঘ প্যাকিং

১৯. উদ্দীপকের 'লাইট' নামক প্রতিষ্ঠানটির সফলতার কারণ হলো–
ক প্যাকিং ডিজাইন খ উৎপাদন ডিজাইন
গ নান্দনিক ডিজাইন ঘ ব্যবহারিক ডিজাইন

২০. দ্রব্যের বৈশিষ্ট্য নয় কোনটি?
ক নির্দিষ্ট কাঠামো আছে
খ বণ্টনপ্রণালি দীর্ঘ হয়
গ সংরক্ষণ বা মজুদ করা যায়
ঘ বিভিন্ন একক্কের মধ্যে মানের ভিন্নতা আছে

২১. উৎপাদন ব্যবস্থাপনার উৎপাদনকালীন কাজ কোনটি?
ক কার্যসমীক্ষা খ মান নিয়ন্ত্রণ
গ সংগ্রহ ঘ কারখানা বিন্যাস

২২. উৎপাদনসংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ নিচের কোনটির অন্তর্ভুক্ত?
ক উৎপাদন পরিকল্পনা খ মান নিয়ন্ত্রণ
গ মজুদ মাল নিয়ন্ত্রণ ঘ পণ্যের নকশায়ন

২৩. উৎপাদন অব্যাহত রাখার জন্য কাঁচামাল, যন্ত্রপাতি ও অন্যান্য দ্রব্য পর্যাপ্ত পরিমাণে বজায় রাখাতে কী বলে?
ক কার্য পরিমাপ খ উৎপাদন নিয়ন্ত্রণ
গ কাস্টমাইজেশন ঘ মজুদ নিয়ন্ত্রণ

২৪. পণ্যের আকার, মান এবং ধরন নির্ধারণ করাকে কী বলে?
ক পণ্য পরিকল্পনা খ পণ্য সংযোজন
গ পণ্য ডিজাইন ঘ পণ্য বিশ্লেষণ

২৫. ১লা ফাল্গুনকে বিবেচনা করে করা হলে এটি নিচের কোন ডিজাইনের অন্তর্ভুক্ত হবে?
ক বিশেষ দিবস উপলক্ষ্যে ডিজাইন
খ ঋতুভেদে ডিজাইন
গ ক্রয়ক্ষমতার ভিত্তিতে ডিজাইন
ঘ ধর্মীয় অনুষ্ঠান উপলক্ষ্যে ডিজাইন

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আজিম একটি কোম্পানির উৎপাদন ব্যবস্থাপক। প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্যের মান নিম্ন হওয়ায় বিক্রয়ের পরিমাণ কাঙ্ক্ষিত পর্যায়ে পৌঁছায়নি। তাই তিনি মান উন্নয়নের জন্য নিয়মিত পরিদর্শন, পরীক্ষণ এবং পরিসংখ্যানগত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের ওপর জোর দেন। ফলে কোম্পানিকে বাড়তি ব্যয় করতে হয়। কিন্তু প্রতিযোগী প্রতিষ্ঠানসমূহ ওয়ারেন্টি এর মেয়াদ বৃদ্ধি করায় জনাব আজিমের কোম্পানি কর্তৃক উৎপাদিত পণ্যের বিক্রয় আশানুরূপ হয়নি। ফলে প্রতিষ্ঠানটি প্রত্যাশিত মুনাফা অর্জনে ব্যর্থ হয়।

২৬. জনাব আজিমের প্রতিষ্ঠানটি প্রথম দিকে কোন ধরনের নিম্নমানজনিত ব্যয় নির্বাহ করে?
ক অভ্যন্তরীণ ব্যর্থতা খ নিবারণ
গ মূল্যায়ন ঘ বাহ্যিক ব্যর্থতা

২৭. জনাব আজিমের প্রতিষ্ঠানটির ব্যর্থতার কারণ হলো–
ক বাহ্যিক ব্যর্থতার ব্যয় না করা
খ অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয় না করা
গ নিম্নমান প্রতিরোধের জন্য ব্যয় না করা
ঘ উৎপাদন ব্যবস্থাপনার অদক্ষতা

২৮. পণ্য পুনঃডিজাইন ব্যয় নিচের কোনটির অন্তর্ভুক্ত?
ক অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয়
খ বাহ্যিক ব্যর্থতার ব্যয়
গ প্রতিরোধ ব্যয়
ঘ মূল্যায়ন ব্যয়

২৯. নিচের কোনটিতে উৎপাদন প্রক্রিয়া সম্পর্কে আলোকপাত করা হয়েছে?
ক ISO-9002 খ ISO-9003
গ ISO-9004 ঘ ISO-14000

৩০. যে পদ্ধতিতে পণ্য, সেবা ও ব্যবসায় প্রক্রিয়াসমূহের অবিরত মান উন্নয়নের জন্য কোম্পানির সকল লোক কাজ করে তাকে কী বলে?
ক সার্বিক মান ব্যবস্থাপনা খ উৎপাদন ব্যবস্থাপনা
গ মানব সম্পদ ব্যবস্থাপনা ঘ বিপণন ব্যবস্থাপনা

কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়–২০ মিনিট | পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. মোট উৎপাদনশীলতার সূত্র কোনটি?
ক $\frac{\text{মোট উৎপাদনের মূল্য}}{\text{মোট যন্ত্রপাতির মূল্য}}$
খ $\frac{\text{মোট উৎপাদনের মূল্য}}{\text{মোট কাঁচামালের মূল্য}}$
গ $\frac{\text{মোট উৎপাদনের মূল্য}}{\text{মোট উপকরণের মূল্য}}$
ঘ $\frac{\text{মোট উৎপাদনের মূল্য}}{\text{মোট শ্রম ব্যয়}}$

২. কাস্টমাইজেশনের মৌলিক দিক কোনটি?
ক মানসম্পন্ন পণ্য উৎপাদন
খ ক্রেতার পছন্দ অনুসারে পণ্য উৎপাদন
গ পণ্যের সৌন্দর্য বৃদ্ধিকরণ
ঘ পণ্যের সুন্দর প্যাকেটজাতকরণ

৩. বাংলাদেশ বনাম ভারতের মধ্যকার একটি টি টুয়েন্টি ম্যাচের বেশকিছু টিকেট বিক্রি না হওয়ায় কর্তৃপক্ষ ক্ষতিগ্রস্ত হয়। উদ্দীপকে সেবার কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে?
ক অবিচ্ছেদ্যতা খ নশ্বরতা
গ বৈসাদৃশ্যতা ঘ অদৃশ্যমানতা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
২০২১ সালে 'অমি ফ্যাশন' ৫,০০,০০০ টাকার কাঁচামাল এবং ২,০০,০০০ টাকার অন্যান্য উপকরণ ব্যবহার করে ৮,৫০,০০০ টাকার পণ্য উৎপাদন করে। ২০২০ সালে প্রতিষ্ঠানটির মোট উৎপাদনশীলতা ছিল ১.১০।

৪. ২০২১ সালে 'অমি ফ্যাশন'-এর মোট উৎপাদনশীলতা কত?
ক ১.২১ খ ১.৫০ গ ১.৭০ ঘ ৪.২৫

৫. 'অমি ফ্যাশন'-এর ২০২১ সালের উৎপাদনশীলতা প্রকাশ করে–
i. প্রতিষ্ঠানের বিনিয়োগ বৃদ্ধি
ii. উৎপাদিত পণ্যের মান বৃদ্ধি
iii. উৎপাদিত পণ্যের পরিমাণ বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. আধুনিক প্রযুক্তি স্থাপন উৎপাদনের কোন উপাদানের অন্তর্ভুক্ত?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

৭. পণ্য ডিজাইনের প্রথম ধাপ কোনটি?
ক ধারণা উন্নয়ন খ উদ্যোগ গ্রহণ
গ সামর্থ্য বিশ্লেষণ ঘ পরীক্ষামূলক প্রয়োগ

৮. মূল্য পরিশোধের মাধ্যমে ক্রেতা পণ্য বা সেবার কী পায়?
ক উপযোগ খ মালিকানা
গ উৎপাদন ঘ মুনাফা

৯. জনাব বিজয় বিভিন্ন উৎস থেকে তথ্য সংগ্রহ করে তা বিশ্লেষণ করে পণ্য ডিজাইন করার সিদ্ধান্ত নেন। জনাব বিজয় পণ্য ডিজাইনের কোন পর্যায়ে অন্তর্ভুক্ত?
ক সামর্থ্য বিশ্লেষণ খ ধারণা উন্নয়ন
গ পরীক্ষামূলক উৎপাদন ঘ চূড়ান্ত উৎপাদন

১০. পণ্য বা সেবার ডিজাইন করার কারণ কী?
ক পণ্যের আকর্ষণ সৃষ্টি খ ধারণার উন্নয়ন করা
গ চূড়ান্ত উৎপাদন করা ঘ ক্রেতা গবেষণা করা

১১. উৎপাদনশীলতার সুবিধা–
i. উৎপাদন বৃদ্ধি
ii. বিক্রয় বৃদ্ধি
iii. উৎপাদন ব্যয় বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
'SFT ফ্যাশন লি.' সুদক্ষ কারিগর দ্বারা আধুনিক প্রযুক্তি ব্যবহার করে ফ্যান উৎপাদন করে এবং বিক্রয় করে। বিক্রয় পরবর্তী ৫ বছরের মধ্যে পণ্যের কোনো অংশ নষ্ট হলে তা পুনঃস্থাপন করে দিবে বলে প্রতিশ্রুতি দেয়।

১২. উদ্দীপকের প্রতিষ্ঠানটি তাদের পণ্যের জন্য কোন ধরনের ব্যয় করে?
ক প্রতিরোধমূলক ব্যয় খ মূল্যায়ন ব্যয়
গ অভ্যন্তরীণ বিচ্যুতি ব্যয় ঘ বাহ্যিক ব্যর্থতা ব্যয়

১৩. প্রতিষ্ঠানটির প্রদত্ত প্রতিশ্রুতির ফলে–
i. নিম্নমানের কারণ উদঘাটন হয়
ii. পণ্য ডিজাইন সুন্দর হয়
iii. বিক্রয়োত্তর সেবা নিশ্চিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. কোন সনদটি শুধু উৎপাদন প্রক্রিয়ার উপর মনোযোগ দেয়?
ক ISO-9001 খ ISO-9002
গ ISO-9003 ঘ ISO-9004

১৫. উৎপাদনশীলতার চ্যালেঞ্জ হলো–
i. কাঁচামালের সহজলভ্যতা
ii. অদক্ষ কর্মী
iii. নিম্ন মনোবল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. মূলধন গঠনের প্রথম পর্যায় কোনটি?
ক সঞ্চয় খ আয়
গ সঞ্চয় সংগ্রহ ঘ বিনিয়োগ

১৭. ভোক্তাদের প্রত্যাশা অনুযায়ী পণ্যের মান নির্ধারণ, মান উন্নয়ন ও নিয়ন্ত্রণের সামগ্রিক কার্যাবলিকে কী বলা হয়?
ক মান পরিকল্পনা খ মান নিয়ন্ত্রণ
গ মান উন্নয়ন ঘ মান ব্যবস্থাপনা

১৮. উৎপাদনের প্রাচীনতম উপকরণ কোনটি?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

১৯. প্রশিক্ষণ কোন ধরনের ব্যয়?
ক নিবারণ খ মূল্যায়ন
গ অভ্যন্তরীণ বিচ্যুতি ঘ বাহ্যিক বিচ্যুতি

২০. উৎপাদন বৃদ্ধিতে নিচের কোনটি বৃদ্ধি পায়?
ক চাহিদা খ কর্মসংস্থান
গ ভোগ ব্যয় ঘ বাজারমূল্য

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
মি. জমির 'আনন্দ লি.'-এর একজন ব্যবস্থাপক। তিনি কাঁচামাল থেকে শুরু করে পণ্য তৈরির সার্বিক কাজের সাথে জড়িত। তাঁর প্রতিষ্ঠান ক্রেতাদের চাহিদা, রুচি ও ফরমায়েশ অনুযায়ী পণ্য উৎপাদন করে। ফলে প্রতিষ্ঠানটি আশাতীত সফলতা লাভ করে।

২১. মি. জমির কোন ব্যবস্থাপনার সাথে জড়িত?
ক কর্মী খ বিপণন
গ উৎপাদন ঘ আর্থিক

২২. উদ্দীপকের প্রতিষ্ঠানটির সফলতার মুল কারণ হলো–
i. ক্রেতাসন্তুষ্টি
ii. কাস্টমাইজেশন
iii. উৎপাদনশীলতা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. পণ্যের ভবিষ্যৎ চাহিদা নির্ধারণ করা হয় পণ্য ডিজাইনের কোন পর্যায়ে?
ক উদ্যোগ গ্রহণ খ ধারণা উন্নয়ন
গ উৎপাদনের সামর্থ্য ঘ চূড়ান্ত উৎপাদন

২৪. ক্রেতার রুচি ও পছন্দ অনুযায়ী পণ্য বা সেবাসামগ্রী সরবরাহ করাকে কী বলে?
ক উৎপাদন খ উৎপাদনশীলতা
গ কাস্টমাইজেশন ঘ ব্যবস্থাপনা

২৫. উৎপাদনের গতিশীল উপাদান কোনটি?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

২৬. মানুষের অভাব পূরণে সক্ষম এমন কিছু সৃষ্টি করাকে কী বলে?
ক উৎপাদন খ উৎপাদনশীলতা
গ উপযোগ ঘ চাহিদা

২৭. ISO-9001-এ মানসংক্রান্ত কয়টি দিকের উপর দৃষ্টি আরোপ করা হয়েছে?
ক ৪ খ ৫
গ ১০ ঘ ২০

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আসিফ মাছ ধরে ও বিক্রি করে জীবিকা নির্বাহ করেন। তিনি তাঁর সমমনা কয়েকজন জেলেকে নিয়ে নিজেদের কল্যাণসাধনের জন্য একটি সংগঠন গড়ে তুলেন।

২৮. জনাব আসিফ কোন ধরনের সংগঠন গড়ে তুলেন?
ক একমালিকানা খ অংশীদারি
গ সমবায় ঘ যৌথমূলধনী

২৯. উদ্দীপকের সংগঠনটি গড়ে তোলার ফলে–
i. জীবনযাত্রার মান উন্নত হবে
ii. মধ্যস্থ ব্যবসায়ীদের দৌরাত্ম্য হ্রাস পাবে
iii. পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. সাধারণ অংশীদারি ব্যবসায়ের সর্বোচ্চ সদস্যসংখ্যা কত জন?
ক ২ খ ১০
গ ২০ ঘ ৫০

চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–২০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. প্যাকিং ডিজাইনের মূল উদ্দেশ্য কোনটি?
ক অপচয় হ্রাস খ উপযোগিতা বৃদ্ধি
গ ক্রেতা আকর্ষণ ঘ উৎপাদনশীলতা বৃদ্ধি

২. সেবাদানকারী অব্যবসায়ী প্রতিষ্ঠান কোনটি?
ক জিমনেসিয়াম খ জাদুঘর
গ বিনোদন পার্ক ঘ ইনডেন্টিং ফার্ম

৩. পণ্য ডিজাইনের ফলে সৃষ্টি হয়–
i. পণ্যের প্রতি ক্রেতাদের আকর্ষণ
ii. পণ্য পৃথকীকরণ সুবিধা
iii. প্রতিষ্ঠানের প্রতি ক্রেতাদের ইতিবাচক মনোভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. শাহিন তার প্রতিষ্ঠানের পণ্য তৈরির পরিকল্পনা, ডিজাইন, মান উন্নয়ন ও নিয়ন্ত্রণসংক্রান্ত সার্বিক কার্যক্রম দক্ষতার সাথে পরিচালনা করেন। এক্ষেত্রে তিনি ক্রেতাদের পছন্দ, রুচি ও চাহিদাকে গুরুত্ব দেন। ফলে অল্প সময়ের মধ্যে তিনি কাঙ্ক্ষিত সাফল্য অর্জনে সক্ষম হন।

৪. উদ্দীপকে মি. শাহিনের কার্যক্রম কোন ধরনের ব্যবস্থাপনার অন্তর্গত?
ক শ্রম খ বিপণন
গ উৎপাদন ঘ সাধারণ

৫. মি. শাহিনের সফলতার কারণ হলো–
i. ক্রেতা সন্তুষ্টি অর্জন
ii. মানসম্পন্ন পণ্য উৎপাদন
iii. কাস্টমাইজেশন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. পণ্যের কোন ধরনের চাহিদা নিরূপণ করে উৎপাদন পরিকল্পনা প্রণয়ন করা হয়?
ক প্রথাগত খ ভবিষ্যৎ
গ সাময়িক ঘ অতীত

৭. 'দিশা লি.' দক্ষ ও অভিজ্ঞ কর্মীদের দিয়ে আধুনিক প্রযুক্তির উৎপাদন প্রক্রিয়া ব্যবহার করে উন্নতমানের পণ্য তৈরি করে। প্রতিষ্ঠানটি কোন ধরনের পণ্য ডিজাইনের উপর গুরুত্ব দিয়েছে?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকিং

৮. উৎপাদন অর্থ কী?
ক উপযোগ সৃষ্টি খ কাঁচামাল সংগ্রহ
গ পণ্য ভোগ ঘ কারখানা স্থাপন

৯. কোনটি উৎপাদনের আওতাভুক্ত?
ক বণ্টন খ রূপান্তর
গ অর্থায়ন ঘ প্রসার

১০. একটি দেশের জন্য উৎপাদন ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এর মাধ্যমে–
i. প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার নিশ্চিত হয়
ii. কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়
iii. অবকাঠামোগত উন্নয়ন সাধিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
'সিয়াম ফুড লি.' আম থেকে জুস, ম্যাঙ্গোবার, চকলেট, আচার ও চাটনি তৈরি করে। অনেক কর্মী নিয়োগ দিয়ে প্রতিষ্ঠানটি ব্যবসায় সম্প্রসারণ করে। প্রতিষ্ঠানটি প্রতিবছর প্রায় ১৫ কোটি ডলারের পণ্য বিদেশে রপ্তানি করছে।

১১. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক রূপগত খ স্থানগত
গ স্বত্বগত ঘ সেবাগত

১২. উদ্দীপকের প্রতিষ্ঠানটি ভূমিকা রাখবে–
i. জীবনযাত্রার মান উন্নয়নে
ii. জাতীয় আয় বৃদ্ধিতে
iii. বেকারত্ব দূরীকরণের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. উৎপাদনের কোন উপকরণটি মানুষ সৃষ্টি করতে পারে না?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

১৪. পাটকলের শ্রমিক বাবুল কম পারিশ্রমিক পাওয়ায় পাটকল ছেড়ে ভাড়ায় অটোরিকশা চালানো শুরু করে। এতে তার আর্থিক অবস্থার উন্নতি হয়। বাবুলের ক্ষেত্রে কোন ধরনের শ্রমের গতিশীলতা ঘটেছে?
ক ভৌগোলিক খ শিল্পগত
গ পেশাগত ঘ স্তরগত

১৫. উৎপাদনশীলতা কী?
ক উৎপাদন ক্ষমতা খ উৎপাদন দক্ষতা
গ উৎপাদন মাত্রা ঘ উৎপাদন প্রবণতা

১৬. ISO-এর সদর দপ্তর কোথায়?
ক জেনেভা খ নিউইয়র্ক
গ লন্ডন ঘ প্যারিস

১৭. উৎপাদনের সময় সংঘটিত ত্রুটি নির্ধারণে কোন ধরনের ব্যয় হয়?
ক প্রতিরোধমূলক খ মূল্যায়ন
গ অভ্যন্তরীণ বিচ্যুতি ঘ বাহ্যিক বিচ্যুতি

১৮. ওয়ারেন্টি হলো–
i. পণ্য মেরামত করে দেওয়ার লিখিত অঙ্গীকার
ii. পণ্য ফেরত গ্রহণের লিখিত অঙ্গীকার
iii. পণ্য পরিবর্তন করে দেওয়ার লিখিত অঙ্গীকার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রবিন টঙ্গীতে একটি বৈদ্যুতিক পাখা তৈরির কারখানা স্থাপন করেন। উৎপাদনের পর তিনি সরকারি একটি সংস্থা থেকে সনদ গ্রহণের পর পণ্য বিপণন শুরু করেন।

১৯. উদ্দীপকে মি. রবিন কোন প্রতিষ্ঠান থেকে সনদ গ্রহণ করেন?
ক TCB খ BCSIC
গ BSTI ঘ BCB

২০. মি. রবিনের সনদ গ্রহণের কারণ হলো–
i. পণ্য বিপণনের অনুমতি পাওয়া
ii. পণ্যমান সম্পর্কে নিশ্চয়তা প্রদান করা
iii. কর অবকাশের সুবিধা লাভ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২১. মান হলো পণ্যের সুনির্ধারিত–
ক গঠন খ বৈশিষ্ট্য
গ প্রকৃতি ঘ আকার

২২. BSTI-এর লোগো পণ্যের কোনটি প্রকাশ করে?
ক মূল্য খ মান
গ ব্র্যান্ড ঘ স্থায়িত্ব

২৩. কোনটি সংগঠনের বৈশিষ্ট্য?
ক আদিম ও অক্ষয় খ উৎপাদনের উপাদান
গ মানবিক উপাদান ঘ সমন্বিত প্রচেষ্টা

২৪. চুক্তি কোন সংগঠনের মূলভিত্তি?
ক অংশীদারি খ যৌথমূলধনী
গ ব্যবসায় জোট ঘ রাষ্ট্রীয় সংগঠন

২৫. শ্রম বিভাগের ফলে শ্রমিকের–
i. দক্ষতা ও নৈপুণ্য বৃদ্ধি পায়
ii. সৃজনশীলতা হ্রাস পায়
iii. কাজে একঘেঁয়েমি আসে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
'প্রমা টেক্সটাইল' বিদেশ থেকে আমদানিকৃত উন্নতমানের সুতা থেকে কাপড় তৈরি করে। প্রতিষ্ঠানটির উৎপাদিত কাপড়ের ব্যাপক চাহিদা থাকা সত্ত্বেও জায়গার স্বল্পতার কারণে কারখানা সম্প্রসারণ করতে পারছে না। আবার পর্যাপ্ত শ্রমিক ও আর্থিক সামর্থ্য থাকা সত্ত্বেও সমন্বয়ের অভাবে পূর্ণমাত্রায় উৎপাদন করতে পারছে না।

২৬. উদ্দীপকে 'প্রমা টেক্সটাইল' এর আমদানিকৃত সুতা উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

২৭. বর্তমান পরিস্থিতি থেকে উত্তোরণে প্রতিষ্ঠানটির করণীয় হলো–
i. সংগঠনকে শক্তিশালী করা
ii. অতিরিক্ত মূলধন বিনিয়োগ করা
iii. বিকল্প ভূমির ব্যবস্থা করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. কোন বৈশিষ্ট্যটি পণ্য ও সেবা উভয়ের মধ্যে বিদ্যমান?
ক সংরক্ষণযোগ্যতা খ অবিচ্ছিন্নতা
গ হস্তান্তরযোগ্যতা ঘ উপযোগিতা

২৯. গতকাল সুজন ক্রিকেট খেলা দেখার জন্য একটি টিকিট ক্রয় করেছিল কিন্তু জরুরি কাজে ব্যস্ত থাকায় খেলা দেখতে পারেনি। সুজনের ক্ষেত্রে সেবার কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে?
ক অদৃশ্যমানতা খ অবিচ্ছেদ্যতা
গ বৈসাদৃশ্যতা ঘ নশ্বরতা

৩০. পণ্য ডিজাইন কয় প্রকার?
ক ৪ খ ৫
গ ৬ ঘ ৭

সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–২০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. পণ্য ডিজাইন হলো–
i. পণের আকার নির্ধারণ
ii. পণ্যের মান নির্ধারণ
iii. পণ্যের মোড়ক নির্ধারণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২. মি. 'X' একটি মোবাইল উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। প্রতিষ্ঠানটি মোবাইলের বিক্রয় বৃদ্ধির জন্য উৎপাদিত সিমে 4G সুবিধা যোগ করে। এক্ষেত্রে কোন ধরনের পণ্য ডিজাইন অনুসরণ করা হয়েছে?
ক নান্দনিক খ ব্যবহারিক
গ প্যাকিং ঘ উৎপাদন

৩. নিচের কোনটি ভূমির বৈশিষ্ট্য?
ক প্রকৃতির দান খ স্থানান্তরযোগ্য
গ অসীম যোগান ঘ অস্থায়ী

৪. যন্ত্রপাতি উৎপাদনের কোন ধরনের উপকরণ?
ক ভূমি খ সংগঠন
গ শ্রম ঘ মূলধন

৫. মান ব্যবস্থাপনার জনক কে?
ক W. Edwards Deming
খ Walter A. Shewhart
গ John W. Horch
ঘ Kenneth Rose

৬. BSTI কোন ধরনের প্রতিষ্ঠান?
ক ব্যবসায়িক খ ব্যক্তিমালিকানাধীন
গ আন্তর্জাতিক ঘ মান নিয়ন্ত্রণকারী

৭. পণ্য কর্তৃক মানুষের অভাব মেটানোর ক্ষমতাকে কী বলে?
ক উপযোগ খ উৎপাদন
গ যোগান ঘ ভোগ

৮. ক্রয়-বিক্রয় কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক সময়গত খ স্বত্বগত
গ স্থানগত ঘ রূপগত

৯. উৎপাদনের আওতা হলো–
i. মান নিয়ন্ত্রণ
ii. পণ্য ডিজাইন
iii. উপকরণ সংগ্রহ
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :
জনাব হাসান মংলা বন্দরের কাছে একটি হিমাগার স্থাপন করেন। স্থানটি মাছ প্রক্রিয়াকরণ এলাকা হওয়ায় আরও অনেকগুলো হিমাগার তৈরি হয়। তাই জনাব হাসান বর্তমানে প্রতিযোগিতায় টিকতে পারছে না।

১০. জনাব হাসান কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন?
ক স্থানগত খ স্বত্বগত
গ রূপগত ঘ সময়গত

১১. প্রতিযোগিতা মোকাবিলায় জনাব হাসানের কাজ হলো–
i. হিমাগারে উন্নত প্রযুক্তি ব্যবহার
ii. হিমাগারে জনবল বৃদ্ধি করা
iii. সেবার মান বৃদ্ধি করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. পণ্য ডিজাইনের উদ্দেশ্য নয় কোনটি?
ক ব্যয় হ্রাস করা
খ উৎপাদনশীলতা বৃদ্ধি করা
গ বৈচিত্র্যতা হ্রাস করা
ঘ আকর্ষণ সৃষ্টি করা

১৩. পণ্যের আবরণ আকর্ষণীয় করার জন্য কোন ধরনের ডিজাইন করা হয়?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ প্যাকিং ঘ উৎপাদন

১৪. পণ্য ডিজাইন প্রক্রিয়ায় ২য় ধাপ কোনটি?
ক ধারণা উন্নয়ন খ সামর্থ্য বিশ্লেষণ
গ পরীক্ষামূলক উৎপাদন ঘ উদ্যোগ গ্রহণ

১৫. নিচের কোনটি সর্বদাই গতিশীল উপকরণ?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

১৬. একজন কৃষক উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য পেতে চাইলে নিচের কোন সংগঠনটি তার জন্য উপযুক্ত?
ক সমবায় সমিতি খ ব্যবসায় জোট
গ অংশীদারি ঘ যৌথমূলধনী

১৭. গ্যান্ট চার্জ তৈরির উদ্দেশ্য হলো–
ক গতি নিরীক্ষা খ সময় নিরীক্ষণ
গ মান নিয়ন্ত্রণ ঘ উৎপাদন নিয়ন্ত্রণ

১৮. জনাব মিল্টন রিকন্ডিশন গাড়ি আমদানি করে সেখানে এমন একটি ডিভাইস সংযোগ করেন যা চালককে দুর্ঘটনার সংকেত দেয়। এটি কোন ধরনের ডিজাইনের অন্তর্ভুক্ত?
ক নান্দনিক খ প্যাকেজিং
গ ব্যবহারিক ঘ উৎপাদন

১৯. নিম্নমানের পণ্য উৎপাদনের পরিণতি হলো–
i. উৎপাদনশীলতা হ্রাস পায়
ii. দায়-দায়িত্ব বৃদ্ধি পায়
iii. ব্যয় বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২০. নিচের কোনটি পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি–
ক ISO-9000 খ ISO-9002
গ ISO-9003 ঘ ISO-14000

২১. সেবার বৈশিষ্ট্য নয় কোনটি?
ক সেবাদানকারী থেকে বিচ্ছিন্ন করা যায় না
খ এটি স্পর্শ করা যায় না
গ গুণগত মানের পার্থক্য নেই
ঘ এটি ক্ষণস্থায়ী

২২. উৎপাদনের উৎপাদিত উপাদানকে কী বলে?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :
জনাব মিঠু প্রয়োজনীয় জনবল প্রাপ্যতায় যশোরের নওয়াপাড়ায় একটি জুট মিল স্থাপন করেন। তিনি শ্রমিকদের হাতে কলমে কাজ শিখিয়ে দেন। ফলে তিনি অল্পদিনেই ব্যবসায়ে সফলতা অর্জন করেন।

২৩. জনাব মিঠু কারখানা স্থাপনে উৎপাদনের কোন উপাদানের উপর বেশি গুরুত্ব দিয়েছেন?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

২৪. জনাব মিঠুর ব্যবসায়িক সফলতার কারণ হলো–
i. শ্রমিকের দক্ষতা
ii. ভূমির স্বল্পমূল্য
iii. শ্রমিকের পর্যাপ্ততা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. সার্বিক মান ব্যবস্থাপনার হাতিয়ার হলো–
i. বেঞ্চ মার্কিং
ii. পরিসংখ্যানিক মান নিয়ন্ত্রণ
iii. আউটসোর্সিং
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :
'ইভা ইলেকট্রনিক্স' এর উৎপাদিত মোবাইল ফোনের মান নিম্ন হওয়ায় প্রতিষ্ঠানটি একজন প্রশিক্ষক নিয়োগ দেয় এবং পণ্যের পুনঃডিজাইন করে। কিন্তু প্রতিষ্ঠানটি বাজারে অবস্থান ধরে রাখতে ব্যর্থ হয়। এ অবস্থায় প্রতিষ্ঠানটি মোবাইল ফোনের ওয়ারেন্টির মেয়াদ বৃদ্ধি করে এবং সফল হয়।

২৬. প্রতিষ্ঠান মানোন্নয়নে কোন ধরনের ব্যয় করে?
ক প্রতিরোধমূলক খ মূল্যায়ন
গ বাহ্যিক ব্যর্থতা ঘ অভ্যন্তরীণ ব্যর্থতা

২৭. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির সফলতার সাথে জড়িত নিম্নমানজনিত ব্যয় হলো–
ক বাহ্যিক ব্যর্থতার ব্যয় খ প্রতিরোধ ব্যয়
গ পরিদর্শন ব্যয় ঘ পরীক্ষা ব্যয়

২৮. শ্রম বিভাগের অসুধা বিহলো–
ক অতি উৎপাদন খ দক্ষতা বৃদ্ধি
গ কর্মসংস্থান বৃদ্ধি
ঘ জীবনযাত্রার মানোন্নয়ন

২৯. বাজারে আখের গুড়ের ব্যাপক চাহিদা থাকায় জনাব ইকবাল আখ মাড়াই করে গুড় তৈরির সিদ্ধান্ত নেন। জনাব ইকবালের সিদ্ধান্তে কোন ধরনের উপযোগ সৃষ্টি হবে?
ক সময়গত খ রূপগত
গ স্থানগত ঘ স্বত্বগত

৩০. উৎপাদনের অর্থ হলো–
i. উপযোগ নিঃশেষ
ii. উপযোগ সৃষ্টি
iii. রূপগত পরিবর্তন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–২০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. উৎপাদনের ফলে সৃষ্টি হয়–
ক পণ্য খ সেবা
গ উপযোগ ঘ মুনাফা

২. পরিবহনের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?
ক রূপগত খ স্থানগত
গ সময়গত ঘ সেবাগত

৩. উৎপাদনশীলতা বৃদ্ধির ফলে–
i. মোট উৎপাদন বৃদ্ধি পায়
ii. এককপ্রতি ব্যয় হ্রাস পায়
iii. প্রতিযোগিতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
হাসান কাঠ দিয়ে বিভিন্ন ডিজাইনের আসবাবপত্র তৈরি ও বিক্রয় করে। অনেক ক্রেতার চাহিদা অনুযায়ী বাসায় আসবাবপত্র পৌঁছে দেয়।

৪. উদ্দীপকে আসবাবপত্র তৈরির মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে?
ক রূপগত খ স্থানগত
গ সময়গত ঘ স্বত্বগত

৫. উদ্দীপকের ঘটনায় বিক্রয় এবং বাসায় আসবাবপত্র পৌঁছে দেওয়ার সাথে সৃষ্ট উপযোগ হলো–
i. স্থানগত
ii. স্বত্বগত
iii. সেবাগত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. কোম্পানির দৃষ্টিকোণ থেকে উৎপাদনশীলতার গুরুত্ব হলো–
i. মুনাফা অর্জন
ii. কর্মসংস্থান
iii. উৎপাদন বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৭নং প্রশ্নের উত্তর দাও :**
নিয়ন সূত্রধর নিজের সেলুনে সকল বয়সের ক্রেতাদের বিভিন্ন ডিজাইনের চুল কেটে দেন।

৭. উদ্দীপকে নিয়ন সূত্রধরের শ্রমটি হলো–
ক সরল শ্রম খ জটিল শ্রম
গ ভৌগোলিক শ্রম ঘ আঞ্চলিক শ্রম

৮. উৎপাদনের জীবন্ত উপকরণ হলো–
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

৯. নিচের কোনটি চিরন্তন অস্তিত্ববিশিষ্ট সংগঠন?
ক একমালিকানা খ অংশীদারি
গ যৌথমূলধনী ঘ সমবায়

১০. উৎপাদনের উপকরণ কয়টি?
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৬টি

১১. উৎপাদনের আদি বা মৌলিক উপাদান কোনটি?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

১২. রাষ্ট্রীয় সংগঠন কোনটি?
ক মুদি দোকান খ ওয়ালটন কোম্পানি
গ ডাক বিভাগ ঘ গ্রামীণ ব্যাংক

১৩. শ্রমের বৈশিষ্ট্য হলো–
i. শ্রম চিরস্থায়ী
ii. মানবিক উপাদান
iii. শ্রম পচনশীল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আনোয়ার পোশাক কারখানার মালিক। তিনি ক্রেতার রুচি, চাহিদা ও আর্থিক অবস্থা বিবেচনা করে পোশাক তৈরি করেন। প্রতিষ্ঠানের সকল ধরনের কাজ আনোয়ার সাহেব নিজেই দেখাশুনা করেন।

১৪. জনাব আনোয়ারের কার্যক্রম কোন ব্যবস্থাপনার অন্তর্গত?
ক অফিস খ উৎপাদন
গ মান ঘ বিপণন

১৫. উদ্দীপকের প্রতিষ্ঠানটি যে বিষয়কে গুরুত্ব দিয়েছে তা হলো–
i. ক্রেতা ক্রেন্দ্রিকতা
ii. অধিক মুনাফা
iii. ক্রেতার সামর্থ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. উৎপাদন ব্যবস্থাপনার কাজ হলো–
i. পণ্যের মান বৃদ্ধি
ii. ব্যয় সংকোচ
iii. ক্রেতা সেবা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
কনক চার কর্মচারীর সহায়তায় নিজের পুকুরে মাছচাষ করে। চাষকৃত মাছ বাজারে বিক্রয় করে প্রত্যেককে ২০,০০০ টাকা করে দিয়েও বছরে তার ৫০,০০০ টাকা লাভ হয়।

১৭. উদ্দীপকে কোন ধরনের সংগঠনের কথা বলা হয়েছে?
ক একমালিকানা খ অংশীদারি
গ সমবায় ঘ যৌথমূলধনী

১৮. নিচের কোনটি সেবার বৈশিষ্ট্য?
ক স্পর্শনীয় খ দৃশ্যমান
গ হস্তান্তরযোগ্য ঘ পচনশীল

১৯. পণ্য ডিজাইন হলো পণ্যের–
ক রং খ মূল্য
গ প্রসার ঘ পরিকল্পনা

২০. একটি কোম্পানি পণ্য ডিজাইনে কয়টি স্তর অতিক্রম করে?
ক ৪ খ ৫
গ ৬ ঘ ৭

২১. কোন ধরনের পণ্য ডিজাইনে পণ্যের বাহ্যিক দৃশ্যকে আকর্ষণীয় করা হয়?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকিং

২২. কোন ধরনের পণ্য ডিজাইনে আধুনিক তথ্যপ্রযুক্তি ব্যবহার করা হয়?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকিং

২৩. পণ্য ডিজাইনের উদ্দেশ্য হলো–
i. ব্যয় হ্রাস
ii. মুনাফা বৃদ্ধি
iii. উৎপাদনশীলতা হ্রাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
BPL-২০২২ উপলক্ষ্যে 'টেক ফ্যাশন' অংশগ্রহণকারী বিভিন্ন দলের জার্সি তৈরি ও বিপণন করে। তারা দুই শ্রেণির দর্শকদের জন্য ভিন্ন দুটি ডিজাইন করে। প্রথমটি কাপড়ের মান উন্নত করার পাশাপাশি কম্পিউটার ও আধুনিক প্রযুক্তি ব্যবহার করে। দ্বিতীয়টি কাপড়ের পূর্বের মান ঠিক রেখে শুধু বাহ্যিক রূপ আকর্ষণীয় করে।

২৪. দ্বিতীয় জার্সিতে কোন ধরনের পণ্য ডিজাইন অনুসরণ করা হয়েছে?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকিং

২৫. প্রথম জার্সির পণ্য ডিজাইনের ফলে–
i. উৎপাদন বৃদ্ধি পায়
ii. সময় ও অপচয় হ্রাস পায়
iii. বিক্রয় হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. নিচের কোনটি মূল্যায়ন খরচ?
ক পরিদর্শন খরচ খ প্রশিক্ষণ খরচ
গ ডিজাইন খরচ ঘ মামলা খরচ

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
মামুন এন্টারপ্রাইজ উন্নত মানের স্মার্ট টিভি বিক্রেতা। প্রতিষ্ঠানটি টিভির কন্ট্রোল প্যানেলের ১০ বছরের ওয়ারেন্টি দেয়। মাঝে মাঝে কিছু টিভি ক্রেতা অভিযোগ নিয়ে আসলে প্রতিষ্ঠানটি খরচে জড়িয়ে পড়ে।

২৭. উদ্দীপকে উল্লিখিত ওয়ারেন্টি কোন ধরনের ব্যয়?
ক প্রতিরোধমূলক খ মূল্যায়ন
গ অভ্যন্তরীণ ব্যর্থতা ঘ বাহ্যিক ব্যর্থতা

২৮. রাষ্ট্র কর্তৃক স্বীকৃত বাংলাদেশের মান নিয়ন্ত্রণকারী সংস্থা হলো–
ক BSTI খ TQM
গ ISO ঘ BST

২৯. আন্তর্জাতিক মান নিয়ন্ত্রণকারী সংস্থার পরিবেশ বিষয়ক সনদ হলো–
ক ISO-12000 খ ISO-13000
গ ISO-14000 ঘ ISO-15000

৩০. নিম্নমানের পণ্য উৎপাদনজনিত খরচ কত প্রকার?
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬

দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–২০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. পণ্যের উপযোগ সৃষ্টি করাকে কী বলে?
ক উৎপাদন খ উৎপাদনশীলতা
গ চাহিদা ঘ যোগান

২. উৎপাদনশীলতা হলো–
i. উৎপাদন ও উপকরণের অনুপাত
ii. উৎপাদন বৃদ্ধির প্রত্যক্ষ নিয়ামক
iii. মজুদ নিয়ন্ত্রণের সংশ্লিষ্ট উপাদান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩. আর্থিক উৎপাদনশীলতা নির্ণয়ের সূত্র নিচের কোনটি?
ক $\frac{\text{উৎপাদনের মূল্য}}{\text{উপকরণের মূল্য}}$ খ $\frac{\text{উৎপাদনের মূল্য}}{\text{মালামালের মূল্য}}$
গ $\frac{\text{সংযোজিত মূল্য}}{\text{রূপান্তর মূল্য}}$ ঘ $\frac{\text{রূপান্তর মূল্য}}{\text{সংযোজিত মূল্য}}$

নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :
রংপুরের মণ্ডলপাড়ার টমেটো চাষিরা পণ্যের ন্যায্যমূল্য না পেয়ে নিজেদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও ঐক্যের ভিত্তিতে একটি সংগঠন গড়ে তুলেন।

৪. উদ্দীপকের সংগঠনটি কোন ধরনের?
ক অংশীদারি খ যৌথমূলধনী
গ সমবায় সমিতি
ঘ যৌথ উদ্যোগে ব্যবসায়

৫. উল্লিখিত সংগঠনের মূল লক্ষ্য হচ্ছে–
i. সদস্যদের অর্থনৈতিক উন্নয়ন
ii. অধিক মুনাফা অর্জন
iii. পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. উৎপাদনের একমাত্র মানবিক উপকরণ কোনটি?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

৭. নিচের কোন অবস্থায় সঞ্চয় সৃষ্টি হয়?
ক আয়ের তুলনায় ব্যয় বেশি হলে
খ আয়ের তুলনায় ব্যয় কম হলে
গ আয় এবং ব্যয় সমান হলে
ঘ আয়ের তুলনায় মুনাফা কম হলে

৮. যা আয় সৃষ্টিতে সক্ষমতা, তাকে কী বলা হয়?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

৯. শ্রম বিভাগের সুবিধা হচ্ছে–
i. উৎপাদনশীলতা বৃদ্ধি
ii. শ্রমিকদের দক্ষতা বৃদ্ধি
iii. শ্রমিকদের উপর নির্ভরশীলতা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. একই পেশা ও পদবিতে এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে একজন কর্মী যোগদান করলে কী ধরনের শ্রমের গতিশীলতা সৃষ্টি হয়?
ক আনুভূমিক খ উলম্ব
গ পেশাগত ঘ শিল্পগত

১১. ভূমি হলো–
i. আদি উপাদান
ii. যোগান দামমুক্ত
iii. গতিশীল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. নিচের কোনটি ভূমির উৎপাদন ক্ষমতা নির্ধারক?
ক প্রযুক্তির ব্যবহার খ শ্রম বিভাগ
গ সংগঠন কাঠামো ঘ স্বল্প বিনিয়োগ

১৩. উৎপাদন ব্যবস্থাপনায় PERT, CPM ইত্যাদি কোন যুগে ব্যবহৃত হয়?
ক শিল্পবিপ্লব পূর্ববর্তী যুগ খ শিল্পবিপ্লবকালীন যুগ
গ শিল্পবিপ্লব পরবর্তী যুগ ঘ আধুনিক যুগ

নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :
ঐশী প্রায় সময়ই ফ্যাশন হাউজগুলো থেকে পোশাক ক্রয় করেন। ইদানীং একটি ফ্যাশন হাউজে তার একটি পোশাক পছন্দ হয়েছে। পোশাকটির ডিজাইন পছন্দ হলেও লাল রং এর পরিবর্তে ঐশী কালো রংয়ের পোশাক চান। এক পর্যায়ে বিক্রেতা বললেন ঐশী যদি অগ্রিম টাকা দিয়ে অর্ডার দেন তবে তিনি এক সপ্তাহের মধ্যে ঐ ডিজাইনের কালো পোশাক ডেলিভারী দিতে পারবেন।

১৪. ঐশীর চাহিদা অনুযায়ী ফ্যাশন হাউজের অর্ডার সংগ্রহকে উৎপাদন ব্যবস্থাপনায় কী বলে?
ক সেবার প্রবৃদ্ধি
খ উৎপাদনশীলতা চ্যালেঞ্জ
গ মানসম্মত পণ্য প্রদান
ঘ ক্রেতাকেন্দ্রিকতা

১৫. উদ্দীপকের ফ্যাশন হাউজের বৈশিষ্ট্য হচ্ছে–
i. ফরমায়েশ অনুযায়ী পণ্য তৈরি
ii. নির্দিষ্ট শ্রেণির ক্রেতাদের গুরুত্বারোপ
iii. চাহিদা অনুযায়ী পোশাক সরবরাহ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. নিচের কোনটিকে উৎপাদনকারী থেকে আলাদা করা যায় না?
ক পণ্য খ সেবা
গ মূলধন ঘ বণ্টন

১৭. পণ্যের কাঠামোগত বিষয় নির্ধারণকে কী বলে?
ক উৎপাদন ব্যবস্থাপনা খ মান নিয়ন্ত্রণ
গ পণ্য ডিজাইন ঘ উৎপাদন নিয়ন্ত্রণ

১৮. পণ্য ডিজাইনের চতুর্থ ধাপ কোনটি?
ক উদ্যোগ গ্রহণ খ পরীক্ষামূলক উৎপাদন
গ ধারণা উন্নয়ন
ঘ উৎপাদনের সম্ভাব্যতা যাচাই

১৯. কোনটি উৎপাদন ব্যবস্থাপনার কাজের আওতাভুক্ত?
ক পণ্যের নকশাকরণ
খ পণ্যের বাজারজাতকরণ
গ পণ্যের মূল্য নিয়ন্ত্রণ ঘ পণ্যের বণ্টন

২০. নিচের কোনটি গ্যান্ট-চার্ট তৈরির উদ্দেশ্য?
ক কার্য পরিমাপ খ কার্য নিরীক্ষণ
গ মান নিয়ন্ত্রণ ঘ সময় নিরীক্ষণ

২১. বাংলাদেশের পণ্য ডিজাইনের ক্ষেত্রে নিচের কোনটিকে গুরুত্ব দিতে হয়?
ক কাঁচামালের সহজলভ্যতা
খ শ্রমের প্রাপ্যতা
গ ক্রেতাদের ক্রয়ক্ষমতা
ঘ জনগণের জীবনযাত্রার মান

২২. দেশীয় পণ্যের ট্রেডমার্ক ব্যবহারে বাধ্য করে কে?
ক ISO খ BSTI
গ TCB ঘ EPZ

২৩. Economic Order Quantity (EOQ) পদ্ধতি উৎপাদনের কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?
ক পণ্য ডিজাইনে খ উৎপাদন নিয়ন্ত্রণে
গ মান নিয়ন্ত্রণে ঘ মজুদ নিয়ন্ত্রণে

নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :
Mr. Z একটি বৃহদায়তন ফ্যাশন হাউজ পরিচালনা করেন। তিনি পণ্যের স্বকীয়তা ধরে রাখতে সদা সচেষ্ট। এ জন্য তিনি ক্রেতার স্টাইলকে প্রাধান্য দিয়ে নিয়মিতভাবে পণ্যের আকার ও রং পরিবর্তন করেন। ঢাকার গুলশান, বনানী, ধানমণ্ডি ইত্যাদি অভিজাত এলাকায় তার শো-রুম রয়েছে।

২৪. নিচের কোনটির মাধ্যমে Mr. Z পণ্যের স্বকীয়তা ধরে রাখেন?
ক পণ্যের মান নিয়ন্ত্রণ খ পণ্যের ডিজাইন
গ পণ্যের দাম ঘ ধারাবাহিক পরিবর্তন

২৫. উদ্দীপকে যে উপাদানগুলো পণ্যের মান, ফ্যাশন, রং ও আকারে প্রভাববিস্তার করে তা হলো–
i. ভোক্তার চাহিদা
ii. বিভিন্ন উৎসব
iii. দেশীয় ঐতিহ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. কোনো পণ্যের ত্রুটি সংঘটিত হওয়ার পূর্বে তা রোধ করার জন্য যে ব্যয় করা হয় তাকে কী ধরনের ব্যয় বলে?
ক প্রতিরোধমূলক খ মূল্যায়ন
গ অভ্যন্তরীণ ব্যর্থতার ঘ বাহ্যিক ব্যর্থতার

২৭. ISO একটি আন্তর্জাতিক মান নির্ধারণকারী সংস্থা। এই সংস্থাটির একাধিক মানদণ্ডের মধ্যে একটি মানদণ্ড রয়েছে যা মানসংক্রান্ত বিশটি বিষয় নিয়ে আলোকপাত করে। উদ্দীপকে আলোচ্য মানদণ্ডটির নাম কী?
ক ISO-9000 খ ISO-9001
গ ISO-9002 ঘ ISO-14000

২৮. পণ্যের মান নিশ্চিতকরণে যে সকল পদ্ধতি ব্যবহার করা হয় তা হলো–
i. PERT
ii. CPM
iii. EOQ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. প্রতিষ্ঠানের জন্য পণ্য ডিজাইন কী ধরনের কার্যক্রম?
ক স্বল্পমেয়াদি খ দীর্ঘমেয়াদি
গ ধারাবাহিক ঘ সময়ভিত্তিক

৩০. ISO-14000 কোন ধরনের মান নির্ধারণ পদ্ধতি?
ক কারিগরি জ্ঞানসংক্রান্ত খ পণ্য ডিজাইনসংক্রান্ত
গ উৎপাদন প্রক্রিয়াসংক্রান্ত ঘ পরিবেশসংক্রান্ত

ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 8 6

সময়–২০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. দ্রব্য ও সেবা সৃষ্টি করাকে কী বলে?
ক উপযোগ খ উপকরণ
গ উৎপাদন ঘ উৎপাদন ক্ষমতা

২. কোন উপযোগের ক্ষেত্রে 'অবিচ্ছেদ্যতা' লক্ষ করা যায়?
ক তথ্যগত খ সেবাগত
গ মালিকানাগত ঘ সময়গত

৩. 'শিমুল তুলা উৎপাদন' উৎপাদনের কোন খাতের অন্তর্ভুক্ত?
ক কৃষি খ শিল্প
গ আর্থিক ঘ বিনোদন

৪. কোন ধরনের উৎপাদনশীলতায় 'সময়ের একক' বিবেচনা করা হয়?
ক আর্থিক খ কাঁচামালের
গ সার্বিক ঘ শ্রমের

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
'রিতু গার্মেন্টস ফ্যাক্টরি' বছরে ২,০০,০০০ একক পণ্য উৎপাদন করে এবং বাজারে ১০০ টাকা দরে প্রতিটি পণ্য বিক্রয় করে। এই উৎপাদনের জন্য ফ্যাক্টরিতে ৫,০০,০০০ টাকার কাঁচামাল, ৬০,০০০ টাকার শ্রম, ২,০০০ ঘণ্টা যন্ত্র সময় ব্যবহার করে যার মূল্য ঘণ্টা প্রতি ২০ টাকা এবং অন্যান্য ব্যয়ের পরিমাণ ৫০,০০০ টাকা।

৫. 'রিতু গার্মেন্টস ফ্যাক্টরি' এর সার্বিক উৎপাদনশীলতা কত?
ক ৩৩৩.৩৩ খ ২০০
গ ৩৩.৩৩ ঘ ৩০.৭৭

৬. যদি উদ্দীপকে বর্ণিত কারখানাটিতে আরও ৫০০ একক পণ্য উৎপাদন ও বিক্রয় করা হয়, তাহলে সেক্ষেত্রে ৫০,০০০ টাকার অতিরিক্ত কাঁচামাল ব্যবহার করতে হবে। এক্ষেত্রে কাঁচামালের উৎপাদনশীলতা কত হবে?
ক ৪০ খ ৩৬.৪৫
গ ৩৬.৩৬ ঘ ৩৩.৪২

৭. সূর্যের আলো উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত?
ক মূলধন খ সংগঠন
গ শ্রম ঘ ভূমি

৮. আয় উপার্জনে ব্যবহৃত মানুষের সম্পদের অংশকে কী বলে?
ক শ্রম খ মূলধন
গ ভূমি ঘ সংগঠন

৯. যে সংগঠনের মূল উদ্দেশ্য জনগণের কল্যাণসাধন তা হলো–
ক সমবায় সমিতি খ ব্যবসায় জোট
গ রাষ্ট্রীয় ব্যবসায়
ঘ যৌথমূলধনী কোম্পানি

১০. সঞ্চয়ের ইচ্ছা নির্ভর করে–
ক সুদের হারের ওপর
খ জনগণের আয়ের ওপর
গ জনগণের ব্যয়ের ওপর
ঘ বিনিয়োগের সুবিধার ওপর

১১. 'টেইলারিং শপ' এর জন্য কোন ধরনের ব্যবসায় সংগঠন উপযোগী?
ক যৌথউদ্যোগ খ ব্যবসায় জোট
গ অংশীদারি ঘ একমালিকানা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মাহমুদ খুলনা শহরে একটি কারখানা স্থাপন করেন। তিনি কারখানায় সমগ্র উৎপাদন প্রক্রিয়াকে তিনটি ভাগে যথা : তুলা উৎপাদন বিভাগ, সুতা উৎপাদন বিভাগ এবং কাপড় উৎপাদন বিভাগে ভাগ করে প্রতিষ্ঠানটিতে কাপড় উৎপাদন করেন। কারখানাটির উৎপাদিত পণ্য বাজারে প্রচুর পরিমাণে বিক্রয় হয় এবং মালিক পর্যাপ্ত মুনাফা অর্জনে সক্ষম হন।

১২. জনাব মাহমুদ কোন ধরনের শ্রমবিভাজন ব্যবহার করেছেন?
ক ভৌগোলিক
খ অসম্পূর্ণ প্রক্রিয়াজাতকৃত
গ পেশাগত
ঘ সম্পূর্ণ প্রক্রিয়াজাতকৃত

১৩. জনাব মাহমুদ কর্তৃক শ্রম বিভাজনের ফলাফল হলো–
i. শ্রমিকের দক্ষতা ও নৈপুণ্য বৃদ্ধি
ii. সময় ও যন্ত্রপাতির সদ্ব্যবহার
iii. বিরক্তি ও একঘেয়েমিত্ব হ্রাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. উৎপাদন ক্ষেত্রে 'Economic lot size' মডেল কে প্রবর্তন করেন?
ক Walter Shewhart খ F.W. Taylor
গ F.W. Harris ঘ L.H.C Tippet

১৫. 'জীবন বিমা পলিসি' কোন ধরনের পণ্য?
ক বিশিষ্ট পণ্য খ শপিং পণ্য
গ সুবিধাজনক পণ্য ঘ অযাচিত পণ্য

১৬. সেবার নশ্বরতার অর্থ হলো–
ক ভবিষ্যতে বিক্রয় বা ব্যবহারের জন্য সংরক্ষণ করা যায় না
খ এর মান সেবাদাতার উপর নির্ভর করে
গ সেবাদাতা থেকে সেবাকে বিচ্ছিন্ন করা যায় না
ঘ এটি ক্রয়ের পূর্বে দেখা, স্বাদ নেওয়া বা অনুভব করা যায় না

১৭. কোন হাতিয়ারটি মজুদ নিয়ন্ত্রণে ব্যবহৃত হয়?
ক Programme Evaluation and Review Technique
খ Critical Path Method
গ Economic Order Quantity
ঘ Linear Programming

১৮. প্রয়োজন অনুযায়ী দ্রব্য ও সেবা তৈরি করাকে কী বলে?
ক উৎপাদন ব্যবস্থাপনা খ কাস্টমাইজেশন
গ মান ব্যবস্থাপনা ঘ মান নিশ্চিতকরণ

১৯. নিচের কোনটির মধ্যে সিডিউলিং অন্তর্ভুক্ত?
ক উৎপাদন নিয়ন্ত্রণ খ মান নিয়ন্ত্রণ
গ মজুদ নিয়ন্ত্রণ ঘ পদ্ধতি বিশ্লেষণ

২০. পণ্যের আকৃতি, মানদণ্ড এবং পেটার্ন নির্ধারণকে কী বলে?
ক উৎপাদন পরিকল্পনা খ মান ব্যবস্থাপনা
গ পণ্য ডিজাইন ঘ উৎপাদন নিয়ন্ত্রণ

২১. একটি উত্তম ডিজাইনের বৈশিষ্ট্য হলো–
i. মডিউলার ডিজাইন
ii. ক্ষুদ্রাকারকরণ প্রবণতা
iii. পুনঃডিজাইন যোগ্যতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২২. পণ্য ডিজাইনের কোন পর্যায়ে বাজার গবেষণা অন্তর্ভুক্ত?
ক উদ্যোগ গ্রহণ খ ধারণা উন্নয়ন
গ সামর্থ্য বিশ্লেষণ ঘ চূড়ান্ত উৎপাদন

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হাসান গাজীপুর জেলায় একটি মোবাইল ফোন উৎপাদনকারী প্রতিষ্ঠান স্থাপন করেন। প্রতিষ্ঠানটি পণ্যের মান, উপযোগিতা এবং স্থায়িত্বের প্রতি অধিক গুরুত্বারোপ করে এবং সিম কার্ডে '4G' সুবিধা যোগ করে। কিন্তু বিক্রয়ের পরিমাণ যথেষ্ট নয়। ফলে প্রতিষ্ঠানটি কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করতে পারে না। এ প্রেক্ষিতে কোম্পানিটির প্রকৌশলী মোবাইল ফোনের কাঠামোগত পরিবর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করে যাতে করে সেগুলো অধিকতর আকর্ষণীয় হয়। এই সিদ্ধান্ত বাস্তবায়নের মাধ্যমে প্রতিষ্ঠানটি কাম্য ফলাফল অর্জনে সক্ষম হয়।

২৩. প্রথম পর্যায়ে জনাব হাসান কোন ধরনের ডিজাইন অনুসরণ করেন?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকিং

২৪. প্রতিষ্ঠানটির সফলতার কারণ হলো–
ক প্যাকিং ডিজাইন খ উৎপাদন ডিজাইন
গ নান্দনিক ডিজাইন ঘ ব্যবহারিক ডিজাইন

২৫. পণ্য ডিজাইনের ক্ষেত্রে সীমাবদ্ধতা কোনটি?
ক সুনাম বৃদ্ধি খ উপযোগ বৃদ্ধি
গ বাজার সম্প্রসারণ ঘ সামগ্রিক ব্যয় বৃদ্ধি

২৬. 'যন্ত্রপাতি নিয়ন্ত্রণ' মান নিয়ন্ত্রণের কোন পর্যায়ের অন্তর্ভুক্ত?
ক কাঁচামাল নিয়ন্ত্রণ খ প্রক্রিয়া নিয়ন্ত্রণ
গ আধা তৈরি পণ্য নিয়ন্ত্রণ
ঘ তৈরি পণ্য নিয়ন্ত্রণ

২৭. মান ব্যবস্থাপনার জনক কে?
ক Henri Fayol খ F.W. Taylor
গ John W. Horch ঘ W. Edwards Deming

২৮. 'মামলা পরিচালনা ব্যয়' কোন ধরনের নিম্নমানজনিত ব্যয়ের অন্তর্ভুক্ত?
ক বাহ্যিক ব্যর্থতার ব্যয়
খ অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয়
গ মূল্যায়ন ব্যয় ঘ প্রতিরোধ ব্যয়

২৯. দ্রব্য ও সেবা পূর্বনির্ধারিত মান অর্জন করছে কিনা তা নিশ্চিত করার প্রক্রিয়াকে কী বলে?
ক সার্বিক মান ব্যবস্থাপনা
খ মান নিশ্চিতকরণ
গ মান নিয়ন্ত্রণ
ঘ উৎপাদন নিয়ন্ত্রণ

৩০. নিচের কোনটি শুধু উৎপাদন প্রক্রিয়ার ওপর গুরুত্বারোপ করে?
ক ISO-9000 খ ISO-9001
গ ISO-9002 ঘ ISO-9003

সকল বোর্ডের শীর্ষস্থানীয় কলেজসমূহের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

SURE BOARDS

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ নিজাম বিভিন্ন ধরনের মিষ্টান্ন দ্রব্য তৈরি করেন। ঐতিহ্য ও পূর্ব সুনামের কারণে তার মিষ্টিজাতীয় দ্রব্যের প্রচুর চাহিদা রয়েছে। অন্যদিকে একই শহরের মিষ্টি ব্যবসায়ী মোহনলাল ঘোষ সম্প্রতি প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে সমমানের মিষ্টান্ন তৈরি হওয়া সত্ত্বেও বিভিন্ন ধরনের মিষ্টান্ন অবিক্রীত থেকে যায়। এ সমস্যা নিরসন করার জন্য জনাব মোহনলাল ঘোষ তাঁর প্রতিষ্ঠানের মিষ্টান্ন দ্রব্য বাংলাদেশের বিভিন্ন এলাকায় সরবরাহের উদ্যোগ গ্রহণ করেন।

ক. উপযোগ কী? ১

খ. উৎপাদন সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করে– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব নিজাম কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ৩

ঘ. সংকট নিরসনে মোহনলাল ঘোষ গৃহীত পদক্ষেপের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

২ ▸ তাজরিন ফ্যাশন লিমিটেড ২০২১ সালে ২ কোটি টাকা মূল্যের গার্মেন্টস সামগ্রী বিদেশে রপ্তানি করেছে। এজন্য প্রতিষ্ঠানটির কাপড় ও অন্য দ্রব্য বাবদ ৬০,০০,০০০ টাকা; শ্রম বাবদ ৩০,০০,০০০ টাকা; বিদ্যুৎ ও জ্বালানি বাবদ ৮,০০,০০০ টাকা; যন্ত্রপাতি বাবদ ৪০,০০,০০০ টাকা এবং অন্যান্য খাতে আরও ৫,০০,০০০ টাকা খরচ করেছে। প্রতিষ্ঠানটির ২০১৯ ও ২০২০ সালের আর্থিক উৎপাদনশীলতা ছিল যথাক্রমে ১ টাকা ও ১.৬ টাকা।

ক. উৎপাদনশীলতা কী? ১

খ. উৎপাদনশীলতার উপর কীভাবে মুনাফা নির্ভর করে– ব্যাখ্যা কর। ২

গ. "তাজরিন ফ্যাশন লিমিটেড"-এর ২০২১ সালের যন্ত্রপাতির উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটির ২০২১ সালের আর্থিক উৎপাদনশীলতার উপর মন্তব্য কর। ৪

৩ ▸ জনাব আশিক শরীয়তপুর জেলায় ১০ বিঘা জমিতে গোলাপ ফুলের চাষ করেন এবং ঢাকার শাহবাগে ফুলের দোকানে বিক্রয় করেন। সম্প্রতি তিনি যানবাহন ও গুদামের জন্য ব্যাংক ঋণের আবেদন করেছেন। কারণ নিজস্ব পরিবহন ও গুদামজাতকরণ ব্যবস্থা না থাকায় ফেব্রুয়ারি মাসে যথাসময়ে উত্তোলিত ফুল ঢাকায় সরবরাহ করা সম্ভব হয়নি, আবার সংরক্ষণ করাও যায়নি। ফলে ৩ লক্ষ টাকার ফুল নষ্ট হয়ে যায়। মার্চ মাসে ৫০ হাজার গোলাপের অর্ডার উৎপাদন বিভাগকে জানানো হয়। জমিতে পর্যাপ্ত ফুল থাকা সত্ত্বেও মাত্র ২০ হাজার গোলাপ শ্রমিকরা দোকানে পাঠায়। ফলে গ্রাহকদের ফরমায়েশকৃত ফুল সরবরাহ করা যায়নি। সার্বিক বিষয় নিয়ে মি. সাগর চিন্তিত।

ক. ভূমি কী? ১

খ. ভূমি স্থানান্তর করা যায় না– ব্যাখ্যা কর। ২

গ. জনাব আশিকের ব্যবসায় উৎপাদনের কোন উপকরণের প্রত্যক্ষ প্রভাবে ফুল নষ্ট হয়? ৩

ঘ. উৎপাদনের উপকরণসমূহের স্বরূপ বিশ্লেষণপূর্বক মি. সাগরের করণীয় সুপারিশ কর। ৪

৪ ▸ জনাব পরেশ কৃষক। তিনি নিজের জমিতে চাষ করেন। এ জন্য তিনি উন্নতমানের বীজ, সার, কীটনাশক ঔষধ, সেচের পানি ইত্যাদির ব্যবস্থা করেন। উৎপাদনের পরিমাণ এবং উৎপাদন ব্যয় দেখানো হলো– নিম্নের সারণীতে কয়েক বছরে তার প্রতি বিঘা জমিতে ফসল উৎপাদনের পরিমাণ এবং উৎপাদন ব্যয় দেখানো হলো :

বছর	শ্রম ও মূলধন ব্যয় (টাকা)	প্রান্তিক ব্যয় (টাকা)	মোট উৎপাদন (মণ)	প্রান্তিক উৎপাদন (মণ)
১ম	১,০০০	–	১০	–
২য়	২,০০০	১,০০০	২০	১০
৩য়	৩,০০০	১,০০০	৩৬	১৬
৪র্থ	৪,০০০	১,০০০	৪৮	১২
৫ম	৫,০০০	১,০০০	৫৬	১০

ক. শ্রম গতিশীলতা কী? ১

খ. 'শ্রম ও শ্রমিক অবিচ্ছিন্ন' ব্যাখ্যা কর। ২

গ. সারণীর মাধ্যমে ভূমির কোন বৈশিষ্ট্যকে ফুটিয়ে তোলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উৎপাদনের উপকরণ হিসেবে জনাব পরেশের পরিশ্রমকে কী শ্রম বলা যায়? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৫ ▸ Juicy নামের একটি ছোট আকারের জুস তৈরি কারখানায় প্রয়োজনীয় কাজগুলো বিভিন্ন ভাগে ভাগ করেছে। প্রথম অবস্থায় কয়েকজন শ্রমিক ক্রয়কৃত আনারসগুলো সুন্দর করে ধুয়ে খোসা ছোলেন। ২য় স্থানে কিছু শ্রমিক ব্লেন্ডিং মেশিনে দিয়ে রস সংগ্রহ করেন। ৩য় অবস্থায় অন্যান্য উপকরণ মিশিয়ে প্যাকিং বিভাগে পাঠিয়ে দেন। ফলে কাজটি অতিদ্রুত ও সুন্দরভাবে সম্পাদিত হচ্ছে। অন্যদিকে Fruity নামের একটি বৃহদায়তন প্রতিষ্ঠান তাদের তৈরি ম্যাংগো জুস দেশের সকল জেলায় সরবরাহের চিন্তা-ভাবনা করছে। তারা ভোক্তাদের নিকট অতিদ্রুত জুস পৌঁছানোর বিষয়টি নিশ্চিত করতে চায়।

ক. শ্রমবিভাগ কী? ১

খ. 'সকল অর্থই কি মূলধন'? ব্যাখ্যা কর। ২

গ. 'juicy' কারখানাটি কোন ধরনের শ্রম-বিভাগ করেছে– ব্যাখ্যা কর। ৩

ঘ. যে ধরনের শ্রম-বিভাগ অনুসরণ করে 'Fruity' তাদের লক্ষ্য অর্জনে সক্ষম হবে, তার কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

৬ ▸ মদীনা অ্যান্ড কোং উন্নতমানের বিস্কুট ও পাউরুটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি আধুনিক ও উন্নত প্রযুক্তি ব্যবহার করে পণ্য উৎপাদন করে। ইদানীং প্রতিষ্ঠানটি তীব্র প্রতিযোগিতার সম্মুখীন হওয়ায় আকর্ষণীয় মোড়ক ব্যবহার করে পণ্য বাজারজাত করার চিন্তা করছেন।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. পণ্য ডিজাইন পণ্যের উপযোগিতা বৃদ্ধিতে সহায়ক– ব্যাখ্যা কর। ২

গ. মদীনা অ্যান্ড কোং কোন ধরনের পণ্য ডিজাইন ব্যবহার করে পণ্য উৎপাদন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "আকর্ষণীয় মোড়কের ব্যবহার প্রতিযোগিতা মোকাবিলায় ভূমিকা রাখবে" – তুমি কি এ ব্যাপারে একমত? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

৭ ▸ চৈতালি ফ্যাশন হলো গাজীপুরে অবস্থিত একটি রপ্তানিমুখী তৈরি পোশাক কারখানা। কিছুদিন আগে বিদেশি ক্রেতার কাছ থেকে একটি বড় অর্ডার পায়। অর্ডার অনুযায়ী পণ্য তৈরি করার পর ত্রুটি চিহ্নিত হওয়ায় অনেক পণ্য বাতিল করে নতুন পণ্য উৎপাদন করতে হয়। এতে প্রতিষ্ঠানটিকে বড় অঙ্কের লোকসান বহন করতে হয়।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. বাংলাদেশে বিএসটিআই গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত চৈতালি ফ্যাশনের ত্রুটিযুক্ত পণ্য বাতিল করার বিষয়টি কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর মানসম্মত পণ্য উৎপাদন না করা প্রতিষ্ঠানের জন্য আর্থিক ক্ষতির কারণ? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▸ এডিসন বিশ্বখ্যাত একটি মোবাইল উৎপাদনকারী প্রতিষ্ঠান। ক্রেতাদের প্রত্যাশিত মোবাইল সরবরাহের জন্য তারা একটি মান নিয়ন্ত্রণ বিভাগ খুলেছেন। এছাড়াও তারা কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ বাবদ প্রতিবছর ৫০ লক্ষ টাকা ব্যয় করেন। উৎপাদনে কিছু ত্রুটি থাকায় ২০২২ সালে ওয়ারেন্টি বাবদ ১০ লক্ষ টাকা ব্যয় ধার্য করেন।

ক. প্রশিক্ষণ ব্যয় কী? ১

খ. "মান নিয়ন্ত্রণের মাধ্যমে অপচয় হ্রাস পায়"– ব্যাখ্যা কর। ২

গ. এডিসন এর প্রথম পর্যায়ের ব্যয়টি কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত? বর্ণনা কর। ৩

ঘ. ২০২২ সালে এডিসন এর ওয়ারেন্টি বাবদ ব্যয় ১০ লক্ষ টাকা নির্ধারণ করেছে তা কতটুকু বাস্তবসম্মত বলে তুমি মনে কর? ব্যয়ের ধরন উল্লেখপূর্বক তোমার মতামত দাও। ৪

৯ ▸ জনাব সোবহান কাঠের তৈরি আসবাবপত্র তৈরি করেন। এক্ষেত্রে তিনি সবসময়ে ভোক্তাদের পছন্দ অনুযায়ী ডিজাইন নির্ধারণের চেষ্টা করেন। তাঁর প্রতিষ্ঠানটি অপেক্ষাকৃত কম মূল্যে উন্নতমানের ফার্নিচার বিক্রয় করে ব্যাপক খ্যাতি অর্জন করে।

ক. ক্রিয়াগত বা ব্যবহারিক ডিজাইন কী? ১

খ. পণ্যের বহিরাবরণকে আকর্ষণীয় করাই প্যাকিং ডিজাইনের মূল লক্ষ্য– ব্যাখ্যা কর। ২

গ. জনাব সোবহানের প্রাথমিক কার্যক্রম পণ্য ডিজাইনের কোন পর্যায়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সোবহানের খ্যাতি অর্জনের কারণ পণ্য ডিজাইনের ধরনের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▸ নারায়ণগঞ্জ জেলার বাসিন্দা মানিক মিয়া পেশায় একজন তাঁতি। পেশাগত দক্ষতা ও অদম্য ইচ্ছার কারণে তিনি স্থানীয়ভাবে শাড়ি তৈরির কারখানা দিয়েছেন। তার কারখানা থেকে প্রতিদিন গড়ে শখানেক শাড়ি তৈরি হয়। এ সকল শাড়ির স্বল্পসংখ্যক তিনি নারায়ণগঞ্জ শহরে নিজস্ব দোকানের মাধ্যমে প্রকৃত ক্রেতাদের নিকট বিক্রয় করেন এবং সিংহভাগ ঢাকায় মহাজনদের নিকট সরবরাহ করেন। ঢাকার মহাজনরা তা পুনঃপ্রক্রিয়া করে নিজস্ব ব্র্যান্ডে বাজারে ছাড়ে।

ক. বিশিষ্ট পণ্য কী? ১

খ. সেবা কি পচনশীল? ব্যাখ্যা কর। ২

গ. মি. মানিক তার নিজস্ব দোকানের মাধ্যমে যে পণ্য বিক্রয় করে তা কোন ধরনের ভোগ্যপণ্য– ব্যাখ্যা কর। ৩

ঘ. "ঢাকায় সরবরাহ দেওয়ার ফলে পণ্যটির ধরন পরিবর্তিত হয়েছে।"– বিষয়টি মূল্যায়ন কর। ৪

১১ ▸ ভোগপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান 'রুচিতা' এপ্রিল মাসে ৫০,০০০ লিটার কোল্ড কফি উৎপাদন করে যা সেপ্টেম্বর মাসের মধ্যে সম্পূর্ণ বিক্রয় হয়ে যায়। এতে উদ্বুদ্ধ হয়ে প্রতিষ্ঠানটি অক্টোবর মাসে ৮০,০০০ লিটার কোল্ড কফি উৎপাদন করে। কিন্তু ঋতু পরিবর্তনের কারণে পরবর্তী চার মাসে অধিকাংশ সময়ে কোল্ড কফির চাহিদা কমে যায় এবং মেয়াদোত্তীর্ণ হয়ে যায়। অপরদিকে প্রতিষ্ঠানটি গ্রাহকদের চাহিদা অনুযায়ী বিভিন্ন সাইজের ও ডিজাইনের কেক, বার্গার বিভিন্ন অনুষ্ঠানে সরবরাহ করে। বছর শেষে দেখা যায় প্রতিষ্ঠানটি কোল্ড কফিতে লোকসান দিলেও কেক, বার্গার ও বোরহানি বিক্রয়ে প্রচুর লাভ করে।

ক. আধা প্রস্তুতকৃত পণ্য কী? ১

খ. দ্রব্যকে কীভাবে সেবা থেকে আলাদা করা যায়? ২

গ. আইসক্রিম উৎপাদনে 'রুচিতা' উৎপাদন ব্যবস্থাপনার কোন কাজটি অনুসরণ করেনি। ব্যাখ্যা কর। ৩

ঘ. "কাস্টমাইজেশনের যথাযথ অনুসরণই কেক, বার্গার ও বোরহানি বিক্রয়ে সফলতার মূল কারণ"– তুমি কি একমত? ব্যাখ্যা কর। ৪

ঢাকা কমার্স কলেজ

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব জাবির 'Future Training Center' এর কর্ণধার। তিনি এবং তাঁর কর্মীরা তরুণদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন। সম্প্রতি প্রতিষ্ঠানটির শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি পাওয়ায় জনাব জাবির একটি নতুন বিল্ডিং ক্রয় করেন এবং সেখানে তার প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রম শুরু করেন। তিনি মনে করেন, এর ফলে প্রচুর তরুণ শিক্ষার্থীদের সুন্দর ভবিষ্যৎ নিশ্চিত হবে।

ক. উপযোগ কী? ১

খ. "উৎপাদন কর্মসংস্থান সৃষ্টি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রাথমিক পর্যায়ে জনাব জাবির কোন ধরনের উপযোগ সৃষ্টি করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, জনাব জাবিরের সাম্প্রতিক কার্যক্রমের মাধ্যমে তরুণদের সুন্দর ভবিষ্যৎ নিশ্চিত হবে? উপযোগের ধরন উল্লেখপূর্বক তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

২। 'এম জে গার্মেন্টস লি.' একটি পোশাক উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির ২০২৩ সালের উৎপাদনসংক্রান্ত তথ্য নিম্নে প্রদান করা হলো–

বিবরণ	টাকা
কাপড় ক্রয়	৮,০০,০০০
সুতা ক্রয়	১,০০,০০০
বোতাম ক্রয়	৩,০০,০০০
শ্রমবাবদ ব্যয়	৫,০০,০০০
যন্ত্রবাবদ ব্যয়	৬,০০,০০০
বিক্রয়মূল্য	৭৫,০০,০০০

উল্লেখ্য ২০২২ সালে প্রতিষ্ঠানটির আর্থিক উৎপাদনশীলতা ছিল ৫ টাকা।

ক. উৎপাদনশীলতা কী? ১

খ. যন্ত্রের উৎপাদনশীলতা কীভাবে নির্ণয় করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. ২০২৩ সালে এম জে গার্মেন্টস লি. এর মালামালের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. ২০২৩ সালে এম জে গার্মেন্টস লি. এর আর্থিক উৎপাদনশীলতা নির্ণয়পূর্বক তোমার মতামত ব্যক্ত কর। ৪

৩। আবির, রাহাত ও রাফি তিন বন্ধু। জনাব আবির ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে লেখাপড়া শেষ করে একটি সুগার মিলের ম্যানেজার পদে যোগদান করেন। এক বছর পর তিনি বসুন্ধরা পেপার মিলে ম্যানেজার পদে যোগদান করেন। অন্যদিকে জনাব রাহাত ও জনাব রাফি সমপরিমাণ মূলধন বিনিয়োগ করে একটি রেস্টুরেন্ট প্রতিষ্ঠা করেন। রেস্টুরেন্টটি স্বল্পসময়ে সফলতা অর্জনে সক্ষম হয়।

ক. শ্রমের দক্ষতা কী? ১

খ. 'মূলধন উৎপাদনশীল'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব আবিরের চাকরি পরিবর্তন কোন ধরনের শ্রমের গতিশীলতার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. সংগঠনের ধরন উল্লেখপূর্বক জনাব রাহাত ও জনাব রাফির সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

৪। জনাব রাফিদ ২০২১ সালে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন। ২০২৩ সালে তিনি ব্যাংক থেকে ৫০ কোটি টাকা ঋণ গ্রহণ করেন এবং বিশ্ববিদ্যালয়টি সম্প্রসারণ করেন। বর্তমানে এখানে শিক্ষার্থীর সংখ্যা ৮০৭৫ জন। বিশ্ববিদ্যালয়টিতে ১৪০ জন শিক্ষকের পাশাপাশি পরীক্ষা নিয়ন্ত্রণ শাখায় ৩ জন, পিয়ন ৮জন, দারোয়ান ৪ জন, হিসাব শাখায় ৫ জন, অফিসে ৩ জন এবং এছাড়া আরও ৫জন কর্মী কর্মরত আছেন। প্রতিটি ক্ষেত্রে যোগ্যতা ও দক্ষতা বিচারে শিক্ষক ও কর্মচারী নিয়োগ দেওয়ায় বিশ্ববিদ্যালয়টির কার্যক্রম অত্যন্ত সুন্দর ও সফলভাবে সম্পাদিত হচ্ছে।

ক. মূলধন গঠন কী? ১

খ. ভূমি কি স্থানান্তরযোগ্য? ব্যাখ্যা কর। ২

গ. বিশ্ববিদ্যালয় সম্প্রসারণে উৎপাদনের কোন উপকরণ ভূমিকা পালন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বিশ্ববিদ্যালয়ের সফলতার সাথে শিক্ষাদান কার্যক্রম সম্পাদনের কারণ বিশ্লেষণ কর। ৪

৫। 'Oakwood Interior Design Ltd.' একটি স্বনামধন্য ইন্টেরিয়র ডিজাইনিং প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ক্রেতাদের ফ্ল্যাটের ইন্টেরিয়র ডিজাইন করে থাকে। প্রতিষ্ঠানটি রং পছন্দ করা থেকে শুরু করে কেবিনেট ডিজাইন, সিলিং ডিজাইন ইত্যাদি ক্ষেত্রে প্রত্যেক ক্রেতার স্বতন্ত্র পছন্দ-অপছন্দ বিবেচনা করে। এর ফলে প্রতিষ্ঠানটি দ্রুত সফলতা অর্জনে সক্ষম হয়।

ক. 6M এর পূর্ণরূপ কী? ১

খ. "উৎপাদন ব্যবস্থাপনা শিল্প উন্নয়নে সহায়তা করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের কার্যক্রম কী উৎপাদনের সাথে জড়িত? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'Oakwood Interior Design Ltd.' এর সফলতা অর্জনের কারণ বিশ্লেষণ কর। ৪

৬। ডা. হাশেম একজন কিডনি বিশেষজ্ঞ। তিনি একটি সেমিনারে অংশগ্রহণের জন্য পাঁচদিন সিঙ্গাপুরে অবস্থান করেন। উক্ত দিনগুলোতে অনেক রোগী তার সেবা থেকে বঞ্চিত হন। সম্প্রতি তিনি তার হাসপাতালের জন্য জার্মানি থেকে অত্যাধুনিক প্রযুক্তিসম্পন্ন ডায়ালাইসিস মেশিন ক্রয় করেন এবং তার রোগীদের পূর্বের তুলনায় আরও উন্নত সেবা প্রদান করেন। এর ফলে রোগীরা অত্যন্ত সন্তুষ্ট।

ক. মানসম্পন্ন দ্রব্য কী? ১

খ. "উৎপাদনশীলতা হ্রাস চ্যালেঞ্জ সৃষ্টি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উল্লিখিত উদ্দীপকের প্রাথমিক পর্যায়ে সেবার কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রোগীদের সন্তুষ্টির কারণ উৎপাদন ব্যবস্থাপনার ঐতিহাসিক পটভূমি উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৭। স্ট্যান্ডার্ড ব্যাগস লি. দীর্ঘদিন যাবৎ বিভিন্ন ধরনের ব্যাগ উৎপাদন করে আসছে। সম্প্রতি তারা একটি দীর্ঘস্থায়ী ব্যবহারযোগ্য ব্যাগ উৎপাদনের সিদ্ধান্ত নিয়েছে যাতে অনেকগুলো চেম্বার আছে এবং প্রয়োজনানুসারে ছোট বড় করা যায়। প্রতিষ্ঠানটি তাদের উৎপাদিত ব্যাগের গ্রহণযোগ্যতা যাচাইয়ের জন্য প্রাথমিকভাবে স্বল্পসংখ্যক ব্যাগ উৎপাদন করবে বলে চিন্তা করছে।

ক. মডিউলার ডিজাইন কী? ১

খ. পণ্য ডিজাইন কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. স্ট্যান্ডার্ড ব্যাগ লি. প্রাথমিক পর্যায়ে কোন ধরনের পণ্য ডিজাইনকে গুরুত্ব দিয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্য ডিজাইনের পর্যায় উল্লেখপূর্বক উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির স্বল্প সংখ্যক ব্যাগ তৈরির সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮। মেঘনা গ্রুপ একটি শপিংমল তৈরির সিদ্ধান্ত নিয়েছেন। শপিংমলের নকশার জন্য দেশের প্রখ্যাত আর্কিটেক্ট মিসেস অর্থি জাহাজ আকৃতির দৃষ্টিনন্দন নকশা প্রণয়ন করেন। মেঘনা গ্রুপ শপিংমল তৈরির পূর্বে তাদের আর্থিক সক্ষমতা ও কারিগরি দক্ষতা মূল্যায়ন করে। যাতে পরবর্তীতে কোনো ধরনের সমস্যা না হয়।

ক. ধারণা উন্নয়ন কী? ১

খ. "প্যাকিং ডিজাইন ক্রেতার আকর্ষণ সৃষ্টি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মিসেস অর্থি প্রাথমিক পর্যায়ে কোন ধরনের পণ্য ডিজাইনকে গুরুত্ব দিয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মেঘনা গ্রুপ পণ্য ডিজাইনের যে পর্যায় অনুসরণ করেছে তার প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৯। 'ডেলিশিয়া কফি' একটি কফি মেশিন উৎপাদনকারী প্রতিষ্ঠান। ২০২২ সালে তাদের উৎপাদিত কফি মেশিনের মধ্যে ৭% মেশিনে ত্রুটি দেখা দেয়ায় এ প্রতিষ্ঠানটি তা মেরামতের ব্যবস্থা গ্রহণ করে। পরবর্তীতে প্রতিষ্ঠানটি অত্যন্ত সতর্কতার সাথে ত্রুটিহীন মেশিন তৈরির জন্য সুনির্দিষ্ট কার্যাবলি প্রয়োগ করে থাকে। এর ফলে মানসম্পন্ন কফি মেশিন তৈরি করা সম্ভব হয়।

ক. মান কী? ১

খ. "বেঞ্চমার্কিং পণ্যের বিক্রয় বৃদ্ধি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রাথমিক পর্যায়ে ২০২২ সালে 'ডেলিশিয়া কফি' যে ব্যয় নির্বাহ করেছে তা কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মানসম্পন্ন কফি মেশিন তৈরির কারণ মান ব্যবস্থাপনার ঐতিহাসিক প্রেক্ষাপটের পর্যায় উল্লেখপূর্বক তোমার মতামত দাও। ৪

১০। দিপন ইলেকট্রনিক্স একটি টেলিভিশন উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি তাদের টেলিভিশন বিক্রয় বৃদ্ধির কৌশল হিসেবে ৫ বছরের ওয়ারেন্টি প্রদান করে। সম্প্রতি প্রতিষ্ঠানটি তাদের পণ্য দক্ষিণ আফ্রিকা ও ব্রাজিলে রপ্তানির সিদ্ধান্ত নেয় এবং একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান থেকে মান সনদ গ্রহণ করে। এর ফলে সহজেই আন্তর্জাতিক বাজারে গ্রহণযোগ্যতা অর্জন করে।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. "মান ব্যবস্থাপনা উচ্চ উৎপাদনশীলতা নিশ্চিত করে"– ব্যাখ্যা কর। ২

গ. উল্লিখিত উদ্দীপকের প্রাথমিক পর্যায়ে দিপন ইলেকট্রনিক্স কোন ধরনের ব্যয় নির্বাহ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'দিপন ইলেকট্রনিক্স' এর আন্তর্জাতিক বাজারে গ্রহণযোগ্যতা অর্জনের কারণ বিশ্লেষণ কর। ৪

১১। সিয়াটল গার্মেন্টস লি. একটি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি তাদের পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য পণ্য পরিদর্শনের পাশাপাশি প্রতিটি পণ্য পরীক্ষণ করে থাকে। এর ফলে প্রতিষ্ঠানটির অতিরিক্ত ব্যয় বহন করতে হয়। বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে ক্রেতা সন্তুষ্টি বিধানের জন্য তারা প্রতিনিয়ত পণ্য মান উন্নয়নের চেষ্টা করে এবং কর্মীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করে। এর ফলে আন্তর্জাতিক বাজারে তাদের জনপ্রিয়তা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. ISO-14000 কী? ১

খ. BSTI এর কাজ কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রাথমিক পর্যায়ে সিয়াটল গার্মেন্টস লি. কোন ধরনের ব্যয় নির্বাহ করে? ৩

ঘ. সিয়াটল গার্মেন্টস লি. এর জনপ্রিয়তা বৃদ্ধির কারণ মান ব্যবস্থাপনার ঐতিহাসিক প্রেক্ষাপটের আলোকে বিশ্লেষণ কর। ৪

শহিদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 8 6

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। শিবলী ২০২১ সালে রাঙামাটিতে আনারস প্রক্রিয়াকরণ কারখানা স্থাপন করেন। আনারস ছিলিয়ে, প্রাকৃতিক প্রিজারভেটিভ দিয়ে, টিনের কৌটায় ভরে রপ্তানি উপযোগী পণ্য তৈরি করা হয়। প্রথম বছরেই প্রতিষ্ঠানটির উৎপাদনশীলতা ছিল ৫.২। ২০২২ সালে প্রতিষ্ঠানটি ৮০,০০,০০০ টাকা কাঁচামাল; ২০,০০,০০০ টাকা যন্ত্রপাতি; ৩০,০০,০০০ টাকা শ্রম ও ৭০,০০,০০০ টাকা অন্যান্য বাবদ ব্যয় করে ১১,৮০,০০,০০০ টাকার পণ্য রপ্তানি করে।

ক. স্বতঃগত উপযোগ কী? ১

খ. "উৎপাদন সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে শিবলীর ব্যবসায়ে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়– ব্যাখ্যা কর। ৩

ঘ. শিবলীর ব্যবসায় প্রতিষ্ঠানটির উৎপাদনশীলতার ওপর তোমার মতামত ব্যক্ত কর। ৪

২। জনাব মুবারক মুন্সিগঞ্জের একজন আলু উৎপাদনকারী। উৎপাদন মৌসুমে আলুর সরবরাহ বেড়ে যাওয়ায় আলুর মূল্য কমে যায়। এতে জনাব মুবারকের লোকসান হয়। তাই উৎপাদন মৌসুমে আলু বিক্রয় না করে উপযুক্ত সময়ে বিক্রয়ের সিদ্ধান্ত নেন। ছয় মাস পর দেখা গেলো ঢাকায় আলুর মূল্য বেড়েছে।

ক. শিল্পখাত কী? ১

খ. যন্ত্রের উৎপাদনশীলতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব মুবারক উৎপাদন মৌসুমে বিক্রয় না করে কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ৩

ঘ. তোমার মতে কোন ধরনের উপযোগ সৃষ্টি জনাব মুবারককে লাভবান করতে পারে? মতামত দাও। ৪

৩। জনাব সাকিব কুমিল্লায় একটি ফুড প্রসেসিং কারখানা স্থাপন করেন। উক্ত কারখানার জন্য তিনি জাপান থেকে একটি আধুনিক মেশিন ক্রয় করেন। মেশিনের ক্ষমতা অনুযায়ী তিনি শ্রমিক নিয়োগ দেন। সব কিছুর মধ্যে সফল সমন্বয়ের ফলে তার প্রতিষ্ঠানের সুনাম দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. শ্রমের গতিশীলতা কী? ১

খ. "শ্রমবিভাগ যোগ্যতা অনুসারে কাজ বণ্টন করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাকিবের আমদানি করা মেশিনটি উৎপাদনের কোন উপকরণের আওতাভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তোমার মতে উদ্দীপকের সাকিব উৎপাদনের কোন উপকরণের সাথে সাদৃশ্যপূর্ণ? যৌক্তিক মতামত দাও। ৪

৪। ফাতেহাবাদ গ্রামটি মেঘনা নদীর চরাঞ্চলে অবস্থিত, এখানে প্রচুর কাঁচা ঘাস পাওয়া যায় বলে অধিকাংশ বাড়িতে দুগ্ধ খামার গড়ে উঠছে। এ গ্রামের দুগ্ধ খামারিরা বাসাবাড়ির সংগৃহীত দুধ শহরে অবস্থিত কারখানা ফ্রেশভিটায় সরবরাহ করার উদ্দেশ্যে একত্রিত হয়ে একটি সংগঠন গড়ে তোলে। মধ্যস্থব্যবসায়ীদের হাত থেকে নিজেদেরকে রক্ষা করে দুধের ন্যায্য মূল্য প্রাপ্তি এ সংগঠনের মূল্য উদ্দেশ্য।

ক. শ্রমবিভাগ কী? ১

খ. যৌথমূলধনী ব্যবসায় বা কোম্পানি সংগঠন বলতে কী বোঝায়? ২

গ. ফাতেহাবাদ গ্রামে দুগ্ধ খামার গড়ে তোলার পেছনে উৎপাদনের কোন উপাদানের ভূমিকা রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সংগঠনের ধরন উল্লেখপূর্বক এর ভূমিকা মূল্যায়ন কর। ৪

৫। ২০২৪ সালে গ্রিন এয়ারলাইন্স তাদের বিমান বহরে একটি আধুনিক বোয়িং বিমান সংযোজন করে যা সপ্তাহে তিনবার ঢাকা-টোকিও রুটে নিয়মিত যাতায়াত করছে। এ বিমানটিতে ভ্রমণ খুব আনন্দদায়ক হওয়ায় এবং উন্নতমানের সেবা প্রদান ও সঠিক সময়ে গন্তব্যে পৌঁছানোর জন্য যাত্রীদের কাছে খুবই জনপ্রিয়তা অর্জনের সক্ষম হয়েছে। তাছাড়া প্রত্যেক যাত্রীর ব্যক্তিগত পছন্দ ও চাহিদামতো সেবা প্রদান করায় এয়ারলাইন্সটি খুব প্রশংসিত হয়েছে। সম্প্রতি এ রুটে আরও বেশ কয়েকটি এয়ারলাইন্সের বিমান চলাচল শুরু করায় গড়ে প্রতিদিন ২০টির মতো আসন শূন্য থাকায় কর্তৃপক্ষ চিন্তিত হয়ে পড়েছে।

ক. মানসম্মত দ্রব্য কী? ১

খ. "উৎপাদন ব্যবস্থাপনা বিভিন্ন কার্যাবলির মধ্যে সমন্বয়সাধন করে"– ব্যাখ্যা কর। ২

গ. ২০২৪ সালে গ্রিন এয়ারলাইন্স কোন কারণে প্রশংসিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সেবার বৈশিষ্ট্য উল্লেখপূর্বক গ্রিন এয়ারলাইন্স কর্তৃপক্ষের দুশ্চিন্তার কারণ বিশ্লেষণ কর। ৪

৬। নুহা কসমেটিকস কোম্পানি বিভিন্ন প্রসাধনী সামগ্রী উৎপাদন ও বাজারজাত করে। প্রতিষ্ঠানটি শীতকালীন মৌসুমে শীতের প্রসাধনী যেমন কোল্ড ক্রিম, লোশান ইত্যাদি প্রসাধনী উৎপাদন ও বিপণন করে লাভবান হয়। এতে তারা উৎসাহী হয়ে আরও প্রসাধনী বাজারজাত করে। কিন্তু মৌসুম পরিবর্তনের ফলে এইবার প্রচুর পণ্য অবিক্রীত থেকে যায়। ফলে প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয়।

ক. উৎপাদন নিয়ন্ত্রণ কী? ১

খ. "সেবা অদৃশ্যমান ও অস্পর্শনীয়"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কী উৎপাদন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উৎপাদন ব্যবস্থাপনার কোন কাজটি যথাযথভাবে অনুসরণ না করায় কোম্পানিটি ক্ষতির সম্মুখীন হয়েছে? যুক্তিসহ মতামত দাও। ৪

৭। সরোবর ইলেকট্রনিক্স একটি নতুন পণ্যের ডিজাইন করার উদ্যোগ গ্রহণ করে। সেক্ষেত্রে প্রতিষ্ঠানটি ভোক্তাদের রুচি এবং চাহিদার ওপর জরিপ করে এর ভিত্তিতে পণ্য ডিজাইন স্বল্প পরিসরে পণ্য উৎপাদনের কার্যক্রম গ্রহণ করলে দেখা যায় প্রতিষ্ঠানটিতে কারিগরি ও অন্যান্য যোগ্যতার অভাব রয়েছে। ফলে পণ্য ডিজাইনের কাজটি ব্যর্থ হয়।

ক. উদ্যোগ গ্রহণ কী? ১

খ. উৎপাদন ডিজাইন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের কোন স্তরটি পার করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্য ডিজাইনের কোন স্তরটি যথাযথভাবে অনুসরণ না করায় প্রতিষ্ঠানটির ডিজাইন ব্যর্থ হয়? যৌক্তিক মতামত দাও। ৪

৮। 'পিওর ওয়াটার' ও 'সেইফ লাইফ' সুপরিচিত পানি বিশুদ্ধকরণ ফিল্টারের নাম। 'পিওর ওয়াটার' ফিল্টারে পানি বিশুদ্ধকরণ ক্ষমতা কম হওয়া সত্ত্বেও মডেলের আকর্ষণীয়তার কারণে কিছু ভোক্তাদের নিকট এর গ্রহণযোগ্যতা আছে। অন্যদিকে 'সেইফ লাইফ' ফিল্টারের মডেলের আকর্ষণীয়তা কম হওয়া সত্ত্বেও পানি বিশুদ্ধকরণ ক্ষমতা অনেক বেশি হওয়ায় ভোক্তাদের নিকট এর গ্রহণযোগ্যতা সর্বাধিক।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. ধারণা উন্নয়ন বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. 'পিওর ওয়াটার' ফিল্টারের ক্ষেত্রে কোন ধরনের পণ্য ডিজাইন অনুসরণ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সেইফ লাইফ' ফিল্টারের সর্বাধিক গ্রহণযোগ্যতার কারণ পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৯। তাসনিম যশোরের জেস টাওয়ার থেকে টাইটান কোম্পানির একটি ঘড়ি ক্রয় করেন। কোম্পানিটি তাকে ১ বছরের মধ্যে ঘড়িটির কোনো সমস্যা হলে কোম্পানির দায়িত্বে তাকে সমাধানের আশ্বাস দিয়ে চুক্তি সম্পাদন করেন। ছয় মাস পর ঘড়িটি নষ্ট হলে তাসনিম টাইটান কোম্পানিতে যোগাযোগ করেন। টাইটান তাসনিমের ঘড়িতে সমস্যা থাকার ফলে তাকে রিপেয়ারিন সার্ভিস প্রদান করে। এতে করে প্রতিষ্ঠানটির ব্যয় বেড়ে যায়।

ক. সার্বিক মান ব্যবস্থাপনা কী? ১

খ. মান ব্যবস্থাপনাকে একটা দলীয় মতবাদ বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের তাসনিমের সম্পাদিত চুক্তির নাম কী? বর্ণনা কর। ৩

ঘ. টাইটান কোম্পানি তাসনিমকে নতুন ঘড়ি প্রদানের মাধ্যমে যে ধরনের ব্যয়ের সৃষ্টি হয়েছে তার যৌক্তিকতা নিরূপণ কর। ৪

১০। 'মাহান লিমিটেড' ফোম উৎপাদন ও বাজারজাতকরণে দেশীয় একটি মান নিয়ন্ত্রণকারী সংস্থা থেকে নিবন্ধন গ্রহণ করেছে, সম্প্রতি প্রতিষ্ঠানটি ভারতে ফোম রপ্তানির পরিকল্পনা গ্রহণ করে। কিন্তু ভারতের আমদানিকারক ফোম নেওয়ার জন্য একটি আন্তর্জাতিক সংস্থার মান সনদ দেখতে চায়। এ ঘটনার প্রেক্ষিতে মাহান লিমিটেড আন্তর্জাতিক সংস্থা থেকে মান সনদ গ্রহণ করে। এতে প্রতিষ্ঠানটির রপ্তানি কার্যক্রম সম্প্রসারিত হয় এবং মুনাফার পরিমাণ বাড়ে।

ক. প্রশিক্ষণ ব্যয় কী? ১

খ. অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন দেশীয় সংস্থা থেকে নিবন্ধন গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানের সম্প্রসারণে আন্তর্জাতিক সংস্থাটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

১১। ফ্রেশ ফরএভার রাজশাহীতে একটি আমের জুস ফ্যাক্টরি গড়ে তোলে। প্রতিষ্ঠানটি তাদের উৎপাদিত জুস সারাদেশে বিপণন করে। কিন্তু বর্তমানে ক্রেতাদের কাছ থেকে অভিযোগ আসায় প্রতিষ্ঠানটি জুসের মান BSTI এর ল্যাবরেটরিতে পরীক্ষা করায় এবং তা নিম্নমানের বলে বিবেচিত হয়। পরবর্তীতে প্রতিষ্ঠানটি জুসের মান তদারকি করে এবং ত্রুটি বিচ্যুতি হলে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করেছে। বর্তমানে তাদের উৎপাদিত জুসের চাহিদা দিন দিন বেড়ে চলছে।

ক. মান নিশ্চিতকরণ কী? ১

খ. ISO-1400 একটি পরিবেশ বিষয়ক ব্যবস্থাপনা পদ্ধতি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রতিষ্ঠানটির কোন ধরনের ব্যয়ের কথা বলা হয়েছে? ৩

ঘ. ব্যবসায় সফলতা লাভের জন্য ফ্রেশ ফরএভার কর্তৃক গৃহীত পদক্ষেপ কতখানি কার্যকরী বলে তুমি মনে কর? মান ব্যবস্থাপনার ঐতিহাসিক প্রেক্ষাপটের পর্যায় উল্লেখপূর্বক তোমার মতামত দাও। ৪

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। সুমন বিসিক থেকে প্রশিক্ষণ শেষে ২,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করে। ১,০০,০০০ টাকার কাঁচামাল এবং ৫০,০০০ টাকার অন্যান্য উপকরণ ক্রয় করে ৩,০০,০০০ টাকা মূল্যের বাঁশ ও বেতের নান্দনিক পণ্য তৈরি করে। অপরদিকে জালাল ৩,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করে। ১,৫০,০০০ টাকার কাঁচামাল এবং ৭৫,০০০ টাকার অন্যান্য ব্যয় করে ৩,০০,০০০ টাকার পণ্য উৎপাদন করে।

ক. বহু উপকরণ উৎপাদনশীলতা কী? ১

খ. কীভাবে পণ্যের স্বত্বগত উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সুমনের প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. জীবনযাত্রার মান উন্নয়নে কোন প্রতিষ্ঠানটি বেশি ভূমিকা রাখছে? মূল্যায়ন কর। ৪

২। জনাব নয়ন একটি স্বনামধন্য পানীয় কারখানার মালিক। উক্ত কারখানার উৎপাদন ক্ষমতা অনুযায়ী তার কারখানার দৈনিক ১৫,০০০ লিটার পানীয় উৎপাদন সম্ভব। কিন্তু দক্ষ ও প্রশিক্ষণপ্রাপ্ত শ্রমিকের অভাবে তিনি লক্ষ্যমাত্রা অনুযায়ী পানীয় উৎপাদন করতে পারছেন না। বাজারে এই পানীয় খুবই জনপ্রিয়। ফলে ক্রেতাদের চাহিদামতো পানীয় সরবরাহ করতে না পারার কারণে দিন দিন বাজার হাতছাড়া হয়ে পড়ছে। বিষয়টি নিয়ে মি. নয়ন খুবই চিন্তিত।

ক. প্রকৃত উৎপাদন ক্ষমতা কী? ১

খ. কাম্য উৎপাদন ক্ষমতা বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উৎপাদন ক্ষমতা ব্যবহারের জন্য জনাব নয়নের করণীয় সুপারিশ কর। ৪

৩। জনাব বারেক একজন পিঁয়াজ ব্যবসায়ী। তিনি উৎপাদন মৌসুমে কমমূল্যে বিপুল পরিমাণ পিঁয়াজ ক্রয় করে নিজের বাড়িতে সংরক্ষণ করেন। পরবর্তীতে মূল্য বৃদ্ধি পেলে নিজস্ব পরিবহনে ঢাকার কারওয়ান বাজারে বিক্রয় করে অধিক মুনাফা লাভে সক্ষম হন।

ক. উপযোগ কী? ১

খ. রূপগত উপযোগ কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব বারেক পিঁয়াজ সংরক্ষণের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "স্বত্বগত উপযোগ সৃষ্টিই জনাব বারেকের অধিক মুনাফা লাভের মূল কারণ।"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

৪। জনাব আতাউর রহমান স্বল্প পুঁজি নিয়ে পাবনা থেকে দুধের ছানা পাইকারি দরে ক্রয় করে ঢাকার মরনচাঁদ সুইটস এ বিক্রি করেন। এর মাধ্যমে উপার্জিত আয় থেকে কিছু অর্থ সঞ্চয় করেন। বর্তমানে ছানার চাহিদা বৃদ্ধি পাওয়ায় তিনি ব্যবসায়টি সম্প্রসারণের চিন্তা করছেন। তার সঞ্চয়কৃত অর্থ ব্যবসায়টি সম্প্রসারণের জন্য যথেষ্ট নয় বিধায় একজন বন্ধুর সাথে চুক্তিবদ্ধ হয়ে প্রয়োজনীয় অর্থসংগ্রহের কথা ভাবছেন।

ক. শ্রম কী? ১

খ. ভূমি চিরস্থায়ী– ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব আতাউর রহমান প্রাথমিক পর্যায়ে কোন ধরনের ব্যবসায় সংগঠন পরিচালনা করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য আইনগত আনুষ্ঠানিকতা পালন করতে হবে– তুমি কি একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

৫। গ্রামের ছেলে জসিম পড়ালেখায় খুব বেশিদূর এগুতে পারেনি। তাই তিনি পল্লী চিকিৎসার ওপর ডিপ্লোমা করে গ্রামে একটি ঔষধের দোকান দিয়েছেন। তার মেধা, শ্রম ও একাগ্রতায় বর্তমানে এ দোকানটি বড় একটি ঔষধের দোকানে রূপান্তরিত হয়েছে। বর্তমানে চারজন কর্মচারী এখানে কাজ করে।

ক. উৎপাদনশীলতা কী? ১

খ. ভূমি প্রকৃতির দান এবং আদিম ও অক্ষয় ব্যাখ্যা কর। ২

গ. জসিমের কাজটি উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "শ্রম দিলেও জসিমের কাজ এবং কর্মচারীর কাজ কোনো অবস্থাতেই এক নয়।" উৎপাদনের উপকরণের আলোকে বিষয়টি মূল্যায়ন কর। ৪

৬। মি. 'ক', 'খ' কোম্পানির বিভাগীয় একজন ব্যবস্থাপক। কোম্পানির উচ্চ ব্যবস্থাপনা থেকে তাকে আগামী ৬ মাসের মধ্যে ১৫,০০০ ইউনিট পণ্য তৈরি করতে বলা হলো। তিনি বিদ্যমান শ্রমিক এবং প্রয়োজনীয় কাঁচামাল সংগ্রহ করে যথারীতি ৩ মাসের মধ্যে ৫,০০০ ইউনিট পণ্য তৈরি করেন। কিন্তু কাঙ্ক্ষিত পরিমাণে পণ্য তৈরি না হওয়ায় তিনি শ্রমিকদের দক্ষতা অনুযায়ী কাজটি বিভাজন করে দিলেন। পরবর্তীতে ৩ মাসের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী পণ্য তৈরি করা সম্ভব হলো।

ক. দ্রব্য কী? ১

খ. সেবা অস্পর্শনীয়– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. 'ক' এর কাজ কোন বিশেষায়িত ব্যবস্থানার অন্তর্ভুক্ত– ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে মি. 'ক' শ্রম বিভাগের কারণে লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়েছে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

৭। ২০১৫ সালের জাতীয় বাজেটে অর্থমন্ত্রী মেডিটেশন প্রতিষ্ঠানের ওপর ৭% কর আরোপ করেছে। এতে সংশ্লিষ্ট সবাই মনে করেছে, এ খাতটির ওপর কীরূপ প্রভাব ফেলবে। ফলে এ খাতের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে সরকারের কাছে কর মুক্তির আবেদন জানিয়েছেন।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১

খ. "কাস্টমাইজেশন ক্রেতার স্বতন্ত্র চাহিদা পূরণ করে"– ব্যাখ্যা কর। ২

গ. মেডিটেশন প্রতিষ্ঠানগুলোর কাজ উৎপাদনের কোন খাতের আওতাভুক্ত? ৩

ঘ. মেডিটেশন প্রতিষ্ঠানগুলোতে উৎপাদনশীলতায় তার কোন চ্যালেঞ্জটি উপস্থিত? মতামত দাও। ৪

৮। 'এমরান রাইসমিলস' বহুদিন ধরে ধান-চালের ব্যবসায় করে। কিন্তু সম্প্রতি বাজারে ব্যাপক চাহিদা দেখে প্রতিষ্ঠানটি তড়িঘড়ি করে আটা-ময়দা সুজি উৎপাদন ও বাজারজাত শুরু করে। কিন্তু নতুন পণ্য বাজারে তেমন সাড়া ফেলতে পারেনি। কারণ প্রতিযোগী প্রতিষ্ঠানের তুলনায় তাদের পণ্যের দাম বেশি। তাছাড়া পণ্যের রং একটু হলদেটে ভাব।

ক. পণ্য ডিজাইনের ১ম স্তর কোনটি? ১

খ. পরীক্ষামূলক উৎপাদন কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের কোন স্তরে আছে? ৩

ঘ. পণ্য ডিজাইনের কোন স্তরের যথাযথ অনুসরণ না করার কারণে উদ্দীপকের প্রতিষ্ঠানটি সফল হয়নি বলে তুমি মনে কর? যুক্তিসহ মতামত দাও। ৪

৯। জনাব কবির প্রসাধনী সামগ্রী উৎপাদন করেন। তিনি পণ্যসামগ্রীকে নজরকাড়া আবরণে আবদ্ধ করেন। এতে তিনি ব্যবসায় বেশ সফলতা পাচ্ছেন। কিন্তু কয়েক বছর পর লক্ষ্য করলেন বিক্রির পরিমাণ কমে যাচ্ছে। প্রতিযোগীদের তুলনায় পণ্যের গুণগত মানও খারাপ। তিনি বিক্রির পরিমাণ বৃদ্ধির জন্য চিন্তিত।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. মডিউলার বলতে কী বোঝায়? ২

গ. জনাব কবির কোন ধরনের পণ্য ডিজাইন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. কী ধরনের ব্যবস্থা গ্রহণ করলে জনাব কবির পুনরায় বিক্রি বাড়াতে পারবেন? তোমার মতামত দাও। ৪

১০। সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে আসন্ন ঈদুল ফিতরের আগে ভ্রাম্যমাণ আদালত পুরান একটি সেমাই তৈরির কারখানা পরিদর্শন করে নোংরা পরিবেশ এবং একটি প্রতিষ্ঠিত কোম্পানির সেমাইয়ের অসংখ্য খালি প্যাকেট দেখতে পায়। এ বিষয়ে কারখানার ব্যবস্থাপক ম্যাজিস্ট্রেটের প্রশ্নের কোনো জবাব দিতে না পারায় তাকে গ্রেফতারসহ এক লক্ষ টাকা জরিমানা করে এবং কারখানাটি সীল করে দেয়া হয়। উপস্থিত সাংবাদিকদের প্রশ্নের জবাবে ম্যাজিস্ট্রেট জানান সেমাই কারখানাটি রাষ্ট্রের স্বীকৃতি গুণগতমান নিশ্চিতকারী প্রতিষ্ঠানের কোনো অনুমতি গ্রহণ করেনি।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. মান ব্যবস্থাপনার মাধ্যমে পণ্যের মান নির্দিষ্ট করা হয়– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে সেমাই তৈরির কারখানাটি কোনো প্রতিষ্ঠানের অনুমতি গ্রহণ করেনি– ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটি প্রিভেনশন কস্ট বা নির্ধারণ ব্যয়ের মাধ্যমে সমস্যার সমাধান করতে পারে– বিশ্লেষণ কর। ৪

১১। 'হাসান গ্রুপ' ফোম উৎপাদন ও বাজারজাতকরণে মান নিয়ন্ত্রণে দেশীয় সংস্থা থেকে নিবন্ধিত একটি প্রতিষ্ঠান। সম্প্রতি প্রতিষ্ঠানটি চীনে ফোম রপ্তানি পরিকল্পনা গ্রহণ করে। কিন্তু চীন ফোমের একটি আন্তর্জাতিক সংস্থার মান সনদ দেখতে চায়। এ জন্য প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক সংস্থা থেকে মান সনদ সংগ্রহ করে চীনে ফোম রপ্তানি কার্যক্রম সম্প্রসারিত হয় এবং বৈদেশিক মুদ্রা অর্জনে সক্ষম হয়।

ক. প্রশিক্ষণ ব্যয় কী? ১

খ. "সার্বিক মান ব্যবস্থাপনা উৎপাদনের গুণগতমান নিশ্চিত করে"– ব্যাখ্যা কর। ২

গ. "হাসান গ্রুপ দেশীয় কোন সংস্থা থেকে মান সনদ সংগ্রহ করেছে"– ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের হাসান গ্রুপের রপ্তানি সম্প্রসারণে আন্তর্জাতিক সংস্থাটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

ক্যান্টনমেন্ট কলেজ, যশোর

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১▸ দোগাছিয়া সিরামিকস ২০২৪ সালে ৫০,০০০ কার্টন টাইলস উৎপাদন করে, যার প্রতি কার্টনের মূল্য ছিল ২,৫০০ টাকা। এসময়ে তাদের ব্যবহৃত উপকরণের মূল্য ছিল– কাঁচামাল ৩,০০,০০,০০০ টাকা, বেতন ও মজুরি ২,০০,০০,০০০ টাকা এবং অন্যান্য উপকরণ ১,৫০,০০,০০০ টাকা। ২০২৩ সালে তাদের মোট উৎপাদনশীলতা ছিল ১.২১।

ক. উৎপাদন কী? ১

খ. সময়গত উপযোগ কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে দোগাছিয়া সিরামিকস-এর ২০২৪ সালের কাঁচামালের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিতে ২০২৪ সালের মোট উৎপাদনশীলতার সাথে ২০২৩ সালের মোট উৎপাদনশীলতার তুলনামূলক মূল্যায়ন কর। ৪

২▸ আকতারুল ইসলাম, ৫০ জন শ্রমিক ও ২ কোটি টাকা মূলধন নিয়ে যশোরের সলুয়ায় একটি অটো-রাইস মিল স্থাপন করেন। তিনি সরাসরি চাষিদের কাছ থেকে ধান কিনে চাল উৎপাদন করেন। এখানে উৎপাদিত চালের মান খুব ভালো হওয়ায় স্থানীয় বাজারে ব্যাপক চাহিদা সৃষ্টি হয়েছে। এতে অনুপ্রাণিত হয়ে তিনি মধ্যস্থ ব্যবসায়ীদের সহায়তায় দেশের বিভিন্ন জেলায় চাল বিপণন করেন। ব্যবসায় সফলতার ফলে অর্জিত মুনাফার একটি অংশ তিনি এলাকার স্কুল কলেজ ও রাস্তাঘাট উন্নয়নে ব্যয় করেন।

ক. উপযোগ কী? ১

খ. "উৎপাদনশীলতার উপর মুনাফা নির্ভর করে।"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আক্তারুল ইসলামের কার্যক্রম উৎপাদনের কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উৎপাদন একটি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে"– উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩▸ আব্দুল মান্নান সাতক্ষীরার একটি গ্রামে কৃষিশ্রমিক হিসেবে জীবিকা নির্বাহ করতেন। অধিক আয় করার প্রত্যাশায় সম্প্রতি তিনি ঢাকায় গিয়ে রিকশা চালানো শুরু করেন। দক্ষতার সাথে রিকশা চালানোর লক্ষ্যে তিনি ট্রাফিক কর্তৃপক্ষের কাছে তিন দিনের ট্রেনিং গ্রহণ করেন।

ক. অনুৎপাদনশীল শ্রম কী? ১

খ. "ভূমির উৎপাদন ব্যয় নেই"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আব্দুল মান্নানের ক্ষেত্রে শ্রমের কোন ধরনের গতিশীলতা ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "প্রশিক্ষণ শ্রম-দক্ষতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।" উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪▸ মনুমিয়া একজন বর্গাচাষি। অধিক ফসল উৎপাদনের জন্য তিনি উন্নতমানের বীজ, সার, কীটনাশক, সেচ দেওয়াসহ আধুনিক পদ্ধতিতে চাষাবাদ করেন। প্রথম বছর তিনি ১,০০০ টাকার শ্রম ও মূলধন ব্যয় করে এক একর জমিতে ২০ মণ ধান উৎপাদন করেন। দ্বিতীয় বছর একই জমিতে ২,০০০ টাকা ব্যয় করে উৎপাদনের পরিমাণ ছিল ৩৫ মণ। তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বছরে প্রতিবছর সমপরিমাণ বিনিয়োগ বৃদ্ধি করে তার মোট উৎপাদন ছিল যথাক্রমে ৪৫, ৫০ ও ৫০ মণ।

ক. ব্যবসায় জোট কী? ১

খ. সকল অর্থই কী মূলধন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ভূমির কোন বৈশিষ্ট্যের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মনুমিয়ার কার্যক্রম কোন ধরনের শ্রমের অন্তর্ভুক্ত? শ্রমের প্রকারভেদ উল্লেখপূর্বক ব্যাখ্যা কর। ৪

৫▸ মি. সুমন কক্সবাজারের একজন শিক্ষিত বাসিন্দা। ব্যাংক থেকে ঋণ নিয়ে তিনি একটি আবাসিক হোটেল স্থাপন করেন। হোটেলের মান উন্নত হওয়ায় তার গ্রাহক সংখ্যা দিন দিন বাড়ছে। এতে তিনি আরও একটি হোটেল স্থাপনের উদ্যোগ নিলেন।

ক. '6M' কী? ১

খ. সেবাকে কি সেবা প্রদানকারী থেকে আলাদা করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন ধরনের সেবাখাতের কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর মি. সুমনের কাজটি বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়ক হবে? মতামত দাও। ৪

৬▸ ইমদাদ শেখ পৈত্রিক সূত্রে প্রাপ্ত ১০টি পুকুরে বিভিন্ন জাতের মাছ চাষ করেন। উৎপাদিত মাছ পাইকারদের কাছে বিক্রি করে তিনি বেশ লাভবান হন। সম্প্রতি মাছের চাহিদা বেড়ে যাওয়ায় তিনি জমি লিজ নিয়ে আরও ১০টি পুকুর তৈরির সিদ্ধান্ত নেন। সেজন্য একটি বাণিজ্যিক ব্যাংক থেকে ২০ লক্ষ টাকা ঋণের জন্য আবেদন করেন।

ক. নিয়ন্ত্রণ কী? ১

খ. "যেকোনো প্রতিষ্ঠানের জন্য শ্রমঘূর্ণায়মানতা ক্ষতিকর।"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ইমদাদ শেখ উৎপাদনের কোন উপকরণ ব্যবহার করেন ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমদাদ শেখ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৭▸ কাশেম ও হাশেম দুই ভাই। কাশেম আরবপুর মোড়ে একটি দই তৈরির কারখানা স্থাপন করেন। অন্যদিকে, হাশেম তার বন্ধুদের নিয়ে একাডেমিক কোচিং সেন্টার চালু করেছে। দুই ভাই নিজেদের মেধা এবং পরিশ্রমের মাধ্যমে সফলতা অর্জন করেন।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১

খ. কাস্টমাইজেশন বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. কাশেম কোন ধরনের পণ্য সরবরাহ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কাশেম এবং হাশেমের ব্যবসায়িক কর্মকাণ্ডের মধ্যে কোনো ভিন্নতা আছে কি? বিশ্লেষণ কর। ৪

৮▸ দৃশ্যকল্প-১ : রুপালি কসমেটিকস লি. তাদের উৎপাদন লাইনে নতুন একটি পণ্য যোগ করার সিদ্ধান্ত নেয়। তারা একারণে ভোক্তা জরিপ, ক্রেতার রুচি পছন্দ ও যাচাই, বাজার গবেষণা চালিয়ে যাচ্ছে।

দৃশ্যকল্প-২ : সোনালী কসমেটিকস লি. তাদের উৎপাদিত পারফিউমের গুণগতমান ঠিক রেখে বিভিন্ন ফ্লেভারের পারফিউম তৈরি করে। পারফিউমের বোতলের আকৃতিও দেওয়া হয় বাজারে বিদ্যমান পারফিউমের বোতলের চেয়ে একটু ভিন্ন প্রকৃতির। এতে প্রতিষ্ঠানটির বিক্রয় প্রচুর বৃদ্ধি পায়।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. মডিউলার ডিজাইন কাকে বলে? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের কোন স্তরে আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর প্রতিষ্ঠানটির পারফিউমের বিক্রি বৃদ্ধির কারণ বিশ্লেষণ কর। ৪

৯▸ মিস সাজিয়া একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের পণ্য ডিজাইন করেন। প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার জন্য পণ্য ডিজাইনের ক্ষেত্রে তিনি উন্নত প্রযুক্তি ব্যবহার করেন। এছাড়া তিনি উৎপাদন ব্যয়কে বিবেচনা করেন। উৎপাদন ব্যয় হ্রাস করার ফলে প্রতিষ্ঠানটি সহজেই সফলতা অর্জন করে।

ক. ইমেজ সৃষ্টি কী? ১

খ. "সংস্কৃতি দ্বারা পণ্য ডিজাইন প্রভাবিত হয়।"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মিস সাজিয়া কোন ধরনের পণ্য ডিজাইন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিস সাজিয়ার কাজটি প্রতিষ্ঠানটিকে প্রতিযোগিতায় সহায়তা করবে। উদ্দীপকের আলোকে এর যথার্থতা বিচার কর। ৪

১০▸ ইমরান শেখ একটি টয়লেট্রিজ সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। ভালো মানের পণ্য উৎপাদনের জন্য তিনি প্রতিবছর কর্মীদের প্রশিক্ষণ বাবদ নির্দিষ্ট পরিমাণ অর্থ ব্যয় করে থাকেন। বিক্রয় বৃদ্ধির জন্য তিনি মান ব্যবস্থাপনার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. মান কী? ১

খ. "সার্বিক মান ব্যবস্থাপনা উৎপাদনের গুণগত মান নিশ্চিত করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইমরান শেখ কোন ধরনের ব্যয় করে থাকেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিক্রয় বৃদ্ধির জন্য ইমরান শেখের গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▸ 'হাসান গ্রুপ' ফোম উৎপাদন ও বাজারজাতকরণে মান নিয়ন্ত্রণে দেশীয় সংস্থা থেকে নিবন্ধিত একটি প্রতিষ্ঠান। সম্প্রতি প্রতিষ্ঠানটি চীনে ফোম রপ্তানির পরিকল্পনা গ্রহণ করে। কিন্তু চীন ফোমের একটি আন্তর্জাতিক সংস্থার মানসনদ দেখতে চায়। এজন্য প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক সংস্থা থেকে মানসনদ সংগ্রহ করে চীনে ফোম রপ্তানি শুরু করে। এতে প্রতিষ্ঠানটি রপ্তানি কার্যক্রম সম্প্রসারিত হয় এবং বৈদেশিক মুদ্রা অর্জনে সক্ষম হয়।

ক. বেঞ্চমার্কিং কী? ১

খ. প্রতিরোধমূলক ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. হাসান গ্রুপ দেশীয় কোন সংস্থা থেকে মানসনদ সংগ্রহ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের হাসান গ্রুপের রপ্তানি সম্প্রসারণে আন্তর্জাতিক সংস্থাটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

সোনার বাংলা কলেজ, কুমিল্লা

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জনাব রফিক চলতি বছরের ফেব্রুয়ারি মাসে কুমিল্লায় স্থানীয় চাষিদের নিকট থেকে স্ট্রবেরি সংগ্রহ করে বিভিন্ন ফলের খুচরা বিক্রেতার নিকট বিক্রয় করেন। অতিরিক্ত ফলন হয়েছে বিধায় তিনি বর্তমান চাহিদার অতিরিক্ত স্ট্রবেরি সংগ্রহ করতে সক্ষম হন। কিন্তু বাজারে চাহিদার তুলনায় স্ট্রবেরির সরবরাহ বেড়ে গেলে স্ট্রবেরির দাম কমে যাবে। এমতাবস্থায় তিনি চাহিদার অতিরিক্ত স্ট্রবেরি কোল্ডস্টোরেজে সংরক্ষণের ব্যবস্থা নেন। ফলে তিনি আর্থিকভাবে ক্ষতির হাত থেকে রক্ষা পান।

ক. উৎপাদন পরিকল্পনা কী? ১

খ. ক্রমবর্ধমান চাহিদা পূরণে উৎপাদনশীলতার ভূমিকা বর্ণনা কর। ২

গ. উদ্দীপকের জনাব রফিক ফেব্রুয়ারি মাসে কোন ধরনের উপযোগ সৃষ্টি করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সময়গত উপযোগ সৃষ্টিই উদ্দীপকের জনাব রফিককে আর্থিকভাবে ক্ষতির হাত থেকে রক্ষা করে"– তুমি কী একমত? সপক্ষে যুক্তি দেখাও। ৪

২ ▸ জনাব রায়হান আমের জুস উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। তিনি চাঁপাইনবাবগঞ্জ থেকে আম ক্রয় করে সেগুলো প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে আমের জুস তৈরি করে সারা বছরব্যাপী বাজারে বিক্রয় করেন। উৎপাদন প্রক্রিয়ায় তিনি আধুনিক প্রযুক্তি ও যন্ত্রপাতি ব্যবহার করেন। বর্তমানে জনাব রায়হানের তৈরিকৃত আমের জুস বাজারে বেশ জনপ্রিয়।

ক. উপযোগ কী? ১

খ. 'উৎপাদন জীবনযাত্রার মান উন্নত করে'– ব্যাখ্যা কর। ২

গ. জনাব রায়হান প্রথমদিকে কী ধরনের উপযোগ সৃষ্টি করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উৎপাদনের খাত উল্লেখপূর্বক এর ভূমিকা মূল্যায়ন কর। ৪

৩ ▸ হবিগঞ্জ উড লিমিটেড ২০১৯ সালে ৯,০০০ টাকা মূল্যের ২,০০০ কাঠের দরজা উৎপাদন করে, যার বিক্রয়মূল্য ১,৮০,০০,০০০ টাকা। উক্ত দরজা উৎপাদনে ৯০,০০,০০০ টাকার কাঁচামাল, ১০,০০,০০০ টাকার যন্ত্রপাতি ও ১৫,০০,০০০ টাকা শ্রমিক মজুরি বাবদ ব্যয় করে। ২০১৮ সালে প্রতিষ্ঠানটির উৎপাদনশীলতা ছিল ২.১০।

ক. রূপান্তর মূল্য কী? ১

খ. উৎপাদনশীলতার উপর মুনাফার পরিমাণ কীভাবে নির্ভর করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে হবিগঞ্জ উড লিমিটেড এর ২০১৯ সালের কাঁচামালের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. হবিগঞ্জ উড লিমিটেডের ২০১৯ সালের উৎপাদনশীলতার সাথে ২০১৮ সালের উৎপাদনশীলতার তুলনামূলক মূল্যায়ন কর। ৪

৪ ▸ জনাব হাসিব একজন প্রথম শ্রেণির কর্মকর্তা। তিনি তার উপার্জিত আয় দ্বারা সন্তানের লেখাপড়া, সংসারের খরচ চালিয়ে যাবার পর ভবিষ্যতের অনিশ্চয়তা চিন্তা করে অবশিষ্ট টাকা সঞ্চয় করেন। চাকরি শেষে তিনি সঞ্চিত অর্থ এবং স্থানান্তরযোগ্য নয় এমন একটি উৎপাদনের উপকরণ ব্যবহার করে বেকার যুবকদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন।

ক. শ্রমের দক্ষতা কী? ১

খ. 'সংগঠন উদ্দেশ্যকেন্দ্রিক'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব হাসিবের কার্যক্রম মূলধন গঠনের কোন পর্যায়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উৎপাদনের উপকরণের ধরন উল্লেখপূর্বক জনাব হাসিবের সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫ ▸ জনাব সাগর রংপুরে ৫ বিঘা জমিতে টিউলিপ ফুলের চাষ শুরু করেন। উক্ত ফুল দেখতে সুন্দর হওয়ায় দলে দলে মানুষ দেখতে আসে। পরবর্তীতে তিনি আরও ৫ বিঘা জমিতে টিউলিপ ফুল চাষ করার সিদ্ধান্ত নেন। উক্ত জমিতে চাষাবাদের জন্য তিনি ব্যাংক থেকে ৫ লাখ টাকা ঋণ গ্রহণ করেন। বর্তমানে তিনি টিউলিপ ফুল ও ফুলের চারা বিক্রয় করে আর্থিকভাবে লাভবান হচ্ছেন।

ক. মূলধন কী? ১

খ. অংশীদারি সংগঠন বলতে কী বোঝায়? ২

গ. প্রাথমিকভাবে জনাব সাগর উৎপাদনের কোন উপকরণটি ব্যবহার করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সাগরের সফলতার কারণ উল্লেখপূর্বক তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬ ▸ পাহাড়ের সৌন্দর্যমণ্ডিত বান্দরবানে জনাব নাহিনের একটি খাবার হোটেল আছে। হোটেলটিতে খাবার তৈরি ও পরিবেশনের জন্য ২০ জন কর্মচারী আছে। চাহিদা ও পছন্দ অনুযায়ী খাবার পেয়ে ভোক্তারা খুশি। খাবার হোটেল বলতে জনাব নাহিনের হোটেলের কথা এখন ট্যুরিস্টদের মুখে মুখে।

ক. শিল্পবিপ্লবের যুগ কী? ১

খ. বর্তমানে উৎপাদন ব্যবস্থাপনা কেন ক্রেতাকেন্দ্রিক হচ্ছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব নাহিনের ব্যবসায়টি উৎপাদনের কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব নাহিনের ব্যবসায়ের কলেবর বৃদ্ধির পেছনে কী কারণ থাকতে পারে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৭ ▸ মি. সফিক একজন সনামধন্য আইনজীবী। দীর্ঘদিন যাবৎ তিনি সুনামের সাথে সকল শ্রেণি-পেশার মানুষকে আইনি সহায়তা প্রদান করে আসছেন। তার আইন-পেশার মূলনীতি হলো গ্রাহকদের আত্মসন্তুষ্টি ও তাদের সর্বোচ্চ সহায়তা প্রদান।

ক. দ্রব্য কী? ১

খ. 'সেবার মালিকানা হস্তান্তর করা যায় না'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মি. সফিক কী উৎপাদন করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'কাঙ্ক্ষিত সেবা বা পণ্যই গ্রাহক সন্তুষ্টির অন্যতম কারণ'– তুমি কী একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▸ আরিয়ান লি. সুপারকিট নামে মশা মারার এরোসোল উৎপাদন করে। বর্তমানে প্রতিষ্ঠানটি এ পণ্যের ডিজাইন পরিবর্তনের মাধ্যমে আরও কার্যকারিতা বাড়িয়ে 'সুপারকিট গোল্ড' নামে বাজারে ছাড়ে। এতে বিক্রয় বৃদ্ধির পাশাপাশি সর্বোচ্চ মুনাফা অর্জিত হয়। অন্যদিকে গ্লোব লি. তার পণ্যের বহিরাবরণের পরিবর্তনের মাধ্যমে ক্রেতাদের আকৃষ্ট করার চেষ্টা করলেও তেমন সফলতা পায়নি।

ক. মডিউলার ডিজাইন কী? ১

খ. 'পণ্য জীবনযাত্রার মান উন্নয়ন করে।'– ব্যাখ্যা কর। ২

গ. গ্লোব লি. কোন ধরনের পণ্য ডিজাইন অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আরিয়ান লি. এর সফলতা লাভের পেছনে যে ধরনের ডিজাইন মুখ্য ভূমিকা পালন করেছে তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ 'মিলকো বেকারি' উন্নতমানের বিস্কুট ও পাউরুটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি আধুনিক ও উন্নত প্রযুক্তি ব্যবহার করে পণ্য উৎপাদন করে। ইদানীং প্রতিষ্ঠানটি তীব্র প্রতিযোগিতার সম্মুখীন হওয়ায় আকর্ষণীয় মোড়ক ব্যবহার করে পণ্য বাজারজাত করার চিন্তা করছেন।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. পণ্য ডিজাইন পণ্যের উপযোগিতা বৃদ্ধিতে সহায়ক– ব্যাখ্যা কর। ২

গ. 'মিলকো বেকারি' কোন ধরনের পণ্য ডিজাইন ব্যবহার করে পণ্য উৎপাদন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'আকর্ষণীয় মোড়কের ব্যবহার প্রতিযোগিতা মোকাবিলায় ভূমিকা রাখবে'– উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

১০ ▸ 'বিলাস টেলিকম' দীর্ঘদিন ধরে মোবাইল ফোন বিপণন করে আসছে। প্রতিষ্ঠানটি পণ্যের ত্রুটি প্রতিহত করতে নিয়মিত কর্মীদের প্রশিক্ষণ প্রদান করে। পাশাপাশি নির্দিষ্ট সময় পর পর পরিদর্শনের ব্যবস্থা করে, যাতে পণ্যের মান অক্ষুণ্ন থাকে।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. 'মান ব্যবস্থাপনা প্রতিযোগিতার সামর্থ্য বৃদ্ধি করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কর্মীদের প্রশিক্ষণ প্রদানে যে ব্যয় হয়, তা কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "'বিলাস টেলিকম' পণ্যের মান অক্ষুণ্ন রাখতে যে ব্যবস্থা গ্রহণ করেছে তা খুবই বাস্তবসম্মত"– উদ্দীপকের আলোকে ব্যয়ের ধরন উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জনাব রাহাত একটি সাইকেল তৈরির কারখানার মান ব্যবস্থাপক। মান ব্যবস্থাপনায় তিনি সবসময় ভোক্তার সন্তুষ্টির জন্য পরিদর্শন, পরীক্ষণসংক্রান্ত খরচ ইত্যাদির উপর বেশি জোর দেন। এছাড়া তিনি পণ্য উৎপাদনের ক্ষেত্রে পূর্বনির্ধারিত মান অনুযায়ী পণ্য উৎপাদিত হচ্ছে কিনা তা নিশ্চিত করেন এবং কোনো বিচ্যুতি হলে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করেন। ফলে প্রতিষ্ঠানটি প্রত্যাশিত মুনাফা অর্জনে সক্ষম হন।

ক. মামলা পরিচালনা ব্যয় কী? ১

খ. বেঞ্চ মার্কিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রাহাত যে খরচের উপর বেশি জোর দেন সেগুলো কোন ধরনের ব্যয়ের মধ্যে পড়ে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রাহাত ব্যবসায়ে সফলতা অর্জনে মান ব্যবস্থাপনার প্রেক্ষাপট মূল্যায়ন কর। ৪

চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃ কলেজ

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। আমাদের দেশে বৈদেশিক মুদ্রা আয়ের অন্যতম একটি খাত হলো মৎস্য চাষ। বর্তমানে কৃত্রিম উপায়ে ইলিশ উৎপাদনের চেষ্টাও করা হচ্ছে। অন্যান্য মাছ চাষের মতো সহজ না হলেও অবশেষে মৎস্য বিভাগ ইলিশের নিষিক্ত রেণু সংগ্রহ করে খাঁচায় উৎপাদন শুরু করেছে, যা মৌসুম ছাড়াও বাজারজাত করা যাবে।

ক. উৎপাদন কী? ১

খ. উৎপাদনশীলতার সাথে ব্যয়ের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. কৃত্রিম উপায়ে ইলিশ উৎপাদন কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. খাঁচায় উৎপাদিত ইলিশ উপযোগ বৃদ্ধিতে সহায়ক হবে– তুমি কি একমত? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

২। ১৬ ডিসেম্বরকে সামনে রেখে 'কনক ফ্যাশন হাউজ' বিভিন্ন রঙের কাপড় ক্রয় করে নিজস্ব ডিজাইনে পোশাক তৈরি করে। স্বনামধন্য এ ফ্যাশন হাউজের পোশাকগুলো বড় বড় শহরের মহাজনরা কিনে নিয়ে খুচরা বাজারে বিক্রি করেন। অতঃপর খুচরা ব্যবসায়ীর হাত হয়ে তা চূড়ান্ত ব্যবহারকারীদের কাছে পৌঁছে।

ক. শিল্পখাত কী? ১

খ. উৎপাদন কীভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে খুচরা ব্যবসায়ীরা যে ধরনের উপযোগ সৃষ্টি করেছে, পণ্য বণ্টনে তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩। 'আশা' একটি বেসরকারি সংস্থা। সংস্থাটি প্রত্যন্ত অঞ্চলগুলোতে তাদের শাখা স্থাপন করে জনসাধারণকে অর্থ সঞ্চয়ে উদ্বুদ্ধ করল। ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় সংগ্রহ করে সংস্থাটি বৃহৎ মূলধন গঠন করার পর জনসাধারণকে উৎপাদনমূলক খাতে ঋণ প্রদান করল। এতে করে ঐ অঞ্চলসমূহে নতুন নতুন শিল্পপ্রতিষ্ঠান গড়ে উঠেছে।

ক. উৎপাদনের প্রাকৃতিক উপকরণ কী? ১

খ. "শ্রম একটি জীবন্ত উপাদান"– ব্যাখ্যা কর। ২

গ. 'আশা' মূলধন গঠনের কোন পর্যায়ে আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'আশা'র ঋণদান নতুন শিল্প গঠনে কতটা সহায়ক তা বিশ্লেষণ কর। ৪

৪। জনাব সুমন, সুজন ও পলাশ মিলে একটি সংগঠন গড়ে তোলার উদ্দেশ্যে চুক্তিতে আবদ্ধ হন। তারপর চুক্তি অনুযায়ী তিনজন মিলে ব্যবসায়ে মূলধন সরবরাহ করেন এবং সব ধরনের লাভ-লোকসান নিজেদের মধ্যে চুক্তি অনুযায়ী আনুপাতিক হারে ভাগ করে নেয়ার সিদ্ধান্ত নেন। কিন্তু কিছুদিন পর জনাব সুমনের সাথে অন্য দুজনের মতানৈক্য দেখা দেওয়ায় তিনি ব্যবসায় থেকে অবসর গ্রহণ করেন।

ক. সংগঠন কী? ১

খ. সংগঠনের ২টি প্রধান বৈশিষ্ট্য লেখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত তিনজন মিলে কী ধরনের সংগঠন গড়ে তুলেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লিখিত ব্যবসায়টি "চুক্তি, আস্থা ও বিশ্বাসের উপর নির্ভরশীল"– উদ্দীপকের আলোকে এর স্বপক্ষে যুক্তি দাও। ৪

৫। এক সময়ের বিখ্যাত করিম জুট মিল লি. এর পণ্যের বাজার এখন নেই বললেই চলে। পরিচালনা পর্ষদ এই অবস্থা থেকে মুক্তি পেতে চায়। এ লক্ষ্যে তারা একটি বিখ্যাত পোশাক শিল্পের ম্যানেজার মি. শাওনকে উচ্চ বেতনে তাদের প্রতিষ্ঠানে নিয়োগ দেন। মি. শাওন বিভিন্ন উপাদানের মধ্যে সামঞ্জস্য বিধান করেন। বিভাগীয় নির্বাহীদের সাথে আলাদা আলাদাভাবে বসে সমস্যা চিহ্নিত করেন এবং সেই সমস্যাগুলো সমাধানের পদক্ষেপ গ্রহণ করেন। প্রতিষ্ঠানটি পুনরায় তার বাজার ধীরে ধীরে ফিরে পেতে শুরু করে।

ক. শ্রম কী? ১

খ. "সব অর্থই কি মূলধন?" ব্যাখ্যা কর। ২

গ. মি. শাওন কোন ধরনের শ্রমের গতিশীলতা সৃষ্টি করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. শাওনকে কি একজন দক্ষ সংগঠক বলা যায়? তোমার মতামত দাও। ৪

৬। 'ফিট এলিগেন্স' টেইলারিং জগতে একটি সুপরিচিত নাম। বিশেষ করে আধুনিক ডিজাইনের কমপ্লিট স্যুট তৈরি করার জন্য এ প্রতিষ্ঠানের খ্যাতি গ্রাহকের মুখে মুখে ছড়িয়ে আছে। জনাব মিথুন তার নিজের জন্য একটি কমপ্লিট স্যুট তৈরি করতে উক্ত টেইলারিং শপে যান। সেখানে তিনি স্যুটের ডিজাইনের ক্ষেত্রে নিজস্ব কিছু পছন্দের কথা জানান। প্রতিষ্ঠানটি ঠিক তার চাহিদামতো স্যুট সরবরাহ করায় তিনি খুবই আনন্দিত।

ক. পণ্য কী? ১

খ. মানসম্পন্ন দ্রব্য উৎপাদন কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের ব্যবসায়টি কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির সফলতায় কাস্টমাইজেশনের প্রত্যক্ষ প্রভাব রয়েছে বলে কি তুমি মনে কর? ৪

৭। জনাব ইশানের 'টিম্বার মার্ট' নামে একটি আসবাবপত্র উৎপাদনকারী প্রতিষ্ঠান রয়েছে। তিনি নিজে কাঁচামাল সংগ্রহ, পরিকল্পনা, কার্য পরিচালনা, রূপান্তরকরণসহ প্রতিটি কাজের সাথে জড়িত। ফলে উন্নত মানের আসবাবপত্র তৈরি হওয়ায় তার প্রতিষ্ঠানের সুনাম ছড়িয়ে পড়ে। বর্তমানে তিনি তার উৎপাদিত পণ্য বিক্রয়ের জন্য বিভিন্ন শহরে নিজস্ব শো-রুম স্থাপন করে কিছু সংখ্যক বিক্রয়কর্মী নিয়োগ দেন কিন্তু তিনি লক্ষ্য করেন যে, শো-রুমের মাধ্যমে আশানুরূপ বিক্রয় হচ্ছে না। তাই তিনি চিন্তিত হয়ে পড়েন।

ক. কাস্টমাইজেশন কী? ১

খ. সেবাকে কী সেবাপ্রদানকারী থেকে আলাদা করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব ইশান কর্তৃক সম্পাদিত কাজগুলো কোন ধরনের ব্যবস্থাপনা? ব্যাখ্যা কর। ৩

ঘ. দক্ষ ব্যবস্থাপক হিসেবে জনাব ইশানের শো-রুমের বিক্রয় বৃদ্ধিকরণে কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। ২০২২ সালের কাতার বিশ্বকাপ ফুটবল উপলক্ষে 'দীপন ফ্যাশন' ব্রাজিলের সমর্থকদের জন্য পূর্বের মান ঠিক রেখে কেবল বাহ্যিক সৌন্দর্যকে আকর্ষণীয় করে নতুন টি-শার্ট বিপণন করেছে। অন্যদিকে 'রবিন ফ্যাশন' আর্জেন্টিনা সমর্থকদের জন্য কম্পিউটার প্রযুক্তি ও উন্নত কলাকৌশল ব্যবহার করে টি-শার্ট বিপণন করেছে। ব্রাজিলের টি-শার্টের চেয়ে আর্জেন্টিনার টি-শার্টের মূল্য বেশি হলেও বাংলাদেশে উভয় দলের প্রচুর সমর্থক থাকায় বিপুল সংখ্যক টি-শার্ট বিক্রি হয়েছে। এতে উভয় প্রতিষ্ঠানই লাভবান হয়।

ক. মডিউলার ডিজাইন কী? ১

খ. "সংস্কৃতি দ্বারা পণ্য ডিজাইন প্রভাবিত হয়"– ব্যাখ্যা কর। ২

গ. 'দীপন ফ্যাশন' টি-শার্ট তৈরিতে কোন ধরনের পণ্য ডিজাইন অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "রবিন ফ্যাশনের টি-শার্টের মূল্য বেশি হওয়া যৌক্তিক"– তুমি কি একমত? পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক উক্তিটি মূল্যায়ন কর। ৪

৯। 'নব জুয়েলার্স' একটি স্বনামধন্য অলংকারের দোকান। তারা ক্রেতা আকর্ষণের কৌশল হিসেবে প্রায়ই অলংকারে নিত্যনতুন ডিজাইন নিয়ে আসে। বর্তমানে তারা হীরকখচিত জড়োয়া সেটের অলংকার তৈরির সিদ্ধান্ত নিয়েছে। সে অনুযায়ী তারা একটি মডেল তৈরি করে। কিন্তু দেখা গেল যে, তা ক্রেতাদেরকে আকৃষ্ট করলেও অধিক মূল্যের কারণে তারা আশানুরূপ অর্ডার পেল না। তাই ক্রেতা সাধারণের সামর্থ্যের কথা বিবেচনা করে নতুন জড়োয়া সেটটির আকার ও আকৃতিতে পরিবর্তন আনার সিদ্ধান্ত নেওয়া হলো।

ক. প্যাকিং ডিজাইন কী? ১

খ. "ভোক্তার ক্রয়ক্ষমতা পণ্যের ডিজাইনকে প্রভাবিত করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত হীরকখচিত জড়োয়া সেটটি পণ্য ডিজাইনের কোন পর্যায়ে পড়ে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'নব জুয়েলার্স' এর গৃহীত পদক্ষেপটি কতটুকু সঠিক? কাস্টমাইজেশনের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। জোভান কোম্পানি ফোম উৎপাদন ও বাজারজাতকরণে দেশীয় একটি মান নিয়ন্ত্রণকারী সংস্থা থেকে নিবন্ধনপত্র গ্রহণ করেছে। সম্প্রতি প্রতিষ্ঠানটি চীনে ফোম রপ্তানির পরিকল্পনা গ্রহণ করে। কিন্তু চীন প্রতিষ্ঠানটির নিকট থেকে ফোম বাজারজাতকরণের জন্য একটি আন্তর্জাতিক সংস্থার মান সনদ দেখতে চায়। এজন্য প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক সংস্থা থেকে মান সনদ সংগ্রহ করে চীনে ফোম রপ্তানি শুরু করে। এতে প্রতিষ্ঠানটির রপ্তানি কার্যক্রম সম্প্রসারিত হয় এবং তারা বৈদেশিক মুদ্রা অর্জনে সক্ষম হয়।

ক. বেঞ্চমার্কিং কী? ১

খ. "ISO-9000" ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. জোভান কোম্পানি দেশি কোন সংস্থা থেকে মান সনদ সংগ্রহ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জোভান কোম্পানি রপ্তানি সম্প্রসারণে আন্তর্জাতিক সংস্থাটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

১১। আফরিন কোম্পানি লিমিটেড বিদেশ হতে ইলেকট্রনিক্স পণ্য আমদানি করে নিজস্ব শো-রুমের মাধ্যমে বাজারজাতকরণ করে। এই কোম্পানি ক্রেতাদের আস্থা অর্জনের জন্য ৫ বছরের ওয়ারেন্টি সেবাও প্রদান করে থাকে। উক্ত সময়ের মধ্যে বিক্রীত পণ্যের কোনো প্রকারের সমস্যা দেখা দিলে কোম্পানি বিনা মূল্যে মেরামত করে দেয়। মাঝেমধ্যে কোম্পানি ওয়ারেন্টিজনিত সেবা নিয়ে মামলা মোকদ্দমায় গ্রাহকদের সাথে জড়িয়ে পড়ে।

ক. পার্ট (PERT) কী? ১

খ. বিক্রয়োত্তর সেবা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে আফরিন কোম্পানি লিমিটেডের পণ্যের ওয়ারেন্টিজনিত ও মামলাসংক্রান্ত খরচ কোন ধরনের নিম্নমানের পণ্য উৎপাদনজনিত ব্যয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. ক্রেতাদের আকৃষ্ট করার জন্য কোম্পানির ওয়ারেন্টিজনিত সেবা প্রদানের বিষয়টি যৌক্তিক কিনা? ব্যাখ্যা কর। ৪

শ্রীমঙ্গল সরকারি কলেজ

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জনাব তাহমিদ মৌসুমে শ্রীমঙ্গল থেকে আনারস সংগ্রহ করে দেশের বিভিন্ন অঞ্চলে সরবরাহ করেন। ভারত থেকে প্রচুর আনারস আমদানি হওয়ায় আনারসের মূল্য কমে যায়। তাই আর্থিক ক্ষতির হাত থেকে রক্ষা পেতে তিনি দ্রুত আনারস বিক্রি করে দেন। ভবিষ্যতে এরূপ পরিস্থিতি মোকাবিলায় তিনি বিকল্প ব্যবস্থা গ্রহণের কথা ভাবছেন।

ক. সার্বিক উৎপাদনশীলতা কাকে বলে? ১

খ. "উৎপাদনের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়"– ব্যাখ্যা কর। ২

গ. শ্রীমঙ্গল থেকে আনারস সংগ্রহের মাধ্যমে জনাব তাহমিদ কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. কী ধরনের ব্যবস্থা গ্রহণ করলে জনাব তাহমিদ ব্যবসায়ের ঝুঁকি কমাতে পারবেন বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

২ ▸ ২০২৪ সালে 'আয়েশা নিটিং মিলস' এর উৎপাদিত কাপড়ের পরিমাণ ৫০,০০০ মেট্রিক টন। বিক্রয়ের পরিমাণ ২,৫০,০০,০০০ টাকা। উক্ত কাপড় উৎপাদনের জন্য প্রতিষ্ঠানটি সুতা ও কাঁচামাল বাবদ ৫০,০০,০০০ টাকা, শ্রম বাবদ ৩,৫০,০০০ টাকা (শ্রম ঘণ্টা ৪০,০০০), যন্ত্রপাতি বাবদ ২০,০০,০০০ টাকা (যন্ত্রঘণ্টা ৭,০০০ এবং অন্যান্য বাবদ ৭,০০,০০০ টাকা ব্যয় করে।

ক. উৎপাদন কী? ১

খ. সময়গত উপযোগ কীভাবে সৃষ্টি করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. আয়েশা নিটিং মিলস এর বিভিন্ন প্রকার উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. ২০২৪ সালে আয়েশা নিটিং মিলস এর মোট উৎপাদনশীলতার উপর তোমার মতামত দাও। ৪

৩ ▸ কাজী সিরামিক ফরিদপুরে প্রায় ৫০ একর ভূমির ওপর তাদের কারখানা প্রতিষ্ঠা করেছে। প্রতিষ্ঠানটি স্বল্পমূল্যে জমি, পদ্মা সেতু দিয়ে ঢাকার সাথে সহজ যোগাযোগ এবং স্বল্প ব্যয়ে শ্রমিক পাওয়ায় দ্রুত উন্নতিসাধন করছে। প্রায় ৫০০ জন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী তাদের উৎপাদিত সিরামিক সামগ্রীর মান উন্নয়নে কাজ করছে। প্রতিষ্ঠানটির পরিচালনা পর্যদও পণ্যসামগ্রীর মান উন্নয়নে আলাদাভাবে গবেষণা বিভাগ চালু করেছে। বর্তমানে এটি দেশের অন্যতম সফল ব্যবসায় প্রতিষ্ঠান।

ক. শ্রমের দক্ষতা কাকে বলে? ১

খ. "ভূমি অবিনশ্বর"– ব্যাখ্যা কর। ২

গ. উৎপাদনের কোন ২টি উপাদানের সহজলভ্যতার কারণে কাজী সিরামিক ফরিদপুরে কারখানা স্থাপন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কাজী সিরামিক কারখানার সফলতায় কারখানার অবস্থান এবং প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীর ভূমিকা মূল্যায়ন কর। ৪

৪ ▸ জনাব মাহবুব একটি শিল্প প্রতিষ্ঠানের মালিক। যোগ্যতা ও দক্ষতার কারণে তিনি ব্যবসায়ে যথেষ্ট সফলতা লাভ করেছেন। বাজারে উৎপাদিত পণ্যের চাহিদা বৃদ্ধি পেলেও কারখানার উৎপাদন সঙ্গতিপূর্ণ নয়। তাই তিনি জনশক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে উৎপাদন বাড়াতে আগ্রহী।

ক. সংগঠন কী? ১

খ. "শ্রম একটি জীবন্ত উপাদান"– ব্যাখ্যা কর। ২

গ. জনাব মাহবুবের দক্ষতা বৃদ্ধিতে উপাদানের কোন উপাদানটির গুরুত্ব সর্বাধিক? ব্যাখ্যা কর। ৩

ঘ. "ব্যবস্থাপকের দক্ষতা সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা অর্জনে সাহায্য করে"– উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫ ▸ ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় বাজেটে মেডিটেশন প্রতিষ্ঠানের উপর ৭.৫% কর আরোপ করা হয়েছে। এতে সংশ্লিষ্ট সবাই মনে করে যে এ খাতটির উপর বিরূপ প্রভাব ফেলেছে। ফলে সংশ্লিষ্ট সবাই সরকারের কাছে কর মুক্তির আবেদন জানিয়েছে।

ক. দ্রব্য কী? ১

খ. 'সেবা অস্পর্শনীয়'– ব্যাখ্যা কর। ২

গ. মেডিটেশন প্রতিষ্ঠানগুলোর কাজ উৎপাদনের কোন খাতের আওতাভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মেডিটেশনের প্রতিষ্ঠানগুলোতে উৎপাদনশীলতার কোন চ্যালেঞ্জগুলো উপস্থিত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৬ ▸ 'জেড ট্রাভেলস' ঢাকা হতে কুয়াকাটা এসি বাস সার্ভিস পরিচালনা করে। গত সপ্তাহে তাদের ২০ শতাংশ টিকিট অবিক্রীত থাকে। ফলে প্রতিষ্ঠানটি লোকসানের সম্মুখীন হয়। বর্তমানে প্রতিষ্ঠানটি লোকসান পুষিয়ে নেওয়ার জন্য ভোক্তাদের চাহিদা ও সামর্থ্য অনুযায়ী এসি ও নন এসি গাড়ি চালু করেছে, যাতে সব ধরনের ভোক্তার কাছে এ প্রতিষ্ঠানের গ্রহণযোগ্যতা বৃদ্ধি পায়।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১

খ. উৎপাদন ব্যাবস্থাপনা ক্রেতাকেন্দ্রিক কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'জেড ট্রাভেলস' কোন খাতের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'জেড ট্রাভেলস' কর্তৃক গৃহীত উদ্যোগ কোন ধারণাকে গুরুত্ব দিয়েছে বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸ ২০২০ সাল থেকে 'লাকি সাবান' বাজারজাতকরণ করা হয়। ২০২২ সাল পর্যন্ত এটি সবুজ মোড়কে বাজারে ছাড়া হয়। কিন্তু তা ক্রেতাদের দৃষ্টি আকর্ষণে ব্যর্থ হয়। তাই ব্যাপক গবেষণার পরে ২০২৪ সাল থেকে 'লাকি সাবান' শিশু-কিশোরদের জন্য লাল এবং প্রাপ্ত বয়স্কদের জন্য হলুদ রঙের মোড়কে বাজারজাত করা হয়। তবে এক্ষেত্রে গুণগত মানের কোনো পরিবর্তন করা হয়নি। বর্তমানে সাবানটি বাজারে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে।

ক. মডিউলার ডিজাইন কী? ১

খ. 'প্যাকেজিং ডিজাইন পণ্যকে আকর্ষণীয় করে'– ব্যাখ্যা কর। ২

গ. ২০২০ সাল পর্যন্ত 'লাকি সাবান' কোন ডিজাইন অনুসরণ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. লাকি সাবানের বর্তমান জনপ্রিয়তার কারণ পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৮ ▸ জামান এন্টারপ্রাইজ হাঙ্গেরী থেকে বিভিন্ন ধরনের মোবাইল ফোন আমদানি করে বাংলাদেশে বাজারজাতকরণ করে। প্রতিষ্ঠানটি বাজার গবেষণা করে দেখেছে বাংলাদেশের মোবাইল ব্যবহারকারীদের মোবাইলে ইন্টারনেট ব্যবহারের মাত্রা দিন দিন বেড়ে যাচ্ছে। তাই প্রতিষ্ঠানটি এমন একটি মোবাইল ফোন আমদানির সিদ্ধান্ত নিয়েছে যাতে দ্রুতগতির ইন্টারনেট ব্যবহারের সুবিধা থাকবে।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. সঠিক পণ্য ডিজাইন কেন গুরুত্বপূর্ণ? ২

গ. উদ্দীপকে আমদানিকৃত নতুন মোবাইল ফোন কোন ধরনের পণ্য ডিজাইনের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জামান এন্টারপ্রাইজের নতুন মোবাইল ফোন আমদানির সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ চৌধুরী গ্রুপ মে মাসে ৫০ টন আইসক্রিম উৎপাদন করে যা সেপ্টেম্বর মাসের মধ্যে সম্পূর্ণ বিক্রি হয়ে যায়। অক্টোবর মাসে প্রতিষ্ঠানটি আরও ৫০ টন আইসক্রিম উৎপাদন করে। কিন্তু ঋতু পরিবর্তনের ফলে পরবর্তী তিন মাসে অধিকাংশ পণ্যই অবিক্রীত থেকে যায় এবং মেয়াদোত্তীর্ণ হয়ে যায়। এতে প্রতিষ্ঠানটি ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. বেঞ্চমার্কিং কীভাবে পণ্যমানের উন্নয়ন ঘটায়? ২

গ. উদ্দীপকে কোন ধরনের দ্রব্য উৎপাদিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উৎপাদন ব্যবস্থাপনার কোন কাজটি অনুসরণ না করায় প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয় বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

১০ ▸ জনাব বদরুল কুলাউড়ায় রবির বাজারে 'লিপি ফার্নিচার' নামে একটি শোরুম প্রতিষ্ঠা করেন। তিনি অভিজ্ঞ ও দক্ষ কারিগর দ্বারা অল্প খরচে মানসম্মত ফার্নিচার সামগ্রী তৈরি করেন। ফলে তার ফার্নিচার বেশ জনপ্রিয়তা অর্জন করেছে। সম্প্রতি আশেপাশের কয়েকটি প্রতিযোগী প্রতিষ্ঠান ক্রেতাদের রুচি ও পছন্দকে গুরুত্ব দিয়ে শৈল্পিক ও কারুকার্যময় ফার্নিচার তৈরি ও বিপণন করায় জনাব বদরুলের ফার্নিচারের চাহিদা দিনদিন হ্রাস পাচ্ছে। বিষয়টি নিয়ে তিনি খুবই উদ্বিগ্ন।

ক. ক্রিয়াগত ডিজাইন কী? ১

খ. 'পণ্য ডিজাইন ক্রেতার চাহিদার ওপর নির্ভর করে'– ব্যাখ্যা কর। ২

গ. কোন ধরনের ডিজাইন প্রয়োগের ফলে জনাব বদরুলের ব্যবসায় সফলতা আসে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব বদরুলের দুশ্চিন্তা দূরীকরণে কোন ধরনের ডিজাইন ব্যবহার করা উচিত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

১১ ▸ জনাব মনির নারায়ণগঞ্জে একটি স্টিল নির্মাণ কারখানা স্থাপন করেন। সেখানে তিনি ১০০ জন দক্ষ ও অভিজ্ঞ শ্রমিক নিয়োগ করেন। বাজারের তীব্র প্রতিযোগিতার বিষয়ে তিনি অত্যন্ত সচেতন। তিনি সঠিক মান নিশ্চিত করার জন্য একটি পরিদর্শন টিম গঠন করেন, যারা প্রতি সপ্তাহে একবার উৎপাদন প্রক্রিয়া পরিদর্শন করে। এজন্য তিনি প্রতিমাসে ৩ লক্ষ টাকা খরচ করেন। ফলশ্রুতিতে তার কারখানায় উৎপাদিত পণ্য সঠিক মানসম্পন্ন হয় এবং বাজারে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে।

ক. গুণগত মান কী? ১

খ. সার্বিক মান ব্যবস্থাপনা কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. জনাব মনিরের ব্যয়িত ৩ লক্ষ টাকা মান ব্যবস্থাপনার কোন ব্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মান ব্যবস্থাপনার যথাযথ অনুসরণই প্রাতিষ্ঠানিক সফলতার মূলমন্ত্র'– উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১▸ জনতা গার্মেন্টস একটি পোশাক উৎপাদনকারী প্রতিষ্ঠান। নিচে ২০২৪ সালে প্রতিষ্ঠানটির উৎপাদনসংক্রান্ত তথ্য দেওয়া হলো–

বিবরণ	২০২৪ সাল
কাঁচামাল ক্রয়	৩০,০০,০০০ টাকা
শ্রমঘণ্টা	১৬,০০০ ঘন্টা (ঘণ্টা প্রতি শ্রম ব্যয় ১২০ টাকা)
যন্ত্র সময়	১২,০০০ ঘণ্টা (ঘণ্টা প্রতি যন্ত্র ব্যয় ১০০ টাকা)
অন্যান্য ব্যয়	৫,০০,০০০ টাকা
উৎপাদনের পরিমাণ	৬০,৫০০ একক
বিক্রয়মূল্য	১,২১,০০,০০০ টাকা

উল্লেখ্য, প্রতিষ্ঠানটির ২০২২ ও ২০২৩ সালে শ্রমের উৎপাদনশীলতা ছিল যথাক্রমে ৩ একক ও ৩.৫০ একক।

ক. উপযোগ কী? ১
খ. উৎপাদন কীভাবে জীবনযাত্রার মান উন্নয়নে ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ২
গ. জনতা গার্মেন্টস এর ২০২৪ সালের মোট উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩
ঘ. জনতা গার্মেন্টস এর ২০২৪ সালের শ্রমের উৎপাদনশীলতার উপর তোমার মতামত ব্যক্ত কর। ৪

২▸ জনাব রাইসুল একজন তাঁত কারখানার মালিক। স্বয়ংক্রিয় যন্ত্রপাতি দ্বারা আধুনিক ডিজাইনের উৎপাদিত কাপড় তিনি দেশ ও বিদেশে নিজস্ব শো-রুমের মাধ্যমে বিক্রয় করেন। ব্যবসায় ভালো হওয়ায় তিনি ২০২০ সালে ৪০ লক্ষ টাকা আয় করেন। শো-রুম ও কারখানায় ১২০ জন শ্রমিক সন্তুষ্টিসহকারে দক্ষতার সাথে কাজ করে যাচ্ছেন।

ক. কৃষি খাত কী? ১
খ. উৎপাদনশীলতার উপর কীভাবে মুনাফা নির্ভর করে– ব্যাখ্যা কর। ২
গ. জনাব রাইসুলের তাঁত কারখানা কোন ধরনের উপযোগ সৃষ্টির সাথে জড়িত? ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে জনাব রাইসুলের অবদান উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৩▸ জনাব মনির ব্যাংকে চাকরি করেন। প্রতি মাসে বেতন পাওয়ার পর তা থেকে তিনি কিছু সঞ্চয় করতে থাকেন। কয়েক বছর পর ৫,০০,০০০ টাকা জমা হলে, তা দিয়ে গ্রামের বাড়িতে পোলট্রি খামার গড়ে তোলেন। পরবর্তীতে ব্যবসায়ের পরিধি বৃদ্ধি পেলে চাকরি ছেড়ে আরও দুই বন্ধুকে সঙ্গে নিয়ে লাভ-লোকসান বণ্টনের ভিত্তিতে ব্যবসায়টি পরিচালনা করতে থাকেন। এতে তারা বেশ সফলতা পায়।

ক. পাবলিক লিমিডেট কোম্পানি কী? ১
খ. যৌথ উদ্যোগী ব্যবসায় বিশ্বব্যাপী পণ্য বিপণনে সহায়তা করে– ব্যাখ্যা কর। ২
গ. উৎপাদনের কোন উপকরণকে প্রাধান্য দিয়ে জনাব মনির ব্যবসায়টি গড়ে তুলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. নতুন সৃষ্টি ব্যবসায়ের ধরন উল্লেখপূর্বক ব্যবসায়িক সফলতায় তার ভূমিকা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৪▸ ক্লাসে জনাব মহসিন সার উৎপাদনের উপকরণ নিয়ে আলোচনা করছেন। তিনি এমন একটি উপকরণের কথা বলেছেন– যা অত্যন্ত ধ্বংসশীল এবং মজুদ করা যায় না। তিনি বললেন– এ উপকরণটি বাংলাদেশে পর্যাপ্ত পাওয়া গেলেও উন্নত বিশ্বে এর অভাব লক্ষ করা যায়। তাই সকলের উচিত এটি রপ্তানিতে আরও বেশি উদ্যোগী হওয়া।

ক. উৎপাদনের উপকরণ কী? ১
খ. 'শ্রম দক্ষতা বৃদ্ধিতে শ্রমবিভাগ সহায়তা করে'– ব্যাখ্যা কর। ২
গ. ক্লাসে জনাব মহাসিন সার উৎপাদনের কোন উপকরণের কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. সরকারের উদ্যোগ বাস্তবায়িত হলে যে ধরনের উপযোগ সৃষ্টি হবে– বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে তার ভূমিকা মূল্যায়ন কর। ৪

৫▸ জনাব রাফি একটি প্রতিষ্ঠানে উৎপাদন ব্যবস্থাপক হিসেবে যোগদান করেন। প্রতিষ্ঠানটি নতুন একটি পণ্য উৎপাদন করার সিদ্ধান্ত নেয়। সেক্ষেত্রে জনাব রাফি পণ্যটি কেমন হবে তা নির্ধারণ করেন এবং এর জন্য বিশেষজ্ঞ নিয়োগ দেন। একটি সুষ্ঠু পরিকল্পনা অনুযায়ী পণ্যটির উৎপাদনকার্য চালালে প্রতিষ্ঠানটি সহজেই চূড়ান্ত লক্ষ্য অর্জনে সক্ষম হয়।

ক. সেবা কী? ১
খ. "উৎপাদনশীলতা হ্রাস প্রতিষ্ঠানের জন্য চ্যালেঞ্জ সৃষ্টি করে"– ব্যাখ্যা কর। ২
গ. বিশেষজ্ঞ নিয়োগের মাধ্যমে জনাব রাফি উৎপাদন ব্যবস্থাপনার কোন কাজটি সম্পাদন করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রাতিষ্ঠানিক উদ্দেশ্যার্জন উৎপাদন পরিকল্পনার ওপর নির্ভর করে– বক্তব্যটি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬▸ জনাব রহিম বগুড়ায় একটি ফ্যাক্টরি স্থাপন করেন। তিনি ওয়াশিং মেশিন, ইলেক্ট্রিক আয়রন, ব্লেন্ডার মেশিন ইত্যাদি উৎপাদন ও বিক্রয় করেন। তিনি ক্রেতা সন্তুষ্টি অর্জন ও ধরে রাখার জন্য 'পছন্দ আপনার পণ্য আমাদের' শ্লোগান নিয়ে ক্রেতাদের পছন্দ অনুযায়ী অর্ডার গ্রহণ ও সরবরাহ করে থাকেন। এতে দিন দিন তার ব্যবসায়ের সুনাম ও মুনাফা বৃদ্ধি পাচ্ছে।

ক. জরুরি পণ্য কী? ১
খ. "উৎপাদন ব্যবস্থাপনা ক্রেতাকেন্দ্রিক"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ফ্যাক্টরিতে দ্রব্য না সেবা উৎপাদিত হচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রতিষ্ঠানের। সুনাম ও মুনাফা বৃদ্ধির কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৭▸ 'ফড়িং ফ্যাশন লিমিটেড' পণ্যের মান বৃদ্ধি না করে ক্রেতার রুচি, পছন্দ মোতাবেক আকৃতি ও গঠন পরিবর্তন করে মেয়েদের পোশাক তৈরি করে বাজারজাতকরণের মাধ্যমে বেশ জনপ্রিয়তা অর্জন করে। অপরদিকে, 'ইজি ফ্যাশন লিমিটেড' আধুনিক উন্নত কম্পিউটারভিত্তিক নতুন প্রযুক্তি ও কলাকৌশল ব্যবহার করে মেয়েদের পোশাক তৈরি করে বাজারজাতকরণ করে। এতে প্রতিষ্ঠানটির উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছে, অপচয়ও অনেকাংশে হ্রাস পেয়েছে। কিন্তু তারা ক্রেতাদের আকৃষ্ট করতে ব্যর্থ হচ্ছে।

ক. মডিউলার ডিজাইন কী? ১
খ. পণ্য ডিজাইন পণ্যের আকর্ষণ বৃদ্ধি করে– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'ফড়িং ফ্যাশন লিমিটেড' কোন ধরনের পণ্য ডিজাইন করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'ইজি ফ্যাশন লিমিটেড' এর পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক ক্রেতাদের আকৃষ্ট করতে ব্যর্থ হওয়ার কারণ বর্ণনা কর। ৪

৮▸ রাইদা ফ্লাওয়ার মিল দীর্ঘদিন ধরে আটা ও ময়দা বিক্রয় করে আসছে। পণ্যগুলো মানসম্মত হওয়ায় বাজারে তার চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধি পেতে থাকে। গ্রাহকদের রুচি ও পছন্দের দিকটি বিবেচনা করে প্রতিষ্ঠানটি সম্প্রতি রাইদা সুজি উৎপাদন ও বাজারজাতকরণ শুরু করে। কিন্তু নতুন পণ্যটি বাজারে তেমন সাড়া ফেলতে পারেনি। কারণ প্রতিযোগী প্রতিষ্ঠানের তুলনায় উৎপাদিত সুজি হলো নিম্নমানের।

ক. পণ্য ডিজাইন কী? ১
খ. 'সংস্কৃতি দ্বারা পণ্য ডিজাইন প্রভাবিত হয়'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের কোন স্তরে আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পণ্য ডিজাইনের কোন স্তরের যথাযথ অনুসরণ না করায় উদ্দীপকের প্রতিষ্ঠানটি সফল হয়নি বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৯▸ দিনাজপুরে ঐতিহ্যবাহী মিষ্টির দোকান 'পাবনা সুইট মিট' স্থানীয় এলাকায় বেশ জনপ্রিয়। সম্প্রতি ব্যবসায় সম্প্রসারণের জন্য বিভাগীয় শহরগুলোতে বিক্রয় শাখা খুলেছেন। এতে তাদের বিক্রয় বহুগুণ বৃদ্ধি পেয়েছে। তবে শহরের শিক্ষিত ক্রেতারা তাদের মিষ্টির প্যাকেটে মান প্রকাশ করে এমন একটি চিহ্ন না দেখে তা ক্রয়ে প্রায়ই অনীহা প্রকাশ করছে।

ক. মান কী? ১
খ. 'উৎপাদন ক্ষতি কোনো অবস্থাতেই উদ্ধারযোগ্য নয়'– ব্যাখ্যা কর। ২
গ. কোন ধরনের উপযোগ সৃষ্টির ফলে পাবনা সুইট মিট এর বিক্রয় বহুগুণ বৃদ্ধি পেয়েছে– ব্যাখ্যা কর। ৩
ঘ. শিক্ষিত ক্রেতাদের অনীহা দূরীকরণে উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির করণীয় মূল্যায়ন কর। ৪

১০▸ 'কিং সু' নিজস্ব কারখানায় জুতা উৎপাদন করে দেশব্যাপী বিক্রয় করে প্রথম পর্যায়ে তাদের উৎপাদিত জুতা নিম্নমানের হওয়ায় তারা পরিসংখ্যানিক মান নিয়ন্ত্রণ পদ্ধতি অনুসরণ করে। এরপর থেকে উন্নতমানের জুতা উৎপাদনের জন্য প্রতিষ্ঠানটি প্রথমেই মান স্থির করে এবং পূর্বনির্ধারিত মান অনুযায়ী পণ্য উৎপাদন হচ্ছে কি-না তা নিশ্চিত করে ও প্রয়োজনে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করে। ফলে তারা ক্রেতাদের আস্থা অর্জনে সক্ষম হয়।

ক. বেঞ্চমার্কিং কী? ১
খ. ISO 9000 বলতে কী বোঝ? ২
গ. 'কিং সু' প্রাথমিক অবস্থায় কোন ধরনের ব্যয় করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'কিং সু' কর্তৃক গৃহীত পদক্ষেপ কতটুকু কার্যকর বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

১১▸ শক্তি ব্যাটারি লিমিটেড সুনামের সাথে দীর্ঘদিন যাবৎ গাড়ির ব্যাটারি উৎপাদন ও বিপণন করছে। সম্প্রতি ব্যাটারির সমস্যার কারণে একটি গাড়ি ক্ষতিগ্রস্ত হয়। গাড়ির মালিক কোম্পানির বিরুদ্ধে মামলা করে। এ কারণে কোম্পানিকে বড় অঙ্কের ক্ষতিপূরণ দিতে হয়। শক্তি ব্যাটারি লিমিটেড এখন কঠোরভাবে মান নিয়ন্ত্রণের সিদ্ধান্ত নিয়েছেন।

ক. মান নিশ্চিতকরণ কী? ১
খ. সার্বিক মান ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ক্রেতাকে প্রদত্ত ক্ষতিপূরণ কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিম্নমান কি প্রতিষ্ঠানের জন্য ব্যয়বহুল? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ পথিক নামের একটি পরিবহন সংস্থা এদেশের একটি প্রতিষ্ঠিত ব্যবসায় প্রতিষ্ঠান। ব্যবসায়ের ২টি দিক বিদ্যমান। যাদের একটি হলো পণ্য পরিবহনে নিয়োজিত 'পথিক সার্ভিস' এবং অন্যটি হলো যাত্রী পরিবহণে নিয়োজিত 'পথিক স্বর্ণা'।

ক. যন্ত্রের উৎপাদনশীলতা কী? ১

খ. উপযোগ হলো কোন দ্রব্যের বিশেষ গুণ যা মানুষের অভাব পূরণ করতে পারে– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'পথিক সার্ভিস' কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'পথিক সার্ভিস' এবং 'পথিক স্বর্ণা' উভয়ই পরিবহনের কাজে নিয়োজিত থাকলেও উপযোগ সৃষ্টির দৃষ্টিকোণ থেকে তাদের পার্থক্য নিরূপণ কর। ৪

২ ▸ জনাব রোহান ময়মনসিংহের একজন ধান ব্যবসায়ী। তিনি গত বছর আমনের মৌসুমে ৭৫০ টাকা মণ দরে ১,০০০ মণ ধান কিনে নিজ বাড়িতে সংরক্ষণ করেন। কিছুটা মুনাফার আশায় তিন মাস পর ঐ ধান বিক্রয় করতে গিয়ে দেখলেন যে স্থানীয় বাজারে ঐ ধান ৮৫০ টাকা মণ বিক্রয় হলেও ঢাকার বাজারে ঐ ধান ৯৫০ টাকা দরে বিক্রয় হচ্ছে। বিষয়টিতে তিনি বেশ চিন্তিত।

ক. সেবাগত উপযোগ কী? ১

খ. উৎপাদন কীভাবে জীবনযাত্রার মান উন্নয়নে ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের জনাব রোহান কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রোহানের কাঙ্ক্ষিত মুনাফা লাভের জন্য করণীয় কী বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৩ ▸ রাজশাহীর বিশিষ্ট শিল্পপতি মি. ইমাম চর-খিদিরপুর একশত একর পতিত জমিতে একটি বিনোদন পার্ক স্থাপন করেন। এতে ঐ এলাকার মানুষের জন্য কাজের সুযোগ সৃষ্টি হয়। তাছাড়া বিনোদন পিপাসু মানুষের জন্য পার্কে যাতায়াতের জন্য রাস্তাঘাট নির্মাণসহ বিদ্যুতের ব্যবস্থা করা হয়। ফলে ঐ এলাকার সার্বিক অবস্থার ব্যাপক উন্নতি হয়।

ক. উৎপাদন কী? ১

খ. উৎপাদন সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পপতি মি. ইমাম কার্যক্রম উৎপাদনের কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উৎপাদন কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা করে। বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জনাব কালামের একটি ডালের মিল আছে। তিনি দেশের বিভিন্ন অঞ্চল থেকে সরবরাহকারীর মাধ্যমে ডাল সংগ্রহ করে নিজের মিলে প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে উৎপাদন ও বিক্রয় করেন। কয়েক বছরে তার প্রতিষ্ঠানের সুনাম ও বিক্রি বেড়ে যায়। ফলে উৎপাদন বাড়ানোর সিদ্ধান্ত নেন। ব্যাংক থেকে ঋণ নিয়ে বেশি উৎপাদন ক্ষমতাসম্পন্ন মেশিন কিনেন এবং আরও কয়েকজন শ্রমিক নিয়োগ দেন।

ক. শ্রমের দক্ষতা কী? ১

খ. সব অর্থই কী মূলধন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব কালামের কাজটি উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "শ্রম দিলেও জনাব কালামের কাজ এবং কর্মীদের কাজ এক নয়– শ্রমের ধরন উল্লেখপূর্বক তা মূল্যায়ন কর। ৪

৫ ▸ ডলি শখ করে মাটি দিয়ে বিভিন্ন পুতুল তৈরি করে বন্ধুদের উপহার দেন। একদিন স্থানীয় একটি প্রতিষ্ঠান পুতুলগুলো দেখে পছন্দ হওয়ার একশত পুতুল তৈরি করার জন্য মালিককে দশ হাজার টাকা অগ্রিম দেন। এভাবেই শুরু হয় ডলি ডল হাউজ-এর অগ্রযাত্রা। পরবর্তীতে ব্যবসায় সম্প্রসারণ করার জন্য ডলি তার দুই বন্ধু পলি ও তুলিকে অন্তর্ভুক্ত করেন। পলি দোকান এবং তুলি মূলধন সরবরাহ করেন। বর্তমানে ডলি ডল হাউজ সকলের নিকট জনপ্রিয়।

ক. ভূমি কী? ১

খ. শ্রম একটি জীবন্ত উপাদান। ব্যাখ্যা কর। ২

গ. প্রথম পর্যায়ে ডলি ডল হাউজ কোন ধরনের সংগঠন ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. "চুক্তিই দ্বিতীয় পর্যায়ের সংগঠনের মূল ভিত্তি" উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৬ ▸ হোটেল 'সিগাল' দেশি-বিদেশি পর্যটকদের কাছে অতি পরিচিত নাম। সমুদ্রসৈকতের কাছে অবস্থিত হওয়ার কারণে এটির গুরুত্ব আরও বেশি বৃদ্ধি পেয়েছে। সম্প্রতি ইতালি থেকে একদল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী কক্সবাজার সমুদ্রসৈকতে বেড়াতে এসে এই হোটেলে উঠেছে। হোটেল কর্তৃপক্ষ তাদের চাহিদাও পছন্দমতো সেবা প্রদান করায় শিক্ষার্থীরা উপকৃত হয় বলে এই হোটেলের নাম দেশের বাইরে ছড়িয়ে পড়েছে।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১

খ. সেবা কী পণ্য? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়টি কোন খাতের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে কর শুধু কাস্টমাইজেশনের কারণে হোটেল সিগালের সুনাম বৃদ্ধি পেয়েছে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸ ২০০৮ সাল থেকে লিরিল সাবান বাজারজাত করা হয়। ২০১০ সাল পর্যন্ত লিরিল সাবান সবুজ মোড়কে বাজারজাত করা হয়। কিন্তু তা ক্রেতাদের দৃষ্টি আকর্ষণে ব্যর্থ হয়। তাই ব্যাপক গবেষণার পরে লিরিল সাবান শিশু-কিশোরদের জন্য লাল এবং বয়স্কদের জন্য হলুদ রঙের মোড়কের বাজারজাত করা হয়। তবে এক্ষেত্রে পণ্যের গুণগত মানের কোন পরিবর্তন করা হয়নি। লিরিল সাবান বর্তমানে ব্যাপক জনপ্রিয়তা লাভ করেছে।

ক. পণ্য কী? ১

খ. সঠিক পণ্য ডিজাইন কেন প্রয়োজন? ২

গ. ২০১০ সাল পর্যন্ত লিরিল সাবান কোন ডিজাইন অনুসরণ করে? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. 'লিরিল সাবান-এর বর্তমান জনপ্রিয়তার কারণ হলো নান্দনিক ডিজাইন'। যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৮ ▸ জনাব আবীর পৈত্রিকসূত্রে প্রাপ্ত ১০টি পুকুরে বিভিন্ন জাতের মাছ চাষ করেন। উৎপাদিত মাছ পাইকারদের কাছে বিক্রয় করেন এবং লাভবান হন। সম্প্রতি মাছের চাহিদা বেড়ে যাওয়ায় তিনি জমি লিজ নিয়ে আরও ১০টি পুকুর তৈরির সিদ্ধান্ত নেন। সে জন্য একটি বাণিজ্যিক ব্যাংকে ২০ লক্ষ টাকা ঋণের জন্য আবেদন করার সিদ্ধান্ত নেন।

ক. মানসিক শ্রম কী? ১

খ. শিল্পীর গান উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব আবীর উৎপাদনের কোন উপকরণ ব্যবহার করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আবীর কর্তৃক গৃহীত সিদ্ধান্ত কতটা যৌক্তিক বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

৯ ▸ রবি, শশী ও রুমি তিনজন মিলে 'ত্রিমাত্রা' নামে একটি ফ্যাশন হাউজ প্রতিষ্ঠা করেন। তারা দেশীয় সংস্কৃতির কথা মাথায় রেখে প্রচলিত ফ্যাশনের পাশাপাশি প্রতিবছর ঈদ, দুর্গাপূজা, পহেলা বৈশাখ উপলক্ষ্যে ক্রেতাদের ক্রয়ক্ষমতা, রুচি ও পছন্দ বিবেচনা করে আকর্ষণীয় বৈশিষ্ট্যসম্পন্ন পোশাকের সমাহার ঘটান। অতি অল্প সময়ের মধ্যে 'ত্রিমাত্রা'-এর উৎপাদিত পোশাক সারাদেশে সুনাম অর্জনে সক্ষম হয়েছে। ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় তারা উন্নত প্রযুক্তি ব্যবহার করে উৎপাদনশীলতা বাড়ানোর কথা ভাবছেন।

ক. মডিউলার ডিজাইন কী? ১

খ. "প্যাকেজিং পণ্যকে আকর্ষণীয় করে তোলে" ব্যাখ্যা কর। ২

গ. 'ত্রিমাত্রা' কোন ডিজাইনের পণ্য উৎপাদন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় 'ত্রিমাত্রা' ফ্যাশন হাউজ যে ধরনের পণ্য ডিজাইনের কথা ভাবছেন তা কতটুকু যৌক্তিক? মতামত দাও। ৪

১০ ▸ মি. ফরিদ নারায়ণগঞ্জে একটি ওয়াটার পাম্প উৎপাদন কারখানা স্থাপন করেন। তিনি নিয়মিত উৎপাদন কার্যাবলি তদারকি করেন। কিন্তু যান্ত্রিক ত্রুটির কারণে একজন শ্রমিক দুর্ঘটনায় পতিত হয়। ফলে তাকে প্রচুর অর্থ ব্যয় করতে হয়। তাই প্রতিষ্ঠানটির অভ্যন্তরীণ উৎপাদন প্রক্রিয়া সংশোধনের সাথে সাথে গ্রাহকদের বিক্রয়োত্তর সেবা দেওয়ার নিশ্চয়তা দিয়েছেন।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. কাস্টমাইজেশন ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. শ্রমিকের মৃত্যুর ফলে মি. ফরিদ কর্তৃক ব্যয়কৃত অর্থ কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত। ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. ফরিদের গ্রাহকদের জন্য বিক্রয়োত্তর সেবা ও উৎপাদন প্রক্রিয়া সংশোধনের সিদ্ধান্তের সাথে তুমি কী একমত? মতামত দাও। ৪

১১ ▸ মি. সফিক ব্যবস্থাপনা বিষয়ে এম বিএ ডিগ্রি অর্জন করে এখন তিনি একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানে কর্মরত আছেন। তিনি প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের মান, পরিকল্পনা, মান নিয়ন্ত্রণ, মানের নিশ্চয়তা এবং মান উন্নয়নের সাথে জড়িত। তিনি বাস্তবভিত্তিক সিদ্ধান্ত নেওয়ার পাশাপাশি ক্রেতাদের উপর গুরুত্ব দিয়ে মান নির্ধারণ করেন। ফলে প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের মানের ওপর ক্রেতারা বেশ খুশি।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. সার্বিক মান ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. মি. সফিক যে কাজগুলো সম্পাদন করেন সেগুলোই কী মান ব্যবস্থাপনার উপাদান– ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্যের মান নির্ধারণে মি. সফিকের নেওয়া কার্যক্রমে ক্রেতাগণের খুশি হওয়ার যথার্থতা ব্যাখ্যা কর। ৪

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

বিষয় কোড : 2 8 6

সময়–৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. হিমাগার কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক রূপগত খ সময়গত
গ স্থানগত ঘ স্বত্বগত

২. নিচের কোনটিতে 'সংযোজিত' মূল্যকে বিবেচনা করা হয়?
ক শ্রমের উৎপাদনশীলতা
খ যন্ত্রের উৎপাদনশীলতা
গ মালামালের উৎপাদনশীলতা
ঘ আর্থিক উৎপাদনশীলতা

৩. উৎপাদনের সাথে প্রত্যক্ষভাবে জড়িত হলো–
i. কাঁচামাল
ii. অর্থ
iii. শ্রমিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :
মিসেস ইসরা ঢাকার মোহাম্মদপুর এলাকায় একটি ডে-কেয়ার সেন্টার প্রতিষ্ঠা করে। তার প্রতিষ্ঠানের বিভিন্ন চাকরিজীবী মহিলা তাদের বাচ্চা রেখে কর্মস্থলে যেতে পারে। ডে-কেয়ার সুবিধার কারণে বর্তমানে মেয়েদের চাকরি ছাড়ার প্রবণতা অনেকাংশে কমে গেছে।

৪. মিসেস ইসরার প্রতিষ্ঠানটি কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক রূপগত খ সেবাগত
গ সময়গত ঘ স্থানগত

৫. উদ্দীপকে উল্লিখিত ডে-কেয়ারের কার্যক্রমের মাধ্যমে যে সুবিধা পাওয়া যায় তা হলো–
i. উৎপাদন ব্যয় হ্রাস পায়
ii. ভোক্তার সন্তুষ্টি বৃদ্ধি পায়
iii. কর্মসংস্থান সৃষ্টি হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :
পি.এস.আর.এম স্টিল মিলস্ বছরে ৪,০০,০০০ টন লোহা উৎপাদন করে। শ্রম ব্যয় ২০,০০০ ঘণ্টা যার মূল্য ২,০০,০০০ টাকা।

৬. পি.এস.আর এম স্টিল মিলস্ এর শ্রমের উৎপাদনশীলতা কত?
ক ১৫ একক খ ২৫ একক
গ ২০ একক ঘ ২৮ একক

৭. উৎপাদনের অপ্রাকৃতিক উপাদান কোনটি?
ক ভূমি খ মূলধন
গ শ্রম ঘ দক্ষতা

৮. কোনটি উৎপাদনের উৎপাদিত উপাদান?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

৯. শ্রমকে সংরক্ষণ করা যায় না কেন?
ক এটির উপযোগ নেই খ এটির মূল্য আছে
গ এটি ক্ষণস্থায়ী ঘ এটি দীর্ঘস্থায়ী

উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :
মি. সুমন একটি তৈরি পোশাক কারখানার মালিক। প্রতিষ্ঠানের কর্মীরা তার কারখানায় দক্ষতার সাথে কাজ করত। কিন্তু তিনি তাদের পর্যাপ্ত সুযোগ-সুবিধা ও পারিশ্রমিক না দেওয়ার কারণে বেশ কয়েকজন প্রশিক্ষিত কর্মী অন্য প্রতিষ্ঠানে চলে যায়। এতে মি. সুমনের প্রতিষ্ঠানটি ক্ষতিগ্রস্ত হয়।

১০. উদ্দীপকে অন্য প্রতিষ্ঠানে কর্মীদের চলে যাওয়াকে বলা হয়–
ক কাঁচামালের গতিশীলতা
খ সংগঠনের গতিশীলতা
গ শ্রমের গতিশীলতা
ঘ মূলধনের গতিশীলতা

১১. মি. সুমনের প্রতিষ্ঠানটি ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ হলো–
i. দক্ষ শ্রমিকের অভাব
ii. মূলধনের অভাব
iii. সাংগঠনিক দক্ষতার অভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১২. 'টেইলারিং শপ' এর জন্য কোন ধরনের ব্যবসায় সংগঠন উপযোগী?
ক যৌথ উদ্যোগ খ ব্যবসায় জোট
গ অংশীদারি ঘ একমালিকানা

১৩. নিচের কোনটি সেবার বৈশিষ্ট্য?
ক স্পর্শনীয় খ হস্তান্তরযোগ্য
গ দৃশ্যমান ঘ পচনশীল

১৪. জীবন বিমা পলিসি কোন ধরনের পণ্যের অন্তর্গত?
ক অযাচিত খ জরুরি
গ শপিং ঘ বিশিষ্ট

উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :
জনাব তালহা একটি ঘড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। তার প্রতিষ্ঠান ক্রেতাদের রুচি, চাহিদা, ফরমায়েশ অনুযায়ী তাদের হাতে উন্নতমানের ঘড়ি তুলে দেয়। ফলে তারা আশাতীত সফলতা লাভ করে।

১৫. জনাব তালহার প্রতিষ্ঠানটি কোন ধরনের পণ্য উৎপাদন করে?
ক লোভনীয় খ শপিং
গ বিশিষ্ট ঘ জরুরি

১৬. উদ্দীপকের প্রতিষ্ঠানটির সফলতার মূল কারণ হলো–
i. ক্রেতাসন্তুষ্টি অর্জন
ii. কাস্টমাইজেশন
iii. উৎপাদনশীলতা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. নিচের কোনটি গ্যান্ট-চার্ট তৈরির উদ্দেশ্য?
ক কার্য পরিমাপ খ কার্য নিরীক্ষণ
গ মান নিয়ন্ত্রণ ঘ সময় নিরীক্ষণ

১৮. The Wealth of Nations বইটি কত সালে রচনা করা হয়?
ক ১৭৬৭ খ ১৭৭৬
গ ১৮৩২ ঘ ২০১০

১৯. কোন ডিজাইনের ফলে উৎপাদনশীলতা বৃদ্ধি পায়?
ক ক্রিয়াগত খ রুচিসম্মত
গ উৎপাদন ঘ প্যাকিং

২০. '4G' থেকে '5G'-তে রূপান্তর কোন ধরনের পণ্য ডিজাইন?
ক নান্দনিক খ ক্রিয়াগত
গ উৎপাদন ঘ প্যাকিং

২১. নতুন নতুন পণ্য ডিজাইনে প্রাধান্য দিতে হবে–
i. ক্রেতাদের রুচি
ii. উৎপাদকের চাহিদা
iii. মান ও উপযোগিতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২২. নিচের কোনটি পণ্য ডিজাইনের অন্তর্ভুক্ত?
ক পণ্য বণ্টন খ পণ্য সংরক্ষণ
গ পণ্য সংগ্রহ ঘ পণ্য গবেষণা

২৩. পণ্য ডিজাইনের ক্ষেত্রে বিবেচ্য বিষয় কোনটি?
ক দেশীয় ঐতিহ্য খ সনাতন পদ্ধতি
গ ক্ষণস্থায়ী ঘ অনুন্নত প্যাকিং

২৪. পণ্য ডিজাইনের সময় নিচের কোনটি বিবেচনা করা হয়?
ক গ্রাহকের ক্রয়ক্ষমতা খ উদ্যোক্তার দক্ষতা
গ বিক্রয়কর্মীর দক্ষতা ঘ উৎপাদনশীলতা

২৫. নিচের কোন ব্যয়টি লিখিত চুক্তি?
ক পরিদর্শন খ প্রশিক্ষণ
গ পরীক্ষণ ঘ ওয়ারেন্টি

২৬. প্রশিক্ষণ কোন ধরনের ব্যয়?
ক নিবারণ খ মূল্যায়ন
গ অভ্যন্তরীণ বিচ্যুতি ঘ বাহ্যিক বিচ্যুতি

২৭. কোন সনদটি শুধু উৎপাদন প্রক্রিয়ার উপর মনোযোগ দেয়?
ক ISO-9001 খ ISO-9003
গ ISO-9002 ঘ ISO-9004

২৮. মান ব্যবস্থাপনার জনক কে?
ক Lary P.Ritzman
খ W. Edwards Deming
গ F.W. Haris
ঘ Kenneth Rose

২৯. সার্বিক মান ব্যবস্থাপনা যে নীতির সাথে সম্পৃক্ত, তা হলো–
i. ক্রেতাসন্তুষ্টি
ii. কর্মী সম্পৃক্ততা
iii. মানের ধারাবাহিকতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. অভ্যন্তরীণ বিচ্যুতি ব্যয়ের উদাহরণ হলো–
i. উৎপাদন ক্ষতি
ii. পুনঃকার্য ব্যয়
iii. পরিদর্শন ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 8 6

সময়–৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. ভূমি হলো–
i. আদি উপাদান
ii. যোগান দামমুক্ত
iii. গতিশীল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২. নিচের কোনটি ভূমির উৎপাদন ক্ষমতা নির্ধারক?
ক প্রযুক্তির ব্যবহার খ শ্রমবিভাগ
গ সংগঠন কাঠামো ঘ স্বল্প বিনিয়োগ

৩. উৎপাদন ব্যবস্থাপনা PERT, CPM ইত্যাদি কোন যুগে ব্যবহৃত হয়?
ক শিল্পবিপ্লব পূর্ববর্তী যুগ
খ শিল্পবিপ্লবকালীন যুগ
গ শিল্পবিপ্লব পরবর্তী যুগ
ঘ আধুনিক যুগ

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
ঐশী প্রায় সময়ই ফ্যাশন হাউজগুলো থেকে পোশাক ক্রয় করেন। ইদানীং একটি ফ্যাশন হাউজে তার একটি পোশাক পছন্দ হয়েছে। পোশাকটির ডিজাইন পছন্দ হলেও লাল রং এর পরিবর্তে ঐশী কালো রঙের পোশাক চান। এক পর্যায়ে বিক্রেতা বললেন ঐশী যদি অগ্রিম টাকা দিয়ে অর্ডার দেন তবে তিনি এক সপ্তাহের মধ্যে ঐ ডিজাইনের কালো পোশাক ডেলিভারি দিতে পারবেন।

৪. ঐশীর চাহিদা অনুযায়ী ফ্যাশন হাউজের অর্ডার সংগ্রহকে উৎপাদন ব্যবস্থাপনার কী বলে?
ক সেবা প্রবৃদ্ধি
খ উৎপাদনশীলতা চ্যালেঞ্জ
গ মানসম্মত পণ্য প্রদান
ঘ ক্রেতাকেন্দ্রিকতা

৫. উদ্দীপকের ফ্যাশন হাউজের বৈশিষ্ট্য হচ্ছে–
i. ফরমায়েশ অনুযায়ী পণ্য তৈরি
ii. নির্দিষ্ট শ্রেণির ক্রেতাদের গুরুত্বারোপ
iii. চাহিদা অনুযায়ী পোশাক সরবরাহ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬. নিচের কোনটিকে উৎপাদনকারী থেকে আলাদা করা যায় না?
ক পণ্য খ সেবা
গ মূলধন ঘ বণ্টন

৭. পণ্যের কাঠামোগত বিষয় নির্ধারণকে কী বলে?
ক উৎপাদন ব্যবস্থাপনা খ মান নিয়ন্ত্রণ
গ পণ্য ডিজাইন ঘ উৎপাদন নিয়ন্ত্রণ

৮. পণ্য ডিজাইনের চতুর্থ ধাপ কোনটি?
ক উদ্যোগ গ্রহণ
খ পরীক্ষামূলক উৎপাদন
গ ধারণা উন্নয়ন
ঘ উৎপাদনের সম্ভাব্যতা যাচাই

৯. কোনটি উৎপাদন ব্যবস্থাপনার কাজের আওতাভুক্ত?
ক পণ্যের নকশাকরণ
খ পণ্যের বাজারজাতকরণ
গ পণ্যের মূল্য নিয়ন্ত্রণ
ঘ পণ্যের বণ্টন

১০. নিচের কোনটি গ্যান্ট-চার্ট তৈরির উদ্দেশ্য?
ক কার্য পরিমাপ খ কার্য নিরীক্ষণ
গ মান নিয়ন্ত্রণ ঘ সময় নিরীক্ষণ

১১. বাংলাদেশের পণ্য ডিজাইনের ক্ষেত্রে নিচের কোনটিকে গুরুত্ব দিতে হয়?
ক কাঁচামালের সহজলভ্যতা
খ শ্রমের প্রাপ্যতা
গ ক্রেতাদের ক্রয়ক্ষমতা
ঘ জনগণের জীবনযাত্রার মান

১২. দেশীয় পণ্যের ট্রেডমার্ক ব্যবহারের বাধ্য করে কে?
ক SIO খ BSTI
গ TCB ঘ EPZ

১৩. Economic Order Quantiy (EOQ) পদ্ধতি উৎপাদনের কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?
ক পণ্য ডিজাইনে খ উৎপাদন নিয়ন্ত্রণে
গ মান নিয়ন্ত্রণে ঘ মজুদ নিয়ন্ত্রণে

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
Mr. Z একটি বৃহদায়তন ফ্যাশন হাউজ পরিচালনা করেন। তিনি পণ্যের স্বকীয়তা ধরে রাখতে সদা সচেষ্ট। এজন্য তিনি ক্রেতার স্টাইলকে প্রাধান্য দিয়ে নিয়মিতভাবে পণ্যের আকার ও রং পরিবর্তন করেন। ঢাকার গুলশান, বনানী, ধানমন্ডি ইত্যাদি অভিজাত এলাকায় তাব শো-রুম রয়েছে।

১৪. নিচের কোনটির মাধ্যমে Mr. Z পণ্যের স্বকীয়তা ধরে রাখেন?
ক পণ্যের মান নিয়ন্ত্রণ খ পণ্যের ডিজাইন
গ পণ্যের দাম ঘ ধারাবাহিক পরিবর্তন

১৫. উদ্দীপকে যে উপাদানগুলো পণ্যের মান, ফ্যাশন, রং ও আকারে প্রভাববিস্তার করে তা হলো–
i. ভোক্তার চাহিদা
ii. বিভিন্ন উৎসব
iii. দেশীয় ঐতিহ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. কোনো পণ্যের ত্রুটি সংঘটিত হওয়ার পূর্বে তা রোধ করার জন্য যে ব্যয় করা হয় তাকে কী ধরনের ব্যয় বলে?
ক প্রতিরোধমূলক খ মূল্যায়ন
গ অভ্যন্তরীণ ব্যর্থতার ঘ বাহ্যিক ব্যর্থতার

১৭. ISO একটি আন্তর্জাতিক মান নির্ধারণকারী সংস্থা। এই সংস্থানটির একাধিক মানদণ্ডের মধ্যে একটি মানদণ্ড রয়েছে যা মানসংক্রান্ত বিশটি বিষয় নিয়ে আলোকপাত করে। উদ্দীপকে আলোচ্য মানদণ্ডটর নাম কী?
ক ISO-9000 খ ISO-9001
গ ISO-9002 ঘ ISO-14000

১৮. পণ্যের মান নিশ্চিতকরণে যেসব পদ্ধতি ব্যবহার করা হয় তা হলো–
i. PERT
ii. CPM
iii. EOQ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. প্রতিষ্ঠানের জন্যে পণ্য ডিজাইন কী ধরনের কার্যক্রম?
ক স্বল্পমেয়াদি খ দীর্ঘমেয়াদি
গ ধারাবাহিক ঘ সময়ভিত্তিক

২০. ISO-14000 কোন ধরনের মান নির্ধারণ পদ্ধতি?
ক কারিগরি জ্ঞানসংক্রান্ত
খ পণ্য ডিজাইনসংক্রান্ত
গ উৎপাদন প্রক্রিয়াসংক্রান্ত
ঘ পরিবেশসংক্রান্ত

২১. পণ্যের উপযোগ সৃষ্টি করাকে কী বলে?
ক উৎপাদন খ উৎপাদনশীলতা
গ চাহিদা ঘ যোগান

২২. উৎপাদনশীলতা হলো–
i. উৎপাদন ও উপকরণের অনুপাত
ii. উৎপাদন বৃদ্ধির প্রত্যক্ষ নিয়ামক
iii. মজুদ নিয়ন্ত্রণের সংশ্লিষ্ট উপাদান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. আর্থিক উৎপাদনশীলতা নির্ণয়ের সূত্র নিচের কোনটি?
ক $\frac{\text{উৎপাদনের মূল্য}}{\text{উপকরণের মূল্য}}$ খ $\frac{\text{উৎপাদনের মূল্য}}{\text{মালামালের মূল্য}}$
গ $\frac{\text{সংযোজিত মূল্য}}{\text{রূপান্তর মূল্য}}$ ঘ $\frac{\text{রূপান্তর মূল্য}}{\text{সংযোজিত মূল্য}}$

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
রংপুরের মণ্ডলপাড়ার টমেটো চাষিরা পণ্যের ন্যায্যমূল্য না পেয়ে নিজেদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও ঐক্যের ভিত্তিতে একটি সংগঠন গড়ে তুলেন।

২৪. উদ্দীপকের সংগঠনটি কোন ধরনের?
ক অংশীদারি খ যৌথমূলধনি
গ সমবায় সমিতি
ঘ যৌথ উদ্যোগে ব্যবসায়

২৫. উল্লিখিত সংগঠনের মূল লক্ষ্য হচ্ছে–
i. সদস্যদের অর্থনৈতিক উন্নয়ন
ii. অধিক মুনাফা অর্জন
iii. পণ্যের ন্যার্যমূল্য নিশ্চিতকরণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. উৎপাদনের একমাত্র মানবিক উপকরণ কোনটি?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

২৭. নিচের কোন অবস্থায় সঞ্চয় সৃষ্টি হয়?
ক আয়ের তুলনায় ব্যয় বেশি হলে
খ আয়ের তুলনায় ব্যয় কম হলে
গ আয় এবং ব্যয় সমান হলে
ঘ আয়ের তুলনায় মুনাফা কম হলে

২৮. যা আয় সৃষ্টিতে সক্ষম, তাকে কী বলা হয়?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

২৯. শ্রমবিভাগের সুবিধা হচ্ছে–
i. উৎপাদনশীলতা বৃদ্ধি
ii. শ্রমিকদের দক্ষতা বৃদ্ধি
iii. শ্রমিকের ওপর নির্ভরশীলতা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. একই পেশা ও পদবিতে এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে একজন কর্মী যোগদান করলে কী ধরনের শ্রমের গতিশীলতা সৃষ্টি হয়?
ক আনুভূমিক খ উল্লম্ব
গ পেশাগত ঘ শিল্পগত

রাজশাহী সরকারি সিটি কলেজ

বিষয় কোড : 2 8 6

সময়–৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. স্বত্বগত উপযোগ সৃষ্টি হয় কীসের মাধ্যমে?
ক পরিবহন খ গুদামজাতকরণ
গ বণ্টন ঘ ক্রয়-বিক্রয়

২. বিক্রয়ের উদ্দেশ্যে দ্রব্যসামগ্রীর নতুন উপযোগ সৃষ্টি করাকে কী বলে?
ক বিনিময় খ বণ্টন
গ উৎপাদন ঘ রূপান্তর

৩. উৎপাদনের কোন উপকরণ পচনশীল?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

৪. তুলা থেকে সুতা হয় এবং সুতা থেকে কাপড় হয়। এখানে তুলার কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে?
ক রূপগত খ মানগত
গ সময়গত ঘ জ্ঞানগত

৫. মূলধন গঠনের পর্যায় কয়টি?
ক তিন খ চার
গ পাঁচ ঘ ছয়

৬. রাকা ট্রেডার্স স্যানিটারি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান। এক মাসে তাদের মোট উৎপাদিত পণ্যের সংখ্যা ছিল ৪০০। আর ব্যয় হয়েছিল ৪০,০০০ টাকা। রাকা ট্রেডার্সের শ্রমের উৎপাদনশীলতা কত?
ক ১.০০ বার খ ১০ বার
গ ০.১০ বার ঘ ০.০১ বার

৭. উৎপাদনশীলতার মাধ্যমে কর্মরত শ্রমিকদের কোনটি বৃদ্ধি পায়?
ক সততা খ কর্মস্পৃহা
গ কর্মদক্ষতা ঘ সাহসিকতা

৮. ক্লিনিকে রোগীর চিকিৎসার মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?
ক স্থানগত খ সময়গত
গ সেবাগত ঘ রূপগত

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মুরাদ মানিকগঞ্জে রুই, কাতলা, মৃগেল, কালোবাউশ প্রভৃতি মাছ বাণিজ্যিক ভিত্তিতে চাষ করেন। তার কাছ থেকে জনাব রাহুল জীবিত মাছ সংগ্রহ করে প্রতিদিন ঢাকার বাজারে সরবরাহ করেন। মুরাদের মাছের ব্যাপক চাহিদা থাকায় তিনি আরও ১০টি পুকুর লিজ নেওয়ার চিন্তা করছেন।

৯. জনাব মুরাদের প্রাথমিক কাজের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?
ক সেবাগত খ সময়গত
গ স্থানগত ঘ রূপগত

১০. জনাব মুরাদের ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণের সিদ্ধান্তের যৌক্তিকতা হলো–
i. বণ্টন ব্যবস্থার উন্নয়ন
ii. হিমাগার ব্যবস্থার উন্নয়ন
iii. সর্বোচ্চ মুনাফা অর্জন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১১. কোন উপকরণটি উৎপাদনের চালিকাশক্তি?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

১২. মানুষ প্রাকৃতিক সম্পদের আকৃতি ও রূপগত পরিবর্তনের মাধ্যমে–
i. বাড়তি মূল্য সৃষ্টি করে
ii. বাড়তি উপযোগ সৃষ্টি করে
iii. বাড়তি মূল্যবোধ সৃষ্টি করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. সেবার বৈশিষ্ট্য কোনটি?
ক হস্তান্তরযোগ্য খ দৃশ্যমানতা
গ অদৃশ্যমানতা ঘ মূল্যহীন

১৪. উৎপাদনের উপকরণের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে কোনটি?
ক শ্রম খ সংগঠন
গ ভূমি ঘ মূলধন

■ **উদ্দীপকটি পড়ে ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব কল্লোল 'হাইওয়ে' ট্রান্সপোর্ট কোম্পানির মালিক। রাজশাহী থেকে আম সরবরাহের ক্ষেত্রে তার প্রতিষ্ঠানের নিজস্ব ট্রাক ব্যবহার করা হয়। বর্তমানে 'হাইওয়ে' কোম্পানির বিভিন্ন শাখায় অসংখ্য লোক কর্মরত আছে।

১৫. জনাব কল্লোলের ভোক্তাদের চাহিদা মেটানোর ক্ষেত্রে কোন ধরনের উপযোগের সম্পৃক্ততা রয়েছে?
ক সময়গত খ স্থানগত
গ রূপগত ঘ স্বত্বগত

১৬. কোনটি ভূমির বৈশিষ্ট্য?
ক গতিশীল খ স্থানান্তরযোগ্য
গ অস্থায়ী ঘ যোগান সীমাবদ্ধ

১৭. উৎপাদনের বহির্ভূত প্রক্রিয়া হলো–
i. রূপান্তর
ii. বিনিময়
iii. বণ্টন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. পণ্যের রূপ পরিবর্তনের জন্য প্রয়োজন–
ক নিয়ন্ত্রণ খ বিক্রয়
গ বণ্টন ঘ উৎপাদন

১৯. উৎপাদন পরিকল্পনা গ্রহণের পর সংগ্রহ করা হয়–
i. উৎপাদনের উপকরণ
ii. নিবন্ধন ও ট্রেড লাইসেন্স
iii. কাঁচামাল ও যন্ত্রপাতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২০. নিচের কোনটি মূল্যায়ন ব্যয়?
ক প্রশিক্ষণ ব্যয় খ পুনঃডিজাইন ব্যয়
গ ওয়ারেন্টি ঘ পরীক্ষণ ব্যয়

২১. পণ্যের মান কখন নির্ধারণ করা হয়?
ক উৎপাদনের সময় খ উৎপাদনের পূর্বে
গ উৎপাদনের পরে ঘ বিক্রয়ের পূর্বে

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. খান আলফা কোম্পানির মান ব্যবস্থাপক। তার প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যে যাতে কোনো ধরনের ত্রুটি না থাকে সেজন্য উৎপাদন বিভাগের কর্মীদের নিয়মিত দেশে এবং দেশের বাইরে প্রশিক্ষণের ব্যবস্থা করেন।

২২. আলফা প্রতিষ্ঠান প্রশিক্ষণের জন্য কোন ধরনের ব্যয় করে?
ক নিবারণ খ মূল্যায়ন
গ অভ্যন্তরীণ ব্যর্থতা ঘ বাহ্যিক ব্যর্থতা

২৩. আলফা কোম্পানিতে সংঘটিত ব্যয়ের ফলে–
i. উৎপাদিত পণ্যের মান বৃদ্ধি পাবে
ii. উৎপাদন ব্যয় হ্রাস পাবে
iii. প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. উৎপাদন ব্যবস্থাপনার কাজের আওতাভুক্ত হচ্ছে–
i. উৎপাদন পরিকল্পনা প্রণয়ন
ii. উৎপাদন পদ্ধতি নির্ধারণ
iii. উৎপাদন ডিজাইন তৈরি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. কাস্টমাইজেশনের মৌলিক দিক কোনটি?
ক মানসম্পন্ন পণ্য উৎপাদন
খ ক্রেতার প্রয়োজনমতো পণ্য উৎপাদন
গ ক্রয়কালীন পণ্য উৎপাদন
ঘ পণ্যের সৌন্দর্য বৃদ্ধিকরণ

২৬. নিচের কোনটির পণ্য মান যাচাই করা হয়?
ক মান নিশ্চিতকরণ খ উৎপাদন নিয়ন্ত্রণ
গ সার্বিক বিশ্লেষণ ঘ মান নিয়ন্ত্রণ

২৭. মূলধন গঠন নিচের কোনটির ওপর নির্ভরশীল?
ক ব্যবস্থাপনা খ ভোগ
গ সঞ্চয় ঘ উৎপাদন

২৮. পণ্যের ডিজাইন করার সময় কোনটির উপর গুরুত্ব দেয়া উচিত?
ক চলতি ফ্যাশন খ ভোক্তার সংখ্যা
গ উৎপাদন সময় ঘ বিনিয়োগ

২৯. কোনটি উৎপাদন ক্ষমতা হ্রাসের কারণ?
ক কর্মীদের অসহযোগিতা
খ শেয়ারহোল্ডারদের মনোভাব
গ কোম্পানির উদ্দেশ্য
ঘ কর্মীর সংখ্যা

৩০. কোন ক্ষেত্রে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করা কঠিন?
ক ডিজাইন উন্নত হলে
খ ডিজাইন ক্রেতামুখী হলে
গ ডিজাইন সুন্দর হলে
ঘ ডিজাইন জটিল হলে

জয়পুরহাট সরকারি কলেজ

বিষয় কোড : 2 8 6

সময়–৩০ মিনিট | **উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. সেবার বৈশিষ্ট্য কোনটি?
ক অবিচ্ছেদ্যতা খ দৃষ্টিগোচরতা
গ অপরিবর্তনশীলতা ঘ সংরক্ষণ ক্ষমতা

২. উৎপাদন ব্যবস্থাপনার কাজ কোনটি?
ক পণ্যের বাজারজাতকরণ
খ শ্রমিক নিয়োগ
গ পণ্যের নকশাকরণ
ঘ পণ্যের বণ্টন

৩. ভূমির উপাদান হলো–
i. খনিজ সম্পদ
ii. সূর্যের আলো
iii. বাতাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৪. কাস্টমাইজেশন বলতে বোঝায়–
i. ক্রেতার চাহিদা অনুযায়ী পণ্য তৈরি
ii. ক্রেতার চাহিদা অনুযায়ী মানের পরিবর্তন আনা
iii. উৎপাদনের ইচ্ছা অনুযায়ী মানের পরিবর্তন আনা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
অর্পণ লিমিটেড একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি মানসম্মত পণ্য উৎপাদনের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী উপকরণাদি ও কার্যাবলির সমন্বয় এবং এগুলোর সদ্ব্যবহার নিশ্চিত করে। এতে করে প্রতিষ্ঠানটি স্বল্পমূল্যে ভোক্তাদেরকে মানসম্মত পণ্য সরবরাহ করতে পারে।

৫. অর্পণ লি.-এর উৎপাদনসংক্রান্ত কার্যের সমষ্টির নাম কী?
ক উৎপাদন পদ্ধতি
খ উৎপাদন ব্যবস্থাপনা
গ উৎপাদন প্রক্রিয়া
ঘ উৎপাদন নিয়ন্ত্রণ

৬. অর্পণ লি.-এর কার্যক্রমের দ্বারা–
i. কর্মসংস্থান সৃষ্টি হয়
ii. প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার
iii. উৎপাদনশীলতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭. ক্রেতার দৃষ্টিতে আকর্ষণীয়ভাবে পণ্যের উপস্থাপনই হলো–
ক রুচিসম্মত ডিজাইন খ প্যাকিং ডিজাইন
গ উৎপাদন ডিজাইন ঘ ব্যবহারিক ডিজাইন

৮. উৎপাদন ও উপকরণের অনুপাতকে কী বলে?
ক উৎপাদন
খ উৎপাদনশীলতা
গ উৎপাদনের মাত্রা
ঘ উৎপাদন ব্যবস্থাপনা

৯. উকিলের পরামর্শ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক স্বত্বগত খ রূপগত
গ স্থানগত ঘ সেবাগত

১০. "উৎপাদন হচ্ছে একটি প্রক্রিয়া যার দ্বারা পণ্য ও সেবা তৈরি হয়"। উক্তিটি কার?
ক ইএস.বাফা খ রেমন্ড আরমেয়ার
গ ফ্রেসার ঘ ফিলিপ কটলার

১১. উৎপাদনের রূপ কোনটি?
ক চাহিদা পূরণ খ লক্ষ্য অর্জন
গ রূপগত উপযোগ ঘ উৎপাদনশীলতা

১২. উৎপাদন বৃদ্ধি পেলে কোনটি বৃদ্ধি পাবে?
ক ভোগ ব্যয় খ চাহিদা
গ কর্মসংস্থান ঘ বাজারমূল্য

১৩. উৎপাদনশীলতা কীভাবে পরিমাপ করা হয়?
ক শতকরা হারে খ আনুপাতিক হারে
গ পরিমাণসূচকে ঘ মূল্যসূচকে

১৪. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোন শিল্প খাতের অন্তর্ভুক্ত?
ক সেবা খ কৃষি
গ পর্যটন ঘ শিল্প

১৫. পণ্য ডিজাইন প্রক্রিয়ার প্রাথমিক স্তর কোনটি?
ক ধারণা উন্নয়ন খ উদ্যোগ
গ উৎপাদনের সামর্থ্য ঘ কার্যকারিতা

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
২০২১ 'সালে আমি ফ্যাশন' ৫,০০,০০০ টাকার কাঁচামাল এবং ২,০০,০০০ টাকার অন্যান্য উপকরণ ব্যবহার করে ৮,৫০,০০০ টাকার পণ্য উৎপাদন করে। ২০২০ সালে প্রতিষ্ঠানটির মোট উৎপাদনশীলতা ছিল ১.১০।

১৬. ২০২১ 'সালে আমি ফ্যাশন' এর মোট উৎপাদনশীলতা কত?
ক ১.২১ খ ১.৫০
গ ১.৭০ ঘ ৪.২৫

১৭. আমি ফ্যাশন-এর ২০২১ সালের উৎপাদনশীলতা প্রকাশ করে–
i. প্রতিষ্ঠানের বিনিয়োগ বৃদ্ধি
ii. উৎপাদিত পণ্যের মান বৃদ্ধি
iii. উৎপাদিত পণ্যের সংখ্যা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. আধুনিক প্রযুক্তি স্থাপন উৎপাদনের কোন উপাদানের অন্তর্ভুক্ত?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

১৯. পণ্য ডিজাইনের প্রথম ধাপ কোনটি?
ক ধারণা উন্নয়ন খ উদ্যোগ গ্রহণ
গ সামর্থ্য বিশ্লেষণ ঘ পরীক্ষামূলক প্রয়োগ

২০. মূল্য পরিশোধের মাধ্যমে ক্রেতা পণ্য বা সেবার কী পায়?
ক উপযোগ খ মালিকানা
গ উৎপাদন ঘ মুনাফা

২১. জনাব বিজয় বিভিন্ন উৎস থেকে তথ্য সংগ্রহ করে তা বিশ্লেষণ করে পণ্য ডিজাইনের কোন পর্যায়ে অন্তর্ভুক্ত?
ক সামর্থ্য বিশ্লেষণ খ ধারণা উন্নয়ন
গ পরীক্ষামূলক উৎপাদন
ঘ চূড়ান্ত উৎপাদন

২২. পণ্য বা সেবার ডিজাইন করার কারণ কী?
ক পণ্যের আকর্ষণ সৃষ্টি
খ ধারণার উন্নয়ন করা
গ চূড়ান্ত উৎপাদন করা
ঘ ক্রেতা গবেষণা করা

২৩. উৎপাদনশীলতার সুবিধা–
i. উৎপাদন বৃদ্ধি
ii. বিক্রয় বৃদ্ধি
iii. উৎপাদন ব্যয় বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
SFT ফ্যান লি. সুদক্ষ কারিগর দ্বারা আধুনিক প্রযুক্তি ব্যবহার করে ফ্যান উৎপাদন করে এবং বিক্রয় করে। বিক্রয় পরবর্তী ৫ বছরের মধ্যে পণ্যের কোনো অংশ নষ্ট হলে তা পুনঃস্থাপন করে দিবে বলে প্রতিশ্রুতি দেয়।

২৪. উদ্দীপকের প্রতিষ্ঠানটি তাদের পণ্যের জন্য কোন ধরনের ব্যয় করে?
ক প্রতিরোধমূলক ব্যয়
খ মূল্যায়ন ব্যয়
গ অভ্যন্তরীণ বিচ্যুতি ব্যয়
ঘ বাহ্যিক ব্যর্থতা ব্যয়

২৫. প্রতিষ্ঠানটির প্রদত্ত প্রতিশ্রুতির ফলে–
i. নিম্নমানের কারণ উদঘাটন হয়
ii. পণ্য ডিজাইন সুন্দর হয়
iii. বিক্রয়োত্তর সেবা নিশ্চিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. কোন সনদটি শুধু উৎপাদন প্রক্রিয়ার উপর মনোযোগ দেয়?
ক ISO-9001 খ ISO-9002
গ ISO-9003 ঘ ISO-9004

২৭. উৎপাদনশীলতার চ্যালেঞ্জ হলো–
i. কাঁচামালের সহজলভ্যতা
ii. অদক্ষ কর্মী
iii. নিম্ন মনোবল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. মূলধন গঠনের প্রথম পর্যায় কোনটি?
ক সঞ্চয় খ আয়
গ সঞ্চয় সংগ্রহ ঘ বিনিয়োগ

২৯. ভোক্তাদের প্রত্যাশা অনুযায়ী পণ্যের মান নির্ধারণ মান উন্নয়ন ও নিয়ন্ত্রণের সামগ্রিক কার্যাবলিকে কী বলা হয়?
ক মান পরিকল্পনা খ মান নিয়ন্ত্রণ
গ মান উন্নয়ন ঘ মান ব্যবস্থাপনা

৩০. উৎপাদনের প্রাচীনতম উপকরণ কোনটি?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

দাউদ পাবলিক স্কুল এন্ড কলেজ, যশোর

বিষয় কোড : 2 8 6

সময়–৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. উৎপাদনশীলতার মাধ্যমে কর্মরত শ্রমিকদের কোনটি বৃদ্ধি পায়?
ক সততা খ কর্মস্পৃহা
গ কর্মদক্ষতা ঘ সাহসিকতা

২. কোনটি উৎপাদনের অন্তর্ভুক্ত?
ক অর্থায়ন খ বণ্টন
গ কৃষি ঘ প্রসার

৩. ইনপুট কী?
ক উৎপাদিত পণ্য
খ উৎপাদনের উপকরণ
গ উৎপাদন প্রক্রিয়া
ঘ উৎপাদন বিন্যাস

৪. দ্রব্যের চাহিদা ও যোগান কীসের ওপর নির্ভর করে?
ক উৎপাদনের মূল্যের ওপর
খ বিনিময় মূল্যের ওপর
গ সেবা মূল্যের ওপর
ঘ পণ্যের মূল্যের ওপর

৫. উৎপাদনশীলতা চ্যালেঞ্জের সম্মুখীন হওয়ার কারণ কী?
ক মান নিয়ন্ত্রণের সমস্যা
খ ত্রুটিপূর্ণ মজুদ নিয়ন্ত্রণ
গ উৎপাদন নিয়ন্ত্রণ সমস্যা
ঘ অনুন্নত কারিগরি উপাদান

৬. উৎপাদনশীলতা বৃদ্ধির ফলে ঘটে–
i. মুনাফা বাড়ে
ii. বিনিয়োগ বাড়ে
iii. পণ্যমূল্য কমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. কোনটির উপর সঞ্চয়ের ইচ্ছা নির্ভর করে সর্বাধিক?
ক দেশের কর ব্যবস্থা খ সুদের হার
গ অর্থের লিপ্সা ঘ শিক্ষার হার

৮. যা আয় সৃষ্টিতে ব্যবহৃত হয় তাকে কী বলে?
ক সংগঠন খ শ্রম
গ মূলধন ঘ উৎপাদন

৯. শ্রমবিভাগ করার কারণ হলো–
i. কর্মীদের দক্ষতার বৈচিত্র্যায়ন করা
ii. উৎপাদনের পরিমাণ বৃদ্ধি করা
iii. শ্রম বিশেষায়ন সৃষ্টি করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. নিচের কোন সংগঠনটি চিরন্তন অস্তিত্বসম্পন্ন?
ক একমালিকানা খ অংশীদারি
গ যৌথমূলধনী ঘ সমবায় সমিতি

১১. আলো ও তাপ উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত?
ক ভূমি খ শ্রম
গ সংগঠন ঘ মূলধন

১২. নিচের কোনটি বস্তুগত মূলধন?
ক ব্যাংক ঋণ খ বিনিয়োগ
গ বন্ড ঘ যন্ত্রপাতি

উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :
রুমা একটি ফ্যাশন হাউজে গেল। তার একটি পোশাকের ডিজাইন পছন্দ হলেও রং পছন্দ হলো না। সেখানকার বিক্রেতা তাকে বলল অগ্রিম টাকা দিলে এবং দুদিন পরে আসলে রুমার পছন্দ অনুযায়ী পোশাক দেওয়া হবে।

১৩. রুমা যে ফ্যাশন হাউজে গিয়েছিল সেটি কীসের উদাহরণ?
ক কাস্টমাইজেশনের
খ মিনিমাইজেশনের
গ ম্যাক্সিমাইজেশনের
ঘ সামারাইজেশনের

১৪. রুমা যে ফ্যাশন হাউজে গিয়েছিল তার অন্যতম বৈশিষ্ট্য হলো–
i. ফরমায়েশ অনুযায়ী পোশাক তৈরি করে
ii. চাহিদা অনুযায়ী পোশাক তৈরি করে
iii. চাহিদা অনুযায়ী পোশাক সরবরাহ করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. যেসব পণ্য অন্য পণ্য উৎপাদনে ব্যবহৃত হয় তাকে কী বলে?
ক ভোগ্যপণ্য খ বিশিষ্ট পণ্য
গ শিল্পপণ্য ঘ সহায়ক পণ্য

১৬. সময় পরিবর্তনের সাথে যে পণ্যের ফ্যাশন পরিবর্তন হয় তাকে কী বলে?
ক বিশিষ্ট পণ্য খ সৌখিন পণ্য
গ সেবা পণ্য ঘ লোভনীয় পণ্য

১৭. কাঙ্ক্ষিত মাত্রার চেয়ে কম পণ্য মজুদ থাকলে কী হয়?
ক ব্যয় বৃদ্ধি পায়
খ অপচয় বৃদ্ধি পায়
গ বাজারে পণ্য হ্রাস পায়
ঘ আয় বৃদ্ধি পায়

১৮. উৎপাদন ব্যবস্থাপক কোন ধরনের পরিকল্পনা প্রণয়ন করেন?
ক বাস্তবসম্মত খ ব্যয়বহুল
গ বিশেষ ঘ সাধারণ

১৯. নতুন ও উন্নত কৌশল ব্যবহার করে পণ্য উৎপাদনকে কী বলে?
ক ক্রিয়াগত ডিজাইন
খ রুচিগত ডিজাইন
গ উৎপাদন ডিজাইন
ঘ প্যাকেজিং ডিজাইন

২০. নমুনা পণ্য কোন পর্যায়ে বাজারে ছাড়া হয়?
ক বাস্তবায়ন
খ মূল্যায়ন
গ বিশ্লেষণ
ঘ পরীক্ষামূলক উৎপাদন

২১. পণ্যের ডিজাইন বারবার পরিবর্তন করলে কী হয়?
ক ক্রেতাদের আগ্রহ বাড়ে
খ ক্রেতাদের ভয় বেড়ে যায়
গ ক্রেতাদের ওপর নেতিবাচক প্রভাব পড়ে
ঘ পণ্যের দাম কমে যায়

২২. উৎপাদন ডিজাইনের মূল উদ্দেশ্য হচ্ছে–
i. ব্যয় হ্রাস
ii. আকর্ষণ সৃষ্টি
iii. বিক্রয়োত্তর সেবা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. প্রযুক্তির সবচেয়ে বড় অবদান কী?
ক উন্নত ডিজাইন খ কম্পিউটার
গ মোবাইল ঘ যোগাযোগ সুবিধা

২৪. নিচের কোনটি পণ্য ডিজাইন বহির্ভূত?
ক পণ্য উন্নয়ন খ পণ্য গবেষণা
গ পণ্য বণ্টন ঘ পণ্য প্যাকেজিং

২৫. পণ্যের চাহিদা বেশি হলে মূল্যে কী পরিবর্তন হয়?
ক বেশি হয় খ কম হয়
গ স্থির থাকে ঘ সমান হয়

২৬. নিম্নের কোনটি প্রতিরোধ ব্যয়?
ক পরিদর্শন খ প্রশিক্ষণ
গ পরীক্ষণ ঘ ওয়ারেন্টি

২৭. BSTI কী ধরনের প্রতিষ্ঠান?
ক বেসরকারি খ মান নিয়ন্ত্রণকারী
গ ব্যবসায়িক ঘ আন্তর্জাতিক

২৮. ISS- ১৪০০ কোন ধরনের সনদ?
ক পণ্য ডিজাইন খ পরিবেশ
গ পণ্যমান ঘ ক্রেতাসেবা

২৯. সার্বিক মান ব্যবস্থাপনা যে নীতির সাথে সম্পৃক্ত, তা হলো–
i. ক্রেতা সন্তুষ্টি
ii. কর্মী সম্পৃক্ততা
iii. মানের ধারাবাহিকতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. পণ্যের ত্রুটি সংঘটিত হওয়ার পূর্বেই তা রোধে যে ব্যয় করা হয়–
ক মূল্যায়ন ব্যয়
খ প্রতিরোধমূলক ব্যয়
গ অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয়
ঘ বাহ্যিক ব্যর্থতার ব্যয়

ক্যান্টনমেন্ট কলেজ, কুমিল্লা

বিষয় কোড : 2 8 6

সময়–৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. উৎপাদনের উৎপাদিত উপাদান কোনটি?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

২. অর্থনীতির দৃষ্টিতে ভূমির আওতা বহির্ভূত কোনটি?
ক পানি খ বাতাস
গ আলো ঘ বিদ্যুৎ

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. হক কারখানার প্রয়োজনীয় জনবল প্রাপ্তির বিষয়টি বিবেচনায় রেখে চট্টগ্রাম ইপিজেড এলাকায় একটি কারখানা স্থাপন করেন। তিনি কারখানায় নিয়োজিত কর্মীদের হাতে কলমে কাজ শিখিয়ে দেন, যা তাকে ব্যবসায়িকভাবে এগিয়ে যেতে সাহায্য করে।

৩. মি. হক উৎপাদনে কোন উপাদানের ওপর সর্বাধিক গুরুত্ব দেন?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

৪. মি. হকের ব্যবসায়িক সফলতার কারণ হলো–
i. দক্ষ শ্রমিক
ii. শ্রমিকের পর্যাপ্ততা
iii. ভূমির স্বল্পতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. খনিজ সম্পদ কীসের অন্তর্ভুক্ত?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ অফিস

৬. মনি ও রনি দুই বন্ধু মিলে সমঝোতার ভিত্তিতে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। প্রতিষ্ঠানটি কোন ধরনের কারবার?
ক একমালিকানা খ অংশীদারি
গ যৌথমূলধনী ঘ সমবায়

৭. ভূমির মালিকানা কীসের মাধ্যমে হস্তান্তর করা যায়–
i. ক্রয়ের
ii. বিক্রয়ের
iii. শ্রমের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. উৎপাদন ব্যবস্থাপনার কাজ কোনটি?
ক দক্ষতা বাড়ানো খ মজুদ নিয়ন্ত্রণ
গ কর্মী মূল্যায়ন ঘ কর্মী নিয়োগ

৯. দ্রব্যের বৈশিষ্ট্য হচ্ছে–
ক দ্রব্য দেখা যায় না
খ স্পর্শ করা যায়
গ উৎপাদন থেকে বিচ্ছিন্ন করা যায় না
ঘ দ্রব্য শনাক্তকরণ যোগ্য নয়

১০. চলতি মূলধন কোনটি?
ক কাঁচামাল খ ভূমি
গ মজুদ মাল ঘ দালানকোঠা

১১. কাস্টমাইজেশন-এর মৌলিক দিক কোনটি?
ক মানসম্পন্ন পণ্য উৎপাদন
খ ক্রেতার প্রয়োজনমতো পণ্যের পরিবর্তন
গ ক্রয়কালীনগত পণ্য উৎপাদন
ঘ পণ্যের সৌন্দর্য বাড়ানো

১২. উৎপাদনকারী পণ্যের ডিজাইন পরিবর্তন করেন। কারণ ভোক্তার পরিবর্তন ঘটে–
i. রুচি
ii. আচরণ
iii. চাহিদা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**
অরণ্য ফ্যাশন আধুনিক ও উন্নতমানের ডিজাইনের পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। বর্তমানে প্রতিষ্ঠানটি পণ্যের রং ও স্টাইল পরিবর্তন ও উন্নত করার মাধ্যমে ভোক্তাদের আকৃষ্ট করে ফ্যাশন জগতে জনপ্রিয়তার শীর্ষে পৌঁছাতে সক্ষম হয়েছে।

১৩. অরণ্য ফ্যাশন কোন ধরনের পণ্য ডিজাইনের অন্তর্ভুক্ত হবে?
ক ব্যবহারিক ডিজাইন
খ নান্দনিক ডিজাইন
গ উৎপাদন ডিজাইন
ঘ প্যাকিং ডিজাইন

১৪. উদ্দীপকে গুরুত্ব দেওয়া হয়েছে–
i. ভোক্তার পছন্দ
ii. পণ্যের বাহ্যিক সৌন্দর্য
iii. উৎপাদন প্রক্রিয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. নমুনা পণ্য কোন পর্যায়ে বাজারে ছাড়া হয়?
ক বাস্তবায়ন
খ মূল্যায়ন
গ বিশ্লেষণ
ঘ পরীক্ষামূলক উৎপাদন

১৬. পণ্য ডিজাইনের পর্যায়গুলো হলো–
i. ধারণা উন্নয়ন
ii. অর্থসংস্থান
iii. উদ্যোগ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. পণ্য ডিজাইনের ক্ষেত্রে এর অভ্যন্তরীণ বিষয় বলতে কী বোঝায়?
ক পণ্যের গুণাগুণ খ পণ্যের আকার
গ পণ্যের রং ঘ আকর্ষণীয় মোড়ক

১৮. পণ্য ডিজাইনের ক্ষেত্রে কেন নমনীয়তার গুণাবলি প্রয়োজন?
ক রক্ষণাবেক্ষণ খ মান নির্ধারণ
গ পুনঃডিজাইন ঘ বিক্রয়োত্তর সেবা

১৯. যে বিন্যাসে বিভাগগুলোকে একটি রেখায় স্থাপন করা হয় তাকে কী বলে?
ক প্রক্রিয়া খ পণ্য
গ স্থির ঘ মিশ্র

২০. কত সালে বিএসটিআই এর সিল দেওয়াকে বাধ্যতামূলক করা হয়?
ক ১৯৫৬ খ ১৯৭১
গ ১৯৮৬ ঘ ১৯৮৯

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
ভিশন লি. বিভিন্ন ধরনের মোবাইল উৎপাদন বাজারজাতকরণ করে। এটি ক্রেতাদের পাঁচ বছরের ওয়ারেন্টি দিয়ে থাকে। সম্প্রতি প্রতিষ্ঠানটি আইএসও সনদ পেয়েছে।

২১. ভিশন লি. এর মোবাইলের পাঁচ বছরের ওয়ারেন্টি কোন ধরনের ব্যয়?
ক প্রতিরোধ ব্যয়
খ মূল্যায়ন ব্যয়
গ অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয়
ঘ বাহ্যিক ব্যর্থতার ব্যয়

২২. ভিশন লি. আইএসও সনদ পাওয়ার ফলে–
i. আন্তর্জাতিক স্বীকৃতি পাবে
ii. উৎপাদন বাড়বে
iii. রপ্তানি সুযোগ পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. মান নিয়ন্ত্রণ উৎপাদনের কোন ধরনের কার্যাবলি?
ক প্রস্তুতি পর্ব খ উৎপাদনকালীন
গ সহায়ক ঘ নিয়ন্ত্রণ

২৪. আদর্শমান অনুযায়ী উৎপাদন হচ্ছে কিনা মূল্যায়ন করা এবং কোনো ত্রুটি পরিলক্ষিত হলে তার সংশোধনমূলক ব্যবস্থাকে কী বলে?
ক মান নিশ্চিতকরণ
খ সার্বিক মান ব্যবস্থাপনা
গ মান নিয়ন্ত্রণ
ঘ মান নির্ধারণ

২৫. নিম্নমানের পণ্য উৎপাদনের ফল বা পরিণতি হলো–
i. ব্যয় বাড়ে
ii. দাম বাড়ে
iii. উৎপাদনশীলতা বাড়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. উৎপাদন বাড়লে কোনটি বাড়বে?
ক চাহিদা খ কর্মসংস্থান
গ ভোগব্যয় ঘ বাজারমূল্য

২৭. নিচের কোনটি উৎপাদনের আওতা বহির্ভূত?
ক পণ্যের নকশাকরণ খ বণ্টন ব্যবস্থাপনা
গ কারখানা বিন্যাস ঘ মান নিয়ন্ত্রণ

২৮. নিচের কোনটি উৎপাদনের আওতাভুক্ত?
ক বণ্টন খ মজুদ নিয়ন্ত্রণ
গ অর্থায়ন ঘ প্রসার

২৯. কোনটি প্রাকৃতিক সম্পদকে ব্যবহার উপযোগী করে?
ক বাজারজাতকরণ খ উৎপাদন
গ ব্যবস্থাপনা ঘ গুদামজাতকরণ

৩০. কর অবকাশ কোন ধরনের শিল্পের জন্য জরুরি?
ক পুরাতন শিল্প খ নতুন শিল্প
গ মাঝারি শিল্প ঘ বৃহদায়তন শিল্প

চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃকলেজ

বিষয় কোড : 2 8 6

সময়–৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. দ্রব্য ও সেবা সৃষ্টি করাকে কী বলে?
ক উপযোগ খ উপকরণ
গ উৎপাদন ঘ উৎপাদন ক্ষমতা

২. জীবন বিমা পলিসি কোন ধরনের পণ্য?
ক বিশিষ্ট পণ্য খ শপিং পণ্য
গ সুবিধাজনক পণ্য ঘ অযাচিত পণ্য

৩. সঞ্চয়ের ইচ্ছা নির্ভর করে–
ক সুদের হারের উপর
খ জনগণের আয়ের উপর
গ জনগণের ব্যয়ের উপর
ঘ বিনিয়োগের সুবিধার উপর

৪. মান ব্যবস্থাপনার জনক কে?
ক Henri Fayol
খ F.W. Taylor
গ John W. Horch
ঘ W. Edwards Deming

৫. যে সংগঠনের মূল উদ্দেশ্য জনগণের কল্যাণ সাধন তা হলো–
ক সমবায় সমিতি
খ ব্যবসায় জোট
গ রাষ্ট্রীয় ব্যবসায়
ঘ যৌথমূলধনী কোম্পানি

৬. শিমুল তুলা উৎপাদন উৎপাদনের কোন খাতের অন্তর্ভুক্ত?
ক কৃষি খ শিল্প
গ আর্থিক ঘ বিনোদন

৭. কোন উপযোগের ক্ষেত্রে 'অবিচ্ছেদ্যতা' লক্ষ করা যায়?
ক তথ্যগত খ সেবাগত
গ মালিকানাগত ঘ সময়গত

৮. কোন ধরনের উৎপাদনশীলতায় 'সময়ের একক' বিবেচনা করা হয়?
ক আর্থিক খ কাঁচামালের
গ সার্বিক ঘ শ্রমের

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
'সুমি গার্মেন্টস ফ্যাক্টরি' বছরে ২,০০,০০০ একক পণ্য উৎপাদন করে এবং বাজারে ১০০ টাকা দরে প্রতিটি পণ্য বিক্রয় করে। এই উৎপাদনের জন্য ফ্যাক্টরিতে ৫,০০,০০০ টাকার কাঁচামাল, ৬০,০০০ টাকার শ্রম, ২,০০০ ঘণ্টা যন্ত্র সময় ব্যবহার করে, যার মূল্য ঘণ্টা প্রতি ২০ টাকা এবং অন্যান্য ব্যয়ের পরিমাণ ৫০,০০০ টাকা।

৯. সুমি গার্মেন্টস ফ্যাক্টরির সার্বিক উৎপাদনশীলতা কত?
ক ৩৩৩.৩৩ খ ২০০
গ ৩৩.৩৩ ঘ ৩০.৭৭

১০. যদি উদ্দীপকে বর্ণিত কারখানাটিতে আরও ৫০০ একক পণ্য উৎপাদন ও বিক্রয় করা হয়, তাহলে সেক্ষেত্রে ৫০,০০০ টাকার অতিরিক্ত কাঁচামাল ব্যবহার করতে হবে। এক্ষেত্রে কাঁচামালের উৎপাদনশীলতা কত হবে?
ক ৪০ খ ৩৬.৪৫
গ ৩৬.৩৬ ঘ ৩৩.৪২

১১. পণ্য ডিজাইন প্রক্রিয়ার প্রাথমিক স্তর কোনটি?
ক ধারণা উন্নয়ন খ উদ্যোগ
গ উৎপাদনের সামর্থ্য ঘ কার্যকারিতা

১২. পণ্য ডিজাইনে বিবেচনা করা হয়–
i. পণ্যের সম্ভাব্য মূল্য
ii. ক্রেতাদের ক্রয়ক্ষমতা
iii. কাঁচামালের ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. ISO-14000 কোন ধরনের মান নির্ধারণ পদ্ধতি?
ক কারিগরি জ্ঞানসংক্রান্ত
খ পণ্য ডিজাইনসংক্রান্ত
গ উৎপাদন প্রক্রিয়াসংক্রান্ত
ঘ পরিবেশসংক্রান্ত

১৪. পণ্যের মান নিশ্চিতকরণে যেসব পদ্ধতি ব্যবহার করা হয় তা হলো–
i. PERT
ii. CPM
iii. EOQ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. ISO-এর সদর দপ্তর কোথায়?
ক জেনেভা খ নিউইয়ক
গ লন্ডন ঘ প্যারিস

১৬. উৎপাদনের সময় সংঘটিত ত্রুটি নির্ধারণে কোন ধরনের ব্যয় হয়?
ক প্রতিরোধমূলক খ মূল্যায়ন
গ অভ্যন্তরীণ বিচ্যুতি ঘ বাহ্যিক বিচ্যুতি

১৭. সূর্যের আলো উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত?
ক মূলধন খ সংগঠন
গ শ্রম ঘ ভূমি

১৮. আয় উপার্জনে ব্যবহৃত মানুষের সম্পদের অংশকে কী বলে?
ক শ্রম খ মূলধন
গ ভূমি ঘ সংগঠন

১৯. উৎপাদনশীলতার চ্যালেঞ্জ হলো–
i. কাঁচামালের সহজলভ্যতা
ii. অদক্ষ কর্মী
iii. নিম্ন মনোবল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২০. দ্রব্য ও সেবা পূর্বনির্ধারিত মান অর্জন করছে কিনা তা নিশ্চিত করার প্রক্রিয়াকে কী বলে?
ক সার্বিক মান ব্যবস্থাপনা
খ মান নিশ্চিতকরণ
গ উৎপাদন নিয়ন্ত্রণ
ঘ মান নিয়ন্ত্রণ

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আজিম একটি কোম্পানির উৎপাদন ব্যবস্থাপক। প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্যের মান নিম্ন হওয়ায় বিক্রয়ের পরিমাণ কাঙ্ক্ষিত পর্যায়ে পৌঁছায়নি। তাই তিনি মান উন্নয়নের জন্য নিয়মিত পরিদর্শন, পরীক্ষণ এবং পরিসংখ্যানগত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের ওপর জোর দেন। ফলে কোম্পানিকে বাড়তি ব্যয় করতে হয়। কিন্তু প্রতিযোগী প্রতিষ্ঠানসমূহ ওয়ারেন্টির মেয়াদ বৃদ্ধি করায় জনাব আজিমের কোম্পানি কর্তৃক উৎপাদিত পণ্যের বিক্রয় আশানুরূপ হয়নি। ফলে প্রতিষ্ঠানটি প্রত্যাশিত মুনাফা অর্জনে ব্যর্থ হয়।

২১. জনাব আজিমের প্রতিষ্ঠানটি প্রথম দিকে কোন ধরনের নিম্নমানজনিত ব্যয় নির্বাহ করে?
ক অভ্যন্তরীণ ব্যর্থতা খ বাহ্যিক ব্যর্থতা
গ নিবারণ ঘ মূল্যায়ন

২২. জনাব আজিমের প্রতিষ্ঠানটির ব্যর্থতার কারণ হলো–
ক বাহ্যিক ব্যর্থতার ব্যয় না করা
খ অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয় না করা
গ নিম্নমান প্রতিরোধের জন্য ব্যয় না করা
ঘ উৎপাদন ব্যবস্থাপনার অদক্ষতা

২৩. উৎপাদন প্রক্রিয়ার সাথে জড়িত কার্যাবলিকে কী বলে?
ক উৎপাদন ব্যবস্থাপনা
খ মান ব্যবস্থাপনা
গ উৎপাদনশীলতা
ঘ পণ্য ডিজাইন

২৪. কাস্টমাইজেশনের মৌলিক দিক কোনটি?
ক মানবসম্পন্ন পণ্য উৎপাদন
খ ক্রেতার প্রয়োজনমতো পণ্য উৎপাদন
গ ক্রয়কালীন পণ্য উৎপাদন
ঘ পণ্যের সৌন্দর্য বৃদ্ধিকরণ

২৫. কোন বৈশিষ্ট্যের আলোকে পণ্য ও সেবাকে আলাদা করা যায়?
ক চাহিদা পূরণের ক্ষমতা
খ ধ্বংসশীলতা
গ সংরক্ষণযোগ্যতা
ঘ উপযোগিতা

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সায়েম তার নিজ এলাকায় ১০ বিঘা জমি লীজ নিয়ে একটি পোলট্রি খামার গড়ে তোলেন। ইদানীং পরিচালনা ও আর্থিক ঝামেলার কারণে লাভ-লোকসান বণ্টনের এক চুক্তির মাধ্যমে তার বন্ধু মুন্নাকে ব্যবসায় যুক্ত করেন। ফলে সংগঠনের কাঠামো পরিবর্তন হয়।

২৬. পরিবর্তিত কাঠামোতে সংগঠনটি হলো–
ক সমবায় খ যৌথমূলধনী
গ অংশীদারি ঘ যৌথ উদ্যোগ

২৭. বর্তমান পরিস্থিতি থেকে উত্তোলনে প্রতিষ্ঠানটির করণীয় হলো–
i. অধিক মূলধন
ii. ঝুঁকি বণ্টন
iii. সীমাহীন দায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. 'বাজার গবেষণা' পণ্য ডিজাইনের কোন পর্যায়ের অন্তর্ভুক্ত?
ক উদ্যোগ গ্রহণ
খ ধারণা উন্নয়ন
গ সামর্থ্য বিশ্লেষণ
ঘ পরীক্ষামূলক উৎপাদন

২৯. কোন ধরনের ডিজাইনে পণ্যের উপযোগিতা বাড়ে?
ক উৎপাদন খ প্যাকিং
গ ক্রিয়াগত ঘ নান্দনিক

৩০. ক্রেতার দৃষ্টিতে আকর্ষণীয়ভাবে পণ্যের উপস্থাপনই হলো–
ক রুচিসম্মত ডিজাইন খ প্যাকিং ডিজাইন
গ উৎপাদন ডিজাইন ঘ ব্যবহারিক ডিজাইন

শ্রীমঙ্গল সরকারি কলেজ

বিষয় কোড : 2 8 6

সময়–৩০ মিনিট | **উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. উৎপাদন অর্থ কী?
ক প্রয়োগ করা খ কাজ করা
গ উপযোগ সৃষ্টি করা ঘ চালনা করা

২. মানুষের অভাব মেটানোর ক্ষমতাকে কী বলে?
ক উপযোগ খ ভোগ
গ চাহিদা ঘ উৎপাদন

৩. বাংলাদেশে পণ্যের মান নির্ধারণ করে কোন প্রতিষ্ঠান?
ক TCB খ ISO
গ BSTI ঘ BCCI

৪. বিশেষ গ্রাহকের বিশেষ চাহিদা পূরণের নাম কী?
ক কাস্টমাইজেশন খ কেন্দ্রীয়করণ
গ সিমুলেশন ঘ পরোক্ষ সেবা

৫. উৎপাদনশীলতা বেড়ে যাওয়ার ফলে–
i. মুনাফা বাড়ে
ii. বিনিয়োগ বাড়ে
iii. পণ্যমূল্য কমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. জামান একজন পোশাক প্রস্তুতকারক। তার প্রতিষ্ঠানে কর্মীরা দক্ষতার সাথে কাজ করলেও তিনি তাদের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ও ন্যায্য পারিশ্রমিক দেন না। এতে কর্মীরা অন্য প্রতিষ্ঠানে চলে যাওয়ায় তিনি ক্ষতির সম্মুখীন হন।

৬. উদ্দীপকে কর্মীদের অন্য প্রতিষ্ঠানে চলে যাওয়াকে কী বলে?
ক চাকরির গতিশীলতা
খ সংগঠনের গতিশীলতা
গ মূলধনের গতিশীলতা
ঘ শ্রমের গতিশীলতা

৭. মি. জামানের প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হওয়ার কারণ–
i. দক্ষ শ্রমিকের অভাব
ii. মূলধনের অভাব
iii. সাংগঠনিক দক্ষতার অভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৮. নিজের কোনটি সেবার বৈশিষ্ট্য?
ক স্পর্শনীয়তা খ বিচ্ছিন্নতা
গ পরিবর্তনশীলতা ঘ অবিনশ্বরতা

৯. যে ব্যয় উৎপাদনের পরিমাণ হ্রাস বৃদ্ধিতে কোনো পরিবর্তন হয় না–
ক স্থায়ী ব্যয়
খ পরিবর্তনশীল ব্যয়
গ মজুরি ব্যয়
ঘ আধা-পরিবর্তনশীল ব্যয়

১০. কত সাল থেকে BSTI এর সীল দেওয়া বাধ্যতামূলক করা হয়?
ক ১৯৫৬ খ ১৯৭১
গ ১৯৮৬ ঘ ১৯৮৯

১১. যে বিন্দুতে মোট আয় ও মোট ব্যয়ের পরিমাণ সমান হয়–
ক ভারসাম্য বিন্দুতে খ চাহিদা বিন্দুতে
গ যোগান বিন্দুতে ঘ উপযোগ বিন্দুতে

১২. মান নির্ধারণ করতে হয় কখন?
ক উৎপাদনকালীন সময়ে
খ উৎপাদনের আগে
গ উৎপাদনের শেষে
ঘ বাজারজাতকরণের আগে

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব বদরুল ফরিদপুরে একটি কোল্ডস্টোরেজ স্থাপন করেন। এখানে আশেপাশের আলুচাষি এবং ব্যবসায়ীরা আলু রেখে পরবর্তী সময়ে চাহিদামতো বিক্রি করে। এতে তারা আলুর ন্যায্য মূল্য পায় এবং লাভবানও হয়। ভোক্তারা সারাবছর আলু কিনতে পেরে খুশি।

১৩. জনাব বদরুলের প্রতিষ্ঠানটি কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক রূপগত খ সময়গত
গ স্থানগত ঘ সেবাগত

১৪. উদ্দীপকে উল্লিখিত কাজের মাধ্যমে যে সুবিধা পাওয়া যায় তা হলো–
i. উৎপাদন ব্যয় কমে
ii. ভোক্তার সন্তুষ্টি বাড়ে
iii. চাহিদা ও যোগানের সমন্বয় হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. কাপড় কেটে পোশাক তৈরি করলে কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক রূপগত খ সময়গত
গ স্থানগত ঘ স্বত্বগত

■ **উদ্দীপকটি পড়ে ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মাহবুব একটি বেসরকারি প্রতিষ্ঠানে কাজ করেন। তিনি ছেলের জন্মদিনে একটি কেক ও কিছু খেলনা কেনেন।

১৬. উদ্দীপকে জনাব মাহবুব কোন ধরনের পণ্য কেনেন?
ক শপিং খ প্রধান
গ জরুরি ঘ লোভনীয়

১৭. CPM-এর পূর্ণরূপ কোনটি?
ক Critical Policy Maker
খ Critical Path Maker
গ Critical Policy Method
ঘ Critical Path Method

১৮. দ্রব্যমূল্য যা–
i. অস্পর্শনীয়
ii. দৃশ্যমান
iii. বিনিময়যোগ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মুহিব একজন জুয়েলারি ব্যবসায়ী। তিনি ক্রেতাদের পছন্দের কথা বিবেচনা করে হাতের স্পর্শ ছাড়াই স্বয়ংক্রিয় মেশিনে পণ্য তৈরি করেন। ফলে তার বিক্রি দিনদিন বৃদ্ধি পাচ্ছে।

১৯. জনাব মুহিব কোন ধরনের ডিজাইনার?
ক ক্রিয়াগত খ রুচিসম্মত
গ উৎপাদন ঘ প্যাকিং

২০. উদ্দীপকে উল্লিখিত ডিজাইনের সুবিধা হলো–
i. উৎপাদন ব্যয় কমে যায়
ii. উৎপাদনশীলতা বেড়ে যায়
iii. অপচয় কমে যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২১. সার্বিক মান ব্যবস্থাপনার দর্শন কোনটি?
ক শ্রমবিভাগ খ মুনাফা অর্জন
গ উৎপাদন ক্ষতি ঘ মানের উন্নয়ন

২২. উৎপাদন ব্যবস্থাপনার ইতিহাসে প্রথম কে শ্রমবিভাগের ধারণা দেন?
ক অ্যাডাম স্মিথ খ চার্লস ব্যাবেজ
গ হেনরি এল. গ্যান্ট ঘ গিলব্রেথ দম্পতি

২৩. কোন ধরনের ডিজাইনে পণ্যের উপযোগিতা বৃদ্ধি পায়?
ক উৎপাদন খ প্যাকিং
গ ক্রিয়াগত ঘ নান্দনিক

২৪. উৎপাদনের পূর্বে পণ্যের রং, আকার, বৈশিষ্ট্য ইত্যাদি স্থির করাই হলো–
ক মান খ ডিজাইন
গ ক্ষমতা ঘ ধরন

২৫. ISO-১৪০০০ কোন ধরনের মান সনদ?
ক পণ্য ডিজাইন খ পরিবেশ
গ পণ্যমান ঘ ক্রেতা সেবা

২৬. নিচের কোনটি উৎপাদনের জীবন্ত উপাদান?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

২৭. নিচের কোনটি উৎপাদনের উৎপাদিত উপকরণ?
ক মূলধন খ শ্রম
গ ভূমি ঘ সংগঠন

২৮. 'মিতব্যয়ী লট আকার' মডেল কে প্রদান করেন?
ক এফ. ডব্লিও হ্যারিস
খ এফ. ডব্লিও টেলর
গ ওয়াল্টার সিউহার্ট
ঘ জেমস স্টুয়ার্ট

২৯. BTCL কোন ধরনের সংগঠন?
ক একমালিকানা খ যৌথ উদ্যোগ
গ ব্যবসায় জোট ঘ রাষ্ট্রীয়

৩০. শ্রমবিভাগের সুবিধা হলো–
i. কর্মদক্ষতা বাড়ে
ii. পরনির্ভরশীলতা বাড়ে
iii. মজুরি বাড়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

দিনাজপুর সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 8 6

সময়–৩০ মিনিট | **উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. 'টেইলার্স' কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক সেবাগত খ স্বত্বগত
গ রূপগত ঘ স্থানগত

২. নদী হতে মাছ সংগ্রহ নিচের কোনটির অন্তর্ভুক্ত?
ক শিল্পখাত খ সরকারি খাত
গ পাইকারি খাত ঘ কৃষি খাত

৩. উৎপাদন খরচ হ্রাস করলে কোম্পানির কী বৃদ্ধি পায়?
i. মুনাফা
ii. জীবনযাত্রার মান
iii. আয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ফারুক বাজার হতে হলুদ, মরিচ ইত্যাদি মসলাজাতীয় পণ্য সংগ্রহ করে তার নিজস্ব কারখানায় গুঁড়া করেন। তারপর ক্রেতাদের চাহিদা বিবেচনা করে বিভিন্ন আকারের প্যাকেট করে বাজারজাত করেন। তার প্রতিষ্ঠানে বর্তমানে ২০জন কর্মী নিয়োজিত আছে।

৪. উদ্দীপকে জনাব ফারুকের ১ম পর্যায়ের কাজে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?
ক স্থানগত খ রূপগত
গ সময়গত ঘ সেবাগত

৫. জনাব ফারুকের কর্মকাণ্ডের ফলে–
i. কর্মসংস্থান সৃষ্টি হয়
ii. প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার হয়
iii. উৎপাদনশীলতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬. মানুষ কখন পণ্য ক্রয় করে?
ক পণ্যের উপযোগ থাকলে
খ পণ্যের প্যাকিং ঠিক থাকলে
গ পণ্য দেখতে আকর্ষণীয় হলে
ঘ পণ্যের মধ্যে নতুনত্ব থাকলে

৭. কোন ধরনের উৎপাদনশীলতায় 'সময়ের একক' বিবেচনা করা হয়?
ক আর্থিক খ কাঁচামালের
গ সার্বিক ঘ শ্রমের

৮. শ্রমিকের যোগ্যতা অনুযায়ী কাজ বণ্টন করাকে কী বলে?
ক শ্রমের দক্ষতা খ মানসিক শ্রম
গ শ্রমবিভাগ ঘ শারীরিক শ্রম

৯. সংগঠন কীসের সমন্বয়?
ক ভূমি, শ্রম ও মূলধনের
খ পণ্য, মূল্য বণ্টন ও প্রসারের
গ ভূমি, শ্রম ও কারখানার
ঘ ব্যবস্থাপকীয় কার্যের

১০. উৎপাদনের কোন উপকরণটি স্থানান্তরের অযোগ্য?
ক সংগঠন খ মূলধন
গ শ্রম ঘ ভূমি

১১. যে সংগঠনের মূল উদ্দেশ্য জনগণের কল্যাণসাধন তা হলো–
ক সমবায় সমিতি
খ ব্যবসায় জোট
গ রাষ্ট্রীয় ব্যবসায়
ঘ যৌথমূলধনী কোম্পানি

১২. উৎপাদনের উৎপাদিত উপাদানকে কী বলে?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

১৩. 'টেইলারিং শপ'-এর জন্য কোন ধরনের ব্যবসায় সংগঠনের উপযোগী?
ক যৌথ উদ্যোগ খ ব্যবসায় জোট
গ অংশীদারি ঘ একক মালিকানা

১৪. 'জীবন বিমা পলিসি' কোন ধরনের পণ্য?
ক বিশিষ্ট পণ্য খ শপিং পণ্য
গ সুবিধাজনক পণ্য ঘ অযাচিত পণ্য

১৫. নিচের কোনটি গ্যান্ট-চার্ট তৈরির উদ্দেশ্য?
ক কার্য পরিমাপ খ কার্য নিরীক্ষণ
গ মান নিয়ন্ত্রণ ঘ সময় নিরীক্ষণ

১৬. ক্রেতার রুচি ও পছন্দ অনুযায়ী পণ্য বা সেবাসামগ্রী সরবরাহ করাকে কী বলে?
ক উৎপাদন খ উৎপাদনশীলতা
গ কাস্টমাইজেশন ঘ ব্যবস্থাপনা

১৭. উৎপাদন ব্যবস্থাপনার উৎপাদনকালীন কাজ কোনটি?
ক কার্যসমীক্ষা খ মান নিয়ন্ত্রণ
গ সংগ্রহ ঘ কারখানা বিন্যাস

১৮. পণ্যের বৈশিষ্ট্য হলো–
i. নির্দিষ্ট আকার
ii. দৃশ্যমানতা
iii. সংরক্ষণযোগ্যতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. পণ্য ডিজাইনের কোন পর্যায়ে ভোক্তার প্রয়োজন, চাহিদা ও আকাঙ্ক্ষা পর্যালোচনা করা হয়?
ক উদ্যোগ গ্রহণ
খ ধারণা উন্নয়ন
গ সামর্থ্য বিশ্লেষণ
ঘ পরীক্ষামূলক উৎপাদন

২০. ভোক্তাদের চাহিদা পূরণে কোনটি নিশ্চিত করতে হবে?
ক আকর্ষণীয় ডিজাইন খ কার্যকর লে-আউট
গ ব্যবসায়ের অবস্থান ঘ মনোরম বিজ্ঞাপন

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
সজীব বাংলাদেশ লি. গ্রাহকদের চাহিদা সংক্রান্ত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের মাধ্যমে 'কুইক আপ' ব্র্যান্ডের মোবাইল সেট বাজারে ছাড়ে। ফোনটি অন্যান্য ফোনের তুলনায় দেখতে আকর্ষণীয় ও উচ্চগতির 4G বৈশিষ্ট্যসম্পন্ন।

২১. উল্লিখিত উদ্দীপকে পণ্য ডিজাইনের কোন স্তরের কথা বলা হয়েছে?
ক উদ্যোগ গ্রহণ
খ ধারণা উন্নয়ন
গ সামর্থ্য বিশ্লেষণ
ঘ পরীক্ষামূলক উৎপাদন

২২. সজীব বাংলাদেশ লি. যে ধরনের পণ্য ডিজাইনের ওপর গুরুত্ব দিয়েছে তা হলো–
i. নান্দনিক
ii. ব্যবহারিক
iii. উৎপাদন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. প্রতিষ্ঠানের পণ্য ডিজাইন করে কে?
ক বিপণন বিভাগ
খ উৎপাদন বিভাগ
গ মার্চেন্ডাইজিং কর্মকর্তা
ঘ কারিগরি বিভাগ

২৪. ডিজাইনকৃত পণ্যের সফলতা নির্ণয়ের বিষয়টি কীসের ওপর নির্ভরশীল?
ক সামর্থ্য বিশ্লেষণ
খ পরীক্ষামূলক উৎপাদন
গ ধারণা উন্নয়ন
ঘ যন্ত্রপাতির উন্নয়ন

২৫. ভোক্তার প্রত্যাশা অনুযায়ী পণ্যের মান সংরক্ষণ, উন্নয়ন ও নিয়ন্ত্রণকে বলে–
ক পণ্য ব্যবস্থাপনা খ মান ব্যবস্থাপনা
গ মান কাঠামো ঘ মান নির্ধারণ

২৬. কোনটি পরিবেশ বিষয়ক ব্যবস্থাপনা পদ্ধতি?
ক ISO-9000 খ ISO-9001
গ ISO-9002 ঘ ISO-14000

২৭. নিচের কোনটি প্রতিরোধ ব্যয়?
ক প্রশিক্ষণ খ পরিদর্শন
গ পরীক্ষণ ঘ ওয়ারেন্টি

২৮. সর্বোৎকৃষ্ট মানের পণ্য ও সেবার নিশ্চয়তা দেয় কোনটি?
ক মান ব্যবস্থাপনা খ উৎপাদন ব্যবস্থাপনা
গ কর্মী ব্যবস্থাপনা ঘ পণ্য ব্যবস্থাপনা

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
ইউনিক ইলেকট্রনিক্স তাদের উৎপাদিত পণ্যের মান বৃদ্ধি ও বাজার সম্প্রসারণের জন্য উৎপাদন প্রক্রিয়ার পুনঃবিন্যাস ও কর্মীদের প্রশিক্ষণ দানের ব্যবস্থা করেন। এতে প্রতিষ্ঠানটি আর্থিকভাবে লাভবান হচ্ছে।

২৯. ইউনিক ইলেকট্রনিক্স উৎপাদন প্রক্রিয়ার পুনঃবিন্যাস ও কর্মীদের প্রশিক্ষণ দানের জন্য যে ব্যয় করেছে তা কোন ধরনের ব্যয়?
ক প্রতিরোধমূলক খ মূল্যায়ন
গ অভ্যন্তরীণ বিচ্যুতি ঘ বাহ্যিক বিচ্যুতি

৩০. ইউনিক ইলেক্ট্রনিক্স কর্তৃক সম্পাদিত ব্যয়ের ফলে–
i. বাহ্যিক বিচ্যুতি ব্যয় কমবে
ii. একক প্রতি উৎপাদন ব্যয় বেড়ে যাবে
iii. ব্যবসায়ের সুনাম বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ

বিষয় কোড : 2 8 6

সময়–৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. মান ব্যবস্থাপনা কোন ধরনের প্রক্রিয়া?
ক স্থির খ ধারাবাহিক
গ সীমাবদ্ধ ঘ ধ্বংসশীল

২. বাহ্যিক ব্যর্থতার ব্যয়ের অন্তর্ভুক্ত হলো–
i. পরীক্ষণ ব্যয়
ii. ওয়ারেন্টি
iii. মামলা খরচ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩. উৎপাদন প্রক্রিয়ার পুনঃবিন্যাস ও কর্মীদের প্রশিক্ষণদান কোন ধরনের ব্যয়?
ক প্রতিরোধমূলক খ মূল্যায়ন
গ অভ্যন্তরীণ বিচ্যুতি ঘ বাহ্যিক বিচ্যুতি

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রফি টঙ্গীতে একটি সোলার তৈরির কারখানা স্থাপন করেন। উৎপাদনের পর তিনি একটি দেশীয় সংস্থার সনদ গ্রহণ করেন।

৪. উদ্দীপকটিতে কোন সনদ গ্রহণের কথা বলা হয়েছে?
ক ISO খ TCB
গ LC ঘ BSTI

৫. মি.রফির সনদ গ্রহণের ফলে–
i. পণ্যমানের নিশ্চয়তা বিধান হবে
ii. ভোক্তার সন্তুষ্টি অর্জন হবে
iii. বিদেশি রপ্তানি করা যাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬. ISO-14000 কয়টি সনদ?
ক ৪ খ ৫
গ ৬ ঘ ৮

৭. চিপস, মিমি চকলেট, প্রসাধনী ইত্যাদি ক্ষেত্রে কোন ধরনের পণ্য ডিজাইন উপযোগী?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকিং

৮. উত্তম পণ্য ডিজাইনের বৈশিষ্ট্য হলো–
i. কম্পিউটারনির্ভর
ii. নমনীয়তা
iii. পণ্য সংযোজন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :**



৯. উদ্দীপকে ৩নং ঘরে কোন ধাপটি হবে?
ক মান পরিকল্পনা
খ মান নিয়ন্ত্রণ
গ সামর্থ্য বিশ্লেষণ
ঘ পরীক্ষামূলক উৎপাদন

১০. উদ্দীপকে ৪নং ধাপ ছাড়া পণ্য ডিজাইনে কী সমস্যা হতে পারে?
i. ক্রেতার পছন্দ জানা যাবে না
ii. কাঁচামালের সংকট হবে
iii. পণ্য অতিরিক্ত উৎপাদনে বিক্রি না হওয়ার সম্ভাবনা সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১১. পণ্য ডিজাইন কত প্রকার?
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬

১২. পণ্যের মান নিশ্চিতকরণে যেসব পদ্ধতি ব্যবহার করা হয় তা হলো–
i. PERT
ii. TQM
iii. EOQ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. (EOQ) Economic Order Quantity উৎপাদনের কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?
ক পণ্য ডিজাইনে খ উৎপাদন নিয়ন্ত্রণে
গ মান নিয়ন্ত্রণে ঘ মজুদ নিয়ন্ত্রণে

১৪. উৎপাদন ক্ষেত্রে সময় নিরীক্ষা ব্যবহারের সুপারিশ কে করেন?
ক F.W.Taylor খ Henryl Gantt
গ F.W.Harris ঘ L.H.C Tippet

১৫. কাস্টমাইজেশনের মৌলিক দিক কোনটি?
ক মানসম্পন্ন পণ্য উৎপাদন
খ ক্রেতার প্রয়োজনমতো পণ্য উৎপাদন
গ ক্রয়কালীন পণ্য উৎপাদন
ঘ পণ্যের সৌন্দর্য বৃদ্ধিকরণ

১৬. মানসম্পন্ন পণ্য উৎপাদনের সুবিধা কোনটি?
ক উৎপাদন খরচ হ্রাস
খ বিক্রয়ের পরিমাণ বিদ্ধি
গ অধিক মূল্যে পণ্য বিক্রি
ঘ স্থায়ী ক্রেতা সৃষ্টি

১৭. কোনটি সেবার বৈশিষ্ট্য?
ক দৃশ্যমানতা খ নশ্বরতা
গ সাদৃশ্যতা ঘ বিচ্ছিন্নতা

১৮. পণ্য বা সেবা হচ্ছে–
i. বিক্রয়যোগ্য
ii. হস্তান্তরযোগ্য
iii. বিনিময়যোগ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
ইকবাল যশোরের ভৈরব নদের চরে উন্নতজাতের ঘাসের চাষ করে গরুর ফার্ম গড়ে তোলেন। প্রথমে ঘাসের ফলন ভালো হলেও এখন উৎপাদন কম হচ্ছে।

১৯. ইকবালের ঘাস চাষ উৎপাদন উপকরণের মধ্যে কোনটির গুরুত্ব বেশি?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

২০. ফার্মের উৎপাদন কমার কারণ হলো–
i. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
ii. জমির উর্বরা শক্তির ক্রমবর্ধমানতা
iii. জমির উর্বরা শক্তির ক্রম হ্রাসমানতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২১. কোন উপকরণটি উৎপাদনের চালিকা শক্তি?
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

২২. BTCL কোন ধরনের সংগঠন?
ক একমালিকানা খ সমবায়
গ রাষ্ট্রীয় ঘ যৌথমূলধনী

২৩. উৎপাদন প্রক্রিয়ায় সংগঠনের গুরুত্ব অপরিসীম কারণ সংগঠন–
i. উদ্দেশ্য অর্জনে সহায়তা
ii. জনশক্তির ব্যবহার নিশ্চিত হয়
iii. সৃজনশীলতার বিকল্প ঘটায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. একটি উৎপাদন প্রতিষ্ঠানের উৎপাদনমূল্য ১০ লক্ষ টাকা, কাঁচামালের মূল্য ৮ লক্ষ টাকা, উৎপাদিত পণ্যের বিক্রয়মূল্য ১২ লক্ষ টাকা প্রতিষ্ঠানটির সংযোজিত মূল্য কত?
ক ২ লক্ষ টাকা খ ৪ লক্ষ টাকা
গ ১০ লক্ষ টাকা ঘ ১২ লক্ষ টাকা

২৫. উৎপাদনশীলতা বৃদ্ধির উপায় হলো–
i. উন্নত কার্য পরিবেশ
ii. গবেষণা ও উন্নয়ন
iii. সুসম্পর্ক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. হাঁস-মুরগি পালন, মৎস্য চাষ কোন খাতের অন্তর্ভুক্ত?
ক কৃষিখাত খ রাষ্ট্রীয়খাত
গ শিল্পখাত ঘ সেবাখাত

২৭. অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে উৎপাদনের গুরুত্ব হলো–
ক বিনিয়োগ বৃদ্ধি খ উপযোগ সৃষ্টি
গ মানবকল্যাণ ঘ নিয়মিত পণ্য ভোগ

২৮. উৎপাদন হলো–
ক ভোগ বৃদ্ধি খ ভোক্তার সন্তুষ্টি
গ ভ্যালু সৃষ্টি ঘ উপযোগ সৃষ্টি

২৯. পণ্য সংরক্ষণের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?
ক রূপগত খ স্থানগত
গ সময়গত ঘ সেবাগত

৩০. মোট উৎপাদনের মূল্য ও মোট উপকরণের মূল্যের অনুপাতকে কী বলে?
ক উৎপাদনশীলতা
খ সার্বিক উৎপাদনশীলতা
গ কাঁচামালের উৎপাদনশীলতা
ঘ শ্রমের উৎপাদনশীলতা

এক্সক্লুসিভ মডেল টেস্ট

SURE SUCCESS

এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ সম্প্রতি বাংলাদেশ সরকার রাজশাহীতে একটি আইটি পার্ক স্থাপন করেছে। ইতিমধ্যে স্বল্প পরিসরে পার্ক এর কাজ শুরু হয়েছে। তারা দেশ-বিদেশের প্রতিষ্ঠানগুলোর জন্য সফটওয়্যার, অ্যাপসহ তথ্যপ্রযুক্তিগত বিভিন্ন তৈরি ও রপ্তানি করবে। এত দেশের বিপুলসংখ্যক শিক্ষিত তরুণ-তরুণীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। ফলে একদিকে যেমন দক্ষ মানবসম্পদ তৈরি হবে তেমনি অন্যদিকে বৈদেশিক মুদ্রা অর্জিত হবে।

ক. সেবাগত উপযোগ কাকে বলে? ১

খ. "উৎপাদন নতুন পণ্য উদ্ভাবনে সহায়তা করে" ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত পার্কে কর্মরত প্রতিষ্ঠানগুলো উৎপাদনের কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. আইটি পার্ক বাংলাদেশের কর্মসংস্থান সৃষ্টিতে কতটা সহায়ক হবে বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▸ নিহাল লিমিটেড বছরে ১০,০০০ একক পণ্য উৎপাদন করে। প্রতি একক ১০% হারে বিক্রি করায় মোট বিক্রয়মূল্য দাঁড়ায় ১,০০,০০০ টাকা; কাঁচামাল ও অন্যান্য উপকরণ বাবদ ৪০,০০০ টাকা খরচ হয়। পণ্য উৎপাদন করতে সর্বমোট ২০০০ কার্যঘণ্টা শ্রম ব্যয় হয় যার আর্থিক মূল্য ১০,০০০ টাকা। মেশিন ব্যবহৃত হয় ৫০০ ঘণ্টা, যার ব্যয় দাঁড়ায় ১০,০০০ টাকা। এ ছাড়া ২০,০০০ টাকা অন্যান্য খরচ হয়েছে।

ক. কৃষি খাত কাকে বলে? ১

খ. উৎপাদনশীলতা ও ব্যয়ের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে নিহাল লিমিটেডের আর্থিক উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. মোট উৎপাদনশীলতা নির্ণয়পূর্বক নিহাল লিমিটেডের আর্থিক অবস্থা মূল্যায়ন কর। ৪

৩ ▸ বাংলা নববর্ষ উপলক্ষে মেলায় বিক্রির জন্য মাটির তৈরি হাঁড়ি-পাতিল ও খেলনার চাহিদা বেশি হওয়ায় মানিক নিজ বাড়িতে মাটি দিয়ে আকর্ষণীয় ডিজাইনের হাঁড়ি-পাতিল ও খেলনা তৈরি করে মেলায় বিক্রি করে। অন্যদিকে, 'সুজন সুজ কোম্পানি' বিভিন্ন উৎস থেকে চামড়া সংগ্রহ করে শুকানো এবং বিভিন্ন আকর্ষণীয় ডিজাইনের জুতা তৈরি ও বিক্রি করে।

ক. ভূমি কাকে বলে? ১

খ. "যৌথমূলধনী কোম্পানি কৃত্রিম ব্যক্তিসত্তার অধিকারী"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মানিকের কাজটি কোন শ্রম বিভাগের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে দুটি শ্রমবিভাগ থাকলেও একটি অন্যটি থেকে ভিন্ন"– 'সুজন সুজ কোম্পানির' শ্রমবিভাগের ধরন উল্লেখ করে উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৪ ▸ জনাব আবির 'হামজা গার্মেন্টস' ফ্যাক্টরির উৎপাদন ব্যবস্থাপক। তিনি শ্রমিকদের দিয়ে প্রতিদিন ৮ ঘন্টা কাজ করান। তিনি সর্বদা শ্রমিকদের যোগ্যতা অনুযায়ী কাজ বণ্টন করেন। এতে প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধি পায় এবং সহজেই লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

ক. যৌথ উদ্যোগ কী? ১

খ. ভূমি প্রকৃতির দান? ব্যাখ্যা কর। ২

গ. উল্লিখিত উদ্দীপকে জনাব আবিরের শ্রম কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটির লক্ষ্যমাত্রা অর্জনের কারণ কী বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫ ▸ জনাব আলিফ তার তিনজন বন্ধুকে সাথে নিয়ে একটি আবাসিক হোটেলের ব্যবসায় শুরু করেন। এই বিষয়ে তারা নিজেদের মধ্যে একটি চুক্তি করেছেন। এর আলোকে প্রতিষ্ঠানটির যাবতীয় কাজ পরিচালিত হবে কিন্তু সম্প্রতি তাদের আবাসিক হোটেলের ব্যবসায় ভালো করায় তারা এটিকে পাঁচ তারকা হোটেলে রূপান্তর করার সিদ্ধান্ত নেন। সেই লক্ষ্যে তারা প্রতিষ্ঠানটির মূলধন আরও বৃদ্ধি করার জন্য শেয়ার বিক্রির সিদ্ধান্ত নেন।

ক. সমবায় সমিতি কাকে বলে? ১

খ. মূলধন গঠনে সঞ্চয়ের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. মালিকানার ভিত্তিতে উদ্দীপকের সংগঠনটির ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব আলিফ ও তার বন্ধুদের নেওয়া মূলধন সংগ্রহের পদক্ষেপ কতটা যথার্থ সংগঠনের ধরন উল্লেখপূর্বক মূল্যায়ন কর। ৪

৬ ▸ ডা. তুহিন একজন 'ডেঙ্গু রোগ' বিশেষজ্ঞ। ডেঙ্গু রোগ নির্ণয়ের আধুনিক যন্ত্রপাতি না থাকায় তিনি তা ক্রয়ের জন্য জাপানে যান। এদিকে তার এলাকায় ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় ডেঙ্গু রোগীরা বেশ চিন্তিত। এসময় অনেক রোগী তার চিকিৎসা থেকে বঞ্চিত হয়। তিনি দেশে ফিরে উন্নত প্রযুক্তির যন্ত্রপাতি দিয়ে অল্প সময়ের মধ্যে রোগ নির্ণয় করে চিকিৎসা দেন। এতে করে রোগীরা তৃপ্ত।

ক. সেবা খাত কী? ১

খ. "উৎপাদনশীলতা হ্রাস চ্যালেঞ্জ সৃষ্টি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উল্লিখিত উদ্দীপকে প্রাথমিক পর্যায়ে সেবার কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রোগীর সন্তুষ্টির কারণ উৎপাদন ব্যবস্থাপনার ঐতিহাসিক পটভূমি উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জনাব সাব্বির বিদেশে উচ্চ শিক্ষায় আগ্রহী ছাত্র-ছাত্রীদের পরামর্শদানের জন্য ঢাকার মিরপুরে 'অস্ট্রেলিয়া-আমেরিকা এডুকেশন' নামে একটি প্রতিষ্ঠান চালু করেন। মিরপুর অফিস থেকে সেবা গ্রহণ করে শিক্ষার্থী ও অভিভাবকরা সন্তুষ্ট। তিনি এ সাফল্যকে ভিত্তি করে ধানমণ্ডি ও উত্তরায় ২টি অফিস চালু করেন। কিন্তু ঐ অফিস দুটি থেকে শিক্ষার্থীরা সেবা গ্রহণ করে সন্তুষ্ট হতে পারছে না। এজন্য তিনি সেখানকার শিক্ষার্থীদের পরামর্শদানের জন্য একেবারেই তাদের উপযোগী দুইজন দক্ষ ও অভিজ্ঞ কনসালটেন্ট নিয়োগ দেন।

ক. EOQ এর পূর্ণরূপ কী? ১

খ. "উৎপাদন ব্যবস্থাপনা মান নিয়ন্ত্রণে সহায়তা করে"–ব্যাখ্যা কর। ২

গ. সেবার বৈশিষ্ট্য উল্লেখপূর্বক উদ্দীপকের শিক্ষার্থীদের অসন্তুষ্টির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. শিক্ষার্থীদের অসন্তুষ্টি দূরীকরণে জনাব সাব্বির কর্তৃক গৃহীত পদক্ষেপের যৌক্তিকতা বিশ্লেষণ কর। (উৎপাদন ব্যবস্থাপনার ঐতিহাসিক পটভূমি উল্লেখপূর্বক)। ৪

৮ ▸ জনাব সাখাওয়াত একটি সুপারশপের ব্যবসা করেন। ক্রেতাদের পণ্য বহনের জন্য তিনি পলিথিনের মোড়ক ব্যবহার করেন। ইদানীং ক্রেতারা পরিবেশের বিষয়ে সচেতন হওয়ায় এই মোড়ক ব্যবহারের ব্যাপারে অসন্তুষ্টির কথা প্রকাশ করেন। তাই জনাব সাখাওয়াত অন্য কোনো ৎচনশীল উপাদান দ্বারা মোড়ক তৈরির পরিকল্পনা করছেন।

ক. ধারণা উন্নয়ন কী? ১

খ. "পণ্য ডিজাইন পণ্যের উপযোগিতা বৃদ্ধি করে"– ব্যাখ্যা কর। ২

গ. জনাব সাখাওয়াত বর্তমানে কোন ধরনের পণ্য ডিজাইন করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সাখাওয়াতের ব্যবসায় কতটা সহায়ক হবে বলে তোমার মনে হয়? পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক তোমার মতামত দাও। ৪

৯ ▸ মিসেস লিমা ক্রেতাদের চাহিদা ও সময়ের সাথে তাল মিলিয়ে আকর্ষণীয় ডিজাইনের পোশাক তৈরি ও বিক্রি করে থাকেন। এতে করে তার ক্রেতার সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তাই ক্রেতার বাড়তি চাহিদা পূরণের জন্য তিনি অত্যাধুনিক স্বয়ংক্রিয় মেশিন কেনার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. সামর্থ্য বিশ্লেষণ কী? ১

খ. 'সংস্কৃতি দ্বারা পণ্য ডিজাইন প্রভাবিত হয়'–ব্যাখ্যা কর। ২

গ. মিসেস লিমা প্রথমে কোন ধরনের ডিজাইনের উপর গুরুত্ব দিয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক মিসেস লিমার সিদ্ধান্তটি কতটুকু সার্থক বলে তুমি মনে কর? মূল্যায়ন কর। ৪

১০ ▸ 'লুকাস ব্যাটারি লি.' উন্নতমানের ব্যাটারি উৎপাদনের লক্ষ্যে ১০০ জন কর্মীকে জাপান থেকে প্রশিক্ষণ দিয়ে আনেন। এতে ব্যাটারির মান উন্নত হওয়ায় গ্রাহকদের আস্থাও ধীরে ধীরে বৃদ্ধি পায়। কিন্তু সম্প্রতি বেশ কিছু প্রশিক্ষিত কর্মী অন্যত্র চলে যাওয়ায় ব্যাটারির গুণগত মানে সমস্যা দেখা দেয়। এর ফলে বেশ কিছু গাড়ির ইঞ্জিনও ক্ষতিগ্রস্ত হয়। ফলে গাড়ির মালিকরা উক্ত কোম্পানির নামে মামলা করে। কোম্পানিকে এ মামলা মোকাবিলা করতে প্রচুর অর্থ ব্যয় করতে হয়। ফলে কর্তৃপক্ষ ব্যাটারির মান আরও উন্নত করার সিদ্ধান্ত নেন।

ক. BSTI এর পূর্ণরূপ কী? ১

খ. সার্বিক মান ব্যবস্থাপনা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উল্লিখিত উদ্দীপকে প্রাথমিক পর্যায়ে কোন ধরনের ব্যয়ের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সম্প্রতি পণ্যের মান উন্নত করার জন্য উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির নির্বাহকৃত ব্যয়ের যৌক্তিকতা তুলে ধর। ৪

১১ ▸ 'শান্তা গার্মেন্টস' একটি রপ্তানিমুখী তৈরি পোশাক কারখানা। বিদেশি ক্রেতার অর্ডার অনুযায়ী পণ্য তৈরি করার পর ত্রুটি চিহ্নিত হয়। ফলে অনেক পণ্য বাতিল করে নতুন পণ্য উৎপাদন করতে হয়। এতে প্রতিষ্ঠানটিকে বড় অঙ্কের লোকসান বহন করতে হয়।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. "মান নিয়ন্ত্রণের মাধ্যমে অপচয় হ্রাস পায়"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ত্রুটিযুক্ত পণ্যের অর্ডার বাতিল কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মানসম্মত পণ্য উৎপাদন করতে না পারাই প্রতিষ্ঠানটির আর্থিক ক্ষতির কারণ"– তুমি কী এ বক্তব্যের সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ ২০২১ সালে রহমান গার্মেন্টসের উৎপাদিত পণ্যের মূল্য ছিল ১৫,০০,০০০ টাকা। এ সময় প্রতিষ্ঠানটির যন্ত্রপাতি বাবদ ৩,০০,০০০ টাকা, বেতন ও মজুরি বাবদ ১,৫০,০০০ টাকা, সংযোজিত ব্যয় বাবদ ১০,০০,০০০ টাকা এবং অন্যান্য বাবদ ১,০০,০০০ টাকা ব্যয় করেন। ২০২০ সালে উৎপাদনের পরিমাণ একই থাকলেও যন্ত্রপাতি বাবদ ৪,০০,০০০ টাকা, বেতন ও মজুরি বাবদ ২,০০,০০০ টাকা, সংযোজিত ব্যয় বাবদ ৯,৯০,০০০ টাকা এবং অন্যান্য বাবদ ১,০৫,০০০ টাকা ব্যয় হয়েছিল।

ক. ব্যবসায় জোট কী? ১

খ. 'শ্রম দক্ষতা বৃদ্ধিতে শ্রম বিভাগ সহায়তা করে'– ব্যাখ্যা কর। ২

গ. ২০২১ সালের জন্য রহমান গার্মেন্টসের মোট উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ২০২০ সালের জন্য প্রতিষ্ঠানের উৎপাদনের সামগ্রিক অবস্থা মূল্যায়ন কর। ৪

২ ▸ বাবুলাল ঘোষ বিভিন্ন ধরনের মিষ্টান্ন দ্রব্য তৈরি করেন। ঐতিহ্য ও পূর্ব সুনামের কারণে তার মিষ্টিজাতীয় দ্রব্যের প্রচুর চাহিদা রয়েছে। অন্যদিকে একই শহরের মিষ্টি ব্যবসায়ী শ্রী জীবন ঘোষের সম্প্রতি প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের সমমানের মিষ্টান্ন তৈরি হওয়া সত্ত্বেও বিভিন্ন ধরনের মিষ্টান্ন অবিক্রীত থেকে যায়। এ সমস্যা নিরসন করার জন্য শ্রী জীবন ঘোষ তাঁর প্রতিষ্ঠানের মিষ্টান্ন দ্রব্য বাংলাদেশের বিভিন্ন এলাকায় সরবরাহের উদ্যোগ গ্রহণ করেন।

ক. শ্রম উৎপাদনশীলতার সূত্রটি লেখ। ১

খ. উৎপাদনশীলতার সাথে ব্যয়ের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বাবুলাল ঘোষ কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ৩

ঘ. সংকট নিরসনে শ্রী জীবন ঘোষের পদক্ষেপের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৩ ▸ নিঝুম দ্বীপের বাসিন্দা হাতেম স্থানীয় মাছের ওপর নির্ভর করে শুঁটকি উৎপাদন শুরু করেন। সম্প্রতি স্থানীয় বাজারে শুঁটকির সরবরাহ বৃদ্ধি পাওয়ায় তিনি আগের মতো মুনাফা করতে পারছেন না। তিনি তার ব্যবসায় নিয়ে চিন্তিত। বিবিএ অধ্যয়নরত ছেলের পরামর্শে তিনি ব্যবসায়টি আরও সম্প্রসারণের সিদ্ধান্ত নেন।

ক. শ্রম গতিশীলতা কী? ১

খ. 'ভূমির যোগান মূল্য নেই।'– ব্যাখ্যা কর। ২

গ. জনাব হাতেম উৎপাদনের কোন উপকরণের ওপর ভিত্তি করে ব্যবসায় শুরু করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবসায়টি সম্প্রসারণে উৎপাদনের কোন উপকরণ কার্যকর রাখতে পারবে বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

৪ ▸ জনাব নিলয় একটি আনারসের জুস তৈরির কারখানা স্থাপন করেন। কারখানার জন্য ৫০ লক্ষ টাকা ব্যয়ে তিনি জাপান থেকে জুস তৈরির অত্যাধুনিক মেশিন আমদানি করেন। মেশিনের উৎপাদন ক্ষমতা অনুযায়ী তিনি ৪০০ জন কর্মচারী নিয়োগ করেন। ফলে তাঁর প্রতিষ্ঠানের সফলতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. মানসিক শ্রম কী? ১

খ. নিজেদের অস্তিত্ব রক্ষায় সমবায় সমিতি গঠিত হয়– ব্যাখ্যা কর। ২

গ. জনাব নিলয় কারখানা স্থাপনে প্রাথমিক পর্যায়ে উৎপাদনের কোন উপকরণের উপর গুরুত্ব দিয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে জনাব নিলয় ও তার কর্মচারী কর্তৃক প্রদত্ত শ্রম এক নয়"– কর্মচারী কর্তৃক প্রদত্ত শ্রমের ধরন উল্লেখপূর্বক মতামত বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মলি শখ করে মাটি দিয়ে বিভিন্ন ধরনের পুতুল তৈরি করে বন্ধুদের উপহার দেয়। একদিন স্থানীয় একটি প্রতিষ্ঠান পুতুলগুলো দেখে পছন্দ হওয়ায় একশত পুতুল তৈরি করার জন্য মলিকে দশ হাজার টাকা অগ্রিম প্রদান করে। এভাবেই শুরু হয়, 'মলি ডল হাউজ' এর অগ্রযাত্রা। পরবর্তীতে ব্যবসায় সম্প্রসারণ করার জন্য মলি তার দুই বন্ধু পলি ও ডলিকে অন্তর্ভুক্ত করেন। পলি দোকান এবং ডলি মূলধন সরবরাহ করেন। বর্তমানে 'মলি ডল হাউজ' সকল ক্রেতার নিকট জনপ্রিয়।

ক. ভূমি কী? ১

খ. 'শ্রম একটি জীবন্ত উপাদান' ব্যাখ্যা কর। ২

গ. ১ম পর্যায়ে 'মলি ডল হাউজ' কোন ধরনের সংগঠন ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'চুক্তিই ২য় পর্যায়ের সংগঠনের মূল ভিত্তি।' উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৬ ▸ 'সম্পৃতি টেইলার্স' বগুড়ার একটি স্বনামধন্য পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। এটি ক্রেতাদের পছন্দ ও অর্ডার অনুযায়ী পোশাক প্রস্তুত করে। এতে গ্রাহকরা খুবই সন্তুষ্ট হওয়ায় প্রতিষ্ঠানটি দ্রুত উন্নতি করছে। সম্প্রতি প্রতিষ্ঠানটি রাজশাহীতে একটি শাখা খোলার পরিকল্পনা করেছে।

ক. সেবা কী? ১

খ. উৎপাদন ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে 'সম্পৃতি টেইলার্স' দ্রব্য না সেবা কোনটি বিক্রয় করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সম্পৃতি টেইলার্স' এর উন্নতির কারণ উল্লেখপূর্বক তোমার মতামত ব্যক্ত কর। ৪

৭ ▸ ডা. রুহুল আমীন একজন বিখ্যাত চক্ষু বিশেষজ্ঞ। তিনি ফার্মগেটে তাঁর চেম্বারে বসে অত্যাধুনিক কম্পিউটার প্রযুক্তি ও যন্ত্রপাতি ব্যবহার করে চোখের ফ্যাকো সার্জারিসহ রেটিনার বিভিন্ন নির্ভুল চিকিৎসা সেবা প্রদান করে থাকেন। বর্তমানে তিনি একজন সফল চিকিৎসক হিসেবে সারাদেশে পরিচিত। সম্প্রতি তিনি একটি সেমিনারে যোগ দেওয়ার উদ্দেশ্যে এক সপ্তাহের জন্য জাপান গমন করেন। এজন্য তার চেম্বার এক সপ্তাহের জন্য বন্ধ রাখা হয়। ফলে অনেক জরুরি রোগীও এ সময় চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হয়।

ক. PERT এর পূর্ণরূপ কী? ১

খ. দ্রব্যকে কীভাবে সেবা থেকে আলাদা করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. ডা. রুহুল আমীনের চেম্বারে চিকিৎসা সেবা বন্ধ রাখার মাধ্যমে সেবার কোন বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সেবা খাতের প্রবৃদ্ধির পর্যায়ে ডা. রুহুল আমীনের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮ ▸ 'স্টার' নামের একটি কোম্পানি 'সূর্যমুখী' নামে একটি সাবান বিপণন করে আসছে। এরই মধ্যে বাজারে তারা বেশ সুনামও অর্জন করেছে। সম্প্রতি স্টার কোম্পানি নতুন ধরনের একটি সাবান স্বল্প পরিসরে বাজারজাত করছে। এটি সাবানের সাধারণ কার্যকারিতা ছাড়াও মাথার চুল পরিষ্কার ও উকুননাশক হিসাবে ব্যবহার করা যাবে। যদি ভোক্তাদের মাঝে এই ধরনের সাবানের গ্রহণযোগ্যতা পায় তাহলে চূড়ান্তভাবে বাণিজ্যিক ভিত্তিতে তা উৎপাদন করবে বলে প্রতিষ্ঠানটি আশা করছে।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. "সংস্কৃতি দ্বারা পণ্য ডিজাইন প্রভাবিত হয়"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি পণ্যের কোন ধরনের ডিজাইন করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের যে স্তরে রয়েছে তার কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

৯ ▸ মিসেস লিমা ক্রেতাদের চাহিদা ও সময়ের সাথে তাল মিলিয়ে আকর্ষণীয় ডিজাইনের পোশাক তৈরি ও বিক্রি করে থাকেন। এতে করে তার ক্রেতার সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তাই ক্রেতার বাড়তি চাহিদা পূরণের জন্য তিনি অত্যাধুনিক স্বয়ংক্রিয় মেশিন কেনার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. সামর্থ্য বিশ্লেষণ কী? ১

খ. 'সংস্কৃতি দ্বারা পণ্য ডিজাইন প্রভাবিত হয়'–ব্যাখ্যা কর। ২

গ. মিসেস লিমা প্রথমে কোন ধরনের ডিজাইনের উপর গুরুত্ব দিয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক মিসেস লিমার সিদ্ধান্তটি কতটুকু সার্থক বলে তুমি মনে কর? মূল্যায়ন কর। ৪

১০ ▸ বিথী গার্মেন্টস হলো চট্টগ্রামে প্রতিষ্ঠিত একটি রপ্তানিমুখী তৈরি পোশাক কারখানা। কিছুদিন আগে বিদেশি ক্রেতার কাছ থেকে একটি বড় অর্ডার পায়। অর্ডার অনুযায়ী পণ্য তৈরি করার পর ত্রুটি চিহ্নিত হওয়ায় অনেক পণ্য বাতিল করে নতুন পণ্য উৎপাদন করতে হয়। এতে প্রতিষ্ঠানটিকে বড় অঙ্কের লোকসান বহন করতে হয়।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. সার্বিক মান ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিথী গার্মেন্টসের ত্রুটিযুক্ত পণ্য বাতিল করার বিষয়টি কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর মানসম্মত পণ্য উৎপাদন না করা প্রতিষ্ঠানের জন্য আর্থিক ক্ষতির কারণ? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▸ ফ্রেশ ফরএভার রাজশাহীতে একটি আমের জুস ফ্যাক্টরি গড়ে তোলে। প্রতিষ্ঠানটি তাদের উৎপাদিত জুস সারাদেশে বিপণন করে। কিন্তু বর্তমানে ক্রেতাদের কাছ থেকে অভিযোগ আসায় প্রতিষ্ঠানটি জুসের মান BSTI এর ল্যাবরেটরিতে পরীক্ষা করায় এবং তা নিম্নমানের বলে বিবেচিত হয়। পরবর্তীতে প্রতিষ্ঠানটি জুসের মান তদারকি করে এবং ত্রুটি বিচ্যুতি হলে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করেছে। বর্তমানে তাদের উৎপাদিত জুসের চাহিদা দিন দিন বেড়ে চলছে।

ক. মান নিশ্চিতকরণ কী? ১

খ. ISO-1400 একটি পরিবেশ বিষয়ক ব্যবস্থাপনা পদ্ধতি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রতিষ্ঠানটির কোন ধরনের ব্যয়ের কথা বলা হয়েছে? ৩

ঘ. ব্যবসায় সফলতা লাভের জন্য ফ্রেশ ফরএভার কর্তৃক গৃহীত পদক্ষেপ কতখানি কার্যকরী বলে তুমি মনে কর? মান ব্যবস্থাপনার ঐতিহাসিক প্রেক্ষাপটের পর্যায় উল্লেখপূর্বক তোমার মতামত দাও। ৪

এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ বৈশাখী মেলাকে সামনে রেখে 'রেশমি ফ্যাশন হাউজ' বিভিন্ন ডিজাইনের পোশাক তৈরি করে। এ ফ্যাশন হাউজের পোশাকগুলো বিভিন্ন শহরের মহাজনেরা কিনে নিয়ে খুচরা বাজারে বিক্রয় করে। এরপর খুচরা ব্যবসায়ীর হাত হয়ে পোশাকগুলো চূড়ান্ত ভোক্তার কাছে পৌঁছায়।

ক. উপযোগ কী? ১

খ. মোট উৎপাদনশীলতা কীভাবে নির্ণয় করা যায়? ২

গ. উদ্দীপকের উল্লিখিত প্রতিষ্ঠানটি কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে খুচরা ব্যবসায়ীরা কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? পণ্য বণ্টনে তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

২ ▸ জনাব রোহান ময়মনসিংহের একজন ধান ব্যবসায়ী। তিনি গত বছর আমনের মৌসুমে ৭৫০ টাকা মণ দরে ১,০০০ মণ ধান কিনে নিজ বাড়িতে সংরক্ষণ করেন। কিছুটা মুনাফার আশায় তিন মাস পর ঐ ধান বিক্রয় করতে গিয়ে দেখলেন যে, স্থানীয় বাজারে ঐ ধান ৮৫০ টাকা মণ বিক্রয় হলেও ঢাকার বাজারে ঐ ধান ৯৫০ টাকা ধরে বিক্রয় হচ্ছে। বিষয়টি নিয়ে তিনি বেশ চিন্তিত।

ক. সেবাগত উপযোগ কী? ১

খ. উৎপাদন কীভাবে জীবনযাত্রার মান উন্নয়নে ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব রোহান কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রোহানের কাঙ্ক্ষিত মুনাফা লাভের জন্য করণীয় কী বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৩ ▸ রাজশাহীর বিশিষ্ট শিল্পপতি মি. ইমাম চৌধুরী খিদিরপুর একশত একর পতিত জমিতে একটি বিনোদন পার্ক স্থাপন করেন। এতে এ এলাকার মানুষের জন্য কাজের সুযোগ সৃষ্টি হয়। তাছাড়া বিনোদন পিপাসু মানুষের জন্য পার্কে যাতায়াতের জন্য রাস্তাঘাট নির্মাণসহ বিদ্যুতের ব্যবস্থা করা হয়। ফলে ঐ এলাকার সার্বিক অবস্থার ব্যাপক উন্নতি হয়।

ক. উৎপাদন কী? ১

খ. উৎপাদন সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মি. ইমাম চৌধুরীর কার্যক্রম উৎপাদনের কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উৎপাদন কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা করে– বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জনাব কালামের একটি ডালের মিল আছে। তিনি দেশের বিভিন্ন অঞ্চল থেকে সরবরাহকারীর মাধ্যমে ডাল সংগ্রহ করে নিজের মিলে প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে উৎপাদন ও বিক্রয় করেন। কয়েক বছরে তার প্রতিষ্ঠানের সুনাম ও বিক্রি বেড়ে যায়। ফলে উৎপাদন বাড়ানোর সিদ্ধান্ত নেন। ব্যাংক থেকে ঋণ নিয়ে বেশি উৎপাদন ক্ষমতাসম্পন্ন মেশিন কিনেন এবং আরও কয়েকজন শ্রমিক নিয়োগ দেন।

ক. শ্রমের দক্ষতা কী? ১

খ. সব অর্থই কী মূলধন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব কালামের কাজটি উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "শ্রম দিলেও জনাব কালামের কাজ এবং কর্মীদের কাজ এক নয়"– শ্রমের ধরন উল্লেখপূর্বক তা মূল্যায়ন কর। ৪

৫ ▸ ডলি শখ করে মাটি দিয়ে বিভিন্ন পুতুল তৈরি করে বন্ধুদের উপহার দেন। একদিন স্থানীয় একটি প্রতিষ্ঠান পুতুলগুলো দেখে পছন্দ হওয়ায় একশত পুতুল তৈরি করার জন্য মালিককে দশ হাজার টাকা অগ্রিম দেন। এভাবেই শুরু হয় ডলি ডল হাউজের অগ্রযাত্রা। পরবর্তীতে ব্যবসায় সম্প্রসারণ করার জন্য ডলি তার দুই বন্ধু পলি ও তুলিকে অন্তর্ভুক্ত করেন। পলি দোকান এবং তুলি মূলধন সরবরাহ করেন। বর্তমানে ডলি ডল হাউজ সকলের নিকট জনপ্রিয়।

ক. ভূমি কী? ১

খ. 'শ্রম একটি জীবন্ত উপাদান' ব্যাখ্যা কর। ২

গ. প্রথম পর্যায়ে ডলি ডল হাউজ কোন ধরনের সংগঠন ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. "চুক্তিই দ্বিতীয় পর্যায়ের সংগঠনের মূল ভিত্তি" উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৬ ▸ 'হোটেল সিগাল' দেশি-বিদেশি পর্যটকদের কাছে অতি পরিচিত নাম। সমুদ্রসৈকতের কাছে অবস্থিত হওয়ার কারণে এটির গুরুত্ব আরও বেশি বৃদ্ধি পেয়েছে। সম্প্রতি ইতালি থেকে একদল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী কক্সবাজার সমুদ্রসৈকতে বেড়াতে এসে এই হোটেল উঠেছে। হোটেল কর্তৃপক্ষ তাদের চাহিদা পছন্দ মতো সেবা প্রদান করায় শিক্ষার্থীরা উপকৃত হয় বলে এই হোটেলের নাম দেশের বাইরে ছড়িয়ে পড়েছে।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১

খ. সেবা কী পণ্য? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসয়টি কোন খাতের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে কর শুধু কাস্টমাইজেশনের কারণে হোটেল সিগালের সুনাম বৃদ্ধি পেয়েছে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸ ২০০৮ সাল থেকে লিরিল সাবান বাজারজাত করা হয়। ২০১০ সাল পর্যন্ত লিরিল সাবান সবুজ মোড়কে বাজারজাত করা হয়। কিন্তু তা ক্রেতাদের দৃষ্টি আকর্ষণে ব্যর্থ হয়। তাই ব্যাপক গবেষণার পরে লিরিল সাবান শিশু-কিশোরদের জন্য লাল এবং বয়স্কদের জন্য হলুদ রঙের মোড়কে বাজারজাত করা হয়। তবে এক্ষেত্রে পণ্যের গুণগত মানের কোনো পরিবর্তন করা হয়নি। লিরিল সাবান বর্তমানে ব্যাপক জনপ্রিয়তা লাভ করেছে।

ক. পণ্য কী? ১

খ. সঠিক পণ্য ডিজাইন কেন প্রয়োজন? ২

গ. ২০১০ সাল পর্যন্ত লিরিল সাবান কোন ডিজাইন অনুসরণ করে? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. 'লিরিল সাবান' এর বর্তমান জনপ্রিয়তার কারণ হলো নান্দনিক ডিজাইন– যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৮ ▸ জনাব আবীর পৈত্রিকসূত্রে প্রাপ্ত ১০টি পুকুরে বিভিন্ন জাতের মাছ চাষ করেন। উৎপাদিত মাছ পাইকারদের কাছে বিক্রয় করেন এবং বেশ লাভবান হন। সম্প্রতি মাছের চাহিদা বেড়ে যাওয়ায় তিনি জমি লিজ নিয়ে আরও ১০টি পুকুর তৈরির সিদ্ধান্ত নেন। সেজন্য একটি বাণিজ্যিক ব্যাংকে ২০ লক্ষ টাকা ঋণের জন্য আবেদন করার সিদ্ধান্ত নেন।

ক. মানসিক শ্রম কী? ১

খ. শিল্পীর গান উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব আবীর উৎপাদনের কোন উপকরণ ব্যবহার করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আবীর কর্তৃক গৃহীত সিদ্ধান্ত কতটা যৌক্তিক বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

৯ ▸ রবি, শশী ও রুমি তিনজন মিলে 'ত্রিমাত্রা' নামে একটি ফ্যাশন হাউজ প্রতিষ্ঠা করেন। তারা দেশীয় সংস্কৃতির কথা মাথায় রেখে প্রচলিত ফ্যাশনের পাশাপাশি প্রতিবছর ঈদ, দুর্গাপূজা, পহেলা বৈশাখ উপলক্ষ্যে ক্রেতাদের ক্রয়ক্ষমতা, রুচি ও পছন্দ বিবেচনা করে আকর্ষণীয় বৈশিষ্ট্যসম্পন্ন পোশাকের সমারোহ ঘটান। অতি অল্প সময়ের মধ্যে 'ত্রিমাত্রা' এর উৎপাদিত পোশাক সারাদেশে সুনাম অর্জনে সক্ষম হয়েছে। ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় তারা উন্নত প্রযুক্তি ব্যবহার করে উৎপাদনশীলতা বাড়ানোর কথা ভাবছেন।

ক. মডিউলার ডিজাইন কী? ১

খ. "প্যাকেজিং পণ্যকে আকর্ষণীয় করে তোলে"– ব্যাখ্যা কর। ২

গ. 'ত্রিমাত্রা' কোন ডিজাইনের পণ্য উৎপাদন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় 'ত্রিমাত্রা' ফ্যাশন হাউজ যে ধরনের পণ্য ডিজাইনের কথা ভাবছেন তা কতটুকু যৌক্তিক? মতামত দাও। ৪

১০ ▸ মি. ফরিদ নারায়ণগঞ্জে একটি ওয়াটার পাম্প উৎপাদন কারখানা স্থাপন করেন। তিনি নিয়মিত উৎপাদন কার্যাবলি তদারকি করেন। কিন্তু যান্ত্রিক ত্রুটির কারণে একজন শ্রমিক দুর্ঘটনায় পতিত হয়। ফলে তাকে প্রচুর অর্থ ব্যয় করতে হয়। তাই প্রতিষ্ঠানটির অভ্যন্তরীণ উৎপাদন প্রক্রিয়া সংশোধনের সাথে সাথে গ্রাহকদের বিক্রয়োত্তর সেবা দেওয়ার নিশ্চিয়তা দিয়েছেন।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. কাস্টমাইজেশন ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. শ্রমিকের মৃত্যুর ফলে মি. ফরিদ কর্তৃক ব্যয়কৃত অর্থ কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. ফরিদের গ্রাহকদের জন্য বিক্রয়োত্তর সেবা ও উৎপাদন প্রক্রিয়া সংশোধনের সিদ্ধান্তের সাথে তুমি কী একমত? মতামত দাও। ৪

১১ ▸ মি. সফিক ব্যবস্থাপনা বিষয়ে এমবিএ ডিগ্রি অর্জন করে এখন তিনি একটি উৎপাদমুখী প্রতিষ্ঠানে কর্মরত আছেন। তিনি প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের মান, পরিকল্পনা, মান নিয়ন্ত্রণ, মানের নিশ্চয়তা এবং মান উন্নয়নের সাথে জড়িত। তিনি বাস্তবভিত্তিক সিদ্ধান্ত নেওয়ার পাশাপাশি ক্রেতাদের উপর গুরুত্ব দিয়ে মান নির্ধারণ করেন। ফলে প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের মানের উপর ক্রেতারা বেশ খুশি।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. সার্বিক মান ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. মি. সফিক যে কাজগুলো সম্পাদন করেন সেগুলোই কী মান ব্যবস্থাপনার উপাদান– ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্যের মান নির্ধারণ মি. সফিকের নেওয়া কার্যক্রমে ক্রেতাগণের খুশি হওয়ার যথার্থতা ব্যাখ্যা কর। ৪

এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 8 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ নাসির কোম্পানি লি. ২০২২ সালের উৎপাদন চিত্র নিম্নরূপ :

প্রয়োজনীয় তথ্য	টাকা
পণ্য উৎপাদন	১০,০০০ একক
বিক্রয়মূল্য	১,০০,০০০ টাকা
কাঁচামাল ও অন্যান্য উপকরণ মোট	৪০,০০০ টাকা
ব্যয়িত শ্রমঘণ্টা ২০০০ কার্যঘণ্টা যার আর্থিক মূল্য	১০,০০০ টাকা
মেশিন ব্যবহৃত ৫০০ ঘণ্টা যার ব্যয়	১০,০০০ টাকা
অন্যান্য খরচ	২০,০০০ টাকা

ক. উৎপাদনশীলতা কী? ১
খ. উৎপাদন ব্যবস্থা কীভাবে জীবনযাত্রা মানোন্নয়নে ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে নাসির কোম্পানি লি. এর আর্থিক উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩
ঘ. মোট উৎপাদনশীলতা নির্ণয়পূর্বক নাসির কোম্পানি লি. এর অবস্থা মূল্যায়ন কর। ৪

২ ▸ মি. আজাদ কুমিল্লা বিসিক এলাকায় একটি আচার প্রস্তুতকারক কারখানা স্থাপন করলেন। আচার প্রস্তুতকরণে তিনি বরই ও জলপাই কাঁচামাল হিসেবে ব্যবহার করেন। এছাড়াও তিনি বিভিন্ন ধরনের মসলা, তেল, চিনি ইত্যাদি মিশ্রণে আচার প্রস্তুত করেন এবং মুখরোচক করেন। এছাড়াও এই আচারের গুণগত মান ও স্বাদ ভালো হওয়ায় এর সুনাম সৃষ্টি হয় ও চাহিদা বাড়তে থাকে। তাই বিভিন্ন জেলায় ও অঞ্চলে তিনি এই আচার সরবরাহের দায়িত্ব নিয়েছেন।

ক. উপযোগ কী? ১
খ. স্বতুগত উপযোগ কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. বিভিন্ন উপকরণ দিয়ে আচার তৈরির মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিভিন্ন জেলায় ও অঞ্চলে আচার সরবরাহের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হচ্ছে? ব্যাখ্যা কর। ৪

৩ ▸ জনাব আবিদ একটি কাপড় তৈরির কারখানা গড়ে তোলেন। (যেখানে ছেলেদের শার্ট, প্যান্ট, জিন্স) তৈরি করা হয়। উক্ত কারখানায় উন্নতমানের কাপড় উৎপাদন করা হয়। অল্পদিনের মধ্যেই তার উৎপাদিত পণ্যের চাহিদা বেড়ে যায়। এতে উৎপাদনের পরিমাণ আরও বাড়ানোর প্রয়োজন দেখা দেয়। জনাব আবিদের ব্যবস্থাপকীয় দক্ষতা ও ভূমিকা মূল্য কম থাকা সত্ত্বেও তিনি কারখানাটির আয়তন বাড়াতে পারছেন না।

ক. সরল শ্রমবিভাগ কী? ১
খ. "শ্রম বিভাগ যোগ্যতা অনুসারে কাজ বণ্টন করে" ব্যাখ্যা কর। ২
গ. উৎপাদনের কোন উপকরণের অভাবে জনাব আবিদ তার কারখানাটি সম্প্রসারণ করতে পারছেন না? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ব্যবস্থাপকীয় দক্ষতাই ব্যবসায়ে সফলতা অর্জনের জন্য যথেষ্ট নয়"– তুমি কি একমত? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৪ ▸ জনাব জামিল দিনাজপুরে একটি পোল্ট্রি ফার্ম স্থাপন করেন। মাসে দশ হাজার টাকা বেতন ভাতা দিয়ে প্রতিষ্ঠানটির দেখাশুনার দায়িত্ব এক বন্ধুকে দেন। তার ফার্মে প্রায় সাত হাজার মুরগি আছে। তিনি দিনাজপুরের বড় বড় হোটেলে মুরগি সরবরাহ করেন। ব্যবসায়টি আর ও সম্প্রসারণের জন্য জনাব জামিল তার চাচাতো ভাইয়ের কাছ থেকে মুনাফা প্রদানের ভিত্তিতে ৪ লক্ষ টাকা নিয়ে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন।

ক. ভূমি কী? ১
খ. "ভূমির ক্ষেত্রে প্রান্তিক উৎপাদন বিধি কার্যকর"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব জামিলের প্রতিষ্ঠিত ব্যবসায় কীরূপ সংগঠনের অন্তর্ভুক্ত? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিনিয়োগ সিদ্ধান্তে ব্যবসায়ে কী ধরনের পরিবর্তন আসবে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৫ ▸ মোহাম্মদপুরের 'জাস্ট বেক' কেকের জগতে একটি অন্যতম প্রসিদ্ধ উৎপাদনকারী কেক বেকারি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি যেকোন ক্রেতার প্রত্যাশিত ডিজাইন, কেকের পরিমাণ, স্বাদ, রং, আকৃতি ইত্যাদি বিষয়কে প্রাধান্য দিয়ে তাদের কাছ থেকে ফরমায়েশ সংগ্রহ করেন। ভিন্ন ভিন্ন ক্রেতার ভিন্ন ভিন্ন চাহিদাকে গুরুত্ব দিয়ে তারা অর্ডার সংগ্রহ করে কেক তৈরি করেন। এক্ষেত্রে তার কেকের জগতে যথেষ্ট সুনাম অর্জন করছেন।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১
খ. দ্রব্যকে কীভাবে সেবা থেকে আলাদা করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কী উৎপাদন হচ্ছে? দ্রব্য বা সেবার আলোকে বিশ্লেষণ কর। ৩
ঘ. উৎপাদন ব্যবস্থাপনার কোন ধারণা অনুসরণ করে তারা এত বেশি জনপ্রিয়তা লাভ করছেন? ব্যাখ্যা কর। ৪

৬ ▸ রুমা একটি ফ্যাশন হাউজে পোশাক উৎপাদন করে তার মূল্য নির্ধারণ করেন। তিনি ফ্যাশন পণ্যের কাঁচামাল কেনা থেকে শুরু করে ডিজাইন ও চূড়ান্ত পণ্য তৈরি পর্যন্ত যাবতীয় কাজের পরিকল্পনা, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করে থাকেন।

ক. বেঞ্চমার্কিং কী? ১
খ. উৎপাদন পরিকল্পনা কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. রুমার সামগ্রিক কাজকে কী বলে? বর্ণনা কর। ৩
ঘ. রুমার প্রতিষ্ঠানের জন্য তার কাজটি কতটা গুরুত্বপূর্ণ বলে তুমি মনে কর? ৪

